হিতোপদেশ।

অর্থাৎ

পণ্ডিতবর বিষ্ণুশর্ম্ম সংগৃহীত।
মিত্রলাভ সুহৃদ্ভেদ বিগ্রহ সন্ধি বিষয়ক প্রস্তাবীয়
সংস্কৃত গ্রন্থ এবং গৌড়ীয় সাধু ভাষায়
তদীয়ার্থ।

শ্রীযুত মুক্তারাম বিদ্যাবাগীশ
সাহায্যে
পূর্ণচন্দ্র সম্পাদক কর্ত্তৃক
সংশোধন পূর্ব্বক

কলিকাতা।

সংবাদ পূর্ণচন্দ্রোদয় যন্ত্রে মুদ্রিত।

১২৬৭।

ভূমিকা।

সংস্কৃত হিতোপদেশ যে বিষ্ণু শর্ম্মার কৃত এবং তাহার সঙ্কলনের যে কি রূপ উৎকৃষ্ট অভিপ্রায় তাহা প্রায় সকলেরই বিদিত আছে, কিন্তু বাঙ্গালা ভাষায় তাহার যত যত অনুবাদ হইয়াছে তাহার মধ্যে এক খানিও পূর্ব্বাপর সংলগ্ন বা অবিকল অর্থ কিম্বা উত্তম রূপ সংশোধিত দেখিতে পাওয়া যায় না। এ নিমিত্তে আমি কয়েক জন প্রধান প্রধান পণ্ডিতের সাহায্যে সংস্কৃত হিতোপদেশ অনুবাদ করিয়া বিশিষ্ট পরিশ্রম ও অর্থ ব্যয় স্বীকার করতঃ এই পুস্তক খানি প্রস্তুত করিলাম। ইহার অর্থের সঙ্গতি ও সংশোধন বিষয়ে যে রূপ পরিশ্রম করিয়াছি তাহাতে বোধ হয় পাঠকগণ পাঠ করিয়া সন্তুষ্ট হইবেন এবং ছাত্রগণেরও বিশেষ উপকার দর্শিতে পারিবে, কিন্তু মনুষ্য মাত্রেরই ভ্রম প্রমাদ হইবার সম্ভাবনা আছে, অতএব যদি ইহার কোন স্থানে কোন রূপ ভ্রম দৃষ্ট হয় তবে পাঠকগণ স্বীয় সারল্য গুণে তাহা সংশোধিত করিয়া লইবেন। এক্ষণে ইহা সর্ব্বত্র প্রচারিত ও পরিগৃহীত হইলেই কৃতার্থ হইব ইতি।

প্রস্তারম্ভে বিঘ্ন বিনাশের নিমিত্ত প্রথমতঃ প্রার্থনারূপ মঙ্গলাচরণ করিতেছেন।

সিদ্ধিঃ সাধ্যে সতামস্তু, প্রসাদাত্তস্য ধূর্জ্জটেঃ।
জাহ্নবীফেণলেখেব, যন্মূর্দ্ধ্নি শশিনঃ কলা ॥১॥

জাহ্নবীর ফেণরেখার ন্যায় চন্দ্রকলা যাঁহার মস্তকে আছে সে শিবের অনুগ্রহে সাধু লোকেরদিগের সাধ্য কর্ম্ম সিদ্ধ হউক ॥ ১ ॥

শ্রুতো হিতোপদেশোয়ং, পাটবং সংস্কৃতোক্তিষু। বাচাং সর্ব্বত্র বৈচিত্র্যং, নীতিবিদ্যাং দদাতি চ ॥ ২ ॥

এই হিতোপদেশ হইলে সংস্কৃত বাক্যেতে পটুতা ও সর্ব্বত্র বাক্যের বিচিত্রতা এবং নীতিবিদ্যা প্রদান করেন ॥ ২ ॥

ক

অজরামরবৎ প্রাজ্ঞো, বিদ্যামর্থঞ্চ চিন্তয়েৎ।
গৃহীত ইব কেশেষু, মৃত্যুনা ধর্ম্মমাচরেৎ ॥ ৩ ॥

প্রাজ্ঞ লোক অজর ও অমরের ন্যায় হইয়া বিদ্যা এবং অর্থ চিন্তা করিবেক আর যম কর্ত্তৃক কেশে গৃহীতের ন্যায় বোধ করিয়া ধর্ম্মাচরণ করিবেক ॥৩॥

সর্ব্বদ্রব্যেষু বিদ্যৈব দ্রব্যমাহুরনুত্তমং।
অহার্য্যত্বা দনর্ঘত্বা, দক্ষয়ত্বাচ্চ সর্ব্বদা ॥ ৪ ॥

সকল দ্রব্যের মধ্যে বিদ্যাই অত্যুত্তম দ্রব্য, ইহা পণ্ডিতেরা কহিয়াছেন যেহেতুক বিদ্যারূপ ধনকে চোরেরা অপহরণ করিতে পারে না এবং বিদ্যার মূল্য নাই আর কোনকালে ক্ষয় হয় না ॥ ৪ ॥

সঙ্গময়তি বিদ্যৈব, নীচগাপি নরং সরিৎ।
সমুদ্র মিব দুর্দ্ধর্ষং, নৃপং ভাগ্যমতঃপরং ॥ ৫ ॥

যদি নীচ লোকের বিদ্যা হয় তবে তাহাও সেই মনুষ্যকে দুষ্প্রাপ্য রাজাকে পাওয়ান যেমন নীচগা নদী দুষ্প্রাপ্য সমুদ্রকে পাওয়াইয়া থাকে। রাজার সঙ্গে মেলন হইলে বিদ্যা উৎকৃষ্ট ভাগ্যকে পাও-য়ান। ৫ ॥

বিদ্যা দদাতি বিনয়ং, বিনয়াদ্যাতি পাত্রতাং।
পাত্রত্বাদ্ধনমাপ্নোতি, ধনাদ্ধর্ম্মং ততঃ সুখং ॥ ৬ ॥

বিদ্যা বিনয় দেন, বিনয়েতে যোগ্যতা হয়, যো-

গ্যতা হইতে ধন হয়, ধন হইতে ধর্ম্ম হয়, ধর্ম্ম হইতে সুখ হইয়া থাকে ॥ ৬ ॥

বিদ্যা শস্ত্রঞ্চ শাস্ত্রঞ্চ, দ্বে বিদ্যা প্রতিপত্তয়ে।
আদ্যা হাস্যায় বৃদ্ধত্বে, দ্বিতীয়া দ্রিয়তে সদা ॥৭॥

বিদ্যা দুই প্রকার শস্ত্রবিদ্যা ও শাস্ত্রবিদ্যা। যদিও এই দুই বিদ্যাই প্রতিপত্তির নিমিত্ত হয় তথাপি আদ্যা শস্ত্রবিদ্যা বৃদ্ধাবস্থাতে হাস্যের কারণ হয় কিন্তু দ্বিতীয়া শাস্ত্রবিদ্যা সর্ব্বকালে আদরণীয়া হয় ॥ ৭ ॥

যন্নবে ভাজনে লগ্নঃ, সংস্কারো নান্যথা ভবেৎ। কথাচ্ছলেন বালানাং, নীতিস্তদিহ কথ্যতে ॥ ৮ ॥

যেহেতুক নূতন পাত্রে সংলগ্ন যে চিহ্ন তাহার অন্যথা হয় না অতএব গল্পের ছলে বালকদের নিমিত্ত এই গ্রন্থে নীতি কহা যাইতেছে ॥ ৮ ॥

মিত্রলাভঃ সুহৃদ্ভেদো, বিগ্রহঃ সন্ধিরেবচ।
পঞ্চ তন্ত্রাত্তথান্যস্মা, দ্গ্রন্থাদাকৃষ্য লিখ্যতে ॥ ৯ ॥

মিত্রলাভ সুহৃদ্ভেদ বিগ্রহ সন্ধি এই চতুষ্টয়াত্মক নীতি শাস্ত্র পঞ্চতন্ত্র হইতে ও অন্যং গ্রন্থ হইতে আকর্ষণ করিয়া লেখা যাইতেছে ॥ ৯ ॥

অথ সূচনা।

অস্তি ভাগীরথীতীরে পাটলিপুত্রনামধেয়ং নগরং, তত্র সর্ব্বস্বামিগুণোপেতঃ সুদর্শনো-নাম নরপতিরাসীৎ, স ভূপতিরেকদা কেনা-পি পঠ্যমানং শ্লোকদ্বয়ং শুশ্রাব।

ভাগীরথী তীরে পাটলিপুত্র নামে এক নগর আছে, সে স্থানে সকল রাজগুণালঙ্কৃত সুদর্শন নামা রাজা ছিলেন। সেই ভূপতি এক সময় কাহারও কর্ত্তৃক পঠ্যমান শ্লোকদ্বয় শ্রবণ করিলেন। তৎ-কবিতাদ্বয় এই।

অনেকসংশয়োচ্ছেদি, পরোক্ষার্থস্য দর্শকং ;
সর্ব্বস্য লোচনং শাস্ত্রং, যস্য নাস্ত্যন্ধ এব সঃ ॥১০॥

অনেক সন্দেহের নাশক এবং অপ্রত্যক্ষ বিষ-য়ের দর্শক এমত যে শাস্ত্র, তাহাই সকলের চক্ষু, তাহা যাহার নাই সেই ব্যক্তি অন্ধ ॥ ১০ ॥

যৌবনং ধনসম্পত্তিঃ, প্রভুত্ব মবিবেকতা।
একৈকমপ্যনর্থায়, কিমু তত্র চতুষ্টয়ং ॥ ১১ ॥

যৌবন ও ধন সম্পত্তি ও প্রভুত্ব ও অবিবেকতা এই চতুষ্টয় প্রত্যেকেই অনর্থের নিমিত্ত হয়, যেখানে এই চতুষ্টয় একাধারবর্ত্তী, সেখানে কি না হইতে পারে? ॥ ১১ ॥

ইত্যাকর্ণ্যাত্মনঃ পুত্রাণামনধিগতশাস্ত্রাণাং নিত্য মুন্মার্গগামিনাং শাস্ত্রানুষ্ঠানেনো* দ্বিগ্নমনাঃ স রাজা চিন্তয়ামাস।

ইহা শুনিয়া সেই রাজা শাস্ত্রানভিজ্ঞ এবং সর্ব্বদা বিপথগামি আপন পুত্রদিগের শাস্ত্র পরিজ্ঞানার্থ উদ্বিগ্নচিত্ত হইয়া চিন্তা করিলেন।

কোঽর্থঃ পুত্রেণ জাতেন, যো ন বিদ্বান্ন ধার্ম্মিকঃ। কাণেন চক্ষুষা কিম্বা, চক্ষুঃ পীড়ৈব কেবলং ॥ ১২ ॥

যে পুত্র পণ্ডিত ও ধার্ম্মিক না হয় সে পুত্র উৎপন্ন হওয়াতে কি ফল? বরং অনর্থ হয় কেননা কাণ চক্ষুতে কি প্রয়োজন সিদ্ধ হইয়া থাকে তাহা কেবল পীড়ারি কারণ হয় ॥ ১২ ॥

অজাত মৃত মূর্খাণাং, বরমাদ্যৌ নচান্তিমঃ।
সকৃদ্দুঃখ করাবাদ্যা, বন্তিমস্তু পদে পদে ॥ ১৩ ॥

অজাত ও মৃত ও মূর্খ, ইহাদের মধ্যে বরং আদ্যদ্বয় ভাল, অন্তিম ভাল নয়, যেহেতুক আদ্যদ্বয় একবার দুঃখদায়ক হয়, অন্তিম পদে পদে দুঃখদ হইয়া থাকে ॥ ১৩ ॥

কিঞ্চ।

বরং গর্ভস্রাবো বরমৃতুষু নৈবাভিগমনং,

বরং জাতঃ প্রেতো বরমপি চ কন্যাবজনিতা।
বরং বন্ধ্যা ভার্য্যা বরমপি চ গর্ভেষু বসতি,
র্নবা বিদ্বানূরূপদ্রবিণগণযুক্তোপি তনয়ঃ॥ ১৪॥

গর্ভস্রাবও ভাল, ঋতুকালে স্ত্রী অভিগমন না করাও ভাল, জন্মিয়া মরাও ভাল, কন্যা হওয়াও ভাল, ভার্য্যা বন্ধ্যা হওয়াও ভাল, গর্ভ হইতে ভূমিষ্ঠ না হওয়াও ভাল, তথাপি রূপ ও ধন সমূহ বিশিষ্টও মূর্খ পুত্র কিছু নয়॥ ১৪॥

স জাতো যেন জাতেন, যাতি বংশঃ সমুন্নতিং। পরিবর্ত্তিনি সংসারে, মৃতঃ কোবা ন জায়তে॥ ১৫॥

যে পুত্র জন্মিলে বংশ উন্নতি পায় তাহারই জন্ম সার্থক, নতুবা এই সংসার জন্ম মরণ ধর্ম্মশালী, ইহাতে কেবা মরিয়া না জন্মিতেছে॥ ১৫॥

অপিচ।

গুণিগণ গণনারম্ভে, ন পততি কঠিনী সসম্ভ্রমা যস্য। তেনাম্বা যদি সুতিনী, বদ বন্ধ্যা কীদৃশী ভবতি॥ ১৬॥

গুণি সমূহের গণনারম্ভে সম্ভ্রমের সহিত যাহার নামে খড়ী না পড়ে সে পুত্রেতে মাতা যদি পুত্রবতী হয় তবে বন্ধ্যা কীদৃশী?॥ ১৬॥

অপিচ।

দানে তপসি শৌর্য্যে চ, যস্য ন প্রথিতং মনঃ।
বিদ্যায়া মর্থলাভে চ, মাতুরুচ্চার এব সঃ॥১৭॥

দান, তপস্যা, শৌর্য্য, বিদ্যা ও ধনার্জ্জনেতে যাহার মনঃ সচেষ্ট না হয় সে মাতার বিষ্ঠামাত্র॥১৭॥

অপরঞ্চ।

বরমেকো গুণী পুত্রো, নচ মূর্খশতৈরপি।
একশ্চন্দ্র স্তমোহন্তি নচ তারাগণৈরপি॥১৮॥

গুণবান্ এক পুত্রও ভাল, শতং মূর্খ পুত্রে প্রয়োজন নাই, যেহেতু এক চন্দ্র অন্ধকার নষ্ট করেন ভূরিং তারাতে কিছু করিতে পারে না॥১৮॥

পুণ্যতীর্থে কৃতং যেন, তপঃ ক্বাপ্যতিদুষ্করং।
তস্য পুত্রোভবেদ্বশ্যঃ, সমৃদ্ধো ধার্ম্মিকঃ সুধীঃ॥১৯॥

কোন পুণ্যতীর্থে যে অতিদুষ্কর তপস্যা করিয়াছে সেই ব্যক্তির পুত্র অবশ্য ধনবান্ ধার্ম্মিক ও পণ্ডিত হয়॥১৯॥

তথাচোক্তং।

অর্থাগমো নিত্যমরোগিতা চ, প্রিয়া চ ভার্য্যা প্রিয়বাদিনী চ। বশ্যশ্চ পুত্রোঽর্থকরী চ বিদ্যা, ষড়্জীবলোকেষু সুখানি রাজন্॥২০॥

সেই প্রকার পণ্ডিতেরা কহিয়াছেন। প্রতিদিন অর্থের আগমন, অরোগিতা, প্রিয়া ও প্রিয়বাদিনী ভার্য্যা, বিনয়ী পুত্র ও অর্থকরী বিদ্যা, এই ছয় সংসারের সুখ॥ ২০॥

কোঽধন্যো বহুভিঃ পুত্রৈঃ, কুশূলাপূরণাঢকৈঃ।
বরমেকঃ কুলালম্বী, যত্র বিশ্রূয়তে পিতা॥২১॥

গোলাগৃহের পূরণার্থ যে আঢ়ি, তত্তুল্য অনেক পুত্রেতে কে ধন্য হয়? কুলাচারাবলম্বী এক পুত্রও ভাল, তাহাতে পিতা খ্যাত হন॥ ২১॥

ইদানীমেতে মম পুত্রা গুণবন্তঃ ক্রিয়ন্তাং।

অতএব এক্ষণে আমার এই পুত্রদিগকে গুণবন্ত করা যাউক॥

যতঃ।

আহার নিদ্রা ভয় মৈথুনঞ্চ, সামান্য মেতৎ পশুভি র্নরাণাং। ধর্ম্মোহি তেষামধিকো বিশেষো, ধর্ম্মেণ হীনাঃ পশুভিঃ সমানাঃ॥২২॥

যেহেতুক আহার, নিদ্রা, ভয় ও মৈথুন এই সকল ব্যবহার পশুদের যাদৃশ, মনুষ্যেরদেরও তাদৃশ, পশুরদের হইতে মনুষ্যেরদের অধিক ধর্ম্ম, এই বিশেষ, অতএব ধর্ম্ম বিহীন মনুষ্যেরা পশুদের সমান॥ ২২॥

অপিচ।

ধর্ম্মার্থকামমোক্ষাণাং, যস্যৈকোপি ন বিদ্যতে। অজাগলস্তনস্যেব, তস্য জন্ম নিরর্থকং॥২৩॥

আর ধর্ম্ম অর্থ কাম মোক্ষ এই চারির মধ্যে একও যাহার নাই, তাহার জন্ম ছাগলের গলোৎপন্ন স্তনের ন্যায় নিরর্থক হয়॥ ২৩॥

যচ্চোচ্যতে।

যে কথা কহেন।

আয়ুঃ কর্ম্ম চ বিত্তঞ্চ, বিদ্যা নিধনমেব চ। পঞ্চৈতান্যপি সৃজ্যন্তে, গর্ব্ভস্থস্যৈব দেহিনঃ॥২৪॥

তবে যে বলিয়া থাকে আয়ু কর্ম্ম ধন বিদ্যা আর মরণ এই পাঁচ জীবের গর্ব্ভস্থাবস্থাতেই সৃষ্ট হয়॥২৪॥

কিঞ্চ।

অবশ্যম্ভাবিনো ভাবা, ভবন্তি মহতামপি। নগ্নত্বং নীলকণ্ঠস্য, মহাহিশয়নং হরেঃ॥ ২৫॥

অপর, অবশ্য ভাবি পদার্থ সকল মহতেরও হয়, ইহার দৃষ্টান্ত মহাদেবের নগ্নত্ব, হরির মহাসপ শয্যা॥ ২৫॥

অন্যচ্চ।

যদভাবি ন তদ্ভাবি, ভাবি চেন্ন তদন্যথা। ইতি চিন্তাবিষঘ্নোহয়ং, অগদঃ কিন্ন পীয়তে॥২৬॥

আর, যাহা হইবার উপযুক্ত নহে সে হইবে না, যাহা হইবার যোগ্য, তাহার অন্যথা হইবে না, এবম্প্রকার যে নিশ্চয় তাহা চিন্তারূপ বিষনাশক মহৌষধ, লোকে এই মহৌষধ কেন পান করেন না॥ ২৬॥

এতৎ কার্য্যাক্ষমাণাং কেষাঞ্চিদালস্য বচনম্।

ঐ সকল যুক্তি কার্য্যাক্ষম লোকেরদিগের আলস্য উক্তি মাত্র।

যথা হ্যেকেন চক্রেণ, ন রথস্য গতির্ভবেৎ।
এবং পুরুষকারেণ, বিনা দৈবং ন সিধ্যতি॥২৭॥

যেহেতুক যেমন এক চক্রেতে রথের গতি হয় না সেইরূপ পুরুষের যত্ন ব্যতিরেকে দৈব সিদ্ধ হইতে পারে না॥ ২৭॥

তথা চ।

পূর্ব্বজন্মকৃতং কর্ম্ম, তদ্দৈবমিতি কথ্যতে।
তস্মাৎ পুরুষকারেণ, যত্নং কুর্য্যাদতন্দ্রিতঃ॥২৮॥

পূর্ব্বজন্মকৃত যে কর্ম্ম তাহাকে দৈব কহা যায় অতএব নিরালস্য হইয়া সকল বিষয়ে যত্ন করা কর্ত্তব্য॥ ২৮॥

অন্যচ্চ।

উদ্যোগিনং পুরুষসিংহমুপৈতি লক্ষ্মীঃ

দৈবেন দেয়মিতি কা পুরুষা বদন্তি। দৈবং
নিহত্য কুরু পৌরুষ মাত্মশক্ত্যা, যত্নে কৃতে
যদি ন সিধ্যতি কোঽত্র দোষঃ ॥ ২৯ ॥

আর লক্ষ্মী উদ্‌যোগি পুরুষ সিংহকে প্রাপ্ত হন্
অদৃষ্ট প্রযুক্ত হয় ইহা কাপুষেরা কহে, অতএব অদৃষ্ট-
কে অনাদর করিয়া আপন শক্ত্যনুসারে পুরুষার্থ
প্রকাশ করহ। যত্ন করিলে যদি কার্য্য সিদ্ধ না হয়
তাহাতে কি দোষ ॥ ২৯ ॥

যথা মৃৎপিণ্ডতঃ কর্ত্তা, কুরুতে যদ্‌যদিচ্ছতি।
এবমাত্ম কৃতং কর্ম্ম, মানবঃ প্রতিপদ্যতে ॥৩০ ॥

যেমন কুলাল ঘটশরাবাদি যাহা২ ইচ্ছা করে
তাহাই এক মৃৎপিণ্ড হইতে নির্ম্মাণ করিয়া থাকে,
সেইরূপ মনুষ্য আপন কৃতকর্ম্ম হইতে নানা ফল
পায় ॥ ৩০ ॥

অপরঞ্চ।

কাকতালীয়বৎ প্রাপ্তং, দৃষ্ট্বাপি নিধি মগ্রতঃ।
ন স্বয়ং দৈবমাদত্তে, পুরুষার্থ মপেক্ষতে ॥৩১॥

অপর সম্মুখেতে কাকতালীয়ের ন্যায় অকস্মাৎ
প্রাপ্ত নিধিকে দেখিয়াও দৈব আপনি আনিয়া দেন
না কিন্তু পুরুষার্থ অপেক্ষা করে ॥ ৩১ ॥

উদ্যমেন হি সিদ্ধ্যন্তি, কার্য্যাণি ন মনো-
রথৈঃ। নহি সুপ্তস্য সিংহস্য, প্রবিশন্তি
মুখে মৃগাঃ॥ ৩২ ॥

যেহেতুক উদ্‌যোগেতে কার্য্য সকল সিদ্ধ হয় মনোরথ মাত্রেতেই হয় না, ইহার প্রমাণ, সুপ্ত সিংহের মুখেতে মৃগেরা স্বতঃ প্রবেশ করে না॥ ৩২ ॥

তথাচোক্তং।

মাতা শত্রুঃ পিতা বৈরী, যেন বালো ন
পাঠিতঃ। ন শোভতে সভামধ্যে, হংসমধ্যে
বকো যথা॥ ৩৩ ॥

পণ্ডিতেরা সেই প্রকার কহিয়াছেন যে পিতা ও মাতা বালককে পাঠ না করায় সে পিতা ও মাতা শত্রু, তাহাদের ঐ বালক সভা মধ্যে শোভা পায় না যেমন হংসের মধ্যে বক॥ ৩৩॥

রূপ যৌবন সম্পন্না, বিশাল কুল সম্ভবাঃ।
বিদ্যা হীনা ন শোভন্তে, নির্গন্ধা ইব কিং-
শুকাঃ॥ ৩৪ ॥

রূপযৌবন সম্পন্ন এবং মহাকুলসম্ভব ব্যক্তি-রাও বিদ্যা হীন হইলে, গন্ধহীন পলাশ পুষ্পের ন্যায় শোভা পায় না॥ ৩৪ ॥

অপরঞ্চ ॥

পুস্তকেষু চ নাধীতং, নাধীতং গুরুসন্নিধৌ। ন
শোভতে সভামধ্যে জারগর্ভইব স্ত্রিয়াঃ ॥ ৩৫॥

অপর যে ব্যক্তি গুরু সন্নিধানে অধ্যয়ন করে নাই, আপনিও গ্রন্থালোচনা করে নাই, সে, স্ত্রীর উপপতি জাত গর্ব্ভের ন্যায় সভা মধ্যে, শোভা পায় না ॥ ৩৫॥

এতচ্চিন্তয়িত্বা স রাজা পণ্ডিতসভাং কারিত-
বান্।

ইহা চিন্তা করিয়া সেই রাজা পণ্ডিত সভা করাইলেন।

রাজোবাচ।

ভো ভোঃ পণ্ডিতাঃ শ্রূয়তাং মম বচনম্,
অস্তি কশ্চিদেবম্ভূতো বিদ্বান্ যো মম পুত্রা-
ণাং নিত্য মুন্মার্গগামিনা মনধিগতশাস্ত্রাণা
মিদানীং নীতিশাস্ত্রোপদেশেন পুনর্জ্জন্ম
কারয়িতুং সমর্থঃ ॥

অনন্তর রাজা কহিলেন অহো পণ্ডিত গণ! আমার কথা শ্রবণ করুন। এমত পণ্ডিত কেহ আছেন যিনি নিত্য বিপথগামি অবিদিত শাস্ত্র আমার পুত্র-দিগকে নীতিশাস্ত্রোপদেশ দ্বারা পুনরায় জন্ম করাইতে সমর্থ হন ॥

যতঃ।

*কাচঃ কাঞ্চনসংসর্গা, দ্ধত্তে মারকতী র্দ্যুতীঃ।
তথা সৎ সন্নিধানেন, মূর্খো যাতি প্রবীণতাং ॥৩৬॥

যেহেতুক যেমন কাঞ্চন সংসর্গেতে কাচও মরকত মণির দ্যুতি ধারণ করে তেমনি পণ্ডিতসন্নিধানেতে মূর্খও প্রবীণত্ব প্রাপ্ত হয় ॥ ৩৬ ॥

উক্তঞ্চ।

হীয়তে হি মতিস্তাত, হীনৈঃ সহ সমাগমাৎ।
সমৈশ্চ সমতামেতি, বিশিষ্টৈশ্চ বিশিষ্টতাং ॥৩৭॥

পণ্ডিতদের কথাও আছে। হীনলোকেরদের সহ বাসেতে মতি হীনা হয়, স্ব সমান লোকের-দের সহিত বাসেতে মতি সমতাকে পায়, আর উত্তম লোকেরদের সহিত অবস্থানে মতি উত্তম হয় ॥ ৩৭ ॥

অত্রান্তরে বিষ্ণুশর্ম্মনামা পণ্ডিতঃ সকল নীতিশাস্ত্রতত্ত্বজ্ঞো বৃহস্পতিরিবাব্রবীৎ দেব-মহাকুলসম্ভূতা এতে রাজপুত্রা স্তন্ময়া নীতিং গ্রাহয়িতুং শক্যন্তে।

ইহার মধ্যে বৃহস্পতিতুল্য সকল নীতি শাস্ত্রের যথার্থজ্ঞাতা বিষ্ণুশর্ম্মা নামে এক পণ্ডিত কহিলেন মহারাজ! এই রাজপুত্রেরা সৎকুলোদ্ভব, এই

হেতুক আমি ইহাদিগকে নীতিশাস্ত্র গ্রহণ করাইতে পারি।

যতঃ।

নাদ্রব্যে নিহিতা কাচিৎ, ক্রিয়া ফলবতী ভবেৎ। ন ব্যাপারশতেনাপি, শুকবৎ পাঠ্যতে বকঃ ॥ ৩৮ ॥

যেহেতুক কোন ক্রিয়া অস্থানে পতিতা হইলে ফলবতী হয় না। তাহার প্রমাণ, নানাপ্রকার যত্নেতেও বক কখন শুকপক্ষির ন্যায় পড়ে না ॥ ৩৮ ॥

অন্যচ্চ।

অস্মিংস্তু নির্গুণং গোত্রে, নাপত্যমুপজায়তে। আকরে পদ্মরাগাণাং, জন্ম কাচমণেঃ কুতঃ ॥৩৯॥

আর এ গোত্রে নির্গুণ সন্তান জন্মে না, যেহেতুক পদ্মরাগমণির আকরে কাচমণির জন্ম কোথায়? ॥৩৯॥

অতোহহং ষণ্মাসাভ্যন্তরে তব পুত্রান্ নীতিশাস্ত্রাভিজ্ঞান্ করিষ্যামি।

অতএব আমি ছয় মাসের মধ্যে তোমার পুত্রদিগকে নীতিশাস্ত্রজ্ঞ করিব।

রাজা সবিনয়ং পুনরুবাচ।

রাজা পুনর্ব্বার বিনয় পূর্ব্বক কহিলেন।

কীটোহপি সুমনঃসঙ্গাৎ, দারোহতি সতাং

শিরঃ। অশ্মাপি যাতি দেবত্বং, মহদ্ভিঃ সুপ্রতিষ্ঠিতঃ ॥ ৪০ ॥

পুষ্প সহবাসেতে কীটও সল্লোকের মস্তকে আরোহণ করে এবং সল্লোকদের কর্তৃক সুপ্রতিষ্ঠিত প্রস্তরও দেবত্ব পায় ॥ ৪০ ॥

অন্যচ্চ। যথোদয়গিরের্দ্রব্যং, সন্নিকর্ষেণ দীপ্যতে। তথা সৎসন্নিধানেন, হীনবর্ণোহপি দীপ্যতে ॥ ৪১ ॥

আর যেমন উদয়াচলস্থ দ্রব্য সূর্য্য সন্নিধানে দীপ্তি পায় তেমনি সৎসন্নিধানে হীনবর্ণও দীপ্তি পায় ॥ ৪১ ॥

তদেতেষা মস্মৎপুত্ত্রাণাং নীতিশাস্ত্রোপদেশায় ভবন্তঃ প্রমাণ মিত্যুক্ত্বা তস্য বিষ্ণুশর্ম্মণো বহু মান পুরঃসরং পুত্ত্রান্ সমর্পিতবান্।

সেই হেতুক এই আমার পুত্ত্রেরদিগের নীতি শাস্ত্রোপদেশ নিমিত্ত তোমরাই প্রমাণ হইলে ইহা কহিয়া সেই বিষ্ণু শর্ম্মার বহু সম্মান পূর্ব্বক সন্তানদিগকে সমর্পণ করিলেন।

অথ প্রাসাদপৃষ্ঠে সুখোপবিষ্টানাং রাজপুত্ত্রাণাং পুরস্তাৎ প্রস্তাবক্রমেণ স পণ্ডিতোঽব্রবীৎ।

অনন্তর প্রাসাদের উপর সুখেতে উপবিষ্ট রাজপুত্রদিগের সম্মুখে প্রস্তাব ক্রমে সেই পণ্ডিত কহিলেন।

কাব্যশাস্ত্র বিনোদেন, কালোগচ্ছতি ধীমতাং।
ব্যসনেন চ মূর্খাণাং, নিদ্রয়া কলহেন চ॥ ৪২॥

কাব্যশাস্ত্রের আমোদেতে পণ্ডিতেরদের কাল-যাপন হয়, ব্যসন অর্থাৎ স্ত্রী ও দ্যূত ও পান ও বৃথা পর্য্যটন ও মৃগয়া এবং দিবসে নিদ্রা ও কলহ এই সকলেতে মূর্খদের কালযাপন হয়॥ ৪২॥

তদ্ভবতাং বিনোদায় কাককূর্ম্মাদীনাং বিচি-ত্রাং কথাং কথয়ামি।

সেই হেতুক তোমাদের আমোদের নিমিত্তে কাক কূর্ম্মাদির বিচিত্র কথা কহি।

রাজপুত্রৈরুক্তং কথ্যতাং।

রাজ পুত্রেরা কহিলেন কহুন।

বিষ্ণুশর্ম্মোবাচ শৃণুত।

বিষ্ণু শর্ম্মা কহিতেছেন রাজপুত্রেরা শ্রবণ করুন।

সম্প্রতি মিত্রলাভঃ প্রস্তূয়তে যস্যায়মাদ্যঃশ্লোকঃ।

সম্প্রতি মিত্রলাভ প্রস্তাব করি, যাহার প্রথমেতে এই শ্লোক।

অসাধনা বিত্তহীনা, বুদ্ধিমন্তঃ সুহৃত্তমাঃ। সাধয়ন্ত্যাশু কার্য্যাণি, কাক কূর্ম্ম মৃগাখবঃ ॥৪৩॥

কাক ও কূর্ম্ম ও মৃগ ও মূষক ইহারা উপায় রহিত অথচ ধন হীন হইয়াও বুদ্ধিমন্তা ও পরস্পর সৌহৃদ্য প্রযুক্ত শীঘ্র কার্য্য সাধন করে ॥ ৪৩ ॥

রাজপুত্রা ঊচুঃ কথমেতৎ।

রাজপুত্রেরা কহিলেন এ কি প্রকার?

বিষ্ণুশর্ম্মোবাচ।

বিষ্ণু শর্ম্মা কহিলেন।

অস্তি গোদাবরী তীরে বিশালঃ শাল্মলীতরুঃ তত্র নানাদিগ্দেশাদাগত্য রাত্রৌ পক্ষিণো-নিবসন্তি।

গোদাবরী তীরে এক বড় শাল্মলী বৃক্ষ থাকে এই বৃক্ষে নানা দিগ্ দেশ হইতে আসিয়া পক্ষিরা রাত্রিকালে বাস করে।

অথ কদাচিদ্বসন্নায়াং রাত্রৌ অস্তাচলচূড়াবলম্বিনি ভগবতি কুমুদিনীনায়কে চন্দ্রমসি লঘু পতনকনামা বায়সঃ প্রবুদ্ধঃ কৃতান্তমিব দ্বিতীয়মটন্তং ব্যাধমপশ্যৎ, তমবলোক্যা-চিন্তয়ৎ অদ্য প্রাতরেবানিষ্টদর্শনং জাতং

ন জানে কিমনভিমতং দর্শয়িষ্যতি ইত্যুক্তা।
তদনুসরণ ক্রমেণ ব্যাকুলশ্চলিতঃ।

অনন্তর কোন দিন রাত্রি শেষে কুমুদিনী নায়ক নিশাকর অস্তাচল চূড়াবলম্বী হইলে অর্থাৎ অস্ত গেলে পর লঘুপতনক নামে কাক জাগ্রৎ হইয়া দেখিল এক ব্যাধ দ্বিতীয় যমের ন্যায় ভ্রমণ করিতেছে। তাহাকে অবলোকন করিয়া কাক চিন্তা করিতে লাগিল অদ্য প্রাতঃকালেই অমঙ্গল দর্শন হইল, না জানি, কি অমঙ্গল দেখাইবে, ইহা কহিয়া ব্যাকুলচিত্ত হইয়া ব্যাধের পশ্চাৎ২ চলিল।

যতঃ।

শোকস্থানং সহস্রাণি, ভয়স্থানং শতানি চ।
দিবসে দিবসে মূঢ়, মাবিশন্তি ন পণ্ডিতং॥৪৪॥

যেহেতুক শোকস্থান সহস্র২ এবং ভয়স্থান শত২ আছে, ইহারা প্রত্যহ মূঢ়লোককেই অভিভব করে, পণ্ডিতের কিছু করিতে পারে না॥ ৪৪॥

অন্যচ্চ।

বিষয়িণামিদমবশ্যং কর্ত্তব্যং।
আর বিষয়িদের ইহা অবশ্য কর্ত্তব্য।

উত্থায়োত্থায় বোদ্ধব্যং, মহদ্ভয়মুপস্থিতং। মরণ ব্যাধি শোকানাং কিমদ্য নিপতিষ্যতি॥৪৫॥

কোন প্রকার মহৎ ভয় উপস্থিত হইলে উঠিয়া২ বিবেচনা করিবে মরণ, ব্যাধি ও শোক ইহার মধ্যে অদ্য কি পড়িবে ?॥ ৪৫ ॥

অথ তেন ব্যাধেন তণ্ডুলকণান্ বিকীর্য্য জালং বিস্তীর্ণং। সচ প্রচ্ছন্নো ভূত্বা স্থিতঃ। অস্মিন্নেব কালে চিত্রগ্রীব নামা কপোতরাজঃ সপরিবারো বিয়তি বিসর্পং স্তাং স্তণ্ডুলকণানবলোকয়ামাস। ততঃ কপোতরাজ স্তণ্ডুলকণলুব্ধান্ কপোতান্ প্রত্যাহ কুতোঽত্র নির্জ্জনে বনে তণ্ডুলকণানাং সম্ভব স্তন্নিরূপ্যতাং তাবৎ।

অনন্তর সেই ব্যাধ তণ্ডুল কণা ছড়াইয়া এবং জাল বিস্তীর্ণ করিয়া আপনি লুক্কায়িত থাকিল। এই কালে চিত্রগ্রীব নামে কপোতরাজ পরিবার সহিত আকাশ পথে ভ্রমণ করিতে২ সেই তণ্ডুলকণা সকল অবলোকন করিল পরে কপোতরাজ তণ্ডুল কণালোভি কপোতদিগকে কহিল কি রূপে এই নির্জ্জন বনে তণ্ডুল কণা আসিল তাহা নিরূপণ কর।

ভদ্রমিদং ন পশ্যামি, প্রায়েণানেন তণ্ডুলকণলোভেনাস্মাভিরপি তথা ভবিতব্যং।

এ ভাল দেখিতেছি না, বোধ হয় এই তণ্ডুল কণার লোভে আমরাও প্রায় তেমনি হইব।

কঙ্কণস্য তু লোভেন, মগ্নঃ পঙ্কে সুদুস্তরে। বৃদ্ধ ব্যাঘ্রেণ সংপ্রাপ্তঃ, পথিকঃ সংমৃতো যথা ॥৪৬॥

যেমন কঙ্কণের লোভে দুস্তর পঙ্কে মগ্ন পথিক একটা বৃদ্ধ ব্যাঘ্র কর্ত্তৃক প্রাপ্ত হইয়া মরিয়াছিল ॥ ৪৬ ॥

কপোতা ঊচুঃ কথমেতৎ।

কপোতেরা জিজ্ঞাসিল এ কি প্রকার?

সোঽব্রবীৎ।

কপোতরাজ কহিল।

অহমেকদা দক্ষিণারণ্যে চরন্নপশ্যং একো বৃদ্ধো ব্যাঘ্রঃ স্নাতঃ কুশহস্তঃ সরস্তীরে ব্রূতে ভো ভোঃপান্থ ইদং সুবর্ণকঙ্কণং গৃহ্যতাং। ততো লোভাকৃষ্টেন কেনচিৎ পান্থেনালোচিতং ভাগ্যেনৈতৎ সম্ভবতি কিন্ত্বস্মিন্নাত্মসন্দেহে প্রবৃত্তি র্ন বিধেয়া।

আমি এক সময় দক্ষিণারণ্যে ভ্রমণ করিতে২ দেখিলাম এক বৃদ্ধ ব্যাঘ্র স্নান করিয়া কুশহস্ত হইয়া সরোবরের তীরে দাঁড়াইয়া কহিতেছে অহে পথিক! এই সুবর্ণ কঙ্কণ গ্রহণকর। পরে লোভী কোন পথিক মনেং বিবেচনা করিল ভাগ্যক্রমে এতাদৃশ লাভ

হয় কিন্তু এ বিষয়ে প্রাণের সন্দেহ, ইহাতে প্রবৃত্তি কর্ত্তব্য নয়।

যতঃ।

অনিষ্টাদিষ্টলাভেঽপি, ন গতির্জ্জায়তে শুভা।
যত্রাস্তে বিষসংসর্গো,ঽমৃতং তদপি মৃত্যবে॥৪৭

যেহেতু অনিষ্ট হইতে ইষ্ট লাভেও মঙ্গল হয় না, যেমন বিষের সংসর্গ থাকিলে সে অমৃতও মরণের নিমিত্ত হয়॥ ৪৭ ॥

কিন্তু সর্ব্বত্রার্থার্জ্জনে প্রবৃত্তিঃ সন্দেহএব।

কিন্তু সর্ব্বত্র ধনোপার্জ্জনে প্রবৃত্তি সন্দেহেতেই হয়।

তথাচোক্তং।

ন সংশয় মনারুহ্য, নরোভদ্রাণি পশ্যতি। সংশয়ং পুনরারুহ্য, যদি জীবতি পশ্যতি॥ ৪৮॥

পণ্ডিতেরাও এই প্রকার কহিয়াছেন সংশয়ে আরোহণ না করিয়া মনুষ্য মঙ্গল দেখে না কিন্তু সংশয়ে আরোহণ করিয়া যদি বাঁচে তবে মঙ্গল দেখে॥ ৪৮॥

তন্নিরূপয়ামি তাবৎ। প্রকাশং ব্রূতে কুত্র তব কঙ্কণং।

অতএব নিরূপণ করি। পরে প্রকাশ করিয়া কহিল তোমার কঙ্কণ কোথায়?

ব্যাঘ্রোহস্তং প্রসার্য্য দর্শয়তি।

ব্যাঘ্র হস্ত বিস্তার করিয়া দেখাইল।

পান্থোঽবদৎ কথং মারাত্মকে ত্বয়ি বিশ্বাসঃ।

অনন্তর পথিক কহিল তুমি হিংস্রক কি প্রকারে তোমাতে বিশ্বাস করিতে পারি।

ব্যাঘ্রউবাচ।

ব্যাঘ্র কহিল।

শৃণুরে পান্থ! প্রাগেব যৌবনদশায়ামহমতি দূর্বৃত্তোঽস্মি, অনেকগোমানুষাণাং বধান্মে পুত্রা মৃতা দারাশ্চ, বংশহীনশ্চাহং, ততঃ কেনচিদ্ধার্ম্মিকেণাহমাদিষ্টঃ।

শুন রে পথিক! পূর্ব্বকালে যৌবনদশাতে আমি অতি দুর্বৃত্ত ছিলাম, অনেক গো ও মনুষ্যদিগের বধ করাতে আমার পুত্র ও স্ত্রী সকল মরিয়াছে, আমি বংশহীন হইয়াছি। সংপ্রতি কোন ধার্ম্মিক আমাকে কহিলেন,

দান ধর্ম্মাদিকঞ্চরতু ভবান্, তদুপদেশাদিদানীমহং স্নানশীলো দাতা বৃদ্ধোগলিতনখদন্তো ন কথং বিশ্বাসভূমিঃ।

তুমি দান ও ধর্ম্মাদি আচরণ করহ। ঐ উপ-

দেশে এখন আমি স্নানশীল, দাতা, বৃদ্ধ ও গলিত-নখদন্ত হইয়াছি, ইহাতে কেন বিশ্বাস স্থান না হই।

যতঃ।

ইজ্যাধ্যয়নদানানি তপঃ সত্যং ধৃতিঃ ক্ষমা।
অলোভইতি মার্গোঽয়ং, ধর্ম্মশ্চাষ্টবিধঃ স্মৃতঃ॥৪৯॥

যেহেতুক যজ্ঞ, দান, অধ্যয়ন, তপস্যা; সত্য, ধৃতি, ক্ষমা ও অলোভ এই অষ্ট প্রকার ধর্ম্মের পথ॥ ৪৯॥

তত্র পূর্ব্বশ্চতুর্বর্গো দম্ভার্থমপি সেব্যতে। উত্ত-রস্তু চতুর্ব্বর্গো, মহাত্মন্যেব তিষ্ঠতি॥ ৫০॥

তাহার মধ্যে পূর্ব্ব চতুষ্টয় দম্ভের নিমিত্তেও সেবা করে কিন্তু উত্তর চতুষ্টয় মহাত্মাতেই থাকে॥ ৫০॥

মম চৈতাবান্ লোভবিরহো যেন স্বহস্তস্থমপি সুবর্ণ কঙ্কণং যস্মৈ কস্মৈচিদ্দাতুমিচ্ছামি তথা-পি ব্যাঘ্রো মানুষং খাদতীতি লোকাপবাদো দুর্নিবারঃ।

আমার এমনি লোভ বিরহ হইয়াছে যে আপন হস্তস্থিত সুবর্ণ কঙ্কণ যে কোন লোককে দিতে ইচ্ছা করিতেছি তথাপি বাঘ মানুষ খায়, এই অপ-বাদ লোকে আছে, নিবারণ করা যায় না।

যতঃ।

গতানুগতিকোলোকঃ, কুট্টিনীমুপদেশিনীং।
প্রমাণয়তি নো ধর্ম্মে, যথা গোঘ্নমপি দ্বিজং॥৫১॥

যেহেতু কুট্টিনী উপদেশিনী হইলেও ধারাবাহিক লোকেরা ধর্ম্ম বিষয়ে তাহার কথা প্রমাণ করে না যেমন গোঘ্ন ব্রাহ্মণকে প্রমাণ করে না তদ্বৎ॥৫১॥

ময়া চ ধর্ম্মশাস্ত্রাণ্যধীতানি, শৃণু।
আমি ধর্ম্মশাস্ত্র পড়িয়াছি, শুন।

প্রাণা যথাত্মনোভীষ্টা, ভূতনামপি তে তথা।
আত্মৌপম্যেন ভূতানাং, দয়াং কুর্ব্বন্তি সাধবঃ॥৫২॥

আপনার প্রাণ যেমন ইষ্ট, সকল জীবের প্রাণও তেমনি ইষ্ট হয় অতএব সাধু লোকেরা আপনার দৃষ্টান্তে সকল জীবের প্রতি দয়া করিয়া থাকেন॥৫২॥

অপরঞ্চ।

প্রত্যাখ্যানে চ দানে চ, সুখদুঃখে প্রিয়াপ্রিয়ে। আত্মৌপম্যেন পুরুষঃ, প্রমাণমধিগচ্ছতি॥৫৩॥

অপর নিষেধ করাতে যাচকের যে অপ্রিয় দুঃখ এবং দান দেওয়াতে যে প্রিয় সুখ হয়, সৎপুরুষেরা আত্ম দৃষ্টান্তেতে তাহার প্রমাণ জানেন॥৫৩॥

অন্যচ্চ।

মাতৃবৎ পরদারেষু, পরদ্রব্যেষু লোষ্ট্রবৎ।
আত্মবৎ সর্ব্বভূতেষু, যঃ পশ্যতি স পণ্ডিতঃ॥৫৪॥

এবং যে লোক পর স্ত্রীকে মাতার ন্যায় ও পরের দ্রব্যকে শুষ্কমৃৎপিণ্ডের তুল্য এবং সকল জীবকে আপনার সমান দেখে সেই পণ্ডিত॥ ৫৪ ॥

ত্বঞ্চাতীব দুর্গত স্তেন তুভ্যং দাতুং সযত্নোঽহং।

তুমি অতি দরিদ্র, একারণ তোমাকে দিবার নিমিত্ত যত্ন করিতেছি।

তথাচোক্তং।

পণ্ডিতেরাও এই প্রকার কহিয়াছেন।

দরিদ্রান্ ভর কৌন্তেয়, মা প্রযচ্ছেশ্বরে ধনং।
ব্যাধিতস্যৌষধং পথ্যং, নীরুজস্য কিমৌষধৈঃ॥ ৫৫ ॥

হে যুধিষ্ঠির! দরিদ্র লোককে প্রতিপালন কর; ধনিকে ধন দিও না, রোগির ঔষধ পথ্য হয়, অরোগির ঔষধে কি প্রয়োজন?॥ ৫৫ ॥

অপিচ। দাতব্যমিতি যদ্দানং, দীয়তেঽনুপকারিণে। দেশে কালে চ পাত্রে চ, তদ্দানং সাত্ত্বিকং বিদুঃ॥ ৫৬ ॥

অপর দেওয়া উপযুক্ত ইহা মনে করিয়া কাশ্যা-দি তীর্থে গ্রহণাদি কালে অগ্নিহোত্র্যাদি পাত্রে অনু-পকারিতে যে দান করা, পণ্ডিতেরা সেই দানকে সাত্ত্বিক করিয়া জানেন ॥ ৫৬ ॥

তদত্র সরসি স্নাত্বা সুবর্ণ কঙ্কণং গৃহাণ।

অতএব এই সরোবরে স্নান করিয়া সুবর্ণ কঙ্কণ গ্রহণ করহ।

ততো যাবদসৌ তদ্বচঃপ্রতীতো লোভাৎ সরঃ স্নাতুং প্রবিশতি তাবন্মহাপঙ্কে নিমগ্নঃ পলায়িতুমক্ষমঃ। পঙ্কে পতিতং দৃষ্ট্বা ব্যা-ঘ্রোঽবদৎ অহহ! মহাপঙ্কে পতিতোঽসি, অতস্ত্বামহমুত্থাপয়ামীত্যুক্ত্বা শনৈঃ শনৈরু-পগম্য তেন ব্যাঘ্রেণ ধৃতঃ স পান্থোঽচিন্তয়ৎ।

অনন্তর যখন পথিক তাহার বাক্যেতে প্রত্যয় করিয়া লোভেতে স্নান করিবার নিমিত্ত সরো-বরে প্রবিষ্ট হইল তখন মহা পঙ্কে মগ্ন হওয়াতে পলায়নে অসমর্থ হইল। পঙ্কে পতিত পথিককে দেখিয়া ব্যাঘ্র কহিল আহা দুর্গম পঙ্কে পড়িলে! আমি তোমাকে উঠাই, ইহা কহিয়া ধীরে২ নিকটে গিয়া তাহাকে ধরিল। তখন ব্রাহ্মণ চিন্তা করিতে লাগিল।

ন ধর্ম্মশাস্ত্রং পঠতীতি কারণং, নচাপি
বেদাধ্যয়নং দুরাত্মনঃ। স্বভাবএবাত্র তথা-
তিরিচ্যতে, যথা প্রকৃত্যা মধুরং গবাং পয়ঃ॥৫৭॥

দুরাত্মার ধর্ম্মশাস্ত্রের পাঠ ও বেদের অধ্যয়ন ধর্ম্মিষ্ঠ হওনের কারণ হয় না, কিন্তু গরুর দুগ্ধ স্বভাবতঃই যেমন মধুর হয় তেমনি স্বভাব অতিরিক্ত হয় ॥ ৫৭ ॥

কিঞ্চ।

অবশেন্দ্রিয়চিত্তানাং, হস্তিস্নান মিব ক্রিয়া।
দুর্ভগাভরণ প্রায়ো, জ্ঞানং ভারঃ ক্রিয়াং
বিনা ॥ ৫৮ ॥

অপর যাহারদিগের মন ও ইন্দ্রিয় বশীভূত নয় তাহারদিগের ক্রিয়া হস্তির স্নানের ন্যায় সর্ব্বাঙ্গ সম্পূর্ণ হয় না। আর দুর্ভগা স্ত্রীর অলঙ্কারের ন্যায় বিনা ধর্ম্মানুষ্ঠানে জ্ঞান ভার মাত্র। ৫৮॥

তন্ময়া ভদ্রং ন কৃতং যদত্র মারাত্মকে বিশ্বাসঃ কৃতঃ।

অতএব আমি মারাত্মক ব্যাঘ্রে বিশ্বাস করিয়া ভাল করি নাই।

শৃঙ্গিণাঞ্চ নদীনাঞ্চ নখিনাং শস্ত্রপাণিনাং।
বিশ্বাসো নৈব কর্ত্তব্যঃ, স্ত্রীষু রাজকুলেষু চ॥৫৯॥

সেইরূপ পণ্ডিতেরদিগের কর্ত্তৃক কথিত আছে শৃঙ্গী ও নদী ও নখীও শস্ত্রধারী ও স্ত্রী ও রাজকুল এ সকলে কদাচ বিশ্বাস কর্ত্তব্য নহে ॥ ৫৯ ॥

অপরঞ্চ।

সর্ব্বস্য হি পরীক্ষ্যন্তে, স্বভাবা নেতরে গুণাঃ।
অতীত্য হি গুণান্ সর্ব্বান্, স্বভাবো মূর্দ্ধি বর্ত্ততে ॥ ৬০ ॥

অপর সকলেরি স্বভাব পরীক্ষা অবশ্য করিবেক অন্য গুণ পরীক্ষা করিবেক না যেহেতুক স্বভাব সকল গুণকে অতিক্রমণ করিয়া মস্তকে থাকে ॥ ৬০ ॥

অন্যচ্চ।

স হি গগণবিহারী কল্মষধ্বংসকারী, দশ শত করধারী জ্যোতিষাং মধ্যচারী। বিধুরপি বিধি যোগাদ্গ্রাস্যতে রাহুণাসৌ, লিখিতমপি ললাটে প্রোজ্ঝিতুং কঃ সমর্থঃ ॥ ৬১॥

আর আকাশবিহারী পাপনাশকারী সহস্র রশ্মিধারী জ্যোতির্ম্মধ্যচারী চন্দ্রও দৈবযোগেতে রাহু কর্ত্তৃক গ্রস্ত হন, অতএব কপালে যে লিখিত থাকে তাহা খণ্ডিতে কে শক্ত হয় ॥ ৬১ ॥

ইতি চিন্তয়ন্নেবাসৌ ব্যাঘ্রেণ ব্যাপাদিতঃ খাদিতশ্চ।

এই প্রকার চিন্তা করিতে২ ঐ পথিক ব্যাঘ্র কর্ত্তৃক ধৃত ও ভক্ষিত হইল।

অতোঽহং ব্রবীমি কঙ্কণস্য তু লোভেনে-ত্যাদি। অতঃ সর্ব্বথা অবিচারিতং কর্ম্ম ন কর্ত্তব্যমিতি॥

অতএব আমি কহি কঙ্কণের লোভে যেমন পথিক পঙ্কে মগ্ন হইয়া মরিয়াছিল ইত্যাদি। এই কারণে সর্ব্বপ্রকারে অবিচারিত কর্ম্ম কর্ত্তব্য হয় না।

যতঃ।

সুজীর্ণমন্নং সুবিচক্ষণঃ সুতঃ, সুশাসিতা স্ত্রী নৃপতিঃ সুসেবিতঃ। সুচিন্ত্য চোক্তং সুবি-চার্য্য যৎকৃতং, সুদীর্ঘ কালেঽপি ন যাতি বিক্রিয়াং॥ ৬২॥

যেহেতুক বিলক্ষণ জীর্ণ অন্ন ও উত্তম পণ্ডিত পুত্র ও অতিশয় বশীভূতা স্ত্রী ও সুসেবিত রাজা ও বিলক্ষণ বিচার করিয়া যাহা করা যায় এসকল বহুকালেও বিকার পায় না॥ ৬২॥

এতদ্বচনং শ্রুত্বা কশ্চিৎ কপোতঃ সদর্পমাহ আঃ কিমেবমুচ্যতে।

এ কথা শুনিয়া কোন কপোত দর্প করিয়া কহিল আঃ এ কি কহিতেছ?

বৃদ্ধস্তু বচনং গ্রাহ্য, মাপৎকালে হ্যুপস্থিতে।
সর্ব্বত্রৈবং বিচারেণ, ভোজনে নপ্রবর্ত্ততে॥৬৩॥

আপৎকাল উপস্থিত হইলে বৃদ্ধলোকের বাক্য গ্রাহ্য হয় আর অন্য সময়েও বিচারক্রমে গ্রাহ্য করা যায় কিন্তু ভোজন বিষয়ে গ্রাহ্য নয়॥ ৬৩॥

যতঃ।

শঙ্কাভিঃ সর্ব্বমাক্রান্ত, মন্নং পানঞ্চ ভূতলে।
প্রবৃত্তিঃ কুত্র কর্ত্তব্যা, জীবিতব্যং কথং নুবা॥৬৪॥

যেহেতুক পৃথিবী মণ্ডলে সকল অন্ন ও জলাদি আশঙ্কা দ্বারা ব্যাপ্ত আছে, তাহাতে কোথায় প্রবৃত্তি করা যাইবেক? কি প্রকারেই বা জীবন ধারণ হইবেক?॥ ৬৪॥

তথাচোক্তং।

ঈর্ষী ঘৃণী ত্বসন্তুষ্টঃ, ক্রোধনো নিত্যশঙ্কিতঃ।
পরভাগ্যোপজীবী চ, ষড়েতে দুঃখ ভাগিনঃ॥ ৬৫॥

সেই প্রকার পণ্ডিতেরা কহিয়াছেন ঈর্ষাবিশিষ্ট ও ঘৃণাযুক্ত ও অসন্তুষ্ট ও ক্রুদ্ধ ও সর্ব্বদা সশঙ্ক আর পরভাগ্যোপজীবী, এই ছয় জন দুঃখভাগী হয়॥৬৫॥

এতচ্ছ্রুত্বা সর্ব্বে কপোতা স্তত্রোপবিষ্টাঃ।

ইহা শুনিয়া সকল কপোত সেই স্থানে উপবিষ্ট হইল।

যতঃ।

সুমহান্ত্যপি শাস্ত্রাণি, ধারয়ন্তো বহুশ্রুতাঃ।
ছেত্তারঃ সংশয়ানাঞ্চ, ক্লিশ্যন্তে লোভমো-
হিতাঃ॥ ৬৬॥

যেহেতুক পণ্ডিতেরা মহাশাস্ত্র জানিয়াও আর সংশয়ের ছেদন কর্ত্তা হইয়াও লোভে মুগ্ধ হইয়া ক্লেশ প্রাপ্ত হয়েন॥ ৬৬॥

অন্যচ্চ।

লোভাৎ ক্রোধঃ প্রভবতি, লোভাৎ কামঃ
প্রজায়তে। লোভান্মোহশ্চ নাশশ্চ, লোভঃ
পাপস্য কারণং॥ ৬৭॥

লোভ হইতে ক্রোধ হয় লোভ হইতে কাম জন্মে, লোভ হইতে মোহ ও নাশ হয়, লোভই পাপের কারণ॥ ৬৭।

অনন্তরং সর্ব্বে জালনিবদ্ধা বভূবুঃ। ততো যস্য বচনাত্তত্রাবলম্বিতা স্তং সর্ব্বে তিরশ্চক্রুঃ॥

পরে সকলেই জালে বদ্ধ হইল অনন্তর যাহার বাক্যেতে সে স্থান অবলম্বন করিয়াছিল তাহাকে সকলে তিরস্কার করিতে লাগিল।

যতঃ।

ন গণস্যাগ্রতো গচ্ছেৎ, সিদ্ধে কার্য্যে সমং ফলং।
যদি কার্য্যবিপত্তিঃ স্যান্মুখর স্তত্র হন্যতে॥ ৬৮॥

যেহেতুক সকলের অগ্রে যাইবে না কেননা কার্য্য সিদ্ধ হইলে সকলেরি সমান ফল, কিন্তু যদি কার্য্যে বিঘ্ন হয় তবে প্রধান ব্যক্তি দোষ ভাগী হয়॥ ৬৮॥

তথাচোক্তং।

আপদাং কথিতঃ পন্থা, ইন্দ্রিয়াণামসংযমঃ।
তজ্জয়ঃ সম্পদাং মার্গো, যেনেষ্টং তেন গ-
ম্যতাং॥ ৬৯॥

সেই প্রকার কথিত আছে ইন্দ্রিয় সকলের যে দমন না করা তাহাই বিপত্তির পথ আর তাহারদিগের যে দমনকরা তাহা সম্পত্তির পথ, এখন যে পথে ইচ্ছা সেই পথে যাও॥ ৬৯॥

তস্য তিরস্কারং শ্রুত্বা চিত্রগ্রীব উবাচ নায়মস্য দোষঃ।

তাহার অপমান শুনিয়া চিত্রগ্রীব কহিল ইহার এ দোষ নয়।

যতঃ।

আপদামাপতন্তীনাং, হিতোঽপ্যায়াতি হে-

ভুত্তাং। মাতৃজঙ্ঘা হি বৎসস্য, স্তম্ভীভবতি বন্ধনে॥ ৭০॥

যেহেতুক হিতও পতনশীল আপদের কারণ হইয়া থাকে যেমন মাতার জঙ্ঘা ও বৎসের বন্ধনের নিমিত্ত স্তম্ভ হয়॥ ৭০॥

অন্যচ্চ।

স বন্ধু র্যো বিপন্নানা, মাপদুদ্ধরণক্ষমঃ। নতু ভীত-পরিত্রাণ বস্তূপালম্ভপণ্ডিতঃ॥ ৭১॥

আর বিপদ্গ্রাস্ত লোকের আপদ উদ্ধার করিতে যে যোগ্য, সেই বন্ধু, ভীতব্যক্তির পরিত্রাণের নিমিত্ত ধনগ্রহণে পণ্ডিত লোককে বন্ধু বলে না॥ ৭১॥

বিপৎকালে বিস্ময়এব কাপুরুষলক্ষণং তদত্র ধৈর্য্যমবলম্ব্য প্রতীকারশ্চিন্ত্যতাং।

বিপৎকালে বিস্ময়াপন্ন হওয়া কাপুরুষের লক্ষণ সেই হেতুক এ সময়ে ধৈর্য্য অবলম্বন করিয়া উপায় চিন্তা করহ।

যতঃ।

বিপদি ধৈর্য্যমথাভ্যুদয়ে ক্ষমা, সদসি বাক্‌পটুতা যুধি বিক্রমঃ। যশসি চাভিরুচি র্ব্যসনং শ্রুতৌ, প্রকৃতিসিদ্ধমিদং হি মহাত্মনাং॥ ৭২॥

যেহেতুক বিপৎকালে ধৈর্য্য, বৃদ্ধিকালে ক্ষমা,

সভাতে বাক্যের পটুতা যুদ্ধে পরাক্রম, আর যশেতে অভিরুচি, শাস্ত্র শ্রবণে আসক্তি, এই সকল উত্তম লোকেরদিগের স্বভাব সিদ্ধ হয়॥ ৭২॥

সম্পদি যস্য ন হর্ষো, বিপদি বিষাদো রণে চ ধীরত্বং। তং ভুবনত্রয়তিলকং, জনয়তি জননী সুতং বিরলং॥ ৭৩॥

যাহার সম্পৎকালে আহ্লাদ হয় না, বিপৎকালে বিষাদ হয় না ও যুদ্ধেতে পাণ্ডিত্য থাকে এমন ত্রিভুবন-শ্রেষ্ঠ পুত্রকে জননী অত্যল্প প্রসব করেন ॥ ৭৩॥

অন্যচ্চ।

ষড়্দোষাঃ পুরুষেণেহ, হাতব্যা ভূতিমিচ্ছতা॥ নিদ্রা তন্দ্রা ভয়ং ক্রোধ আলস্যং দীর্ঘসূত্রিতা ॥৭৪॥

আর ঐশ্বর্য্যেচ্ছু পুরুষ নিদ্রা তন্দ্রা ভয় ক্রোধ আলস্য এবং অল্পকালসাধ্যক্রিয়া বহুকালে করা এই ছয় দোষ ত্যাগ করিবেক॥ ৭৪॥

ইদানীমপ্যেবং ক্রিয়তাং সর্ব্বৈরেকচিত্তীভূয় জালমাদায় উড্ডীয়তাং।

এখনও ইহা কর সকলে এক চিত্ত হইয়া জাল লইয়া উড়।

যতঃ।

অল্পানামপি বস্তূনাং, সংহতিঃ কার্য্যসাধিকা।
তৃণৈর্গুণত্বমাপন্নৈ, র্বধ্যন্তে মত্তদন্তিনঃ ॥ ৭৫ ॥

যেহেতুক তুচ্ছ বস্তুরও যে সমূহ, তাহাতেও কার্য্য সাধন হয়, যেমন রজ্জুত্ব প্রাপ্ত হইলে তৃণ সমূহ কর্তৃক মত্ত হস্তী বদ্ধ হয় ॥ ৭৫ ॥

সংহতিঃ শ্রেয়সী পুংসাং, স্বকুলৈ রল্পকৈরপি।
তুষেণাপি পরিত্যক্তা, ন প্ররোহন্তি তণ্ডুলাঃ ॥৭৬॥

স্বজাতীয় তুচ্ছ বস্তুর সহিত মিলনও পুরুষের মঙ্গল-দায়ক হয়, ইহার সাক্ষী দেখ, তণ্ডুল তুষেতে বিহীন হইলে অঙ্কুর হয় না।

ইতি বিচিন্ত্য পক্ষিণঃ সর্ব্বে জালমাদায় উৎ-পতিতাঃ।

ইহা চিন্তা করিয়া সকল পক্ষী জাল লইয়া উপরে উড়িল।

অনন্তরং স ব্যাধঃ সুদূরাজ্জালাপহারকাংস্তান-বলোক্য পশ্চাদ্ধাবিতোঽচিন্তয়ৎ।

অনন্তর সেই ব্যাধ অতিদূর হইতে জালের অপহা-রক ঐ কপোত দিগকে দেখিয়া পশ্চাৎ ধাবমান হইয়া চিন্তা করিল।

সংহতাস্তু হরন্তীমে জালং মম বিহঙ্গমাঃ। যদাতু নিপতিষ্যন্তি বশ মেষ্যন্তি মে তদা।

এ কপোতেরা সকলে একত্র হইয়া আমার জাল হরণ করিয়াছে কিন্তু যখন পৃথিবীতে পড়িব তখন অবশ্য আমার বশীভূত হইবে।

ততস্তেষু চক্ষুর্বিষয়মতিক্রান্তেষু পক্ষিষু স ব্যাধো-নিবৃত্তঃ। অথ লুব্ধকং নিবৃত্তং দৃষ্ট্বা কপোতা ঊচুঃ-কিমিদানীং কর্ত্তুমুচিতং।

তৎপরে সেই পক্ষিরা ব্যাধের চক্ষুর দৃষ্টি অতিক্রমণ করিলে সেই ব্যাধ নিরাশ হইয়া নিবৃত্ত হইল। ব্যাধকে নিবৃত্ত দেখিয়া কপোতেরা কহিল, এখন কি কর্ত্তব্য।

চিত্রগ্রীব উবাচ ॥ চিত্রগ্রীব কহিল ॥

মাতা মিত্রং পিতা চেতি স্বভাবাৎ ত্রিতয়ং হিতং কার্য্যকারণতশ্চান্যে ভবন্তি হিতবুদ্ধয়ঃ ॥ ৭৭ ॥

মাতা পিতা মিত্র ইহারা তিন জন স্বভাবেতে হিতকারী হয়েন আর অন্যলোকও কার্য্য কারণ বশতঃ হিতকারী হয় ॥ ৭৭ ॥

তদস্মাকং মিত্রং হিরণ্যকো নাম মূষিকরাজো গণ্ডকীতীরে চিত্রবনে নিবসতি সোঽস্মাকং পা-শাংশ্ছেৎস্যতি। ইত্যালোচ্য সর্ব্বে হিরণ্যক-বিবরসমীপং গতাঃ। হিরণ্যকশ্চ সর্ব্বদাপায়

শঙ্কয়া শতদ্বারং বিবরং কৃত্বা নিবসতি। ততো হিরণকঃ কপোতাবপাতভয়াচ্চকিতস্তূষ্ণীং স্থিতঃ। চিত্রগ্রীব উবাচ ॥

অতএব আমারদিগের মিত্র হিরণ্যক নামে মুষিকদিগের রাজা চিত্রবনে গণ্ডকীনদী তীরে বাস করে, সে আমারদিগের পাশ কাটিবেক, ইহা বিবেচনা করিয়া সকলে হিরণ্যকের গর্ত্তের নিকট গেল। হিরণ্যক সর্ব্বদা উপদ্রবশঙ্কাতে শত দ্বার গর্ত্ত করিয়া বসতি করিতেছিল। কপোতদের পতন শব্দের ভয়ে ভীত হইয়া চুপ করিয়া থাকিল। চিত্রগ্রীব বলিল।

সখে হিরণ্যক কথমস্মান্ন সম্ভাষসে ততো হিরণ্যক স্তদ্বচনং প্রত্যভিজ্ঞায় সসম্ভ্রমং বহির্নিস্সৃত্যাব্রবীৎ আঃ পুণ্যবানস্মি প্রিয়সুহৃন্মে চিত্রগ্রীবঃ সমায়াতঃ ॥

হে মিত্র হিরণ্যক, কেন আমারদিগকে সম্ভাষা কর না অনন্তর হিরণ্যক মিত্রের বাক্য বুঝিয়া শীঘ্র বাহির হইয়া বলিল আঃ আমি কি পুণ্যবান্, আমার পরম সুহৃৎ চিত্রগ্রীব আসিয়াছেন।

যস্য মিত্রেণ সম্ভাষো যস্য মিত্রেণ সংস্থিতিঃ ॥
যস্য মিত্রেণ সংলাপ স্ততোনাস্তীহ পুণ্যবান্ ॥ ৭৮ ॥

মিত্রের সহিত যাহার সম্ভাষ, মিত্রের সহিত যাহার

বাস ও মিত্রের সহিত পরস্পর কথোপকথন হয় তাহা হইতে পৃথিবীতে পুণ্যবান্ আর নাই ॥ ৭৮॥

অনন্তরং পাশবদ্ধাংস্তান্ দৃষ্ট্বা সবিস্ময়ঃ ক্ষণং স্থিত্বা উবাচ সখে কিমেতৎ।

তাহার পর কপোতদিগকে জালে বদ্ধ দেখিয়া বিস্ময়াপন্ন হইয়া কিঞ্চিৎ কাল থাকিয়া কহিল সখে এ কি।

চিত্রগ্রীব উবাচ অস্মাকং প্রাক্তনজন্মকর্ম্মণঃ ফল মেতৎ॥

চিত্রগ্রীব কহিল! মিত্র এ আমাদের পূর্ব্ব জন্মকৃত কর্ম্মের ফল।

যস্মাচ্চ যেন চ যথা চ যদাচ যচ্চ; যাবচ্চ যত্র চ শুভাশুভমাত্মকর্ম্ম। তস্মাচ্চ তেন চ তথা চ তদা চ তচ্চ, তাবচ্চ তত্র চ বিধাতৃবশাদুপৈতি ॥ ৭৯॥

যাহা হইতে, যৎকরণক, যে প্রকারে, যে কালে, যে স্থানে, যত, শুভ কিম্বা অশুভ আত্মকৃত কর্ম্ম, সে সকল তাহা হইতে, তৎকরণক, সেই প্রকারে, সেই কালে, সেই স্থানে, ঈশ্বরেচ্ছা প্রযুক্ত জীবকে প্রাপ্ত হয় ॥ ৭৯॥

রোগ শোক পরীতাপ বন্ধন ব্যসনানি চ। আত্মাপরাধ বৃক্ষাণাং ফলান্যেতানি দেহিনাং॥ ৮০॥

দেহি দিগের নিজকৃত অপরাধ স্বরূপ বৃক্ষ সকলের

রোগ শোক পরীতাপ বন্ধন ব্যসন এই সকল ফল হয়॥ ৮০ ॥

মুষিকশ্চিত্রগ্রীবস্য বন্ধনং ছেত্তুং সত্বরমুপসর্পতি।
উন্দুর চিত্রগ্রীবের বন্ধন ছেদন করিতে শীঘ্র সমীপে গেল।

চিত্রগ্রীবউবাচ। মিত্র মৈবং কুরু আদাব স্মদাশ্রিতানা মেতেষাং পাশাংশ্ছিন্ধি, মম পাশং পশ্চাচ্ছেৎস্যসি।

চিত্রগ্রীব তাহা দেখিয়া কহিল হে মিত্র এমন করিওনা, অগ্রে আমার আশ্রিত এই কপোতদের পাশ চ্ছেদন কর, আমার জাল পশ্চাৎ ছেদন করিবে।

হিরণ্যক আহ অহমল্পশক্তি র্দন্তাশ্চ মে কোমলা স্তদেতেষাং পাশাংশ্ছেত্তুং কথং সমর্থঃ, তৎযাবন্মে দন্তা ন ত্রুট্যন্তি তাবত্তব পাশং ছিনদ্মি, অনন্তরমেষামপি বন্ধনং যাবচ্ছক্যং ছেৎস্যামি।

হিরণ্যক কহিল আমি অল্পবলী আর আমার দন্তও কোমল, ইহাদের বন্ধন ছেদন করিতে কিরূপে শক্ত হইব। তবে আমার দন্ত যতক্ষণ না ভাঙ্গে ততক্ষণ তোমার পাশ ছেদন করি পশ্চাৎ ইহাদেরও যত পারিব ছেদন করিব।

চিত্রগ্রীব উবাচ।

চিত্রগ্রীব কহিল।

অস্ত্যেবং তথাপি যথাশক্তি বন্ধনমেতেষাং খণ্ডয়।

এইরূপ বটে তথাপি যেমন সামর্থ্য ইহারদিগের বন্ধন ছেদন কর।

হিরণ্যকেনোক্তং আত্মপরিত্যাগেন যদাশ্রিতানাং পরিরক্ষণং তন্ন নীতিবেদিনাং সম্মতং।

হিরণ্যক কহিল আপনাকে পরিত্যাগ করিয়া আশ্রিত লোকের যে রক্ষা করা ইহা নীতিজ্ঞ লোক-দের সম্মত নহে।

যতঃ॥

আপদর্থে ধনং রক্ষেদ্, দারান্রক্ষেদ্ধনৈরপি। আ-ত্মানং সততং রক্ষেদ্, দারৈরপি ধনৈরপি॥৮১॥

যেহেতুক বিপত্তির নিমিত্তে ধনরক্ষা করিবেক, ধনদ্বারা স্ত্রীকে রক্ষা করিবেক, কিন্তু আপনাকে সর্ব্বদা স্ত্রীরদ্বারা এবং ধন দ্বারাও রক্ষা করিবেক॥ ৮১॥

অন্যচ্চ॥

ধর্ম্মার্থকামমোক্ষাণাং, প্রাণাঃ সংস্থিতিহেতবঃ। তান্নিঘ্নতা কিন্ন হতং রক্ষতা কিন্ন রক্ষিতং॥৮২॥

অপর প্রাণই ধর্ম্ম অর্থ কাম মোক্ষের সংস্থিতির

কারণ, যে জন সেই প্রাণকে নষ্ট করে তৎকর্তৃক কি বিনাশিত না হয় আর তাহাকে যে রক্ষা করে তৎকর্তৃক কি রক্ষিত না হয়॥ ৮২ ॥

চিত্রগ্রীব উবাচ।
চিত্রগ্রীব বলিল।

সখে নীতিস্তাবদীদৃশ্যেব কিন্ত্বহমস্মদাশ্রিতানাং দুঃখং সোঢুং সর্ব্বথাঽসমর্থ স্তেনেদং ব্রবীমি।

হে মিত্র, নীতিশাস্ত্র এইরূপই বটে, কিন্তু আমি আমার আশ্রিত লোকেরদের দুঃখ কোন প্রকারে সহিতে পারি না সেই নিমিত্ত ইহা বলিতেছি।

যতঃ।
ধনানি জীবিতঞ্চৈব পরার্থে প্রাজ্ঞ উৎসৃজেৎ।
সন্নিমিত্তে বরং ত্যাগো, বিনাশে নিয়তে সতি॥
৮৩॥

যেহেতুক পণ্ডিত লোকেরা পরের নিমিত্তে ধন ও প্রাণ ত্যাগ করেন কেননা বস্তু মাত্রের বিনাশ অবশ্য হয় অতএব সাধু লোকের কারণ প্রাণাদির ত্যাগ ভাল॥ ৮৩ ॥

অয়মপরশ্চাসাধারণো হেতুঃ।
আর এই অসাধারণ কারণ।

জাতিদ্রব্যবলানাঞ্চ, সাম্য মেষাং ময়া সহ। মৎ-
প্রভুত্ব ফলং ব্রূহি, কদা কিন্তদ্ভবিষ্যতি ॥ ৮৪॥

আমার সহিত ইহাদিগের জাতি দ্রব্য ও বল সমান যদি এখন আমি ইহাদিগকে রক্ষা না করি তবে আমার প্রভুত্বের ফল কখন কি হইবে॥ ৮৪॥

অন্যচ্চ।

বিনা বর্ত্তনমেবৈতে, ন ত্যজন্তি মমান্তিকং।
তন্মে প্রাণ ব্যয়েনাপি, জীবয়ৈতান্মমাশ্রিতান্॥৮৫॥

অপর ইহারা বৃত্তি ব্যতিরেকেও আমার নিকট ত্যাগ করে না অতএব আমার প্রাণের বিনাশ হইলেও আমার আশ্রিত এই সকলকে বাঁচাও ॥ ৮৫ ॥

কিঞ্চ॥

মাংস মূত্র পুরীষাস্থি নির্ম্মিতে চ কলেবরে॥
বিনশ্বরে বিহায়াস্থাং, যশঃ পালয় মিত্র মে॥৮৬॥

আর হে মিত্র, মাংস, মূত্র, বিষ্ঠা ও অস্থিতে নির্ম্মিত বিনাশশীল শরীরে আস্থা পরিত্যাগ করিয়া আমার কীর্ত্তি রক্ষা কর ॥ ৮৬ ॥

পশ্য॥

যদি নিত্যমনিত্যেন, নির্ম্মলং মলবাহিনা॥ যশঃ
কায়েন লভ্যেত, তন্ন লব্ধং ভবেন্নু কিং ॥ ৮৭ ॥

দেখ অনিত্য ও মলবাহি শরীর দ্বারা নিত্য অথচ নির্ম্মল যশঃ যদি লব্ধ হয় তবে কি না লব্ধ হইল ॥ ৮৭ ।

যতঃ।

শরীরস্য গুণানাঞ্চ, দূরমত্যন্তমন্তরং ॥ শরীরং ক্ষণবিধ্বংসি, কল্পান্তস্থায়িনো গুণাঃ ॥ ৮৮ ॥

যেহেতুক শরীরের ও গুণের যে অন্তর সে অত্যন্ত অন্তর, কেননা শরীর অল্পকাল স্থায়ি, কিন্তু গুণ কল্পান্ত পর্য্যন্ত থাকে ॥ ৮৮ ।

ইত্যাকর্ণ্য হিরণ্যকঃ প্রহৃষ্টমনাঃ পুলকিতঃ সন্নব্রবীৎ ॥

ইহা শুনিয়া হিরণ্যক হৃষ্টচিত্ত এবং পুলকিত হইয়া বলিল।

সাধু মিত্র সাধু! অনেনাশ্রিতবাৎসল্যেন ত্রৈলোক্যস্যাপি প্রভুত্বং ত্বয়ি যুজ্যতে। এবমুক্ত্বা তেন সর্ব্বেষাং বন্ধনানি ছিন্নানি।

সাধু মিত্র সাধু! এই আশ্রিত বাৎসল্যেতে ত্রিলোকের প্রভুত্ব তোমাতে উপযুক্ত হয়। ইহা কহিয়া সেই সকল কপোতের বন্ধন ছেদন করিয়া দিল।

ততোহিরণ্যকঃ সর্ব্বান্ সাদরং সম্পূজ্যাহ ॥

অনন্তর হিরণ্যক সকল কপোতকে সম্মান করিয়া কহিল।

সখে চিত্রগ্রীব সর্ব্বথা অত্র জালবন্ধনবিধৌ সতি দোষমাশঙ্ক্য আত্মন্যবজ্ঞা ন কর্ত্তব্যা ॥

সখে চিত্রগ্রীব, এই জালে বন্ধন হওয়াতে দোষ আশঙ্কা করিয়া আপনাতে অবজ্ঞা করিবেন না।

যতঃ ॥

যোঽধিকাদ্‌যোজনশতাৎ, পশ্যতীহামিষং খগঃ ॥
সএব প্রাপ্তকালস্তু, পাশবন্ধং ন পশ্যতি ॥ ৯০ ॥

যেহেতুক যে পক্ষী শত যোজনের অধিক দূর হইতে আহার দেখে সেই পক্ষী মৃত্যুকাল উপস্থিত হইলে পাশ বন্ধন দেখিতে পায় না ॥ ৯০ ॥

অপরঞ্চ ॥

শশিদিবাকরয়োগ্রহপীড়নং, গজভুজঙ্গময়োরপি বন্ধনং। মতিমতাঞ্চ বিলোক্য দরিদ্রতাং, বিধিরহো বলবানিতি মে মতিঃ ॥ ৯১ ॥

অপর চন্দ্র এবং সূর্য্যের রাহুপীড়া, হস্তি ও সর্পের বন্ধন তথা বুদ্ধিমানের দারিদ্র্য দেখিয়া আমার এই বিবেচনা হয় যে বিধাতাই বলবান্ ॥ ৯১ ॥

অন্যচ্চ।

ব্যোমৈকান্তবিহারিণোঽপি বিহগাঃ সম্প্রাপ্নুবন্ত্যাপদং, বধ্যন্তে নিপুণৈরগাধসলিলান্মৎস্যাঃ সমুদ্রাদপি। দুর্নীতং কিমিহাস্তি কিং সুচরিতং

কঃ স্থানলাভে গুণঃ, কালো হি ব্যসনপ্রসারিত-
করো গৃহ্লাতি দূরাদপি ॥ ৯২ ॥

আকাশ বিহারী পক্ষিরাও বিপদ্গ্রস্ত হয়, আর বুদ্ধিমান্ লোক কর্ত্তৃক অতলস্পর্শ জল যে সমুদ্র তাহা হইতেও মৎস্য ধৃত হয়, ইহাতে দুর্নীত আর সুচরিত্রই বা কি আছে ? স্থানলাভেই কি গুণ ? যেহেতুক কাল ব্যসনরূপ হস্ত বিস্তারিত করিয়া দূর হইতেও গ্রহণ করেন ॥ ৯২ ॥

ইতি প্রবোধ্যাতিথ্যং কৃত্বালিঙ্গ্য চ সম্প্রেষিতঃ।
চিত্রগ্রীবোঽপি সপরিবারো যথেষ্টদেশান্ যযৌ।

এই প্রকারে প্রবোধ দয়া আতিথ্যানন্তর আলিঙ্গন করিয়া বিদায় করিল। চিত্রগ্রীবও সপরিবারে আপন অভিলষিত দেশে গেল।

হিরণ্যকোঽপি স্ববিবরং প্রবিষ্টঃ।
হিরণ্যকও আপন গর্ত্তে প্রবিষ্ট হইল।

যানি কানি চ মিত্রাণি কর্ত্তব্যানি শতানি চ।
পশ্য মূষিকমিত্রেণ কপোতা মুক্তবন্ধনাঃ ॥ ৯৩ ॥

অতএব লোকে যে কোন শতং ব্যক্তির সহিত মিত্রতা করিবে, দেখ উন্দুর মিত্র হইতে কপোতেরা বন্ধনমুক্ত হইল ॥ ৯৬ ॥

অথ লঘুপতনকনামা কাকঃ সর্ব্ববৃত্তান্তদর্শী সাশ্চর্য্যমিদমাহ অহো হিরণ্যকঃ শ্লাঘ্যোঽসি অহমপি ত্বয়া সহ মৈত্রীমিচ্ছামি, ত্বঞ্চ মাং মৈত্রেণানুগ্রহীতুমর্হসি।

অনন্তর লঘুপতনক নামে কাক সকল বৃত্তান্ত দেখিয়া বলিল কি অশ্চর্য্য। হে হিরণ্যক, তুমি শ্লাঘ্য। অতএব আমিও তোমার সহিত মিত্রতা ইচ্ছা করি, আমাকে মিত্রতারূপ অনুগ্রহ করিতে যোগ্য হও।

এতচ্ছ্রুত্বা হিরণ্যকো বিবরাভ্যন্তরাদাহ কস্ত্বং স ব্রূতে লঘু পতনকনামা বায়সোঽহং।

ইহা শুনিয়া হিরণ্যক গর্ত্তের মধ্যে থাকিয়া কহিল কে তুমি? সে বলিল আমি লঘুপতনক নামে কাক।

হিরণ্যকো বিহস্য আহ কা ত্বয়া সহ মৈত্রী।

হিরণ্যক হাসিয়া বলিল তোমার সহিত মিত্রতা কি।

যতঃ।

যদ্যেন যুজ্যতে লোকে বুধস্তত্তেন যোজয়েৎ।
অহমন্নং ভবান্ ভোক্তা, কথং প্রীতির্ভবিষ্যতি॥ ৯৪॥

যেহেতু লোকে যে যাহার সহিত উপযুক্ত হয় পণ্ডিত লোক তাহাকে তাহার সহিত মিলন করাই-

বেক, আমি ভক্ষ্য, তুমি ভোক্তা, ইহাতে কি প্রকারে প্রীতি হইবে॥ ৯৪॥

অপরঞ্চ।

ভক্ষ্য ভক্ষকয়োঃ প্রীতি, র্বিপত্তেঃ কারণং যতঃ।
শৃগালাৎ পাশবদ্ধোঽসৌ, মৃগঃ কাকেন রক্ষিতঃ॥ ৯৫॥

আর যেহেতু ভক্ষ্য ও ভক্ষকের যে প্রণয় সে বিপত্তির কারণ কেননা শৃগাল হইতে পাশেতে বদ্ধ মৃগ কাককর্তৃক রক্ষিত হইয়াছিল॥ ৯৫॥

বায়সোঽব্রবীৎ কথমেৎ।
কাক কহিল এ কি প্রকার।
হিরণ্যকোঽব্রবীৎ।
হিরণ্যক কহিতেছে।

অস্তি মগধদেশে চম্পকাবতীনামারণ্যানী তস্যাং চিরাস্মহতা স্নেহেন মৃগকাকৌ নিবসতঃ সচ মৃগঃ স্বেচ্ছয়া ভ্রাম্যন্ হৃষ্টপুষ্টাঙ্গঃ কেনচিচ্ছৃগালেনাবলোকিতঃ, তং দৃষ্ট্বা শৃগালোঽচিন্তয়ৎ আঃ কথমেতন্মাংস ভক্ষয়ামিং ভবতু বিশ্বাসং তাবদুৎপাদয়ামি, ইত্যালোচ্যোপসৃত্যাব্রবীৎ মিত্র কুশলং তে।

মগধ দেশে চম্পকাবতী নামে এক বন আছে তাহাতে হরিণ ও কাক দুইজন বহুকাল বড় স্নেহে বাস করিত। সেই হরিণ আপন ইচ্ছাতে ভ্রমণ করিতেছিল একদিন কোনশৃগালতাহাকে হৃষ্টপুষ্টাঙ্গ দেখিয়া চিন্তা করিল আঃ কিপ্রকারে এই উত্তম ললিত মাংস খাইব যাহাহউক। বিশ্বাস জন্মাই? এই পরামর্শ করিয়া সমীপে গিয়া বলিল হে মিত্র তোমার মঙ্গল।

মৃগেণোক্তং কস্ত্বং।

মৃগ কহিল কে তুমি।

স ব্রূতে ক্ষুদ্রবুদ্ধিনামা জম্বুকোঽহং অত্রারণ্যে বন্ধুহীনো মৃতবন্নিবসামি ইদানীং ত্বাং মিত্র মাসাদ্য পুনঃ সবন্ধুর্জ্জীবলোকং প্রবিষ্টঃ অধুনা তবানুচরেণ ময়া সর্ব্বথা ভবিতব্যমিতি।

শৃগাল কহিল ক্ষুদ্রবুদ্ধি নামে শৃগাল আমি, এই বনে বান্ধবহীন হইয়া মৃতশরীরের ন্যায় বাস করি, সম্প্রতি তোমাকে মিত্র পাইয়া পুনর্ব্বার সবান্ধব হইয়া সজীব হইলাম, এখন সর্ব্বদা তোমার অনুচর হইব।

মৃগেণোক্তং এবমস্তু, ততঃ পশ্চাদস্তংগতে সবিতরি ভগবতি মরীচিমালিনি তৌ মৃগস্য বাস

ভূমিং গতৌ। তত্র চম্পকবৃক্ষশাখায়াং সুবুদ্ধি নামা কাকো মৃগস্য চিরমিত্রং নিবসতি।

মৃগ কহিল ভাল। তদনন্তর সূর্য্য পশ্চিমে অস্ত গেলে পরে মৃগের বাসস্থানে সেই মৃগ ও শৃগাল গেল। সেখানে চম্পক বৃক্ষের শাখায় মৃগের চিরকালের মিত্র সুবুদ্ধি নামা কাক বাস করিত।

তৌ দৃষ্ট্বা কাকোঽবদৎ সখে কোঽয়ং দ্বিতীয়ঃ।

হরিণ আর জম্বুককে দেখিয়া কাক বলিল মিত্র দ্বিতীয় এ কে।

মৃগো ব্রূতে জম্বুকোঽয়মস্মৎ সখ্যমিচ্ছন্নাগতঃ।

হরিণ কহিল ইনি জম্বুক, আমার সহিত মিত্রতা করিতে বাঞ্ছা করিয়া আসিয়াছেন।

কাকো ব্রূতে মিত্র অকস্মাদাগন্তুনা সহ মৈত্রী ন যুক্তা।

কাক বলিল সখে অকস্মাৎ আগন্তুকের সহিত মিত্রতা করা উচিত হয় না।

তথাচোক্তং।

অজ্ঞাতকুলশীলস্য, বাসো দেয়ো ন কস্যচিৎ।
মার্জ্জারস্য হি দোষেণ, হতো গৃধ্রো জরদ্গবঃ॥ ৯৬॥

বিজ্ঞ কর্ত্তৃক কথিত আছে যাহার কুল ও স্বভাব জ্ঞাত নহে তাহাকে বাসস্থান দেওয়া কর্ত্তব্য নহে

যেহেতুক বিড়ালের দোষে জরদ্গাব নামে গৃধ্র নষ্ট হইয়াছিল॥ ৯৬॥

তাবাহতুঃ কথমেতৎ।

মৃগ ও শৃগাল কহিল এ কি প্রকার।

কাকঃ কথয়তি।

কাক কহিতেছে।

অস্তি ভাগীরথী তীরে গৃধ্রকূটনাম্নি পর্ব্বতে মহান্ পর্কটীবৃক্ষ স্তস্য কোটরে দৈবদুর্ব্বিপাকাদ্গলিতনখনয়নো জরদ্গাবনামা গৃধ্রঃ প্রতিবসতি। অথ কৃপয়া তজ্জীবনায় তদ্বৃক্ষবাসিনঃ পক্ষিণঃ স্বাহারাৎ কিঞ্চিদুদ্ধৃত্য দদতি তেনাসৌ জীবতি। অথ কদাচিদ্দীর্ঘকর্ণনামা মার্জ্জারঃ পক্ষিশাবকান্ভক্ষয়িতুং তত্রাগতঃ।

গঙ্গাতীরে গৃধ্রকূট নামক পর্ব্বতে বৃহৎ পাকুড় বৃক্ষ আছে। তাহার কোটরে দৈববিপাকে নখ ও চক্ষু রহিত জরদ্গাবনামে একটা শকুনি বাস করিত, তাহার জীবনের নিমত্ত সে বৃক্ষবাসি পক্ষিরা কৃপা করিয়া আপন২ আহার হইতে কিঞ্চিৎ২ উদ্ধার করিয়া দিত তাহাতেই সে বাঁচিত। কোন দিন দীর্ঘকর্ণ নামে একটা মার্জ্জার পক্ষিবালকদিগকে ভক্ষণ করিবার নিমিত্তে তথায় আগমন করিল।

ততস্তমায়ান্তং দৃষ্ট্বা পক্ষিশাবকৈর্ভয়ার্ত্তৈঃ কোলাহলঃ কৃতঃ। তচ্ছ্রুত্বা জরদ্গবেনোক্তং কোঽয়মায়াতি।

তাহার পর সেই বিড়ালকে আসিতে দেখিয়া পক্ষিবালকেরা ভয়ার্ত্ত হইয়া কোলাহল করিতে লাগিল তাহা শুনিয়া জরদ্গব কহিল কে আইসে ?

দীর্ঘকর্ণো গৃধ্রমবলোক্য সভয়মাহ হা হতোঽস্মি।

দীর্ঘকর্ণ শকুনিকে দেখিয়া সভয় হইয়া খেদে কহিল আমি নষ্ট হইলাম।

যতঃ।

তাবদ্ভয়স্য ভেতব্যং যাবদ্ভয়মনাগতং। আগতন্তু ভয়ং বীক্ষ্য, নরঃ কুর্য্যাদ্যথোচিতং॥ ৯৭॥

যেহেতুক যাবৎ ভয় না আইসে তাবৎ পর্য্যন্ত ভয়কে ভয় করিবে, ভয় আসিয়া উপস্থিত হইলে যাহা করিতে হয় তাহাই করিবেক॥ ৯৭॥

অধুনা সন্নিধানে পলায়িতুমক্ষমঃ তদযথা ভবিতব্যং তদ্ভবতু তাবদ্বিশ্বাসমুৎপাদ্যাস্য সমীপমুপগচ্ছামি ইত্যালোচ্য উপসৃত্যাব্রবীৎ।

এখন নিকটে পলাইতে অসমর্থ, তবে যে ভবিতব্য তাহা হউক, বিশ্বাস জন্মাইয়া ইহার সমীপে গমন করি ইহা আলোচনা করিয়া নিকটে গিয়া বলিল।

আর্য্য ত্বামভিবন্দে।

হে শ্রেষ্ঠ, তোমাকে অভিবাদন করি।

গৃধ্রোঽবদৎ কস্ত্বং।

শকুনি কহিল কে তুমি।

সোঽবদৎ মার্জ্জারোঽহং।

সে কহিল আমি বিড়াল।

গৃধ্রোব্রূতে দূরমপসর, নচেদ্ধন্তব্যোঽসি ময়া।

শকুনি বলিল দূরে যাও, নতুবা আমি তোমাকে নষ্ট করিব।

মার্জ্জারোঽবদৎ শ্রূয়তাং তাবদস্মদ্বচনং ততো যদ্যহং বধ্যস্তদা হন্তব্যঃ।

মার্জ্জার বলিল আমার বাক্য শুন তাহার পর যদি বধ্য হই বধ করিবেন।

যতঃ।

জাতিমাত্রেণ কিং কশ্চিদ্ধন্যতে পূজ্যতে ক্বচিৎ।
ব্যবহারং পরিজ্ঞায় বধ্যঃ পূজ্যোঽথবা ভবেৎ॥৭৮॥

যেহেতু কোথাও কি কেহ জাতিমাত্রেতে বধ্য অথবা পূজ্য হয়, ব্যবহার জানিয়া বধ্য বা পূজ্য হইয়া থাকে ॥ ৭৮॥

গৃধ্রো ব্রূতে ব্রূহি কিমর্থমাগতোঽসি।

শকুনি কহিল বল কি নিমিত্ত আসিয়াছ।

সোঽব্রবীৎ অহমত্র গঙ্গাতীরে নিত্যস্নায়ী নিরামিষাশী ব্রহ্মচারী চান্দ্রায়ণব্রতমাচরংস্তিষ্ঠামি যুষ্মান্ ধর্ম্মজ্ঞানরতান্ বিশ্বাসভূময়ঃ পক্ষিণঃ সর্ব্বে সর্ব্বদা মমাগ্রে প্রস্তুবন্তি অতো ভবদ্ভ্যো বিদ্যাবয়োবৃদ্ধেভ্যো ধর্ম্মং শ্রোতুমিহাগতঃ। ভবন্তু শ্চৈতাদৃশা ধর্ম্মজ্ঞা যন্মামতিথিং হন্তুমুদ্যতাঃ, গৃহস্থধর্ম্ম শ্চৈষঃ।

সে বলিল আমি এখানে গঙ্গাতীরে নিত্যস্নায়ী নিরামিষাশী ব্রহ্মচারী চান্দ্রায়ণব্রত আচরণ করত থাকি, বিশ্বাসভূমি পক্ষি সকল আমার অগ্রে সর্ব্বদা ধর্ম্মজ্ঞানরত তোমাদিগের প্রতিষ্ঠা করিয়াথাকে, অতএব বিদ্যা ও বয়সেতে বৃদ্ধ যে তোমরা, তোমাদের ধর্ম্ম শুনিবার নিমিত্ত এখানে আসিয়াছিলাম কিন্তু আপনারা এমন ধর্ম্মজ্ঞ, যে আমি অতিথি, আমাকে মারিতে উদ্যত হইয়াছেন। পরন্তু গৃহস্থের ধর্ম্ম এই।

অরেরপ্যুচিতং কার্য্য মাতিথ্যং গৃহ মাগতে।
ছেত্তুঃ পার্শ্বগতাং ছায়াং নোপসংহরতে দ্রুমঃ
॥ ৯৯॥

গৃহে আইলে শত্রুরও উপযুক্ত আতিথ্য করিবেক যেহেতুক বৃক্ষ ছেদনকর্ত্তার সমীপবর্ত্তি ছায়া অপহরণ করে না॥ ৯৯॥

যতঃ।

তৃণানি ভূমিরুদকং, বাক্ চতুর্থী চ সূনৃতা। এতা
ন্যপি সতাং গেহে নোচ্ছিদ্যন্তে কদাচন ॥ ১০০ ॥

যেহেতুক আসন ও স্থান ও জল ও প্রিয়বাক্য
এসকল সাধু লোকদের গৃহে কখন অপ্রাপ্য হয় না
॥১০০॥

অপরঞ্চ।

নির্গুণেষ্বপি সত্ত্বেষু দয়াং কুর্ব্বন্তি সাধবঃ। নহি
সংহরতে জ্যোৎস্নাং চন্দ্রশ্চণ্ডালবেশ্মনি ॥ ১০১॥

আর সল্লোকেরা নির্গুণ প্রাণিতেও দয়া করেন এই
নিমিত্তে চন্দ্র চণ্ডালগৃহে পতিত জ্যোৎস্নাকে অপহ-
রণ করেন না। ॥ ১০১ ॥

অন্যচ্চ।

গুরুরগ্নির্দ্বিজাতীনাং বর্ণানাং ব্রাহ্মণে গুরুঃ। পতি-
রেকো গুরুঃ স্ত্রীণাং, সর্ব্বত্রাভ্যাগতো গুরুঃ॥১০২॥

অপর ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের অগ্নি গুরু, ব্রাহ্মণ
ক্ষত্রিয় বৈশ্য শূদ্রের ব্রাহ্মণ গুরু, স্ত্রীলোকদের
পতিই গুরু, এবং সকল বর্ণের অতিথি গুরু ॥ ১০২ ॥

অন্যচ্চ।

অতিথির্যস্য ভগ্নাশো, গৃহাৎ প্রতিনিবর্ত্ততে। স-
তস্মৈ দুষ্কৃতং দত্ত্বা, পুণ্যমাদায় গচ্ছতি ॥ ১০৩ ॥

এবং অতিথি নিরাশ হইয়া যাহার গৃহ হইতে ফিরিয়া যায় সে আপন পাপ তাহাকে দিয়া তাহার পুণ্য লইয়া যায় ॥ ১০৩॥

অন্যচ্চ।

উত্তমস্যাপি বর্ণস্য, নীচো হপি গৃহমাগতঃ। পূজ নীয়ো যথাযোগ্যং, সর্ব্বদেবময়োহতিথিঃ॥ ১০৪॥

আর অধম বর্ণও যদি উত্তম বর্ণের গৃহে আইসে তবে সে ব্যক্তিও যথোপযুক্ত পূজ্য হয় কেননা অতিথি সর্ব্বদেব স্বরূপ ॥ ১০৪॥

গৃধ্রো হবদৎ মার্জ্জারোহি মাংসরুচিঃ, পক্ষিশা বকাশ্চাত্র নিবসন্তি, তেনাহমেবং ব্রবীমি।

শকুনি বলিল বিড়াল মাংসরুচি, এখানে পক্ষির ছানা সকল আছে, এই নিমিত্ত আমি এ প্রকার বলিতেছি।

তচ্ছ্রুত্বা মার্জ্জারো ভূমিং স্পৃষ্ট্বা কর্ণৌ স্পৃশতি কৃষ্ণ কৃষ্ণ ব্রূতে চ ময়া ধর্ম্মশাস্ত্রং শ্রুত্বা বীতরাগা। গেণেদং দুষ্করং ব্রতং চান্দ্রায়ণমধ্যবসিতং।

বিড়াল তাহা শুনিয়া ভূমিস্পর্শ করিয়া দুইকর্ণ স্পর্শ করিল এবং কৃষ্ণ২ কহিতে লাগিল আর কহিল আমি ধর্ম্মশাস্ত্র শুনিয়া বৈরাগ্য হেতু দুষ্কর চান্দ্রায়ণ ব্রত আরম্ভ করিয়াছি।

যতঃ পরস্পরং বিবদমানানামপি ধর্ম্মশাস্ত্রাণাং মহিংসা পরমো ধর্ম্ম ইত্যত্রৈকমত্যং।

যেহেতুক অহিংসা উত্তম ধর্ম্ম ইহাতে পরস্পর বিবদমান সকল ধর্ম্ম শাস্ত্রেরই সম্মতি আছে।

যতঃ।

সর্ব্ব হিংসানিবৃত্তা যে, নরাঃ সর্ব্ব সহাশ্চ যে। সর্ব্ব স্যাশ্রয়ভূতাশ্চ, তে নরাঃ স্বর্গগামিনঃ॥ ১০৫॥

যেহেতু যে মনুষ্যেরা সকল হিংসা হইতে নিবৃত্ত হয় আর যে লোকেরা সকল সহ্য করে আর যাহারা অনেকের আশ্রয় হয় সেই সকল মনুষ্য স্বর্গগামী॥ ১০৫॥

অন্যচ্চ।

একএব সুহৃদ্ধর্ম্মো, নিধনেঽপ্যনুযাতি যঃ। শরীরেণ সমং নাশং সর্ব্বমন্যত্তু গচ্ছতি॥ ১০৬॥

এবং ধর্ম্মই এক মিত্র, যিনি মরিলেও সঙ্গে যান, আর সকল শরীরের সহিত নাশ পায়॥ ১০৬॥

কিঞ্চ।

যোঽত্তি যস্য যদা মাংস মুভয়োঃপশ্যতান্তরং।
একস্য ক্ষণিকী প্রীতি রন্যঃ প্রাণৈর্বিমুচ্যতে।১০৭।

অপর যে যাহার মাংস খায় এ দুএর অন্তর দেখ. একের ক্ষণমাত্র তৃপ্তি হয় অন্য প্রাণে নষ্ট হয়॥১০৭॥

অপিচ।

মর্ত্তব্যমিতি যদ্দুঃখং, পুরুষস্যোপজায়তে।
শক্যতে নানুমানেন, পরোহপি পরিবর্ণিতুং ॥১০৮॥

এবং মরিতে হইল এই যে দুঃখ লোকের হয় তাহা অন্যে অনুমান দ্বারা কহিতে পারে না॥ ১০৮॥

পুনঃ শৃণু।

স্বচ্ছন্দবনজাতেন, শাকেনাপি প্রপূর্য্যতে। অস্য দগ্ধোদরস্যার্থে, কঃ কুর্য্যাৎ পাতকং মহৎ॥ ১০৯॥

পুনর্ব্বার শুন স্বচ্ছন্দে বনেতে জন্মে যে শাক তাহাতেও উদর পূরণ হয় তবে এই পোড়া পেটের নিমিত্ত কে মহাপাপ করিবে॥ ১০৯॥

এবং বিশ্বাস্য স মার্জ্জারস্তরুকোটরে স্থিতঃ। ততো দিনেষু গচ্ছৎসু পক্ষিশাবকানাক্রম্য কোটর মানীয় প্রত্যহং খাদতি যেষামপত্যানি খাদিতানি তৈঃ শোকার্ত্তৈর্বিলপদ্ভিরিতস্ততোজিজ্ঞাসা সমারব্ধা তৎপরিজ্ঞায় মার্জ্জারঃ কোটরান্নিঃসৃত্য বহিঃ পলায়িতঃ পশ্চাৎ পক্ষিভিরিতস্ততোনিরূপয়দ্ভিস্তত্র তরুকোটরে শাবকাস্থীনি প্রাপ্তানি।

সে মার্জ্জার ঐ প্রকারে বিশ্বাস জন্মাইয়া বৃক্ষ কোটরে থাকিল। অনন্তর কিছুদিন গত হইলে পর পক্ষির ছানাদিগকে ধরিয়া আপন কোটর মধ্যে আনি-

য়া প্রত্যহ খাইতে লাগিল। যে সকল পক্ষির সন্তান খাইল তাহারা শোকার্ত্ত হইয়া রোদন করিতে২ ইতস্তত জিজ্ঞাসা আরম্ভ করিল। বিড়াল তাহা জানিয়া কোটর হইতে নির্গত হইয়া বাহিরে পলাইল। তাহার পর পক্ষিরা ইতস্তত অন্বেষণ করিতে২ বৃক্ষ কোটরে শাবকদের অস্থি পাইল।

অনন্তরং তে উচুঃ অনেনৈব জরদ্গবেনাস্মাকং শাবকাঃ খাদিতাইতি সর্ব্বৈঃ পক্ষিভির্নিশ্চিত্য গৃধ্রো ব্যাপাদিতঃ।

অনন্তর তাহারা কহিল এই জরদ্গবই আমাদিগের সন্তানদিগকে খাইয়াছে, ইহা নিশ্চয় করিয়া সকল পক্ষিরা শকুনিকে নষ্ট করিল।

অতোঽহং ব্রবীমি অজ্ঞাতকুলশীলস্যেত্যাদি।

অতএব আমি বলি অজ্ঞাতকুলশীলকে বাস দেওয়া উচিত নয়।

ইত্যাকর্ণ্য স জম্বুকঃ সকোপমাহ মৃগস্য প্রথম দর্শনদিনে ভবানপ্যজ্ঞাতকুলশীলএব আসীৎ, তৎকথং ভবতা সহ এতস্য স্নেহানুবৃত্তিরুত্তরোত্তরং বর্দ্ধতে।

সেই শৃগাল ইহা শুনিয়া ক্রোধে কহিল মৃগের প্রথম দর্শন দিনে আপনিও অজ্ঞাত কুলশীল ছিলেন

তবে কি প্রকারে আপনকার সহিত ইহাঁর উত্তরো-ত্তর প্রীতির আধিক্য হইতেছে।

শৃণু পুনঃ।

যত্র বিদ্বজ্জনো নাস্তি, শ্লাঘ্যস্তত্রাল্পধীরপি। নিরস্তপাদপে দেশে, এরণ্ডোঽপি দ্রুমায়তে॥১১০॥

আর শুন যেখানে পণ্ডিত লোক নাই সেখানে অল্পবুদ্ধি লোকেও প্রশংসিত হয়, যে দেশে বৃক্ষ নাই সে দেশে ভেরেণ্ডাও বৃক্ষ হয়॥ ১১০॥

অন্যচ্চ॥

অয়ং নিজঃ পরো বেতি, গণনা লঘুচেতসাং। উদারচরিতানাস্তু, বসুধৈব কুটুম্বকং॥ ১১১॥

অপর ইনি আত্মীয় ইনি পর এই গণনা ক্ষুদ্রান্তঃ-করণ লোকদের হয় সচ্চরিত্র লোকদিগের পৃথিবীর সকল ব্যক্তিই আত্মীয়॥ ১১১॥

যথায়ং মৃগোমম বন্ধুস্তথা ভবানপি।

যেমন এই মৃগ আমার সখা তেমনি আপনিও আমার সখা হইলেন।

মৃগোঽব্রবীৎ কিমনেনোত্তরেণ সর্ব্বৈরেকত্র বিশ্র-ম্ভালাপৈঃ সুখিভিঃ স্থীয়তাং।

হরিণ বলিল এ উত্তরে কি প্রয়োজন একত্র সকলে প্রণয়ালাপে সুখে থাকা যাউক।

যতঃ॥

ন কশ্চিৎ কস্যচিন্মিত্রং, ন কশ্চিৎ কস্যচিদ্রিপুঃ।
ব্যবহারেণ মিত্রাণি, জায়ন্তে রিপবস্তথা॥ ১১২॥

যেহেতুক স্বভাবতঃ কেহ কাহার মিত্র নয় এবং কেহ কাহারও শত্রু নয় কিন্তু ব্যবহারেতে মিত্র ও শত্রু হয়। ১১২।

কাকেনোক্তমেবমস্তু। অথ প্রাতঃ সর্ব্বে যথাভিমত দেশং গতাঃ, একদা নিভৃতং শৃগালোব্রূতে সখে অস্মিন্ বনৈকদেশে শস্যপূর্ণ ক্ষেত্রমস্তি তদহন্ত্বাং নীত্বা দর্শয়ামি। তথাকৃতে সতি মৃগঃ প্রত্যহং তত্র গত্বা শস্যং খাদতি, অথ ক্ষেত্রপতিনা ক্ষেত্রং দৃষ্ট্বা পাশো যোজিতঃ। অনন্তরং পুনরাগতো মৃগঃ পাশৈর্ব্বদ্ধোঽচিন্তয়ৎ কো মামিতঃ কালপাশাদিব ব্যাধপাশাত্ত্রাতুং সমর্থো মিত্রাদন্যঃ।

পরে কাক কহিল এই হউক। অনন্তর প্রভাতে সকলে আপন আপন অভিলষিত দেশে গেল। এক দিবস নির্জ্জনে জম্বুক বলিল হে মিত্র মৃগ! এই বনের এক প্রদেশে শস্যপূর্ণ ক্ষেত্র আছে, আমি তোমাকে লইয়া তাহা দেখাইতেছি। ইহা কহিয়া ঐ রূপ করিলে পর হরিণ প্রতিদিন সেখানে গিয়া শস্য

থায়। অনন্তর ক্ষেত্র দেখিয়া ক্ষেত্র পতি জাল যোজিত করিল। তাহার পর পুনর্ব্বার মৃগ আসিয়া পাশে বদ্ধ হইল এবং চিন্তা করিল কে আমাকে যম পাশের ন্যায় এই ব্যাধের পাশ হইতে মিত্র ব্যতিরেকে পরিত্রাণ করিতে শক্ত হইবে।

অনন্তরং জম্বুকস্তত্রাগত্য উপস্থিতোঽচিন্তয়ৎ ফলিতা তাবদস্মাকং কপটপ্রবন্ধেন মনোরথ সিদ্ধিঃ।

তৎপরে জম্বুক সেখানে উপস্থিত হইয়া চিন্তা করিল এত দিনে কাপট্যেতে আমার মনোভিলাষ সিদ্ধ হইল।

এতস্যোৎকৃত্যমানস্য মাংসাসৃগলিপ্তানি অস্থীনি ময়াবশ্যং প্রাপ্তব্যানি, তানি বাহুল্যেন ভোজনানি ভবিষ্যন্তি।

যখন এই মৃগের মাংস ছেদন করিবে তখন রক্ত লিপ্ত অস্থি আমি অবশ্য পাইব তাহাতে বিলক্ষণ রূপে ভোজন হইবে।

মৃগস্তং দৃষ্ট্বোল্লাসিতো ব্রূতে সখে ছিন্ধি তাবন্মম বন্ধনং সত্বরং ত্রায়স্ব মাং।

হরিণ তাহাকে দেখিয়া আহ্লাদিত হইয়া বলিল সখে আমার বন্ধন ছেদন করিয়া শীঘ্র আমাকে রক্ষা কর

যতঃ।

আপৎসু মিত্রং জানীয়াদ্যুদ্ধে শূরমৃণে শুচিং,
ভার্য্যাং ক্ষীণেষু বিত্তেষু, ব্যসনেষু চ বান্ধবান্ ॥ ১১৩ ॥

যেহেতুক মিত্রকে বিপত্তিতে, শূরকে যুদ্ধেতে, শুচিকে ঋণেতে নির্ধনতাবস্থায় ভার্য্যাকে ও ব্যসনেতে বান্ধবকে জানিবেক ॥ ১১৩ ॥

অপরঞ্চ;

উৎসবে ব্যসনে চৈব, দুর্ভিক্ষে রাষ্ট্রবিপ্লবে।
রাজদ্বারে শ্মশানে চ, যস্তিষ্ঠতি স বান্ধবঃ ॥ ১১৪ ॥

এবং উৎসবে ও ব্যসনেতে ও দুর্ভিক্ষেতে ও দেশোপদ্রবে ও রাজদ্বারেও শ্মশানেতে যে সহায় থাকে সেই বান্ধব ॥ ১১৪ ॥

জম্বুকঃ পাশং বিলোক্য মুহুরচিন্তয়ৎ দৃঢ়স্তাবদয়ং বন্ধঃ। ব্রূতে চ সখে স্নায়ুনির্ম্মিতপাশ স্তদদ্য ভট্টারক বারে কথমেতান্ দন্তৈঃ স্পৃশামি। মিত্র যদি চিত্তে নান্যথা মন্যসে তদা প্রভাতে যত্ত্বয়া বক্তব্যং তৎ কর্ত্তব্য মিতি।

শৃগাল পাশ দেখিয়া বারম্বার চিন্তা করিল এ বন্ধন দৃঢ় হইয়াছে। আর কহিল হে মিত্র এপাশ চর্ম্মরচিত এই হেতু অদ্য রবিবারে কি প্রকারে

দন্তে স্পর্শ করিব, যদি অন্তঃকরণে অন্য প্রকার না ভাব তবে প্রভাতে যাহা কহিবে তাহা আমার কর্ত্তব্য।

অনন্তরং স কাকঃ প্রদোষকালে মৃগমনাগত মবলোক্য ইতস্ততোঽন্বিষ্যন্ তথাবিধং দৃষ্ট্বোবাচ সখে কিমেতৎ।

অনন্তর সেই কাক সন্ধ্যাকালে মৃগকে আসিতে না দেখিয়া ইতস্ততঃ অন্বেষণ করত সেই প্রকার দেখিয়া কহিল সখা কি এ।

মৃগেণোক্তং অবধীরিতসুহৃদ্বাক্যস্য ফলমেতৎ।

মৃগ কহিল মিত্রবাক্য অবজ্ঞার ফল এই॥

তথাচোক্তং।

সুহৃদাং হিতকামানাং, যঃ শৃণোতি নভাষিতং।
বিপৎ সন্নিহিতা তস্য, স নরঃ শত্রুনন্দনঃ॥ ১১৫।

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন যে ব্যক্তি হিতাভিলাষি মিত্র লোকদের কথা না শুনে তাহার বিপদ অতি নিকট, আর সে লোক শত্রুর আনন্দ জনক।

কাকো ব্রূতে স বঞ্চকঃ ক্বাস্তে।

কাক বলিল সে বঞ্চক কোথায়!

মৃগেণোক্তং মন্মাংসার্থী তিষ্ঠত্যত্রৈব।

হরিণ কহিল সে আমার শাবক ভোজনের নিমিত্তে এই স্থানেই আছে।

কাকোক্তেতে উক্তমেব ময়া পূর্ব্বং।

কাক কহিল আমি পূর্ব্বেই কহিয়াছি।

অপরাধো ন মেহস্তীতি, নৈতদ্বিশ্বাসকারণং।
বিদ্যতে হি নৃশংসেভ্যো, ভয়ং গুণবতামপি ॥১১৬॥

আমার অপরাধ নাই, একথা বিশ্বাসের কারণ নয়, যেহেতু খল হইতে গুণবানেরও ভয় হইয়া থাকে ॥ ১১৬ ॥

শৃণু। দীপনির্ব্বাণগন্ধঞ্চ, সুহৃদ্বাক্যমরুন্ধতীং। ন জিঘ্রন্তি শৃণ্বন্তি ন পশ্যন্তি গতায়ুষঃ ॥ ১১৭ ॥

শুন। গতায়ু লোকেরা, প্রদীপ নির্ব্বাণের গন্ধ পায় না, সুহৃৎ লোকের বাক্য শুনে না, এবং অরুন্ধতী নামে নক্ষত্র দেখিতে পায় না ॥ ১১৭ ॥

পরোক্ষে কার্য্যহন্তারং প্রত্যক্ষে প্রিয়বাদিনং।
বর্জ্জয়েত্তাদৃশং মিত্রং, বিষকুম্ভং পয়োমুখং ॥১১৮॥

অসাক্ষাতে কার্য্যহানিকর্ত্তা সাক্ষাতে প্রিয়বাদী এমন মিত্রকে, ত্যাগ করিবেক কারণ যেমন মুখেতে কিঞ্চিৎ দুগ্ধ কিন্তু বিষে পুরিত কুম্ভ পরিত্যাজ্য তেমৎ ঐ রূপ মিত্র ত্যাজ্য ॥ ১১৮ ॥

ততঃ কাকো দীর্ঘং নিঃশ্বস্যাহ অরে বঞ্চক কিং-ত্বয়া পাপকর্ম্মণা কৃতং।

পরে কাক দীর্ঘ নিঃশ্বাস ত্যাগ করিয়া কহিল অরে বঞ্চক শৃগাল, তুই পাপী, কি করিয়াছিস্।

যতঃ। সংলাপিতানাং মধুরৈর্বচোভি, র্মিথ্যোপচারৈশ্চ বশীকৃতানাং। আশাবতাং শ্রদ্ধধতাঞ্চ লোকে কিমর্থিনাং বঞ্চয়িতব্য মস্তি॥ ১১৯

যেহেতু মিষ্ট বাক্যে আলাপিত আর মিথ্যোপাচারে বশীকৃত তথা আশাযুক্ত ও শ্রদ্ধাযুক্ত যে সকল যাচক, তাহাদিগকে কি বঞ্চনা করিতে হয়॥ ১১৯॥

অন্যচ্চ। উপকারিণি বিশ্রব্ধে, শুদ্ধ মতৌ যঃ সমাচরতি পাপং। তং জনমসত্যসন্ধং, ভগবতি বসুধে কথং বহসি॥ ১২০॥

অপর উপকারী অথচ বিশ্বস্ত ও নির্ম্মলান্তঃকরণ যে লোক, তাহার প্রতি যে ব্যক্তি অধর্ম্মাচরণ করে, হে ভগবতি পৃথিবি, তুমি অসত্যসন্ধ সেই লোককে কি প্রকারে ধারণ করিতেছ। ১২০॥

দুর্জ্জনেন সমং সখ্যং প্রীতিঞ্চাপি ন কারয়েৎ। উষ্ণো দহতি চাঙ্গারঃ, শীতঃ কৃষ্ণায়তে করং॥১২১॥

আর দুষ্ট লোকের সহিত মিত্রতা করিবেক না, প্রীতিও করিবেক না, কেননা তপ্ত অঙ্গার স্পর্শ করিলে

হস্ত দাহ করে আর শীতল অঙ্গার হাত কাল করে ॥১২১

অথবা স্থিতিরিয়ং দুর্জ্জনানাং।

কিম্বা দুর্জ্জনেরদের এই রীতি।

প্রাক্ পাদয়োঃ পততি খাদতি পৃষ্ঠমাংসং, কর্ণে কলং কিমপি রৌতি শনৈর্ব্বিচিত্রং। ছিদ্রং নিরূপ্য সহসা প্রবিশত্যশঙ্কঃ, সর্ব্বং খলস্য চরিতং মশকঃ করোতি ॥ ১২২ ॥

আগে পায়ে পড়ে পশ্চাৎ পৃষ্ঠের মাংস খায় পরে অল্পে২ কর্ণেতে আশ্চর্য্য মধুর শব্দ করে পশ্চাৎ ছিদ্র নিরূপণ করিয়া নিঃশঙ্ক হইয়া অকস্মাৎ প্রবেশ করে। মশক এই প্রকারে সকল খলের চরিত্র ব্যক্ত করিয়া থাকে ॥ ১২২ ॥

দুর্জ্জনঃ প্রিয়বাদী চ, নৈতদ্বিশ্বাস কারণং। মধু-তিষ্ঠতি জিহ্বাগ্রে, হৃদি হালাহলং বিষং ॥ ১২৩ ॥

আর দুর্জ্জন অথচ প্রিয়বাদী লোক প্রত্যয়ের পাত্র নহে যেহেতু তাহার জিহ্বাগ্রে মধু ও হৃদয়ে বিষ আছে ॥ ১২৩ ॥

অথ প্রভাতে ক্ষেত্রপতি র্লগুড়হস্তস্তং প্রদেশং গচ্ছন্ কাকেনাবলোকিতঃ।

অনন্তর বায়স দেখিল প্রাতঃকালে ক্ষেত্রপতি লগুড় হস্তে লইয়া সেই দিকে গমন করিতেছে।

তমালোক্য কাকেনোক্তং সখে মৃগ ত্বমাত্মানং মৃতবৎ সন্দর্শ্য বাতেনোদরং পূরয়িত্বা পাদান্ স্তব্ধীকৃত্য তিষ্ঠ, অহং তব চক্ষুষী চঞ্চ্বা বিলিখামি, যদাহং শব্দং করোমি তদা ত্বমুত্থায় সত্বরং পলায়িষ্যসি। মৃগস্তথৈব কাকবচনেন স্থিতঃ।

ক্ষেত্রপতিকে দেখিয়া কাক কহিল হে মিত্র মৃগ! তুমি নিশ্বাস বন্ধ করিয়া পেট ফুলাইয়া পা সকল স্থির করিয়া আপনাকে মৃত শরীরের ন্যায় দেখাইয়া থাক, আমি তোমার চক্ষু ঠোঁটেতে করিয়া ঠোকরাই, যখন শব্দ করিব তৎক্ষণাৎ উঠিয়া শীঘ্র পলাইও। কাকের কথাতে মৃগ সেই প্রকারেই থাকিল।

ততঃ ক্ষেত্রপতিনা হর্ষোৎফুল্ললোচনেন তথাবিধো মৃগ আলোকিতঃ, অনন্তরং আঃ স্বয়ং মৃতোঽসি ইত্যুক্ত্বা মৃগং বন্ধনান্মোচয়িত্বা পাশান্ গ্রহীতুং সত্বরো বভূব। এতস্মিন্নন্তরে কাকশব্দং শ্রুত্বা মৃগঃ সত্বর মুত্থায় পলায়িতঃ। তমুদ্দিশ্য তেন ক্ষেত্রপতিনা ক্ষিপ্তেন লগুড়েন শৃগালো হতঃ।

তাহার পর আহ্লাদে প্রফুল্ল নয়ন হইয়া ক্ষেত্রপতি সেই প্রকার মৃগকে দেখিয়া কহিল আঃ স্বয়ং মরিয়া-

ছিস্‌, ইহা কহিয়া বন্ধন ছাড়াইয়া জাল জড় করিতে সত্বর হইল। এই সময়ে কাকের শব্দ শুনিয়া মৃগ শীঘ্র উঠিয়া পলাইল। পরে ক্ষেত্রপতি মৃগের উদ্দেশে একটা লগুড় ক্ষেপণ করিল কিন্তু সেই মৃগের গাত্রে তাহা লাগিল না, তাহার দ্বারা সেই শৃগাল নষ্ট হইল।

তথাচোক্তং। ত্রিভির্বর্ষৈস্ত্রিভির্মাসৈস্ত্রিভিঃ পক্ষৈস্ত্রিভির্দিনৈঃ। অত্যুৎকটৈঃ পাপপুণ্যৈ, রিহৈব ফলমশ্নুতে॥ ১২৪॥

পণ্ডিতেরা তাহাই কহিয়াছেন অত্যন্ত উৎকট পাপ অথবা পুণ্য হইলে তিন দিনে, তিন পক্ষে, তিন মাসে, কিম্বা তিন বৎসরে ইহ লোকেই ফল ভোগ হয়॥ ১২৪॥

অতোঽহং ব্রবীমি ভক্ষ্য ভক্ষকয়োঃ প্রীতি রিত্যাদি।

অতএব আমি বলি খাদ্য ও খাদকের যে প্রণয় সে আপদের কারণ ইত্যাদি।

কাকঃ পুনরাহ।

কাক পুনর্ব্বার কহিল।

ভক্ষিতেনাপি ভবতা, নাহারো মম পুষ্কলঃ। ত্বয়ি জীবতি জীবামি, চিত্রগ্রীব ইবানঘ॥

তোমাকে ভক্ষণ করিলেও আমার তৃপ্তিজনক আহার হইবে না। চিত্রগ্রীবের ন্যায় নিষ্পাপ তুমি বাঁচিলেই আমি বাঁচিব।

অন্যচ্চ। তিরশ্চামপি বিশ্বাসো, দৃষ্টঃ পুণ্যৈক কর্ম্মণাং। সতাংহি সাধুশীলত্বা, ত্বচ্চিত্রগ্রীব য়োরিব ॥ ১২৫ ॥

এবং সংব্যক্তি দিগের সাধু স্বভাব, এই হেতু তোমার ও চিত্র গ্রীবের ন্যায় তির্য্যগ্‌যোনিদেরও বিশ্বাস দৃষ্ট হইয়াছে ॥ ১২৫ ॥

কিঞ্চ। সাধোঃ প্রকোপিতস্যাপি, মনো নায়াতি বিক্রিয়াং। নহি তাপয়িতুং শক্যং, সাগরাম্ভ-স্তৃণোল্কয়া ॥ ১২৬ ॥

আর সাধুলোক ক্রুদ্ধ হইলেও তাহার মন বিকার প্রাপ্ত হয় না কারণ ঘাসের অগ্নিতে কখন সমুদ্রের জল তপ্ত করিতে পারে না ॥ ১২৬ ॥

হিরণ্যকো ব্রূতে চপলস্ত্বং, চপলেন সহ প্রণয়ঃ সর্ব্বথা ন কর্ত্তব্যঃ।

হিরণ্যক বলিল তুমি চপল, চপলের সহিত প্রণয় কোন প্রকারে কর্ত্তব্য নহে।

তথাচোক্তং। মার্জ্জারো মহিষো মেষঃ, কাকঃ

কাপুরুষ স্তথা। বিশ্বাসাৎ প্রভবন্ত্যেতে, বিশ্বাস-
স্তত্র নোচিতঃ ॥ ১২৭ ॥

অতএব পণ্ডিতেরা কহিয়াছেন মার্জ্জার, মহিষ
মেষ, কাক ও কাপুরুষ, ইহারা বিশ্বাসে প্রভু হয়, এই
হেতু এ সকলে বিশ্বাস ভাল নহে॥ ১২৭

কিঞ্চান্যৎ শত্রুপক্ষো ভবানস্মাকং।

অপর তুমি আমাদিগের শত্রু পক্ষ।

উক্তঞ্চৈতৎ। শত্রুণা নহি সন্দধ্যাৎ সুশ্লিষ্টে-
নাপি সন্ধিনা। সুতপ্তমপি পানীয়ং শময়ত্যেব
পাবকং ॥ ১২৮ ॥

ইহা কথিত আছে স্বয়ং সুন্দররূপে আলিঙ্গিত
শত্রুর সহিত সন্ধি কর্ত্তব্য নহে যেহেতু অতি বড় উষ্ণ
যে জল, তাহাও অগ্নিকে নির্ব্বাণ করে ॥ ১২৮ ॥

দুর্জ্জনঃ পরিহর্ত্তব্যো, বিদ্যয়ালঙ্কৃতোঽপি সন্।
মণিনা ভূষিতঃ সর্পঃ, কিমসৌ ন ভয়ঙ্করঃ ॥ ১২৯॥

আর বিদ্যাতে ভূষিত হইলেও দুষ্ট লোককে ত্যাগ
করিবেক কেমনা মণি ভূষিত ফণী কি ভয়দায়ক হয়
না? ॥ ১২৯ ॥

যদশক্যং ন তচ্ছক্যং, যচ্ছক্যং শক্যমেব তৎ।
নোদকে শকটং যাতি, নচ নৌ র্গচ্ছতি স্থলে ॥১৩০॥

এবং যাহা করিবার উপযুক্ত নহে তাহা করা যায় না আর যাহা করিবার যোগ্য তাহা অবশ্য করা যায়। দেখ, জলে কখনও শকট যায় না এবং স্থলে কদাপি নৌকা যাইতে পারে না॥ ১৩০॥

অপরঞ্চ। মহতাপ্যর্থসারেণ, যো বিশ্বসিতি শত্রুষু। ভার্য্যাসু চ বিরক্তাসু, তদন্তং তস্য জীবনং॥ ১৩১॥

অপর অতি মহৎ বিত্ত হেতু শত্রুতে এবং বিরক্ত স্ত্রীতে যে লোক বিশ্বাস করে তাহার জীবন সেই পর্য্যন্ত, অর্থাৎ তাহাতেই শেষ হয়॥ ১৩১॥

লঘুপতনকো ব্রূতে শ্রুতং ময়া সর্ব্বং তথাপি মম চৈতাবান্ সঙ্কল্প স্ত্বয়া সহ সৌহৃদ্যমবশ্যং করণীয়মিতি, নো চেদনাহারেণাত্মানং ব্যাপাদয়িষ্যামি।

লঘুপতনক কহিল আমি সকল শুনিলাম, তথাপি আমার এই প্রতিজ্ঞা তোমার সহিত সখ্য অবশ্য করিব, যদি মিত্রতা না কর অনাহারে আপনাকে নষ্ট করিব।

শৃণু। মৃদ্‌ঘটবৎ সুখভেদ্যো, দুঃসন্ধানশ্চ দুর্জ্জনো ভবতি। সুজনস্তু কনকঘটবৎ, দুর্ভেদ্য শ্চাশু সন্ধেয়ঃ॥১৩২॥

শুন, দুষ্ট লোক মৃদ্‌ঘটের তুল্য সুখভেদ্য কিন্তু কষ্টেও মিলান যায় না, আর সুজন সুবর্ণ ঘটের ন্যায় দুর্ভেদ্য, যদিও ভগ্ন হয় তথাচ সুখে মিলান যায়॥ ১৩২ ॥

কিঞ্চ। দ্রবত্বাৎ সর্ব্বলৌহানাং, নিমিত্তাম্মৃগপক্ষিণাং। ভয়াল্লোভাচ্চ মূর্খাণাং, সঙ্গতং দর্শনাৎ সতাং॥ ১৩৩ ॥

আর সকল তৈজস পাত্রের দ্রবত্ব হেতু, মৃগ ও পক্ষিদের কোন কারণ হেতু, মূর্খের ভয় ও লোভ হেতু এবং উত্তম লোকের দর্শন হেতু মিলন হয়॥ ১৩৩ ॥

কিঞ্চ। নারিকেলসমাকারা, দৃশ্যন্তেঽপি হি সজ্জনাঃ। অন্যে বদরিকাকারা, বহিরেব মনোহরাঃ॥ ১৩৪ ॥

আর উত্তম লোকদিগের নারিকেল ফল তুল্য অন্তর স্নিগ্ধ, অধম লোকেরা বদরীফলের ন্যায় বাহিরেই কোমল, তাহাদের অন্তর অতিশয় কঠিন॥ ১৩৩ ॥

অন্যচ্চ। স্নেহচ্ছেদেঽপি সাধূনাং গুণা নায়ান্তি বিক্রিয়াং। ভঙ্গেনাপি মৃণালানা· মনুবধ্নন্তি তন্তবঃ॥ ১৩৫ ॥

আর প্রীতির বিচ্ছেদ হইলেও সাধু লোকদিগের

গুণ বিকার পায় না। যেহেতু মৃণালের ভঙ্গেতেও সূত্র দুই খণ্ডে অবিচ্ছিন্ন থাকে ॥ ১৩৫ ॥

অন্যচ্চ। শুচিত্বং ত্যাগিতা শৌর্য্যং, সমানং সুখদুঃখয়োঃ। দাক্ষিণ্যং চানুরক্তিশ্চ, সত্যতা চ সুহৃদ্গুণাঃ ॥ ১৩৬ ॥

অপর শুচিতা, দানশীলতা, সুখ ও দুঃখে সমানতা, নিপুণতা, আনুরক্তি ও সত্যতা এইসকল মিত্রের গুণ ॥ ১৩৬ ॥

এতৈর্গুণৈরুপেতো ভবদন্যো ময়া কঃ পুমান প্রাপ্তব্যঃ। ইত্যাদি তদ্বচনমাকর্ণ্য হিরণ্যকো বহির্নিঃসৃত্যাহ আপ্যায়িতোঽহং ভবতামনেন বচনামৃতেন।

এই সকল গুণে যুক্ত তোমা ভিন্ন কোন্ পুরুষকে পাইব। এই সকল কথা শুনিয়া হিরণ্যক বাহিরে নির্গত হইয়া বলিল তোমার অমৃত বাক্যে আহ্লাদিত হইলাম।

তথাচোক্তং। ঘর্ম্মার্ত্তং ন তথা সুশীতলজলৈঃ স্নানং ন মুক্তাবলী, ন শ্রীখণ্ডবিলেপনং সুখয়তি প্রত্যঙ্গমপ্যর্পিতং। প্রীত্যা সজ্জনভাষিতং প্রভবতি প্রায়ো যথা চেতসি, সদ্যুক্ত্যা চ পুরস্কৃতং সুকৃতিনামাকৃষ্টিমন্ত্রোপমং ॥ ১৩৭ ॥

পণ্ডিতেরা কহিয়াছেন পুণ্যবান্ লোকদের আকর্ষণ-মন্ত্রের তুল্য সদযুক্তি সম্বলিত প্রণয় গর্ভ যে বচন, তাহা অন্তঃকরণে যেমন সুখদায়ক হয় ঘর্ম্মার্ত্তকে অতি শীতল জল করণক স্নান ও মুক্তামালা ও প্রত্যেক অঙ্গে চন্দন লেপনও তদ্রূপ সুখ দিতে পারে না॥ ১৩৭॥

অন্যচ্চ। রহস্যভেদো যাচ্ঞা চ, নৈষ্ঠুর্য্যং চলচিত্ততা। ক্রোধো নিঃসত্যতা দ্যূত, মেতন্মিত্রস্য দূষণং। অনেন বচনক্রমেণ তদেকদূষণ মপি ত্বয়ি ন লক্ষ্যতে॥ ১৩৮॥

এবং গোপনীয় বিষয় প্রকাশ, অর্থ প্রার্থনা, নিষ্ঠুরতা, মনের চাঞ্চল্য, ক্রোধ, মিথ্যা বাক্য, আর দ্যূতক্রীড়া এই সকল মিত্রের দোষ, এই বচনের অনুসারে একটী দোষও তোমাতে দেখি না॥ ১৩৮॥

যতঃ। পটুত্বং সত্যবাদিত্বং, কথাযোগেন বুধ্যতে। অস্তব্ধত্ব মচাপল্যং, প্রত্যক্ষেণাবগম্যতে॥ ১৩৯॥

যেহেতু কথার দ্বারা পটু ও সত্যবাদিত্ব জানা যায় আর চাঞ্চল্য অচাঞ্চল্য প্রত্যক্ষে বুঝা যায়॥ ১৩৯॥

অপরঞ্চ। অন্যথৈব হি সৌহার্দ্দং, ভবেৎস্বচ্ছান্তরাত্মনঃ। প্রবর্ত্ততেঽন্যথা বাণী, দোষোপহত চেতসঃ॥ ১৪০॥

অপর যাহার চিত্ত কোমল অথচ নির্ম্মল, তাহার মিত্রতা অন্য প্রকার, কিন্তু খলতাতে দুষ্ট চিত্ত লোকের কথাও অন্য প্রকারে প্রবর্ত্তমান হয়॥ ১৪০॥

কিঞ্চ। মনস্যন্যদ্বচস্যন্যৎ কর্ম্মণ্যন্দুরাত্মনাম্।
মনস্যেকং বচস্যেকং কর্ম্মণ্যেকং মহাত্মনাং॥ ১৪১

আর দুরাত্মাদিগের মনে এক, বাক্যে আর, এবং কর্ম্ম অন্য প্রকার কিন্তু মহাত্মাদের অন্তঃকরণে যাহা, বাক্যে ও ক্রিয়াতে তাহাই হইয়া থাকে। ১৪১॥

তদ্ভবতু ভবতোঽভিমতমেব, ইত্যুক্ত্বা হিরণ্যকো মৈত্রং বিধায় ভোজন বিশেষৈ র্বায়সং সন্তোষ্য বিবরং প্রবিষ্টঃ। বায়সোঽপি স্বস্থানং গতঃ। ততঃ প্রভৃতি তয়োরন্যোন্যাহারপ্রদানেন কুশল প্রশ্নৈ র্বিশ্রম্ভালাপৈশ্চ কালোঽতিবর্ত্ততে।

অতএব তোমার অভিমতই হউক। ইহা কহিয়া মিত্রতা করিয়া হিরণ্যক খাদ্য সামগ্রী দ্বারা লঘুপতনকে সন্তুষ্ট করিয়া গর্ত্তে প্রবিষ্ট হইল। বায়সও আপন স্থানে গেল। তদবধি ঐ দুইয়ের পরস্পর আহার প্রদান, মঙ্গল প্রশ্ন, ও বিশ্রম্ভালাপে কাল যাপন হইতে লাগিল।

একদা লঘুপতনকো হিরণ্যকমাহ সখে কষ্টতর-

লভ্যাহারমিদং স্থানং পরিত্যজ্য স্থানান্তরং গন্তুমিচ্ছামি।

এক দিবস লঘুপতনক হিরণ্যককে কহিল মিত্র এস্থানে অতিকষ্টে আহার লাভ হয় অতএব এস্থান পরিত্যাগ করিয়া স্থানান্তরে যাইতে ইচ্ছা করি।

হিরণ্যকো ব্রূতে মিত্র ক্ব গন্তব্যং।

হিরণ্যক বলিল মিত্র কোথায় যাইবে?

তথাচোক্তং। চলত্যেকেন পাদেন, তিষ্ঠত্যেকেন বুদ্ধিমান্। না সমীক্ষ্য পরং স্থানং, পূর্ব্বমায়তনং ত্যজেৎ॥ ১৪২॥

পণ্ডিতেরা কহিয়াছেন বুদ্ধিমান্ লোক এক পায়ে যান এক পায়ে থাকেন, অপর স্থান না দেখিয়া পূর্ব্ব স্থান পরিত্যাগ করেন না॥ ১৪২॥

বায়সো ব্রূতে অস্তি সুনিরূপিতস্থানং।

কাক কহিল বিলক্ষণ নির্ণীত স্থান আছে।

হিরণ্যকোঽবদৎ কিন্তৎ।

হিরণ্যক বলিল কোন্ স্থান?

বায়সো ব্রূতে।

কাক কহিল।

অস্তি দণ্ডকারণ্যে কর্পূরগৌরাভিধানং সরঃ, তত্র

চিরকালোপার্জ্জিতঃ প্রিয়সুহৃন্মে মন্থরাভিধানঃ কচ্ছপো ধার্ম্মিকঃ প্রতিবসতি।

দণ্ডকারণ্যে কর্পূরগৌর নামে এক সরোবর আছে, সেই স্থানে আমার অনেক কালের প্রিয় মিত্র ধার্ম্মিক মন্থর নামা কচ্ছপ বাস করে।

যতঃ। পরোপদেশে পাণ্ডিত্যং, সর্ব্বেষাং সুকরং নৃণাং। ধর্ম্মে স্বয়মনুষ্ঠানং, কস্যচিত্তু মহাত্মনঃ॥ ১৪৩॥

যেহেতু অন্যের প্রতি উপদেশ দানে সকল লোকেরই পাণ্ডিত্য সহজ কিন্তু ধর্ম্মে স্বয়ং অনুষ্ঠান কোন মহাত্মারই হইয়া থাকে॥ ১৪৩॥

সচ ভোজনবিশেষৈ র্ম্মাং সংবর্দ্ধয়িষ্যতি। হিরণ্যকোঽপ্যাহ তৎ কিমত্রাবস্থায় ময়া কর্ত্তব্যং।

সেই মিত্র উত্তম ভোজন দ্বারা আমাকে সম্বর্দ্ধনা করিবেন। হিরণ্যক কহিল তবে আমি এখানে থাকিয়া কি করিব।

যতঃ। যস্মিন্দেশে ন সম্মানং, ন বৃত্তি র্ন চ বান্ধবঃ। নচ বিদ্যাগমঃ কশ্চিৎ, তং দেশং পরিবর্জ্জয়েৎ॥ ১৪৪॥ব

যেহেতু যে দেশে সম্মান নাই, বৃত্তি নাই, ও বিদ্যা নাই, সে দেশ ত্যাগ করিবেক॥ ১৪৪॥

অপরঞ্চ। লোকযাত্রা ভয়ং লজ্জা দাক্ষিণ্যং ত্যাগ শীলতা। পঞ্চ যত্র ন বিদ্যন্তে, ন কুর্য্যাত্তত্র সংস্থিতিং॥ ১৪৫॥

আর লোকের গমনাগমন, ভয়, লজ্জা, নিপুণতা, তথা দান শীলতা, এই পাঁচ যে দেশে নাই, সে দেশে বাস করা কর্ত্তব্য নয়।

অন্যচ্চ। তত্র মিত্র ন বস্তব্যং, যত্র নাস্তি চতুষ্টয়ং। ঋণ দাতা চ বৈদ্যশ্চ, শ্রোত্রিয়ঃ সজলা নদী॥ ১৪৬॥

অপর হে মিত্র, যেখানে ঋণদাতা, চিকিৎসক, ব্রাহ্মণ আর সজলা নদী, এই চারিটী নাই সেখানে বাস করা উচিত নহে॥ ১৪৬॥

অতো মামপি তত্র নয়। অথ বায়স স্তেন মিত্রেণ সহ বিচিত্রালাপৈঃ সুখেন তস্য সরসঃ সমীপং যযৌ। ততো মন্থরো দূরাদবলোক্য লঘুপতনকস্য যথোচিতমাতিথ্যং বিধায় মূষিকস্যাপ্যাতিথিসৎকারং কৃতবান।

অতএব আমাকেও সেখানে লইয়া চল। অনন্তর কাক সেই মিত্রের সহিত নানা প্রকার আলাপ করিতেং সুখে সেই সরোবর সমীপে গেলং। মন্থর

দূর হইতে দেখিয়া লঘুপতনকের উচিত আতিথ্য করিয়া মূষিকেরও সৎকার করিল।

যতঃ। বালো বা যদি বা বৃদ্ধো, যুবা বা গৃহ মাগতঃ। তস্য পূজা বিধাতব্যা, সর্ব্বত্রাভ্যাগতো গুরুঃ॥ ১৪৭॥

যেহেতু বালক কিম্বা বৃদ্ধ কিম্বা যুবা যে কেহ গৃহে আইসে তাহার সম্মান করা কর্ত্তব্য, কারণ অভ্যাগত ব্যক্তি সর্ব্বত্র গুরু স্বরূপ॥ ১৪৭॥

অপরঞ্চ। গুরুরগ্নি র্দ্বিজাতীনাং, বর্ণানাং ব্রাহ্মণো গুরুঃ। পতিরেকো গুরুঃ স্ত্রীণাং, সর্ব্বত্রাভ্যাগতো গুরুঃ॥ ১৪৮॥

এবং দ্বিজাতিদিগের অগ্নি গুরু, সকল বর্ণের ব্রাহ্মণ গুরু, স্ত্রী লোকদের ভর্ত্তা গুরু, আর সর্ব্বত্রই অতিথি গুরু॥ ১৪৮॥

অপিচ। উত্তমস্যাপি বর্ণস্য, নীচোঽপি গৃহমাগতঃ। পূজনীয়ো যথাযোগ্যং, সর্ব্বদেবময়োঽতিথিঃ॥১৪৯॥

আর উত্তম জাতির গৃহে যদি অধম জাতিও আইসে তবে তাহারও যথাযোগ্য পূজা করা কর্ত্তব্য যেহেতুক অতিথি সর্ব্ব দেবতার স্বরূপ॥ ১৪৯॥

বায়সোহবদৎ।

বায়স কহিল।

সখে মন্থর, সবিশেষং পূজামস্মৈ বিধেহি যতো হয়ং পুণ্যকর্ম্মণাং ধুরীণঃ, কারুণ্যরত্নাকরো হিরণ্যকনামা মূষিকরাজঃ, এতস্য গুণস্তুতিং জিহ্বাসহস্রদ্বয়েনাপি যদি সর্পরাজঃ কদাচিৎ গদিতুং সমর্থঃ স্যাদিত্যুক্ত্বা চিত্রগ্রীবোপাখ্যানং বর্ণিতবান্।

মিত্র মন্থর, ইহাঁর পূজা বিশেষরূপে করহ যেহেতু ইনি পুণ্যবানদের মধ্যে শ্রেষ্ঠ. দয়ার সমুদ্র, হিরণ্যক-নামা মূষিকরাজ। ইহাঁর গুণের স্তব সর্পদিগের রাজা অনন্তদেব দুই হাজার জিহ্বায় যদি কদাচিৎ বলিতে পারেন, ইহা কহিয়া চিত্রগ্রীবের বৃত্তান্ত বর্ণন করিল।

মন্থরঃ সাদরং হিরণ্যকং সম্পূজ্যাহ ভদ্রন্তে, আত্মনো নির্জ্জনবনাগমন কারণ মাখ্যাতুমর্হসি।

মন্থর আদর পূর্ব্বক হিরণ্যকের পূজা করিয়া কহিল আপনকার মঙ্গল? নির্জন বনে আসিবার কারণ কি বলুন।

হিরণ্যকোহবদৎ কথয়ামি শ্রূয়তাং।

হিরণ্যক বলিল শ্রবণ করহ।

চম্পকাভিধানায়াং নগর্য্যাং পরিব্রাজকা বসন্তি,

তত্র চূড়াকর্ণো নাম পরিব্রাট্ প্রতিবসতি। সচ ভোজনাবশিষ্টভিক্ষান্নসহিতং ভিক্ষাপাত্রং নাগদন্তকেঽবস্থাপ্য স্বপিতি। অহঞ্চ তদন্ন মুৎপ্লুত্য প্রত্যহং ভক্ষয়ামি। অনন্তরং তস্য প্রিয়সুহৃদ্বীণাকর্ণনামা পরিব্রাজকঃ সমায়াত স্তেন সহ কথাপ্রসঙ্গাবস্থিতো মম ত্রাসার্থং জর্জ্জরবংশখণ্ডেন ভূমিমতাড়য়ৎ। বীণাকর্ণ স্তদ্দৃষ্ট্বা উবাচ সখে কিমিতি মম কথাবিরোক্তোঽন্যাসক্তো ভবান্।

চম্পকনামে নগরীতে সন্ন্যাসিরা বাস করে। সেই স্থানে চূড়াকর্ণ নামে একটী সন্ন্যাসী থাকে। সেই ব্যক্তি ভোজনাবশিষ্ট ভিক্ষান্ন সহিত নিজ ভিক্ষা পাত্র নাগদন্তকে অর্থাৎ হস্তি দন্ত নির্ম্মিত দাওায় রাখিয়া শয়ন করিত। আমি লাফিয়া সেই অন্ন প্রতিদিন খাইতাম। পরে একদিন তাহার প্রিয় মিত্র বীণাকর্ণ নামা সন্ন্যাসী আসিল, তাহার সহিত কথা প্রসঙ্গে বসিয়া ঐ সন্ন্যাসী আমার ত্রাসের নিমিত্ত জর্জর বংশখণ্ড দ্বারা ভূমি তাড়ন করিতে লাগিল। বীণাকর্ণ তদ্দর্শনে জিজ্ঞাসা করিল মিত্র! আমার কথায় কি বিরক্ত হইতেছ? তোমাকে যে অন্যমনা দেখিতেছি।

চূড়াকর্ণেনোক্তং মিত্র! নাহং বিরক্তঃ, কিন্তু পশ্যায়ং মূষিকো মমাপকারী, সদা পাত্রস্থং

ভিক্ষান্নমুৎপ্লুত্য ভক্ষয়তি। বীণাকর্ণো নাগদন্তকং বিলোক্যাহ কথং মূষিকঃ স্বল্পবলোঽপ্যেতাব দ্দূরমুৎপততি, তদত্র কেনাপি কারণেন ভবিতব্যং।

চূড়াকর্ণ কহিল মিত্র! আমি বিরক্ত নহি কিন্তু ঐ দেখ এই উন্দুর আমার অপকারী, লাফিয়া সর্ব্বদা পাত্রস্থিত ভিক্ষান্ন খায়। বীণাকর্ণ নাগদন্তক দেখিয়া কহিল কি প্রকারে অল্পবল মূষিক এত দূরে লাফিয়া উঠে, ইহাতে অবশ্য কোন কারণ থাকিবেক।

তথোচোক্তং। অকস্মাৎ যুবতী বৃদ্ধং, কেশেষ্বাকৃষ্য চুম্বতি। পতিং নির্ভরমালিঙ্গ্য হেতু রত্র ভবিষ্যতি ॥ ১৫০ ॥

পণ্ডিতেরা কহিয়াছেন যুবতী স্ত্রী অকস্মাৎ বৃদ্ধ পতিকে নির্ভর আলিঙ্গন করিয়া কেশে ধরিয়া যে চুম্বন করে ইহাতে কোন কারণ থাকিবেক ॥ ১৫০ ॥

চূড়াকর্ণঃ পৃচ্ছতি কথমেতৎ।

চূড়াকর্ণ জিজ্ঞাসা করিল এ কি প্রকার?

বীণাকর্ণঃ কথয়তি।

বীণাকর্ণ কহিল।

অস্তি গৌড়ীয়ে কৌশাম্বী নাম নগরী, তস্যাং চন্দনদাসনামা বণিক মহাধনো নিবসতি। তেন

পশ্চিমে বয়সি বর্ত্তমানেন কামাধিষ্ঠিতচেতসা ধন দর্পাল্লীলাবতী নাম্নী বণিক্‌পুত্ত্রী বদাচিৎ পরিণীতা। সাচ মকরকেতোর্বিজয় বৈজয়ন্তীব যৌবনবতীবভূব, সচ বৃদ্ধপতি স্তস্যাঃ সন্তোষায় নাভবৎ।

গোড়দেশে কোশাম্বী নামে এক নগরী আছে তথায় চন্দনদাস নামা বড় ধনী এক বণিক্ বাস করিত। সেই ব্যক্তি বৃদ্ধাবস্থায় কামপীড়িত হইয়া ধন মত্ততা হেতু লীলাবতী নাম্নী বণিক্ পুত্ত্রীকে বিবাহ করিল। সেই লীলাবতী কন্দর্পের জয়পতাকার ন্যায় যখন যৌবন বিশিষ্টা হইল তখন ঐ বৃদ্ধ স্বামী তাহার সন্তোষের নিমিত্ত হইল না।

যতঃ। শশিনীব হিমার্ত্তানাং, ঘর্ম্মার্ত্তানাং রবাবিব। মনো ন রমতে স্ত্রীণাং, জরাজীর্ণেন্দ্রিয়ে পতৌ॥ ১৫১।

যেহেতু হিমার্ত্ত লোকদের চন্দ্র কিরণে যেমন মনঃ তুষ্ট হয় না এবং ঘর্ম্মার্ত্ত লোকদিগের সূর্য্য-প্রভায় যেমন অন্তঃকরণ সন্তুষ্ট হয় না, তেমনি যুবতী স্ত্রীদের বৃদ্ধ পতিতে চিত্ত রত হয় না॥ ১৫১॥

কিঞ্চ। পলিতেম্বপি দৃষ্টেষু, পুংসঃ কা নাম কামিতা। ভৈষজ্যমিব মন্যন্তে, যদন্যমনসঃ স্ত্রিয়ঃ॥ ১৫২॥

আর পুরুষের কেশাদি পক্ক হইলে কান হইবার বিষয় কোথায়? সুতরাং স্ত্রী লোকেরা অন্যমনা হইয়া সেই ব্যক্তিকে ঔষধের তুল্য জ্ঞান করে॥ ১৫২॥

সচ বৃদ্ধপতি স্তস্যা মতীবানুরাগবান্ বভূব।

কিন্তু সেই বৃদ্ধ স্বামী তাহার প্রতি অত্যন্ত অনুরাগী হইল।

যতঃ। ধনাশা জীবিতাশা চ, গুর্ব্বী প্রাণভৃতাং সদা। বৃদ্ধস্য তরুণী ভার্য্যা প্রাণেভ্যোপি গরীয়সী॥ ১৫৩॥

যেহেতু প্রাণিদের ধনাশা এবং জীবিতাশা সর্ব্বদা সর্ব্বাপেক্ষা গুরুতর হয় সত্য কিন্তু বৃদ্ধের যুবতী ভার্য্যা প্রাণ অপেক্ষাও গুরুতর॥ ১৫৩॥

অপিচ। নোপভোক্তুং নচ ত্যক্তুং, শক্নোতি বিষয়ান্ জরী। অস্থি নির্দ্দশনঃ শ্বেবা জিহ্বয়া লেঢ়ি কেবলং॥ ১৫৪।

অপর বৃদ্ধলোক বিষয় উপভোগ করিতে পারে না ত্যাগও করিতে সমর্থ হয় না, দন্তরহিত কুকুর যেমন জিহ্বায় করিয়া অস্থি অবলেহন মাত্র করে তাহার ন্যায় কেবল লালন করিয়াই থাকে॥ ১৫৪॥

অথ সা লীলাবতী যৌবনদর্পাদতিক্রান্তকুল-

মর্য্যাদা কেনাপি বণিক্‌পুত্রেণ সহানুরাগবতী বভূব।

অনন্তর সেই লীলাবতী যৌবন মদে কুলমর্য্যাদা অতিক্রমণ করিয়া কোন বণিক্‌পুত্রের সহিত অনু-রাগিণী হইল।

যতঃ। স্বাতন্ত্র্যং পিতৃমন্দিরে নিবসতি র্যাত্রোৎ-সবে সঙ্গতি, র্গোষ্ঠীপূরুষসন্নিধাবনিয়মো বাসো বিদেশে তথা! সংসর্গঃ সহ পুংশ্চলীভিরসকৃদ্‌বৃত্তে র্নিজায়াঃ ক্ষতিঃ, পত্যুর্ব্বার্দ্ধকমীর্ষিতং প্রব-সনং নাশস্য হেতুঃ স্ত্রিয়াঃ। ১৫৫॥

যেহেতু স্বাধীনতা, পিতৃ গৃহে বাস, যাত্রোৎসবে গমন, অনেক পুরুষের সন্নিধানে অবস্থান, বিদেশে থাকা, ভ্রষ্টা স্ত্রীর সহিত সহবাস, আপন বৃত্তির বারম্বার ক্ষতি, পতির বার্দ্ধক্য, পতির ঈর্ষা এবং পতির প্রবাস, এই সকল স্ত্রীলোকের নাশের কারণ॥ ১৫৫॥

অপরঞ্চ। পানং দুর্জ্জন সংসর্গঃ, পত্যা চ বিরহোঽটনং। স্বপ্ন শ্চান্যগৃহে বাসো, নারীণাং দূষণানি ষট্।। ১৫৬।

অপর মাদক দ্রব্যের সেবন, দুর্জ্জন সহ বাস, পতির বিরহ, যথেচ্ছ গমন, স্বপ্ন এবং অন্য গৃহে বাস, এই ছয়টী স্ত্রীদিগের দোষ॥ ১৫৬॥

কিঞ্চ। স্থানং নাস্তি ক্ষণং নাস্তি, নাস্তি প্রার্থয়িতা নরঃ। তেন নারদ নারীণাং, সতীত্ব মুপজায়তে ॥ ১৫৭ ॥

আর যদি নির্জ্জন স্থান না থাকে, অবকাশ কাল না থাকে ও প্রার্থনা কর্ত্তা মনুষ্য না থাকে, তবেই স্ত্রীদিগের সতীত্ব হয় ॥ ১৫৭ ॥

অন্যচ্চ। ন স্ত্রীণামপ্রিয়ঃকশ্চিৎ, প্রিয়োবাপি ন বিদ্যতে। গাবস্তৃণ মিবারণ্যে প্রার্থয়ন্তি নবং নবং ॥ ১৫৮ ॥

অপিচ স্ত্রীরদের অপ্রিয় কেহ নাই, প্রিয়ও কেহ নাই যেমন গরু সকল বনে নিত্য নূতন২ ঘাস প্রার্থনা করে সেই রূপ স্ত্রী লোকেরা নিত্য নূতন২ পুরুষ চাহে ॥১৭৮॥

অন্যচ্চ। সুবেশং পুরুষংদৃষ্ট্বা, ভ্রাতরং যদি বা সুতং। যোনিঃ ক্লিদ্যতি নারীণাং, সত্যং সত্যং হি নারদ ॥ ১৬৯ ॥

অপর ভ্রাতা কিম্বা পুত্র পর্য্যায় কোন সুন্দর পুরুষ নয়ন গোচর হইলে স্ত্রীলোকদের যোনি ক্লিন্ন হয়, হে নারদ, এ কথা সত্য২ ॥ ১৫৯ ॥

অপরঞ্চ। ঘৃতকুম্ভসমা নারী, তপ্তাঙ্গারসমঃ পুমান্। তস্মাদঘৃতঞ্চ বহ্নিঞ্চ, নৈকত্র স্থাপয়েদ্বুধঃ ॥ ১৬০ ॥

অপর স্ত্রী ঘৃত কলসের তুল্য, পুরুষ তপ্তাঙ্গার সমান, একারণ বিজ্ঞ লোকে ঘৃত ও অগ্নি একত্র রাখিবে না॥ ১৬০ ॥

ন লজ্জা ন বিনীতত্বং, ন দাক্ষিণ্যং ন ভীরুতা।
প্রার্থনাভাবএবৈকং সতীত্বে কারণং স্ত্রিয়াঃ॥ ১৬১॥

নারীরদের সতীত্বের প্রতি লজ্জা বা বিনীতত্ব কিম্বা কর্ম্ম নৈপুণ্য অথবা ভীরুত্ব কারণ নহে, প্রার্থনার অভাবই এক কারণ॥ ১৬১॥

অপিচ। পিতা রক্ষতি কৌমারে, ভর্ত্তা রক্ষতি যৌবনে। পুত্রশ্চ স্থাবিরে ভাবে, ন স্ত্রী স্বাতন্ত্র্যমর্হতি॥ ১৬২॥

আর বাল্যাবস্থায় স্ত্রীলোককে পিতা রক্ষা করেন, যৌবনাবস্থায় ভর্ত্তা এবং বৃদ্ধাবস্থায় পুত্র রক্ষা করিয়া থাকে। অতএব স্ত্রীলোকেরা কখন স্বাধীনত্ব পাইবার যোগ্য নহে॥ ১৬২ ॥

একদা সা লীলাবতী রত্নাবলীকিরণকর্ব্বুর পর্য্যঙ্কোপরি তেন বণিক্‌পুত্রেণ সহ বিশ্রব্ধালাপৈঃ সুখাসীনা তমলক্ষিতোপস্থিতং পতি মবলোক্য সহসোত্থায় কেশেষ্বাকৃষ্য গাঢ়মালিঙ্গ্য চুম্বিতবতী, তেনাবসরেণ জারশ্চ পলায়িতঃ।

এক দিবস সেই লীলাবতী রত্নসমূহ খচিত পর্য্যঙ্কের উপর ঐ বণিক্‌পুত্রের সহিত প্রিয়ালাপ করত সুখোপবিষ্টা আছেন ইতিমধ্যে অকস্মাৎ পতিকে উপস্থিত হইতে দেখিয়া হঠাৎ উঠিয়া তদীয় কেশ আকর্ষণ পূর্ব্বক নির্ভর আলিঙ্গন করিয়া চুম্বন করিতে লাগিল সেই অবসরে উপপতি পলাইয়া গেল।

যতঃ। উশনা বেদ যচ্ছাস্ত্রং, যচ্চ বেদ বৃহস্পতিঃ। স্বভাবেনৈব তচ্ছাস্ত্রং, স্ত্রীবুদ্ধৌ সুপ্রতিষ্ঠিতং॥ ১৬৩॥

যেহেতুক শুক্রাচার্য্য যে২ শাস্ত্র জানেন এবং বৃহস্পতি যাহা২ জানেন, সে সকল শাস্ত্র স্বভাবতঃ স্ত্রীবুদ্ধিতে প্রতিষ্ঠিত হয়॥ ১৬৩॥

তদালিঙ্গনমবলোক্য সমীপবর্ত্তিনী কুট্টিন্যচিন্তয়ৎ। অকস্মাদিয়মেনমুপগূঢ়বতীতি॥

ঐরূপ আলিঙ্গন দেখিয়া নিকটবর্ত্তিনী কুট্টিনী চিন্তা করিল অকস্মাৎ এ ইহাকে কেন আলিঙ্গন করিল?

ততস্তয়া কুট্টিন্যা তৎকারণং পরিজ্ঞায় সা লীলাবতী গুপ্তেন দণ্ডিতা।

তদনন্তর সেই কুট্টিনী তৎকারণ জানিয়া লীলাবতীকে গোপনে দণ্ড করাইল।

অতোহহং ব্রবীমি অকস্মাদ্যুবতী বৃদ্ধমিত্যাদি।

অতএব আমি বলি যুবতী স্ত্রী বৃদ্ধ পতিকে অকস্মাৎ নির্ভর আলিঙ্গন করিয়া কেশে ধরিয়া চুম্বন করে ইহাতে কোন কারণ থাকিবে।

মূষিকো বিবর মালোক্য বলোপবিষ্ট স্তেন ইহ কেনাপি কারণেন ভবিতব্যং। ক্ষণং বিচিন্ত্য পরিব্রাজকেনোক্তং কারণঞ্চাত্র বাহুল্যাদ্ধনমেব ভবিষ্যতীতি।

গর্ত্ত দেখিয়া মূষিকমহা বলে উপবিষ্ট হইল, ইহাতে বোধ হয় এবিষয়ে অবশ্য কোন কারণ থাকিবেক, কিঞ্চিৎকাল চিন্তার পর পুনরায় কহিল ইহার কারণ প্রচুর ধনই হইবেক।

যতঃ। ধনবান্ বলবান্ লোকে, সর্ব্বঃ সর্ব্বত্র সর্ব্বদা। প্রভুত্বং ধনমূলং হি, রাজ্ঞামপ্যুপ জায়তে॥ ১৬৪॥

যেহেতু লোকে সর্ব্বত্র সর্ব্বদা সকল ধনবান লোকই বলবান হয়, কেননা রাজারদেরও প্রভুত্ব ধন মূলক॥ ১৬৪॥

ততঃ খনিত্র মাদায় তেন বিবরং খনিত্বা চির সঞ্চিতং মম ধনং গৃহীতং। ততঃ প্রভৃতি নিজ শক্তিহীনঃ সত্ত্বোৎসাহরহিতঃ স্বাহারমপ্যুৎ

পাদয়িতুমক্ষমঃ সত্রাসং মন্দং মন্দমুপসর্পন্ চূড়াকর্ণেনাবলোকিতঃ।

পরে সেই সন্ন্যাসী খন্তা আনিয়া গর্ত্ত খনন পূর্ব্বক আমার চিরকালের সঞ্চিত ধন লইল, সেই অবধি আমি স্বীয় শক্তি হীন ও উৎসাহ রহিত হইয়াছি, আপন আহার অর্জ্জন করিতেও পারি না। একদিন সভয় চিত্তে মন্দ২ গমন করিতে ছিলাম, বীণাকর্ণ দেখিতে পাইল।

ততস্তেনোক্তং। ধনেন বলবাল্লোঁকো, ধনাদ্ভবতি পণ্ডিতঃ। পশ্যৈনং মূষিকং পাপং, স্বজাতিসমতাং গতং॥ ১৬৫।

অনন্তর সে কহিল লোক ধনেতে বলবান হয়, ধন হইতেই পণ্ডিত হয়, এই পাপিষ্ঠ মূষককে দেখ এখন আপন জাতির তুল্যত্ব পাইয়াছে। ১৬৫॥

কিঞ্চ। অর্থেন তু বিহীনস্য, পুরুষস্যাল্পমেধসঃ। ক্রিয়াঃ সর্ব্বা বিনশ্যন্তি, গ্রীষ্মে কুসরিতো যথা॥ ১৬৬॥

আর ধন রহিত অল্পবুদ্ধি পুরুষের সমস্ত ক্রিয়া নষ্ট হয় যেমন গ্রীষ্মকালে কুৎসিত নদী জল রহিত হইয়া নষ্ট হয়॥ ১৬৬॥

অপরঞ্চ। যস্যার্থা স্তস্য মিত্রাণি, যস্যার্থাস্তস্য

বান্ধবাঃ। যস্যার্থাঃ স পুমাল্লোকে, যস্যার্থাঃ সহি পণ্ডিতঃ॥ ১৬৭॥

অপর যাহার ধন আছে তাহার সকল লোক মিত্র, যাহার ধন আছে তাহার সকল লোক বান্ধব, যাহার ধন আছে লোকে সেই পুরুষ, যাহার ধন আছে সেই পণ্ডিত॥ ১৬৭॥

অন্যচ্চ। অপুত্রস্য গৃহং শূন্যং, সন্মিত্ররহিতস্য চ। মূর্খস্য তু দিশঃ শূন্যাঃ, সর্ব্ব শূন্যা দরিদ্রতা॥ ১৬৮

আর পুত্ররহিতের এবং উত্তমমিত্ররহিতের গৃহ শূন্য, মূর্খের সকল দিক্ শূন্য, দরিদ্রের সকলই শূন্য॥ ১৬৮॥

অন্যচ্চ। তানীন্দ্রিয়াণ্যবিকলানি তদেব নাম, সা বুদ্ধিরপ্রতিহতা বচনং তদেব। অর্থোষ্মণা বিরহিতঃ পুরুষঃ সএব, অন্যঃ ক্ষণেন ভবতীতি বিচিত্রমেতৎ। ১৭৯॥

অপর অবিকল সেই সকল ইন্দ্রিয়, সেই অবিকৃত নাম, সেই অপ্রতিহতা বুদ্ধি, সেই বাক্য, এবং ধনের মত্ততা না থাকিলে সেই পুরুষ, কিন্তু ধন হইলে ক্ষণকাল মধ্যে সকলই অন্য প্রকার হয় এ কি আশ্চর্য্য॥ ১৬৯॥

এতৎ সর্ব্বমাকর্ণ্য ময়াহবলোচিতং মমাত্রা-

বস্থান মযুক্তং, ইদানীং যচ্চান্যস্মৈ এতৎ বৃত্তান্ত-কথনং তদপ্যনুচিতং।

এই সকল শুনিয়া আমি আলোচনা করিলাম আর এখানে আমার অবস্থান উচিত হয় না, সম্প্রতি অন্য ব্যক্তিকে যেএই বৃত্তান্ত কহা, তাহাও উপযুক্ত নহে।

যতঃ। অর্থনাশং মনস্তাপং, গৃহে দুশ্চরিতানি চ। বঞ্চন ঞ্চাপমানঞ্চ, মতিমান্ন প্রকাশয়েৎ॥ ১৭০ ॥

যেহেতু ধননাশ, মনস্তাপ, গৃহের মন্দ চরিত্র, পর কর্ত্তৃক বঞ্চনা, অপমান, এই সকল বুদ্ধিমান লোক প্রকাশ করিবে না॥ ১৭০॥

তথাচোক্তং। আয়ুর্ব্বিত্তং গৃহচ্ছিদ্রং, মন্ত্র মৈথুন ভেষজং। তপো দানাপমানঞ্চ, নব গোপ্যানি যত্নতঃ॥ ১৭১॥

পণ্ডিতেরা বলিয়াছেন পরমায়ু, ধন, গৃহচ্ছিদ্র, আর মন্ত্রণা, মৈথুন, ঔষধ, তপস্যা, দান এবং অপমান এই নয়টী যত্ন পূর্ব্বক গোপন করিবেক॥ ১৭১।

তথাচোক্তং। অত্যন্ত বিমুখে দৈবে, ব্যর্থে যত্নে চ পৌরুষে। মনস্বিনো দরিদ্রস্য, বনাদন্যৎ কুতঃ সুখং॥ ১৭২॥

ঐ রূপ উক্ত আছে দৈব অত্যন্ত বিমুখ হইলে আর পুরুষসাধ্য ক্রিয়া ব্যর্থ হইলে মনস্বি দরিদ্রের বন

ব্যতিরেকে আর কোথায় সুখ, অর্থাৎ তাহার অরণ্য মধ্যে বাসকরা উচিত॥ ১৭২

অন্যচ্চ। মনস্বী ম্রিয়তে কামং, কার্পণ্যং নতু গচ্ছতি। অপি নির্ব্বাণ মায়াতি, নানলো যাতি শীততাং॥ ১৭৩॥

অপর মনস্বী লোক মরিয়া যায় তথাপি কৃপণতা পায় না, যেমন অগ্নি নির্ব্বাণ হয় তথাপি স্নিগ্ধতা প্রাপ্ত হয় না। ১৭৩॥

কিঞ্চ। কুসুমস্তবকস্যেব, দ্বে বৃত্তী তু মনস্বিনঃ। সর্ব্বেষাং মূর্দ্ধ্নি বা তিষ্ঠে, দ্বিশীর্য্যেদথ বা বনে। ১৭৪॥

এবং মনস্বি লোকের পুষ্পস্তবকের ন্যায় দুই বৃত্তি, হয় সকলের মাথাতে থাকে অথবা বনে বিশীর্ণ হয়॥ ১৭৪॥

যচ্চাত্রৈব যাচ্ঞয়া জীবনং তদতীব গর্হিতং।

এই স্থানেতেই যে যাচ্ঞা করিয়া প্রাণ ধারণ, তাহা অত্যন্ত নিন্দিত।

যতঃ। বরং বিভবহীনেন, প্রাণৈঃ সন্তর্পিতো হুনলঃ। নোপচারপরিভ্রষ্টঃ, কৃপণঃ প্রার্থ্যতে জনঃ॥ ১৭৫॥

ধনহীন লোকের অগ্নিতে প্রাণ সমর্পণ করাও ভাল,

তথাপি উপচারহীন কৃপণ লোকের নিকট প্রার্থনা ভাল নয় ॥ ১৭৫ ॥

অন্যচ্চ। দারিদ্র্যাদ্ধ্রিয়মেতি হ্রীপরিগতঃ প্রভ্রশ্যতে তেজসো, নিস্তেজাঃ পরিভূয়তে পরিভবান্নির্ব্বেদ মাপদ্যতে। নির্ব্বিণ্নঃ শুচমেতি শোকনিহতো বুদ্ধ্যা পরিত্যজ্যতে, নির্বুদ্ধিঃ ক্ষয়মেত্যহো নিধনতা সর্ব্বাপদা মাস্পদং ॥ ১৭৬ ॥

এবং দরিদ্রতা হেতু লজ্জা পায়, প্রাপ্তলজ্জ লোক বল হইতে ভ্রষ্ট হয়, বলরহিত লোক পরাভূত হয়, পরাভব হইতে অজ্ঞান হয়, অজ্ঞানী জন শোক পায়, প্রাপ্তশোক লোক বুদ্ধি হইতে ভ্রষ্ট হয়, বুদ্ধিভ্রষ্ট লোক নষ্ট হয় অতএব দেখ, কি আশ্চর্য্য দারিদ্র্য সকল বিপত্তির আশ্রয় ॥ ১৭৬ ॥

কিঞ্চ। বরং মৌনং কার্য্যং নচ বচনমুক্তং যদনৃতং, বরং ক্লৈব্যং পুংসাং নচ পরকলত্রাভিগমনং। বরং প্রাণত্যাগো নচ পিশুনবাক্যেষ্টভিরুচি, বরং ভিক্ষাশিত্বং নচ পরধনাস্বাদনসুখং ॥ ১৭৭ ॥

অপর বরং মৌনব্রত করিবেক তথাপি মিথ্যা বাক্য কহিবে না। পুরুষের নপুংসকতাও ভাল পরস্ত্রীগমন ভাল নহে। প্রাণত্যাগও ভাল, খলবাক্যেতে আসক্তি

ভাল নহে, ভিক্ষা করিয়া ভোজনও ভাল, পরধনের আস্বাদন সুখ ভাল নহে ॥ ১৭৭ ॥

বরং শূন্যা শালা নচ খলু বরো দুষ্টবৃষভো, বরং বেশ্যা পত্নী ন পুনরবিনীতা কুলবধূঃ। বরং বাসোঽরণ্যে ন পুনরবিবেকাধিপপুরে, বরং প্রাণ ত্যাগো ন পুনরধমানা মুপগমঃ ॥ ১৭৮ ॥

অপর গৃহ শূন্যও ভাল, শ্রেষ্ঠ দুষ্ট বৃষভ ভাল নহে, বেশ্যা পত্নীও ভাল বিনয়রহিতা স্ত্রী ভাল নহে, বনেতেও বাস ভাল, অন্যায়ি রাজার নগরে বাস ভাল নহে, প্রাণত্যাগও ভাল, অধমের সমীপে গমন ভাল নহে ॥ ১৭৮ ॥

অপিচ। সেবেব মানমখিলং, জ্যোৎস্নেব তমো জরেব লাবণ্যং। হরিহরকথেব দুরিতং, গুণ সমূহ মপ্যর্থিতা হরতি ॥ ১৭৯ ॥

আর যেমন সেবা সমস্ত মান হরণ করে, জ্যোৎস্না অন্ধকার হরে, বৃদ্ধাবস্থা শরীরের কান্তি নষ্ট করে, বিষ্ণুর ও শিবের কথা পাপ হরে, এমনি প্রার্থনা গুণসমূহ হরণ করে ॥ ১৭৯ ॥

ইতি বিমৃশ্য তৎ কিমহং পরপিণ্ডেনাত্মানং পোষয়ামি কষ্টং ভো তদপি দ্বিতীয়ং মৃত্যুদ্বারং।

ইহা বিবেচনা করিয়া চিন্তা করিলাম তবে আমি আপনাকে কি পরপিণ্ডে পোষণ করিব তাহাও কষ্ট দ্বিতীয় যমদ্বার।

যতঃ। পল্লবগ্রাহি পাণ্ডিত্যং, ক্রয়ক্রীতঞ্চ মৈথুনং। ভোজনঞ্চ পরাধীনং, তিস্রঃ পুংসাং বিড়ম্বনাঃ॥ ১৮০॥

পল্লবগ্রাহি পাণ্ডিত্য এবং বেতন দিয়া স্ত্রীসংসর্গ আর পরাধীন ভোজন এই তিন লোকের বিড়ম্বনা॥ ১৮০॥

অন্যচ্চ। রোগী চিরপ্রবাসী, পরান্ন ভোজী পরবাসশায়ী চ। যজ্জীবতি তন্মরণং, যন্মরণং সোহস্য বিশ্রামঃ॥ ১৮১॥

অপর রোগযুক্ত ব্যক্তি ও চিরকাল প্রবাসী ও পরান্নভোক্তা, ও পর গৃহে শয়ন কর্ত্তা, ইহাদের যে বাঁচন সেই মরণ আর যে মরণ সেই বিশ্রাম॥ ১৮১॥

ইত্যালোচ্যাপি লোভাৎ পুনরপ্যর্থং গ্রহীতুমাগ্রহ মকরবং।

ইহা বিবেচনা করিয়াও লোভ প্রযুক্ত পুনর্ব্বার ধন সংগ্রহ করিতে স্থির করিলাম।

তথাচোক্তং। লোভেন বুদ্ধিশ্চলতি, লোভো

জনয়তে তৃষাং। তৃষার্ত্তো দুঃখ মাপ্নোতি, পরত্রেহ চ মানবঃ॥ ১৮২॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন লোভেতে বুদ্ধি চঞ্চলা হয়, লোভ তৃষ্ণাকে জন্মায়, তৃষ্ণা পীড়িত মনুষ্য ইহলোকে ও পরলোকে দুঃখ পায়। ১৮২॥

ততোঽহং মন্দং মন্দমুপসর্পং স্তেন বীণাকর্ণেন জর্জ্জরবংশখণ্ডেন তাড়িতশ্চাচিন্তয়ং লুব্ধো হ্যসন্তুষ্টো নিয়ত মাত্মদ্রোহী ভবতি।

তদনন্তর মন্দং গমন করত আমি সেই বীণাকর্ণ কর্ত্তৃক জর্জ্জর বংশখণ্ড দ্বারা তাড়িত হইয়া ভাবনা করিলাম লোভী ও অপরিতুষ্ট লোক অবশ্য আত্মঘাতী হয়।

তথাচ। সর্ব্বাঃ সম্পত্তয়স্তস্য, সন্তুষ্টং যস্য মানসং। উপানদ্ গূঢ়পাদস্য, ননু চর্ম্মাবৃতেব ভূঃ॥ ১৮৩॥

পণ্ডিতেরা কহিয়াছেন যাহার মন পরিতুষ্ট তাহার সকলই সম্পত্তি, যেমন জুতাতে আবৃত যাহার পদ তাহার সর্ব্বস্থানই চর্ম্মেতে আবৃত কিন্তু পৃথিবী চর্ম্ম আবৃতা নহেন॥ ১৮৩॥

অপরঞ্চ। "সন্তোষামৃত তৃপ্তানাং, যং সুখং

শান্তচেতসাং। কুতস্তদ্ধন লুব্ধানা মিতশ্চেতশ্চ ধাবতাং ॥ ১৮৪ ॥

অপর পরিতোষ রূপ অমৃতে তৃপ্ত অথচ শান্তান্তঃকরণ লোকদের যে সুখ সে সুখ ইতস্ততঃ ধাবন করে যে ধনলোভিরা. তাহারদের কোথায়? ॥ ১৮৪ ॥

কিঞ্চ। তেনাধীতং শ্রুতং তেন, তেন সর্ব্ব মনুষ্ঠিতং। যেনাশাঃ পৃষ্ঠতঃ কৃত্বা, নৈরাশ্য মবলম্বিতং ॥ ১৮৫ ॥

আর সে অধ্যয়ন করিয়াছে ও শ্রবণ করিয়াছে এবং সকল করিয়াছে যে আশাকে পশ্চাৎ করিয়া নৈরাশ্য অবলম্বন করিয়াছে ॥ ১৮৫ ॥

অপিচ। অসেবিতেশ্বরদ্বার, মদৃষ্ট বিরহব্যথং। অনুক্ত ক্লীব বচনং, ধন্যং কস্যাপি জীবনং ॥১৮৬॥

এবং সেই লোকের জীবন ধন্য যিনি ধনি দ্বার সেবা না করেন, বিরহ দুঃখ না দেখেন, নপুংসক বাক্য না কহেন ॥ ১৮৬ ॥

যতঃ। ন যোজন শতং দূরং, বাধ্যমানস্য তৃষ্ণয়া। সন্তুষ্টস্য করপ্রাপ্তে, হ্যর্থে ভবতি নাদরঃ ॥ ১৮৭ ॥

যেহেতুক ধনতৃষ্ণাতে লুব্ধের শত যোজনও দূর নয় আর সন্তুষ্টের হস্তাস্থিত ধনেতেও আদর নাই ॥ ১৮৭ ॥

তদত্রাবস্থোচিতকার্য্যপরিগ্রহঃ শ্রেয়ান্।

সেই হেতু এখানে আপনদশার উপযুক্ত কর্ম্ম-করাই মঙ্গল।

উক্তঞ্চ। কোধর্ম্মো ভূতদয়া, কিং সৌখ্যং নিত্য মরোগিতা জগতি। জন্তোঃ কঃ স্নেহঃ সদ্ভাবঃ, কিং পাণ্ডিত্যং পরিচ্ছেদঃ॥ ১৮৮॥

পণ্ডিতেরা কহিয়াছেন সংসারে প্রাণির ধর্ম্ম কি এই প্রশ্নে, উত্তর প্রাণি সকলে দয়া। সুখ কি? সর্ব্বদা অরোগিতা। স্নেহ কি? সদ্ভাব। পাণ্ডিত্য কি? সদ-সদ্বিবেচনা॥ ১৮৮॥

তথাচ। পরিচ্ছেদোহি পাণ্ডিত্যং, যদাপন্না বিপত্তয়ঃ। অপরিচ্ছেদ কর্ত্তৃণাং, বিপদঃ স্যুঃ পদে পদে॥ ১৮৯॥

বিজ্ঞেরা কহিয়াছেন বিপদ্দশাতেও যে সদসদ্বিবে-চনা সেই পাণ্ডিত্য, সদসদ্বিবেচনা রহিতের পদে২ বিপত্তি॥ ১৮৯॥

তথাহি। ত্যজেদেকং কুলস্যার্থে, গ্রামস্যার্থে কুলং ত্যজেৎ। গ্রামং জনপদস্যার্থে, আত্মার্থে, পৃথিবীং ত্যজেৎ॥ ১৯০।

আর কুলের নিমিত্ত এক জনকে ত্যাগ করিবেক, গ্রামের নিমিত্ত কুলকে ত্যাগ করিবেক, দেশের নিমিত্তে

গ্রাম ত্যাগ করিবেক এবং আপনার নিমিত্ত পৃথিবী ত্যাগ করিবেক ॥ ১৯০ ॥

অপরঞ্চ। পানীয়ং বা নিরায়াসং, স্বাদ্বন্নং বা ভয়োত্তরং। বিচার্য্য খলু পশ্যামি, তৎসুখং যত্র নির্বৃতিঃ। ১৯১ ॥

অপর অনায়াস প্রাপ্ত জল ও ভয়ের পর স্বাদু অন্ন, এ দুয়ের মধ্যে নিশ্চয় বিচার করিয়া দেখিতেছি যাহাতে নির্ব্বাহ হয় সেই সুখ। ১৯১ ॥

ইত্যালোচ্যাহং নির্জ্জন বন মাগতঃ।

এই রূপ আলোচনা করিয়া আমি নির্জ্জন বনে আসিলাম।

যতঃ। বরং বনং ব্যাঘ্র গজেন্দ্র সেবিতং, দ্রুমালয়ঃ পক্ক ফলাম্বু ভোজনং। তৃণানি শয্যা পরিধান বল্কলং, ন বন্ধু মধ্যে ধনহীন জীবনং ॥ ১৯২ ॥

যেহেতু ব্যাঘ্র ও বৃহৎ হস্তিসেবিত অরণ্যও ভাল বৃক্ষ আশ্রয়ও ভাল পক্কফল ও জল আহারও ভাল, তৃণ শয্যাও ভাল, বৃক্ষের বাকল পরিধানও ভাল, তথাপি বান্ধব লোকের মধ্যে ধনরহিত হইয়া জীবন ধারণ ভাল নহে ॥ ১৯২ ॥

ততোঽপ্যস্মৎপুণ্যবলোদয়াদনেন মিত্রেণাহং

স্নেহানুবৃত্ত্যা অনুগৃহীতঃ, অধুনা পুনঃ পুণ্যবলো-দয়া ভবদাশ্রয়ঃ স্বর্গএব ময়া প্রাপ্তঃ।

তদনন্তর আমার পুণ্যবল এই মিত্র কর্ত্তৃক আমি অনুগৃহীত হইয়াছি ইদানীং আমার পুণ্যবলের প্রকাশ হেতু তোমার আশ্রয় স্বর্গই প্রাপ্ত হইলাম।

যতঃ। সংসার বিষবৃক্ষস্য, দ্বে এব রসবৎ ফলে। কাব্যামৃত রসাস্বাদঃ, সঙ্গমঃ সুজনৈঃ সহ ॥ ১৯৩ ॥

যেহেতু সংসার রূপ বিষবৃক্ষের দুইটী রসাল ফল, কাব্যরূপ অমৃত রসের আস্বাদন এক এবং সুজনের সহিত মিলন এক ॥ ১৯৩ ॥

মন্থর উবাচ।

অর্থাঃ পাদরজোপমা গিরিনদীবেগোপমং যৌবনং, আয়ুষ্যং জলবিন্দু লোলচপলং ফেনোপমং জীবিতং। ধর্ম্মং যো ন করোতি নিন্দিতমতিঃ, স্বর্গার্গলোদ্ঘাটনং পশ্চাত্তাপযুতো জরা পরিগতঃ শোকাগ্নিনা দহ্যতে।

মন্থর কহিল ধন পায়ের ধূলার ন্যায়, যৌবন পর্ব্বতস্থ নদী বেগের ন্যায়, জলবিন্দু যেমন চঞ্চল এমনি পরমায়ু অস্থির, আর জীবন ফেনার ন্যায় ক্ষণভঙ্গুর ইহা জানিয়া যে মন্দবুদ্ধি স্বর্গের অর্গলোদ্ঘাটক ধর্ম্ম

না করে সে পশ্চাৎ বৃদ্ধাবস্থা উপস্থিত হইলে তাপিত হইয়া শোকরূপ অগ্নিতে দগ্ধ হয়।

যুষ্মাভি রত্নিসঞ্চয়ঃ কৃতস্তস্যায়ং দোষঃ।

তোমরা অত্যন্ত সঞ্চয় করিয়াছিলা তাহার এই দোষ।

শৃণু। উপার্জ্জিতানাং বিত্তানাং, ত্যাগ একো হি রক্ষণং। তড়াগোদর সংস্থানাং, পরিবাহ ইবাম্ভসাং॥ ১৯৪॥

শুন। জলাশয় মধ্যস্থিত জলের বহনেতেই জল অধিক হয়, অতএব অর্জিত ধনের দান দ্বারা রক্ষা জন্মায়॥ ১৯৪॥

অন্যচ্চ। যদধোঽধঃ ক্ষিতৌ বিত্তং, নিচখান মিতম্পচঃ। তদধো নিলয়ং গন্তুং, চক্রে পন্থান মগ্রতঃ॥ ১৯৫॥

অপর কৃপণ লোক মৃত্তিকাতে যে নীচেং ধন পোতে সে নীচস্থানে যাইবার নিমিত্ত অগ্রেই পথ করে॥ ১৯৫॥

অন্যচ্চ। নিজ সৌখ্যং নিরুন্ধানো, যো ধনার্জন মিচ্ছতি। পরার্থভারবাহীব, ক্লেশস্যৈব হি ভাজনং॥ ১৯৬॥

অপর আত্মার সুখ নিরোধ করত যে লোক ধনা-

জ্জন ইচ্ছা করে সে পরের নিমিত্ত তার বাহকের ন্যায় কেবল দুঃখের ভাজন হয়॥ ১৯৬॥

অপরঞ্চ। দানোপভোগ হীনেন, ধনেন ধনিনো যদি। ভবীমঃ কিন্ন তেনৈব, ধনেন ধনিনো বয়ং॥ ১৯৭॥

এবং দান ও উপভোগ রহিত ধনে যদি লোক ধনবান্ হয় তবে সেই ধনে আমরাও ধনবান্ না হই কেন?॥ ১৯৭॥

অন্যচ্চ। অসম্ভোগেন সামান্যং কৃপণস্য ধনং পরৈঃ। অস্যেদমিতি সম্বন্ধো, হানৌ দুঃখেন গম্যতে॥ ১৯৮॥

অপর। উপভোগ রহিত একারণ কৃপণের ধন পর ধনের তুল্য, আমার এ ধন এই সম্বন্ধ মাত্র, কিন্তু তাহা নষ্ট হইলে কেবল দুঃখ জন্মায়॥ ১৯৮॥

তথাচোক্তং। দানং প্রিয়বাক্ সহিতং, জ্ঞানমগর্ব্বংক্ষমান্বিতং শৌর্য্যং। বিত্তং ত্যাগ নিযুক্তং, দুর্ল্লভ মেতচ্চ তুষ্টয়ং লোকে॥ ১৯৯॥

পণ্ডিতেরা কহিয়াছেন প্রিয়বাক্য সহিত দান অহঙ্কার রহিত জ্ঞান, ক্ষমাযুক্ত শূরত্ব, দান নিযুক্ত ধন, এই চারি সংসারে দুর্ল্লভ। ৯৯॥

উক্তঞ্চ। কর্ত্তব্যঃ সঞ্চয়ো নিত্যং, কর্ত্তব্যো

নাতিসঞ্চয়। পশ্য সঞ্চয়শীলহোসৌ, ধনুষা জম্বুকো হতঃ ॥ ২০০ ॥

বিজ্ঞেরা কহিয়াছেন সর্ব্বদা সঞ্চয় করিবেক কিন্তু অত্যন্ত সঞ্চয় করিবেক না কারণ অতিসঞ্চয়ী শৃগাল ধনুতে নষ্ট হইয়াছিল ॥ ২০০ ॥

তাবাহতুঃ কথমেতৎ।

কাক ও মূষিক বলিল এ কি প্রকার?

মন্থরঃ কথয়তি।

মন্থর কহিতেছে।

অস্তি কল্যাণকটকে বাস্তব্যো ভৈরবো নাম্না ব্যাধঃ। সচৈকদা মৃগমন্বিষ্যমাণো বিন্ধ্যাটবীং গতবান্। ততস্তেন ব্যাপাদিতং মৃগমাদায় গচ্ছতা ঘোরাকৃতিঃ শূকরো দৃষ্টঃ তং দৃষ্ট্বা মৃগং ভূমৌ নিধায় শূকরঃ শরেণাহতঃ।

কল্যাণ কটক নামক গ্রামে ভৈরবনামা ব্যাধ ছিল, সে এক দিবস মৃগ অন্বেষণ করিতে বিন্ধ্যাটবী যায়। অনন্তর এক মৃগকে নষ্ট করিয়া আনিতে ছিল, ইতি মধ্যে একটা ভয়ানক শরীর বরাহকে দেখিতে হরিণকে ভূমিতে রাখিয়া শরদ্বারা তাহাকে বধ করিল ॥

শূকরেণাপি ঘনঘোর গর্জ্জনং কৃত্বা ব্যাধঃ স মুষ্ক দেশে হতঃ। ব্যাধশ্ছিন্নদ্রুমইব ভূমৌ নিপপাত।

শূকরও তর্জ্জন গর্জ্জন করিয়া ব্যাধের অণ্ডকোষে মারিল তাহাতে ব্যাধতে ছিন্ন বৃক্ষের ন্যায় ভূমিতে পড়িয়া মরিয়াগেল।

যতঃ। জলমগ্নির্বিষং শস্ত্রং, ক্ষুদ্ব্যাধী পতনং গিরেঃ। নিমিত্তং কিঞ্চিদাসাদ্য, দেহী প্রাণান্ বিমুঞ্চতি। ২০১।

যেহেতু জল কিম্বা অগ্নি কিম্বা বিষ কিম্ব শস্ত্র কিম্বা ক্ষুধা কিম্বা রোগ কিম্বা পর্ব্বত হইতে পতন ইত্যাদি যৎকিঞ্চিৎ নিমিত্ত পাইয়া জীব প্রাণ ত্যাগ করে॥ ২০১

অথ তস্য পাদাস্ফালনেন সর্পেকোঽপি মৃতঃ।

অনন্তর বরাহের পা আছড়ানেতে এক সপও মরিল।

অথানন্তরং দীর্ঘরবনামা জম্বুকঃ পরিভ্রমন্নাহারার্থী তান্মৃতান্মৃগব্যাধসর্পশূকরান্ অপশ্যৎ অচিন্তয়চ্চ অহো অদ্য মহদ্ভোজ্যং মে সমুপস্থিতং।

তাহারপরে দীর্ঘরব নামে শৃগাল আহারের নিমিত্ত ভ্রমণ করত মৃত সেই মৃগ ও ব্যাধ ও সর্প ও বরাহকে দেখিল এবং চিন্তা করিল কি আশ্চর্য্য আজি বড় খাদ্য দ্রব্য আমার উপস্থিত হইল।

অথবা। অচিন্তিতানি দুঃখানি, যথৈবায়ান্তি দেহিনাং। সুখান্যপি তথা মন্যে, দৈবমত্রাতিরিচ্যতে॥ ১০২॥

কিম্বা প্রানিরদের দুঃখ চিন্তিত না হইলেও যেমন আইসে তেমনি সুখও মানি ইহাতে দৈবই অতিরিক্ত হন॥ ১০২॥

তদ্ভবতু এষাং মাংসৈর্মাসত্রয়ং মে সুখেন গমিষ্যতি।

সে যাহা হউক সম্প্রতি ইহাদের মাংসেতে আমার তিন মাস সুখেতে যাইবে।

উক্তঞ্চ। মাসমেকং নরোযাতি, দ্বৌ মাসৌ মৃগশূকরৌ। অহিরেকং দিনং যাতি, অদ্য ভক্ষ্যোধনুর্গুণঃ॥ ২০৩॥

আরও কহিল মনুষ্য এক মাস যাইবে মৃগ ও শূকর দুই মাস যাইবে, সর্প এক দিন যাইবে অদ্য ধনুর ছিলা ভক্ষণ করিব॥ ২০৩॥

ততঃ প্রথম বুভুক্ষায়ামিদং নিঃস্বাদু কোদণ্ড-লগ্নং স্নায়ুবন্ধনং খাদামীত্যুক্ত্বা তথা কৃতে সতি ছিন্নে স্নায়ুবন্ধনে উৎপতিতেন ধনুষা হৃদি নির্ভিন্নঃ স দীর্ঘরবঃ পঞ্চত্বমাগতঃ।

অনন্তর প্রথম ক্ষুধাতে এই আস্বাদন রহিত ধনুঃ-

স্থিত চর্ম্মের ছিলা খাই ইহা কহিয়া তাহা করিল পরে স্নায়ুর বন্ধন ছিঁড়িলে ধনু হৃদয়ে লাগিয়া সে দীর্ঘরব পঞ্চত্ব পাইল।

অতোঽহং ব্রবীমি কর্ত্তব্যঃ সঞ্চয়ো নিত্য-মিত্যাদি।

অতএব আমি বলি সঞ্চয় অবশ্য করিবেক কিন্তু অতিশয় সঞ্চয় করিবেক না।

তথাচ। যদ্দদাতি যদশ্নাতি, তদেব ধনিনো ধনং। অন্যে মৃতস্য ক্রীড়ন্তি, দারৈরপি ধনৈ-রপি ॥ ২০৪ ॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন মৃত ব্যক্তির স্ত্রীতে ও ধনেতে অন্য লোকেরা ক্রীড়া করে অতএব যাহা দেও ও যাহা খাও সেই ধনবানের ধন ॥ ২০৪ ॥

যদ্দদাতি বিশিষ্টেভ্যো, যচ্চাশ্নাতি দিনে দিনে। তত্তে বিত্তমহং মন্যে, শেষ্যং কস্যাপি রক্ষতি ॥ ২০৫ ॥

অপর বিশিষ্ট পাত্রকে যাহা দেও আর প্রতিদিন যাহা ভোজন কর সেই তোমার ধন আমি এই মানি নতুবা কাহারো ভোগ্য ধন রক্ষা কর ॥ ২০৫ ॥

যাতু, কিমিদানীমতিক্রান্তোপবর্ণনেন।

যাউক, সংপ্রতি যাহা হইয়াছে তাহার বর্ণনে কি প্রয়োজন।

যতঃ। নাপ্রাপ্য মভিবাঞ্ছন্তি, নষ্টং নেচ্ছন্তি শোচিতুং। আপৎস্বপি ন মুহ্যন্তি, নরাঃ পণ্ডিতবুদ্ধয়ঃ॥ ২০৬॥

যেহেতুক জ্ঞানি লোকেরা অপ্রাপ্য বস্তুতে অভিলাষ করেন না, নষ্ট বস্তুর জন্য শোক করিতে ইচ্ছা করেন না, বিপত্তিতেও মুগ্ধ হন না॥ ২০৬॥

তৎ সখে সর্ব্বদা ত্বয়া সোৎসাহেন ভবিতব্যং।

সেই হেতু হে মিত্র, তুমি নিরন্তর উৎসাহী হইবা।

যতঃ। শাস্ত্রাণ্যধীত্যাপি ভবন্তি মূর্খা, যস্তু ক্রিয়াবান্ পুরুষঃ স বিদ্বান্। সুচিন্তিতঞ্চৌষধমাতুরাণাং, ন নামমাত্রেণ করোত্যরোগং॥ ২০৭।

যেহেতু শাস্ত্র অধ্যয়ন করিয়াও মূর্খ হয় যে পুরুষ ক্রিয়া করে সেই পণ্ডিত যেমন সুচিন্তিত ঔষধ নাম মাত্রে রোগ দূর করে না॥ ২০৭॥

অন্যচ্চ। ন স্বল্পমপ্যধ্যবসায়ভীরোঃ, করোতি বিজ্ঞান বিধি গুণং হি। অন্ধস্য কিং হস্ততলস্থিতোঽপি, প্রকাশয়ত্যর্থমিহ প্রদীপঃ॥ ২০৮॥

আর উৎসাহ রহিতের শাস্ত্রজ্ঞান অত্যল্পও গুণ

করে না। অন্ধের হস্তোপরি স্থিত প্রদীপ কি ঘট পটাদি প্রকাশ করে? ॥ ২০৮ ॥

তদত্র সখে দশাবিশেষে শান্তিঃ করণীয়া, এতদপ্যতিকষ্টং ত্বয়া ন মন্তব্যং।

সেই হেতু এখানে হে মিত্র অবস্থা বিশেষে শান্তি কর্ত্তব্য, তুমি ইহাও অত্যন্ত কষ্ট করিয়া জানিও না।

যতঃ। রাজা কুলবধূর্বিপ্রা, মন্ত্রিণশ্চ পয়োধরাঃ। স্থান ভ্রষ্টা ন শোভন্তে, দন্তাঃ কেশা নরা নখাঃ ॥ ২০৯ ॥

যেহেতু রাজা ও কুলস্ত্রী ও ব্রাহ্মণ ও মন্ত্রী ও মেঘ ও দন্ত ও চুল ও মনুষ্য ও নখ এ সকল স্থানচ্যুত হইলে শোভা পায় না। ২০৯ ॥

ইতি বিজ্ঞায় মতিমান্ স্বস্থানং ন পরিত্যজেৎ।

ইহা জানিয়া বুদ্ধিমান্ লোক স্বস্থান পরিত্যাগ করিবেন না।

কাপুরুষবচনমেতৎ।

এ কাপুরুষের বাক্য।

যতঃ। স্থানমুৎসৃজ্য গচ্ছন্তি, সিংহাঃ সৎপুরুষা গজাঃ। তত্রৈব নিধনং যান্তি, কাকাঃ কাপুরুষা মৃগাঃ ॥ ২১০ ॥

যেহেতু সিংহ ও সৎপুরুষ ও হস্তী ইহারা স্থান

ত্যাগ করিয়া যায় আর সেই স্থানেই কাক ও কাপুরুষ ও মৃগ ইহারা মরে॥ ২১০॥

তথাচোক্তং। কো বীরস্য মনস্বিনঃ স্ববিষয়ঃ কোবা বিদেশ স্তথা, যং দেশং শ্রয়তে তমেব কুরুতে বাহু প্রতাপার্জ্জিতং। যদ্দংষ্ট্রানখলাঙ্গুল প্রহরণঃ সিংহো বনং গাহতে, তস্মিন্নেব হতদ্বিপেন্দ্র রুধিরৈস্তৃষ্ণাং ছিনত্ত্যাত্মনঃ॥ ২১১॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন বীরের ও পণ্ডিতের কি স্বদেশ কি বিদেশ, যে দেশ আশ্রয় করে সেই দেশকেই বাহুবলেতে জয় করে যেহেতু দন্ত ও নখ ও লাঙ্গুল এই সকল অস্ত্র যে সিংহের, সে যেবনে যায় তাহাতেই হস্তিশ্রেষ্ঠ নষ্ট করিয়া তাহার রক্ত করণক আপনার পিপাসা নিবৃত্তি করে॥ ২১১॥

অপরঞ্চ। নিপানমিব মণ্ডূকাঃ, সরঃ পূর্ণমিবাণ্ডজাঃ। সোদ্যোগং নর মায়ান্তিঃ বিবশাঃ সর্ব্ব সম্পদঃ॥ ২১২॥

অপর যেমন ভেক সকল কূপেতে যায় আর যেমন মৎস্যাদি জলপূর্ণ জলাশয়েতে যায় এমনি সকল সম্পত্তি অবশ হইয়া উদ্যোগি মনুষ্যকে পায়॥ ২১২॥

অন্যচ্চ। সুখমাপতিতং সেবেদ্দুঃখমাপতিতং

তথা। চক্রবৎ পরিবর্ত্তন্তে দুঃখানি চ সুখানি চ ॥ ১১৩ ॥

আর আগত সুখকে সেবা করিবেক এবং আগত দুঃখকেও সেবা করিবেক যেহেতু দুঃখ ও সুখ চক্রের ন্যায় ভ্রমণ করে ॥ ১১৩ ॥

অন্যচ্চ। উৎসাহসম্পন্নমদীর্ঘসূত্রং, ক্রিয়া বিধিজ্ঞং ব্যসনে ষসক্তং। শূরং কৃতজ্ঞং দৃঢসৌহৃদঞ্চ, লক্ষ্মীঃ স্বয়ং যাতি নিবাসহেতোঃ ॥ ২১৪ ॥

অপর উদ্যোগবিশিষ্ট ও অচিরক্রিয় ও কর্ম্মকাণ্ডজ্ঞ ও ব্যসনেতে অসক্ত ও বীর ও কৃতজ্ঞ ও অনেকের মিত্র এতাদৃশ পুরুষকে লক্ষ্মী আপন বাস করিবার কারণ পান ॥ ২১৪ ॥

বিশেষতশ্চ। বিনাপ্যর্থৈ র্ধীরঃ স্পৃশতি বহু মানোন্নতিপদং, সমাযুক্তোপ্যর্থৈঃ পরিভব পদং যাতি কৃপণঃ। স্বভাবাদুদ্ভূতাং গুণসমুদয়োল্লাসি বিষয়াং, দ্যুতিং সৈংহীং কিং শ্বা ধৃতকনক মালোঽপি লভতে ॥ ১১৫ ॥

বিশেষতঃ শূর পুরুষ ধন ব্যতিরেকেও অনেক সম্মানেতে উচ্চপদ পায় আর কৃপণ লোক ধনবান্‌ হইয়াও পরাভব পায় ইহাতে দৃষ্টান্ত এই যে স্বভাবেতে জাত

অথচ গুণ সমূহেতে প্রাপ্ত যে সিংহসম্বন্ধি কান্তি, ইহা কি কুকুর স্বর্ণমালা ধারণ করিয়াও পায় ॥ ২১৫।

কিঞ্চ। ধনবানিতি হি মদো মে, কিং গতবিভবো বিষাদ মুপযামি। করনিহিত কন্দুকসমাঃ, পাতোৎপাতা মনুষ্যাণাং ॥ ২১৬ ॥

এবং ধনবত্তাপ্রযুক্তই অহঙ্কার আমার ছিল, গতবিভব হইয়া কেন বিষাদ করি ? অর্থাৎ ধন গেলে বিষণ্ণ হওয়া উচিত নয় কেননা মনুষ্যদিগের পড়া ও উঠা হস্তস্থিত ভাঁটার ন্যায় ॥ ২১৬ ॥

কিঞ্চ। অভ্রচ্ছায়া খলপ্রীতি, র্নবশস্যানি যোষিতঃ। কিঞ্চিৎ কালোপভোগ্যানি, যৌবনানি ধনানি চ ॥ ২১৭ ॥

এবং মেঘচ্ছায়া ও খলের প্রেম ও নূতন শস্য ও স্ত্রী ও যৌবন ও ধন এসকল কিঞ্চিৎ কাল উপভোগের বিষয় ॥ ২১৭ ॥

অন্যচ্চ। বৃত্ত্যর্থং নাতিচেষ্টেত, সা হি ধাত্রৈব নির্ম্মিতা। গর্ভাদুৎপতিতে জন্তৌ মাতুঃ প্রস্রবতঃ স্তনৌ ॥ ২১৮ ॥

অপর ধনের নিমিত্ত অত্যন্ত চেষ্টা করিবে না যেহেতু বিধাতাই তাহার সৃষ্টি করিয়াছেন কেননা

গর্ব্ভ হইতে জীব জন্মিলেই মাতার দুই স্তনে দুগ্ধ ক্ষরে। ২১৮।

অপিচ। সখে! যেন শুক্লীকৃতা হংসাঃ শুকাশ্চ হরিতীকৃতাঃ। ময়ূরাশ্চিত্রিতা যেন, স তে বৃত্তিং বিধাস্যতি॥ ২১৯॥

এবং হে মিত্র! যিনি হংসকে শুক্ল করিয়াছেন আর শুক পক্ষিকে হরিদ্বর্ণ করিয়াছেন আর ময়ূরকে চিত্রিত করিয়াছেন তিনি তোমার বৃত্তি বিধান করিবেন॥ ২১৯॥

অপরঞ্চ। সতাং রহস্যং শৃণু মিত্র।

আর হে মিত্র উত্তম লোকদের রহস্য শুন।

জনয়ত্যর্জ্জনে দুঃখং, তাপয়ন্তি বিপত্তিষু। মোহয়ন্তি চ সম্পত্তৌ, কথমর্থাঃ সুখাবহাঃ॥ ২২০॥

অর্থোপার্জ্জনে দুঃখ জন্মে এবং নষ্টেতে তাপ হয় আর সম্পত্তিতে মোহ জন্মায় তবে অর্থ কি প্রকারে সুখদায়ক হইল?॥ ২২০॥

অপরঞ্চ। ধর্ম্মার্থং যস্য বিত্তেহা, বরং তস্য নিরীহতা। প্রক্ষালনাদ্ধি পঙ্কস্য, দূরাদস্পর্শনং বরং॥ ২২১॥

অপর ধর্ম্মানুষ্ঠানের নিমিত্তে যাহার ধন চেষ্টা তাহার নিশ্চেষ্টতা ভাল যেহেতু কর্দ্দমের প্রক্ষালন

অপেক্ষা দূরে থাকিয়া স্পর্শ না করা ভাল ॥ ২২১ ॥

যতঃ। যথা হ্যামিষ মাকাশে, পক্ষিভিঃ শ্বাপদৈ র্ভুবি। ভক্ষ্যতে সলিলে নক্রৈ, স্তথা সর্ব্বত্র বিত্তবান্ ॥ ২২২ ॥

যেহেতু যেমন পক্ষিরা আকাশে আমিষ ভোজন করে আর ব্যাঘ্রেরা পৃথিবীতে ও কুম্ভীরেরা জলেতে খায়, তেমনি ধনবান্ লোক সর্ব্বত্র ভুক্ত হইয়া থাকে॥ ২২২ ॥

অন্যচ্চ। রাজতঃ সলিলাদগ্নে, শ্চৌরতঃ কুজনাদপি। ভয় মর্থবতাং নিত্যং, মৃত্যোঃ প্রাণভৃতামিব ॥ ২২৩ ॥

অপর রাজা হইতে, জল হইতে, অগ্নি হইতে, চোর হইতে এবং খল হইতে ধনিরদের সর্ব্বদাই ভয়, যেমন যম হইতে প্রাণিদের সর্ব্বদা ভয় ॥ ২২৩ ॥

তথাহি। জন্মনি ক্লেশবহুলে, কিন্নু দুঃখমতঃপরং। ইচ্ছা সম্পদ্যতো নাস্তি, যচ্চেচ্ছা ন নিবর্ত্ততে ॥ ২২৪ ॥

এবং দুঃখ সমূহ বিশিষ্ট সংসারে ইহার পর আর দুঃখ কি যাহাতে ইচ্ছানুরূপ সম্পত্তি হয় না এবং ইচ্ছাও নিবৃত্তি পায় না ॥ ২২৪ ॥

অন্যচ্চ। ভ্রাতঃ শৃণু।

হে ভাই আর শুন।

ধনং তাবদসুলভং, লব্ধং কৃচ্ছ্রেণ রক্ষ্যতে। লব্ধ-
নাশে যথা মৃত্যু, স্তস্মাদেতন্ন চিন্তয়েৎ॥ ২২৫॥

ধন অতি দুর্লভ, ধন পাইলে কষ্টেতে রক্ষা হয় আর প্রাপ্ত ধনের নাশ মৃত্যু তুল্য সেই হেতুক ধনচিন্তা করিবেক না॥ ২২৫॥

তৃষ্ণাং চেহ পরিত্যজ্য, কো দরিদ্রঃ ক ঈশ্বরঃ।
তস্যাশ্চেৎ প্রসরো দত্তো, দাস্যঞ্চ শিরসি
স্থিতং॥ ২২৬॥

ধন বিষয়ে তৃষ্ণা পরিত্যাগ করিলে কে দরিদ্র কে ধনী? যদি ঐ তৃষ্ণাকে স্থান দেয় তবে দাস্য মাথার উপরে থাকে॥ ২২৬॥

অপরঞ্চ। যদ্যদেবহি বাঞ্ছেত, ততোবাঞ্ছা প্রব-
র্ত্ততে। প্রাপ্ত এবার্থতঃ সোর্থ, স্ততো বাঞ্ছা নিব-
র্ত্ততে॥ ২২৭॥

অপর, বিষয়কে যত বাঞ্ছা কর ততই বাঞ্ছা বৃদ্ধি পায় কেনন৷ বিষয় প্রাপ্ত হইলেই তাহা হইতে বাঞ্ছা নিবৃত্ত হইয়া অন্যার্থ হয়॥ ২২৭॥

কিং বহুনা মম পক্ষপাতেন মৱৈৱ সহাত্র কালো
নীয়তাং।

আর আমার অনেক পক্ষপাতে কি প্রয়োজন আমারি সহিত এখানে কাল যাপন কর।

যতঃ। আমরণান্তাঃ প্রণয়াঃ কোপাস্তৎক্ষণভঙ্গুরাঃ। পরিত্যাগাশ্চ নিঃসঙ্গা, ভবন্তি হি মহাত্মনাং॥ ২২৮॥

যেহেতু উত্তম লোকদিগের প্রীতি মরণ পর্য্যন্ত থাকে আর ক্রোধ অত্যল্প কালে নষ্ট হয় এবং পরিত্যাগ সঙ্গ রহিত হয়॥ ২২৮॥

ইতি শ্রুত্বা লঘুপতনকো ব্রূতে ধন্যোঽসি মন্থর সর্ব্বথা শ্লাঘ্যগুণোঽসি।

ইহা শুনিয়া লঘুপতনক কহিতেছে মন্থর তুমি ধন্য, তুমি প্রশংসিত গুণবিশিষ্ট।

যতঃ। সন্তএব সতাং নিত্য, মাপদুদ্ধরণ ক্ষমাঃ। গজানাং পঙ্কমগ্নানাং, গজাএব ধুরন্ধরাঃ॥ ২২৯॥

যেহেতু উত্তম লোকেরদের উত্তম লোকই বিপত্তারণ যোগ্য ইহাতে দৃষ্টান্ত পঙ্কপতিত হস্তির হস্তীই উদ্ধার কর্ত্তা॥ ২২৯॥

শ্লাঘ্যঃ সএকো ভুবি মানবানাং স উত্তমঃ সৎপুরুষঃ সধন্যঃ। যস্যার্থিনো বা শরণাগতা বা, নাশাবিভঙ্গা বিমুখাঃ প্রয়ান্তি॥ ২৩০॥

পৃথিবীতে মনুষ্যদেরমধ্যে কেবল সেই এক ব্যক্তি

প্রতিষ্ঠিত সেই মহৎ, সেই সৎপুরুষ, সেই ধন্য, যাঁহার নিকটে যাচকেরা এবং শরণাপন্ন লোকেরা আসিয়া নৈরাশ্যে বিমুখ হইয়া না যায়। ২৩০॥

তদেবন্তে স্বেচ্ছাহারবিহারং কুর্ব্বাণাঃ সন্তুষ্টাঃ সুখং নিবসন্তি। অথ চিত্রাঙ্গনামা মৃগঃ কেনাপি ত্রাসিতস্তত্রাগত্য মিলিতস্তৎ পশ্চাদায়ান্তং মৃগমবলোক্য ভয়ং সঞ্চিন্ত্য মন্থরো জলং প্রবিষ্টো মূষিকশ্চ বিবরং গতঃ, কাকোঽপি উড্ডীয় বৃক্ষমারূঢ় স্ততোলঘুপতনকেন সুদূরং নিরূপ্য ভয়-হেতুর্ন কোঽপ্যায়াতীত্যালোচিতং পশ্চাত্তদ্বচনাদাগত্য পুনঃ সর্ব্বে মিলিত্বা তত্রৈবোপবিষ্টাঃ।

অনন্তর তাহারা এই প্রকারে আপনং ইচ্ছাতে আহার বিহার করত সন্তুষ্ট হইয়া সুখে বাসকরে পরে এক দিবস চিত্রাঙ্গনামা মৃগ কোন ব্যক্তি হইতে ভয় পাইয়া সেই স্থানে আসিয়া মিলিল। মৃগকে ভীত হইয়া আসিতে দেখিয়া ভয় সম্ভাবনা করিয়া মন্থর জলে প্রবিষ্ট হইল আর উন্দুর গর্ত্ত মধ্যে গেল কাকও উড়িয়া বৃক্ষে আরোহণ করিল। তাহার পর লঘু পতনক অনেক দূর পর্য্যন্ত দেখিয়া ভয়ের কারণ কিছুই আইসে না ইহা আলোচনা করিল। পশ্চাৎ তাহার বাক্যেতে সকলে পুনর্ব্বার আসিয়া সেই স্থানে মিলিয়া বসিল।

মন্থরেণোক্তং ভদ্র মৃগ স্বাগতং স্বেচ্ছয়া উদকা দ্যাহারোঽনুভূয়তামত্রাবস্থানেন বনমিদং স-নাথী ক্রিয়তাং। চিত্রাঙ্গো ব্রূতে লুব্ধকত্রাসিতোঽহং ভবতাং শরণমাগতো ভবদ্ভিঃ সহ সখ্যমিচ্ছামি।

মন্থর কহিল হে মৃগ সুখে আইলে? ইহা জিজ্ঞাসিয়া কহিল আপন ইচ্ছাতে জল তৃণাদি আহার কর, এ স্থানে অবস্থান করিয়া এই বনকে সস্বামিক করহ। চিত্রাঙ্গ বলিল আমি ব্যাধ কর্ত্তৃক ত্রাসিত হইয়া আপনকারদের শরণাগত হইলাম, আপনকারদিগের সহিত সখ্য ইচ্ছা করি।

হিরণ্যকোঽবদৎ মিত্র তাবদস্মাভিঃ সহ ভবতা যত্নেন মিলিতং।

হিরণ্যক বলিল হে মিত্র তুমি আমারদিগের সহিত অনেক কষ্টেতে মিলিয়াছ।

যতঃ। ঔরসং কৃতসম্বন্ধং, তথা বংশক্রমাগতং। রক্ষিতং ব্যসনেভ্যশ্চ, মিত্রং জ্ঞেয়ং চতুর্ব্বিধং।২৩১।

যেহেতু মিত্র চারি প্রকার হয়, তাহা কহিয়াছেন ঔরস অর্থাৎ পুত্রাদি আর কৃত সম্বন্ধ অর্থাৎ যাহার

সহিত সম্বন্ধ করিয়া মিত্রতা হয়, পুরুষানুক্রমে মিত্র আর ব্যসন হইতে রক্ষিত ॥ ২৩১ ॥

তদত্র ভবতা স্বগৃহনির্ব্বিশেষং স্থীয়তাং।

সেই হেতু আপনি এখানে আপন গৃহের ন্যায় থাকুন।

তচ্ছ্রুত্বা মৃগঃ সানন্দো ভূত্বা স্বেচ্ছাহারং কৃত্বা পানীয়ং পীত্বা জলাসন্নতরুচ্ছায়ায়ামুপবিষ্টঃ।

তাহা শুনিয়া হরিণ আহ্লাদিত হইয়া আপন ইচ্ছা-তে আহার করিয়া জলপান পূর্ব্বক জলসন্নিধিতে বৃক্ষচ্ছায়ায় বসিল।

অথ মন্থরেণোক্তং।

অনন্তর মন্থর কহিল।

সখে মৃগ এতস্মিন্নির্জ্জনে বনে কেন ত্বং ত্রাসিতঃ কদাচিৎ কিং ব্যাধাঃ অত্র সঞ্চরন্তি।

হে মিত্র মৃগ এই নির্জ্জন বনে কাহাকর্ত্তৃক তুমি ভীত হইয়াছিলে? এ বনে কখন কি ব্যাধ আইসে?

মৃগেণোক্তং।

মৃগ কহিল।

অস্তি কলিঙ্গ বিষয়ে রুক্মাঙ্গদনামা নরপতিঃ। সচ দিগ্বিজয়ব্যাপারক্রমেণাগত্য চন্দ্রভাগা-নদীতীরে সমাবাসিতকটকো বর্ত্ততে। প্রাতশ্চ

তেনাত্রাগত্য কর্পূরসরঃ সমীপে ভবিতব্যমিতি ব্যাধানাং মুখাৎ কিম্বদন্তী শ্রূয়তে। তদত্রাপি প্রাতরবস্থানং ভয়হেতুক মিত্যালোচ্য যথাবসরং কার্য্যমারভ্যতাং।

কলিঙ্গ দেশে রুক্মাঙ্গদ নামে এক ভূপাল আছেন। তিনি দিগ্বিজয় করিতে আসিয়া চন্দ্রভাগা নদীর তীরে কটক সংগ্রহ পূর্ব্বক বাস করিতেছেন। প্রাতঃকালে এখানে আসিয়া কর্পূর সরোবর নিকটে থাকিবেন। ব্যাধদিগের মুখে এই জনশ্রুতি শুনিতেছি, সেই হেতু এখানেতেও ভয়ের কারণ আছে ইহা বিবেচনা করিয়া যাহা কর্ত্তব্য হয় তাহা কর।

তচ্ছ্রুত্বা কূর্ম্মঃ সভয়মাহ জলাশয়ান্তরং গচ্ছামি।

ইহা শুনিয়া কচ্ছপ ভীত হইয়া কহিল অন্য পুষ্করিণীতে যাই।

কাকমৃগাবপি উক্তবন্তাবেবমস্তু।

কাক এবং হরিণও কহিল তাহাই হউক।

ততো হিরণ্যকো বিহস্যাহ জলাশয়ান্তরে প্রাপ্তে মন্থরস্য কুশলং, স্থলে গচ্ছতঃ কঃ প্রতীকারঃ।

পরে হিরণ্যক হাসিয়া বলিল অন্য হ্রদে গেলে মন্থরের মঙ্গল হইবে সত্য কিন্তু স্থলে যাইবার কি উপায়।

যতঃ। অম্ভাংসি জলজন্তূনাং, দুর্গং দু নিবা-

সিনাং। স্বভূমিঃ শ্বাপদাদীনাং, রাজ্ঞাংমন্ত্রী পরং বলং। ২৩২।

যেহেতু জলজন্তুর জল বড় বল, দুর্গবাসির দুর্গ বড় বল, ব্যাঘ্রাদির স্বস্থান বড় বল, রাজার মন্ত্রী বড় বল॥ ২৩২॥

সখে লঘুপতনক, প্রায়েণা নেনোপদেশেন তথা ভবিতব্যং।

সখে লঘুপতনক এই পরামর্শেতে বোধ হয় সেই প্রকার হইবে।

স্বয়ং বীক্ষ্য যথা বধ্বাঃ, পীড়িতং কুচকুট্মলং। বণিক্‌পুত্রো ভবদ্দুঃখী, ত্বং তথৈব ভবিষ্যসি॥ ২৩৩॥

যেমন বণিকপুত্র রাজপুত্র কর্তৃক আপন স্বীয় স্ত্রীর কুচ কোরক মর্দিত দেখিয়া দুঃখী হইয়াছিল তেমনি তুমি হইবা॥ ২৩৩॥

তে উচুঃ কথমেতৎ।

তাহারা বলিল এ কি প্রকার?

হিরণ্যকঃ কথয়তি।

হিরণ্যক কহিতেছে।

অস্তি কান্যকুব্জবিষয়ে বীরসেনোনাম রাজা। সচ বীরপুত্রনাম্নি নগরে নিবসতি। তেন তুরঙ্গবলো

নাম রাজপুত্রো ভোগপতিঃ কৃতঃ। সচ মহাধন স্তরুণঃ একদা স্বনগরং ভ্রাম্যন্নতিপ্রৌঢযৌবনাং লাবণ্যবতীং নাম বণিক্‌পুত্রবধূমালোকয়ামাস। ততঃ স্বহর্ম্ম্যং গত্বা স্মরাকুলমতিস্তস্যাঃ কৃতে চ দূতীং প্রেষিতবান্।

কান্যকুব্জ দেশে বীরপুত্র নামক নগরে বীরসেন নামা এক রাজা থাকেন। তিনি তুরঙ্গ বল নামে রাজ পুত্রকে সর্ব্বাধ্যক্ষ করিলে মহাধনী ও যুবা সেই রাজ পুত্র এক দিবস আপন নগর ভ্রমণ করত অত্যন্ত যুবতী লাবণ্যবতী নামে বণিক্‌পুত্র বধূকে দেখিতে পাইলেন। পরে আপন অট্টালিকাতে আসিয়া কামাতুর চিত্ত হইয়া তাহার নিমিত্ত দূতী পাঠাইলেন।

যতঃ। সন্মার্গস্তাবদাস্তে প্রভবতি পুরুষ স্তাবদেবেন্দ্রিয়াণাং, লজ্জা তাবদ্বিধত্তে বিনয়মপি সমালম্বতে তাবদেব। ভ্রূচাপাকৃষ্টমুক্তাঃ শ্রবণ পথগতা নীল পক্ষ্মাণ এতে, যাবল্লীলাবতীনাং ন হৃদি পরিণতা দৃষ্টিবাণাঃ পতন্তি। ২৩৪।

যেহেতু তাবৎ পর্য্যন্ত সৎপথ থাকে, তাবৎ পর্য্যন্ত পুরুষ ইন্দ্রিয়গণের প্রভু হন, তাবৎ পর্য্যন্ত লজ্জা থাকে আর তাবৎ পর্য্যন্ত বিনয় আলম্বন করে যাবৎ পর্য্যন্ত সুন্দরী নারীদিগের দৃষ্টিরূপ অব্যর্থ বাণ পুরুষের

হৃদয়ে না পড়ে। অন্যং বাণ কদাচিৎ ব্যর্থ হয় এ বাণ কখন ব্যর্থ হয় না আর অন্যং বাণ বংশ নির্ম্মিত ধনুতে আকৃষ্ট হইয়া ক্ষিপ্ত হয় এ শর ভ্রূরূপ ধনুতে আকৃষ্ট হইয়া ক্ষিপ্ত হয় আর অন্যং তীর কর্ণ পর্য্যন্ত গিয়া মুক্ত হয় এবং অন্যং শরের ন[illegible] পা[illegible] পাখা থাকে এ শরের চক্ষুর পাতাই নীলবর্ণ পাখা॥ ২৩৪॥

সাপি লাবণ্যবতী তদবলোকনক্ষণাৎ প্রভৃতি স্মর শর প্রহার জর্জ্জরিতচিত্তা তদেকহৃদয়াভবৎ।

এবং সেই লাবণ্যবতীও তাহার দর্শন ক্ষণ অবধি কামশরের প্রহারে জর্জ্জরিতান্তঃকরণা হইয়া তদেক-চিত্তা হইল।

তথাহ্যুক্তং। ন স্ত্রীণা মপ্রিয়ঃ কশ্চিৎ, প্রিয়োবাপি ন বিদ্যতে। গাবস্তৃণমিবারণ্যে, প্রার্থয়ন্তি নবং নবং। ২৩৫।

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন নারীদিগের অপ্রিয় কেহ নাই প্রিয়ও কেহ নাই যেমন গরু কাননেতে নূতনং ঘাস সর্ব্বদা অভিলাষ করে এইরূপ স্ত্রীলোক নূতনং পুরুষ সর্ব্বদা বাঞ্ছা করে॥ ২৩৫॥

অথ দূতীবচনং শ্রুত্বা লাবণ্যবত্যুবাচ অহং পতি[illegible] ব্রতা. কথমেতস্মিন্নধর্ম্মে পতিলঙ্ঘনে প্রবর্ত্তে।

পরে লাবণ্যবতী দূতীর বাক্য শুনিয়া কহিল আমি পতি ব্রতা, কি প্রকারে এই ভর্ত্তার ত্যাগরূপ পাপকর্ম্মে প্রবর্ত্তা হইব।

যতঃ। স ভার্য্যা যা গৃহে দক্ষা, সা ভার্য্যা যা প্রজাবতী। সা ভার্য্যা যা পতিপ্রাণা, সা ভার্য্যা যা পতিব্রতা ॥ ২৩৫ ॥

যেহেতু যে স্ত্রী গৃহ ব্যাপারে নিপুণা সেই স্ত্রী, যে পত্নী পুত্রবতী সেই পত্নী, যে স্ত্রী পতির প্রিয়া সেই স্ত্রী, যে পত্নী সাধ্বী সেই পত্নী ॥ ২৩৫ ॥

ন সা ভার্য্যেতি বক্তব্যা, যস্যা ভর্ত্তা ন তুষ্যতি। তুষ্টেভর্ত্তরি নারীণাং, সন্তুষ্টাঃ সর্ব্বদেবতাঃ ॥ ২৩৬ ॥

যাহার প্রতি স্বামী তুষ্ট না হয় তাহাকে ভার্য্যাই বলি না, যাহার প্রতি স্বামী তুষ্ট হয় তাহার সকল দেবতাই সন্তুষ্ট ॥ ২৩৬ ॥

ভর্ত্তা যস্যা গুণান্ ব্রূতে, শীলধর্ম্মসমন্বিতান্। অগ্নি সাক্ষিক মর্য্যাদো, ভর্ত্তা হি শরণং স্ত্রিয়াঃ ॥ ২৩৭ ॥

ভর্ত্তা যে স্ত্রীর স্বভাব ও ধর্ম্মের প্রশংসা করে সেই স্ত্রী উত্তমা যেহেতু অগ্নির নিকটে মর্য্যাদা প্রাপ্ত ভর্ত্তাই স্ত্রীলোকের রক্ষক ॥ ২৩৭ ॥

অতো যদ্‌যদাদিশতি মে প্রাণেশ্বর স্তদেবাহং সবি চারিতং করোমি।

এই হেতু আমার প্রাণনাথ যাহা আজ্ঞা করেন তাহাই আমি বিবেচনা না করিয়া করি।

দূত্যোক্তং সত্যতমমেতৎ।

দূতী কহিল একথা অতিসত্য।

লাবণ্যবত্যুবাচ ধ্রুবং সত্যমেতৎ।

লাবণ্যবতী কহিল এ বাক্য নিশ্চয় সত্য।

ততো দূতিকয়া গত্বা তৎসর্ব্বং তুরঙ্গবলস্যাগ্রে নিবেদিতং।

অনন্তর দূতী যাইয়া সেই সকল বৃত্তান্ত তুরঙ্গবলের সম্মুখে নিবেদন করিল।

তচ্ছ্রুত্বা তুরঙ্গবলোঽব্রবীৎ।

তাহা শুনিয়া তুরঙ্গবল বলিল।

স্বামিনানীয় সমর্পয়িতব্যেতি কথমেতৎ শক্যং।

ভর্ত্তা আনিয়া সমর্পণ করিবে ইহা কিরূপে হইবে।

কুট্টিন্যাহ উপায়ঃ ক্রিয়তাং।

কুট্টিনী কহিল উপায় করুন।

তথাচোক্তং।

উপায়েন হি যচ্ছক্যং ন তচ্ছক্যং পরাক্রমৈঃ।
শৃগালেন হতো হস্তী, গচ্ছতা পঙ্কবর্ত্মনা ॥ ২৩৮ ॥

তাহা বিজ্ঞেরা কহিয়াছেন যেহেতু উপায়েতে যাহা করিতে শক্ত হয়, তাহা বলেতে করিতে সমর্থ

হয় না। কেননা কর্দ্দম পথে গমন করত শৃগাল কর্ত্তৃক হস্তী নষ্ট হইয়াছিল ॥ ২৩৮ ॥

রাজপুত্রঃ পৃচ্ছতি কথমেতৎ।
রাজপুত্র জিজ্ঞাসিল এ কি প্রকার

সা কথয়তি।
কুট্টিনী কহিতেছে।

আসীৎ ব্রহ্মারণ্যে কর্পূরতিলকো নামহস্তী। তমব লোক্য সর্ব্বৈশৃগালাশ্চিন্তয়ন্তি স্ম যদ্যয়ং কেননা প্যুপায়েন ম্রিয়তে তদাস্মাকমেতদ্দেহেন মাস চতুষ্টয়স্য ভোজনং ভবিষ্যতি।

ব্রহ্মারণ্যেতে কর্পূরতিলক নামে এক হাতী ছিল। তাহাকে দেখিয়া সকল শৃগালেরা চিন্তা করিল যদি এ কোন উপায়ে মরে তবে ইহার শরীরে আমাদের চারি মাসের ভোজন হয়।

তত্র একেন বৃদ্ধশৃগালেন প্রতিজ্ঞাতং ময়া বুদ্ধি প্রভাবাদস্য মরণং সাধয়িতব্যং।

তাহাদের মধ্যে একটী বৃদ্ধ জম্বূক প্রতিজ্ঞা করিল আমি বুদ্ধি প্রভাবে ইহার মরণ সাধিব।

অনন্তরং স বঞ্চকঃ কর্পূরতিলকসমীপং গত্বা সাষ্টাঙ্গপাতং প্রণম্য উবাচ দেব দৃষ্টিপ্রসাদং কুরু।

পরে সেই বঞ্চক কর্পূরতিলকের নিকটে গিয়া অষ্টাঙ্গে প্রণাম করিয়া কহিল হে মহারাজ দৃষ্টিপ্রসাদ করুন।

হস্তী ব্রূতে কস্ত্বং কুতঃ সমায়াতঃ।

হস্তি বলিতেছে কে তুমি কোথাহইতে আইলা।

সোহবদৎ জম্বুকোহং।

সে কহিল আমি শৃগাল।

সর্ব্বৈর্বনবাসিভিঃ পশুভি মিলিত্বা ভবৎসকাশং প্রস্থাপিতোহহং, যদ্বিনা রাজ্ঞা অবস্থাতুং ন যুক্তং।

সমস্ত বনবাসী পশুরা মিলিয়া আপনার নিকট আমাকে পাঠায়াছেন যেহেতু রাজ ব্যতিরেকে বাস করা অনুপযুক্ত।

তদত্রাটবীরাজ্যেহভিষেক্তুং ভবান্ সর্ব্বস্বামি গুণোপেতো নিরূপিতঃ।

এই হেতু এই বন রাজ্যে অভিষেক করিবার নিমিত্ত সকল রাজলক্ষণেতে যুক্ত আপনাকে নিরূপণ করিয়াছে।

যতঃ। যঃ কুলাভিজনাচারৈ, রতিশুদ্ধঃ প্রতাপবান্। ধার্ম্মিকো নীতিকুশলঃ, স স্বামী যুজ্যতে ভুবি॥ ব২৩৯॥

যেহেতু কুলাচারাদিতে অতিপবিত্র এবং বলবান্ ধর্ম্মিষ্ঠ তথা জ্ঞানী যে ব্যক্তি, তিনিই পৃথিবীতে রাজার উপযুক্ত হয়েন ॥ ২৩৯ ॥

অপরঞ্চ পশ্য। রাজানং প্রথমং বিন্দেৎ, ততো-ভার্য্যাং ততো ধনং। রাজন্যসতি লোকেঽস্মিন্ কুতো ভার্য্যা কুতো ধনং ॥ ২৪০ ॥

আর দেখ প্রথম রাজাকে আশ্রয় করিবেক পশ্চাৎ ভার্য্যাকে লভিবেক তদনন্তর ধনার্জ্জন করিবেক কেননা এই পৃথিবীতে রাজা না থাকিলে কোথা ভার্য্যা কোথা ধন ॥ ২৪০ ॥

অপরঞ্চ। পর্জ্জন্য ইব ভূতানা, মাধারঃ পৃথিবী-পতিঃ। বিকলেঽপি হি পর্জ্জন্যে, জীব্যতে নতু ভূপতৌ ॥ ২৪১ ॥

অপর মেঘ যেমন বৃষ্টিদ্বারা সকল প্রাণির জীবনো-পায় এমনি রাজা সকল জীবের আশ্রয়। মেঘ না থাকিলেও জীব সকল বরং বাঁচে কিন্তু রাজা না থাকি-লে বাঁচে না ॥ ২৪১ ॥

নিয়ত বিষয়বর্ত্তী প্রায়শো দণ্ডযোগা, জ্জগতি পরশেঽস্মিন্ দুর্ল্লভঃ সাধুবৃত্তঃ। কৃশমপি বিক-

লং বা ব্যাধিতং বাধনং বা, পতিমপি কুলনারী দণ্ড ভীত্যাভ্যুপৈতি॥ ২৪২॥

অপর রাজদণ্ডেতেই লোক প্রায় আপনাপন কর্ত্তব্য কর্ম্ম করে কেননা এই পরাধীন সংসারে সচ্চরিত্র লোক দুর্লভ। তাহার প্রমাণ ভর্ত্তা যদি কৃশও হন কিম্বা অঙ্গহীনও হন কিম্বা রুগ্নও হন কিম্বা নির্দ্ধনও হন তথাপি দণ্ড ভয়ে কুলস্ত্রী তাহাতে উপগতা হন॥ ২৪২।

তদ্যথা লগ্নবেলা ন বিচলতি তথা কৃত্বা সত্বর মাগম্যতাং দেবেন ইত্যুক্ত্বা উত্থায় চলিতঃ

সেইহেতু যে প্রকারে লগ্ন সময় না যায় সেই প্রকারে করিয়া মহারাজ শীঘ্র আসুন ইহা কহিয়া উঠিয়া চলিল।

ততোহসৌ রাজ্যলোভাকৃষ্টঃ কর্পূরতিলকঃ শৃগাল বর্ত্মনা ধাবন্মহাপঙ্কে নিমগ্নঃ।

তৎপরে রাজ্যলোভে লুব্ধ হইয়া কর্পূরতিলক শৃগালের পথে ধাবমান হওত বৃহৎ পঙ্কে পতিত হইল।

ততস্তেন হস্তিনা উক্তং সখে শৃগাল কি মধুনা বিধেয়ং পঙ্কে নিপতিতোহহং ম্রিয়ে, পরাবৃত্য পশ্য।

তদনন্তর হস্তী কহিল হে বন্ধু শৃগাল, এখন কি কর্ত্তব্য, আমি পঙ্কে পড়িয়া মরি, ফিরিয়া দেখ।

শৃগালেন বিহস্যোক্তং দেব, মম পুচ্ছকাবলম্বনং কৃত্বা উত্তিষ্ঠ যস্মান্মদ্বিধস্য বচসি ত্বয়া প্রত্যয়ঃ কৃত স্তদনুভূয়তামশরণং দুঃখমিতি।

শৃগাল হাস্য করিয়া কহিল হে মহারাজ আমার লাঙ্গুল অবলম্বন করিয়া উঠ যেহেতু আমার তুল্য ব্যক্তির কথাতে বিশ্বাস করিয়াছ সেই হেতু অরক্ষিত দুঃখ অনুভব কর!

তথাচোক্তং। যদি সৎ সঙ্গনিরতো, ভবিষ্যসি ভবিষ্যসি। তদ্য সজ্জনগোষ্ঠীষু পতিষ্যসি পতিষ্যসি॥ ২৪৩॥

পণ্ডিত কর্তৃক তাহা উক্ত হইয়াছে যদি সাধু লোকেরদের সঙ্গেতে আসক্ত হইবে তবেই সজ্জন সভায় পড়িবা॥ ২৪৩॥

ততো মহাপঙ্কে নিমগ্নো হস্তী শৃগালৈর্ভক্ষিতঃ।

তদনন্তর মহাপঙ্কে পতিত হওয়াতে জম্বুকেরা সেই হস্তিকে ভক্ষণ করিল।

অতোঽহং ব্রবীমি উপায়েন হি যচ্ছক্য মিত্যাদি।

এই নিমিত্তে আমি বলি উপায়েতে যাহা করা যায় তাহা পরাক্রমে করা যায় না ইত্যাদি।

ততঃ কুট্টিন্যুপদেশেন তং চারুদত্তনামানং বণিক্‌পুত্রং স রাজপুত্রঃ সেবকং চকার।

তাহার পর কুট্টিনীর উপদেশে সেই রাজপুত্র চারুদত্ত নামা বণিক্‌ পুত্রকে ভৃত্য করিল।

ততোঽসৌ তেন সর্ব্ববিশ্বাসকার্য্যেষু নিযোজিতঃ।

অনন্তর রাজপুত্র তাহাকে যাবতীয় বিশ্বাস কার্য্যে নিযুক্ত করিলেন।

একদা তেন রাজপুত্রেণ স্নানোপস্থিতেন কনক রত্নালঙ্কারধারিণা প্রোক্তং অদ্যারভ্য মাস মেকং গৌরীব্রতং কর্ত্তব্যং তদত্র প্রতিরাত্র মেকাং কুলীনাং যুবতীমানীয় সমর্পয়, সা ময়া যথো চিতেন বিধিনা পূজয়িতব্যা।

এক দিবস সেই রাজপুত্র স্বর্ণ ও রত্নেতে নির্ম্মিত আভরণ ধারণ পূর্ব্বক স্নান করিতে উপস্থিত হইয়া কহিলেন আজি অবধি একমাস পর্য্যন্ত আমি গৌরীব্রত করিব সেই হেতু প্রতিরাত্রিতে এক২টী কুলীনা যুবতী স্ত্রীকে আনিয়া দেও, সেই স্ত্রীকে আমি যথোপযুক্ত বিধানে পূজা করিব।

ততঃ স চারুদত্তস্তথাবিধাং নবযুবতীমানীয় সমর্পয়তি পশ্চাৎ প্রচ্ছন্নঃ সন্ কিময়ং করোতীতি নিরূপয়তি।

তাহার পর সেই চারুদত্ত সেই প্রকার এক এক নব যুবতীকে আনিয়া সমর্পণ করে এবং লুক্কায়িত হইয়া ইনি কি করেন ইহা নিরূপণ করে।

সচ তুরঙ্গবল স্তাং যুবতী মস্পৃশন্নেব দূরাদ্বস্ত্রাল ঙ্কার গন্ধচন্দনৈঃ সম্পূজ্য রক্ষকং দত্ত্বা প্রস্থাপয়তি।

তুরঙ্গবল সেই যুবতীকে স্পর্শ না করিয়া দূর হইতে বস্ত্র অলঙ্কার গন্ধ দ্রব্য ও চন্দনাদি দিয়া পূজা করিয়া রক্ষক সঙ্গে দিয়া পাঠাইয়া দেন।

অথ বণিক্‌পুত্রেণ তদ্দৃষ্ট্বোপজাতবিশ্বাসেন লোভাকৃষ্টমনসা স্ববধূ র্লাবণ্যবতী সমানীয় সমর্পিতা॥

বণিক পুত্র তাহা দেখিয়া বিশ্বাস করিয়া ধন লোভে আকৃষ্ট চিত্ত হওত আপন স্ত্রী লাবণ্যবতীকে আনিয়া সমর্পণ করিল।

সচ তুরঙ্গবল স্তাং হৃদয়প্রিয়াং লাবণ্যবতীং বিজ্ঞায় সসম্ভ্রম মুত্থায় নির্ভর মালিঙ্গ্য নিমীলিতাক্ষঃ পর্য্যঙ্কে তয়া সহ বিললাস।

তুরঙ্গবল আপন অন্তঃকরণের প্রিয়া সেই লাবণ্যবতীকে জানিয়া শীঘ্র উঠিয়া নির্ভর আলিঙ্গন করিলেন

এবং প্রফুল্ললোচন হইয়া তাহার সহিত পালঙ্কে বিলাস করিতে লাগিলেন।

তদালোক্য বণিক্‌পুত্রশ্চিত্রলিখিতইবেতিকর্ত্তব্যতামূঢ়ঃ পরং বিষাদমুপগতঃ।

তাহা দেখিয়া কর্ত্তব্যাকর্ত্তব্য বিবেচনা শূন্য হইয়া বণিক্‌পুত্র চিত্রপুত্তলকার প্রায় স্থির হইয়া অতি বড় বিষণ্ণ হইল।

অতোহহং ব্রবীমি স্বয়ং বীক্ষ্যেত্যাদি।

অতএব আমি বলি বণিক্‌পুত্র আপন বধূর কুচ রাজপুত্র কর্ত্তৃক মর্দ্দিত দেখিয়া দুঃখী হইল ইত্যাদি।

পরন্তু মন্থর এবং তদ্ধিতবচন মবধীর্য্য মহতা ভয়েন বিমুগ্ধ ইব তজ্জলাশয় মুৎসৃজ্য চলিতঃ। তেহপি হিরণ্যকাদয়ঃ স্নেহা দনিষ্টং শঙ্কমানা মন্থরমনু গচ্ছন্তিস্ম।

কিন্তু মন্থর এই প্রকার হিত বাক্য অবজ্ঞা করিয়া বড় ভয়েতে মূঢ়ের ন্যায় হইয়া সেই জলাশয় ত্যাগ করিয়া চলিল পরে সেই হিরণ্যক ও লঘুপতনক ও চিত্রাঙ্গ স্নেহ প্রযুক্ত অমঙ্গল আশঙ্কা করিয়া তাহার পশ্চাৎ২ গেল।

ততঃ স্থলে গচ্ছন্ কেনাপি ব্যাধেন কাননং পর্য্যটতা মন্থরঃ প্রাপ্তঃ।

তাহার পর স্থলে যাইতে২ সেই মন্থর অরণ্য-ভ্রমণকারী কোন ব্যাধ কর্ত্তৃক প্রাপ্ত হইল।

ব্যাধস্তং গৃহীত্বা উত্থাপ্য ধনুষি বদ্ধা ববন্ধ, অনন্তরং ভ্রমণ ক্লেশাৎ ক্ষুৎপিপাসাকুলঃ স্বগৃহাভিমুখং চলিতঃ।

ব্যাধ তাহাকে পাইয়া ধরিয়া উঠাইয়া ধনুকে বাঁধিল, পরে ভ্রমণ জন্য শ্রম প্রযুক্ত ক্ষুধা ও পিপাসাতে ব্যাকুল হইয়া আপন গৃহের অভিমুখে চলিল।

অথ মৃগবায়সমূষিকাঃ পরং বিষাদং গচ্ছন্তস্তম্ অনুজগ্মুঃ।

অনন্তর মৃগ ও কাক ও ইন্দুর বড় বিষণ্ণ হইয়া তাহার পশ্চাৎ২ গেল।

ততো হিরণ্যকো বিলপতি।

তৎপরে হিরণ্যক বিলাপ করিতে লাগিল।

একস্য দুঃখস্য ন যাবদন্তং, গচ্ছাম্যহং পারমিবার্ণবস্য। তাবদ্দ্বিতীয়ং সমুপস্থিতং মে, ছিদ্রেষ্বনর্থা বহুলীভবন্তি॥ ২৪৪॥

সমুদ্রের পার গমনের ন্যায় এক দুঃখের শেষ না হইতে২ আমার দ্বিতীয় দুঃখ উপস্থিত হইল। হায়, ছিদ্র উপস্থিত হইলে অমঙ্গল অনেক হয়॥ ২৪৪॥

স্বাভাবিকং তু যন্মিত্রং, ভাগ্যেনৈবাভিজায়তে।
তদকৃত্রিমসৌহার্দ্দ, মাপৎস্বপি ন মুঞ্চতি ॥ ২৪৫ ॥

স্বাভাবিক যে মিত্র, সে ভাগ্যেতেই মিলে আর সেই অকৃত্রিম মিত্রতা বিপৎ কালেতেও যায় না। ॥ ২৪৫ ॥

ন মাতরি ন দারেষু, ন সোদর্য্যে ন চাত্মনি।
বিশ্বাস স্তাদৃশঃ পুংসাং, যন্মিত্রে স্বভাবজে ॥ ২৪৬ ॥

স্বাভাবিক মিত্রেতে লোকের যত প্রত্যয় হয় তত প্রত্যয় মাতাতে হয় না, স্ত্রীতে হয় না, সহোদরে হয় না এবং আপনাতেও হয় না ॥ ২৪৬ ॥

ইতি মুহুর্বিচিন্ত্যাহ অহো দুর্দ্দৈবং।

ইহা বারম্বার চিন্তা করিয়া কহিল আশ্চর্য্য দুর্দ্দৈব।

যতঃ। স্বকর্ম্মসন্তানবিচেষ্টিতানি, কালান্তরাবর্ত্তিশুভাশুভানি। ইহৈব দৃষ্টানি ময়ৈব তানি, জন্মান্তরাণীব দশান্তরাণি ॥ ২৪৭ ॥

যেহেতু স্বকর্ম্ম বশ প্রবৃত্ত কালান্তরে হয় যে ভদ্রাভদ্র, তাহা জন্মান্তরীণ অবস্থান্তরের ন্যায় ইহ লোকেতেই দেখিতে পাইলাম ॥ ২৪৭ ॥

অথবা ইত্থমেবৈতৎ।

অথবা ইহা এই প্রকারই হয়।

কায়ঃ সন্নিহিতাহপায়ঃ, সম্পদঃ পদমাপদাং।
সমাগমাঃ সাপগমাঃ, সর্ব্বমুৎ পাদি ভঙ্গুরং॥২৪৮॥

শরীর মৃত্যুর নিকটস্থ অর্থাৎ শরীর গ্রহণ করিলে অবশ্য মৃত্যু হয় আর সম্পত্তিই বিপত্তির স্থান অর্থাৎ সম্পদ হইলে অবশ্য বিপত্তি হয় আর ধনাদির সমাগমই সাপগম অর্থাৎ ধন সঞ্চিত হইলেই অবশ্য নষ্ট হয় এই প্রকারে যাবৎ জন্য বস্তু সকলই নশ্বর। ২৪৮॥

পুনর্ব্বিমৃষ্যাহ।

শোকারাতিভয়ত্রাণং, প্রীতিবিশ্রম্ভভাজনং।
কেন রত্নমিদং সৃষ্টং, মিত্রমিত্যক্ষরদ্বয়ং॥২৪৯॥

পুনর্ব্বার বিবেচনা করিয়া বলিল শোক ও শত্রু ভয় হইতে রক্ষা কর্ত্তা এবং প্রীতির বিশ্বাসপাত্র, রত্নস্বরূপ, মিত্র এই অক্ষর দুইটী কে সৃষ্টি করিয়াছেন॥২৪৯॥

কিঞ্চ। মিত্রং প্রীতিরসায়নং নয়নয়োরানন্দনং চেতসঃ, পাত্রং যৎ সুখদুঃখয়োঃ সহ ভবেন্মিত্রেণ তদ্দুর্ল্লভং। যে চান্যে সুহৃদঃ সমৃদ্ধি সময়ে দ্রব্যাভিলাষাকুলা, স্তে সর্ব্বত্র মিলন্তি তত্ত্বনিকষগ্রাবা তু তেষাং বিপৎ॥২৫০॥

অপর যে মিত্র চক্ষুর্দ্বয়ের প্রীতিরূপ রসের স্থান, চিত্তের আনন্দ জনক, সুখ দুঃখের পাত্র, তাদৃশ মিত্র দুর্ল্লভ, অন্য যে ধনাকাঙ্ক্ষী মিত্র, সে সম্পত্তি কালে

সর্ব্বত্রই গিলে, তাহারদিগের যথার্থ বুঝিবার নিমিত্ত বিপত্তিই কষ্টিপাতর স্বরূপ। ২৫০।

ইতি বহু বিলপ্য হিরণ্যকশ্চিত্রাঙ্গ লঘুপতনকা বাহ যাবদয়ং ব্যাধো বনান্ন নিঃসরতি তাবন্মন্থরং মোচয়িতুং যত্নঃ ক্রিয়তাং।

এই প্রকারে অনেক বিলাপ করিয়া হিরণ্যক চিত্রাঙ্গ ও লঘুপতনককে বলিল যাবৎ পর্য্যন্ত এই ব্যাধ বন হইতে নির্গত না হয় তাবৎ মন্থরকে ছাড়াইতে যত্ন কর।

তাবূচতুঃ সত্বরং কার্য্যমুচ্যতাং।

তাহারা দুই জনে বলিল শীঘ্র কার্য্য বল।

হিরণ্যকো ব্রূতে চিত্রাঙ্গো জলসমীপং গত্বা মৃত মিব আত্মানং দর্শয়তু।

হিরণ্যক বলিতেছে চিত্রাঙ্গ জল সন্নিধিতে গিয়া আপনাকে মৃত শরীরের ন্যায় দেখাউন।

কাকশ্চ তস্যোপরি স্থিত্বা চঞ্চ্বা কিমপি বিলিখতু, নূনমনেন লুব্ধকেন তত্র কচ্ছপং পরিত্যজ্য মৃগমাংসার্থিনা সত্বরং গন্তব্যং ততোহহং মন্থরস্য বন্ধনং ছেৎস্যামি, সমাগতে লুব্ধকে ভবদ্ভ্যাং পলায়িতব্যং।

কাক তাহার উপরে থাকিয়া ঠোঁটে করিয়া ঠোকরা-

উক তবে নিশ্চয় এই ব্যাধ সে স্থানে কচ্ছপ রাখিয়া মৃগ মাংসের নিমিত্ত ত্বরায় যাইবে তাহার পর আমি মন্থরের বন্ধন ছেদন করিব ব্যাধ নিকটে গেলে আমরা দুই জনে শীঘ্র পলাইবা।

চিত্রাঙ্গ লঘুপতনকাভ্যাং শীঘ্রং গত্বা তথানুষ্ঠিতে সতি স ব্যাধঃ শ্রান্তঃ পানীয়ং পীত্বা তরোরধস্তাদুপবিষ্ট স্তথাবিধং মৃগমপশ্যৎ।

অনন্তর চিত্রাঙ্গ ও লঘুপতনক সত্বর গিয়া সেই রূপ করিলে পর সেই লুব্ধক শ্রান্ত হইয়া জলপান করিল এবং বৃক্ষের মূলে বসিয়া সেইরূপ মৃগ দেখিতে পাইল।

ততঃ কর্ত্তরিকামাদায় প্রহৃষ্টমনা মৃগান্তিকং চলিতঃ।

তাহার পর কাতান লইয়া প্রফুল্ল চিত্তে মৃগের নিকটে চলিল।

অত্রান্তরে হিরণ্যকেনাগত্য মন্থরস্য বন্ধনে ছেদিতে স সত্বরং জলাশয়ং প্রবিবেশ। সোপি মৃগ আসন্নং ব্যাধং বিলোক্য উত্থায় পলায়িতঃ। প্রত্যাবৃত্য লুব্ধকো যাবত্তরুতলমায়াতি তাবৎ কূর্ম্মমপশ্যন্নচিন্তয়ৎ।

ইতিমধ্যে হিরণ্যক আসিয়া মন্থরের বন্ধন ছেদন

করিলে সে শীঘ্র জলাশয়ে প্রবেশ করিল। হরিণও ব্যাধকে নিকটে আসিতে দেখিয়া উঠিয়া পলাইল লুব্ধক ফিরিয়া যখন গাছের তলাতে আইল তখন কচ্ছপকে না দেখিয়া ভাবনা করিল।

উচিতমেবৈতৎ মমাসমীক্ষ্যকারিণঃ।

ভদ্রাভদ্র বিবেচনা না করিয়া কর্ম্ম করি যে আমি আমার এ উপযুক্তই হইয়াছে।

যতঃ। যো ধ্রুবাণি পরিত্যজ্য, অধ্রুবাণি নিষেবতে। ধ্রুবাণি তস্য নশ্যন্তি, অধ্রুবং নষ্টমেব হি ॥ ২৫১ ॥

যেহেতু যে লোক নিশ্চিত বিষয় পরিত্যাগ করিয়া অনিশ্চিত বিষয় চেষ্টা করে তাহার নিশ্চিত বিষয় নষ্ট হয় অনিশ্চিত বিষয় তো নষ্টই আছে ॥ ২৫১ ॥

ততোঽসৌ স্বকর্ম্মবশো ব্যাধো নিজনিবাসকটকং প্রবিষ্টঃ।

তদনন্তর ঐ ব্যাধ আপন বাসস্থানে গেল।

কর্ত্তব্যানি চ মিত্রাণি, দুর্গমানি বনানি চ। পশ্য কূর্ম্মপতি র্বদ্ধো মূষিকেণ বিমোচিতঃ ॥ ২৫২ ॥

অতএব দুর্গম বনকেও মিত্র করিবেক দেখ ব্যাধ কর্তৃক বদ্ধ কূর্ম্ম মূষিকর্তৃক মোচিত হইল ॥ ২৫২ ॥

মন্থরাদয়ঃ সর্ব্বে ত্যক্তাপদঃ স্বস্ব স্থানং গত্বা যথা সুখমাস্থিতাঃ।

মন্থর প্রভৃতি সকলে বিপদুত্তীর্ণ হইয়া আপনাপন স্থানে গিয়া সুখে থাকিল।

অথ রাজপুত্রৈঃ সানন্দচেতোভিঃ সর্ব্বং তৎশ্রুতং। সর্ব্বে তে সুখিনঃ সম্পন্না ঊচুশ্চ সিদ্ধং নঃ সমীহিতং।

রাজকুমারেরা সাহ্লাদ চিত্তে ঐ সমস্ত শুনিলেন। তাহারা সকলে সুখী হইলেন এবং কহিলেন আমারদের অভিলষিত সম্পূর্ণ হইল।

বিষ্ণুশর্ম্মোবাচ। এতাবতা ভবতামভিলষিতং সম্পন্নং অপরমপীদমস্তু।

বিষ্ণুশর্ম্মা বলিলেন এই প্রসঙ্গে তোমারদের অভিলষিত সিদ্ধ হইল অন্যও এই হউক।

মিত্রং প্রাপ্নুত সজ্জনা জনগণৈর্লক্ষ্মীঃ সমালম্ব্যতাং, ভূপালাঃ পরিপালয়ন্তু বসুধাং শশ্বৎ স্বধর্ম্মেস্থিতাঃ। আস্তাং মানসতুষ্টয়ে সুকৃতিনাং নীতির্নবোঢেব বঃ, কল্যাণং কুরুতাং জনস্য ভগবাংশ্চন্দ্রার্দ্ধ চূড়ামণিঃ॥ ২৫৩॥

হে সাধু লোকেরা তোমরা মিত্র পাও আর জন সকল সম্পত্তিকে পাউক, রাজা সকল অনবরত স্বকীয়

ধর্ম্মে থাকিয়া পৃথিবী প্রতিপালন করুন, এবং নবোঢ়া নায়িকা যেমন পুরুষের মনের সন্তোষের নিমিত্ত হয় এমনি নীতি বিদ্যা সৎপুরুষের চিত্তের পরি-তোষের নিমিত্ত হউক, আর ভগবান শিব লোক সকলের মঙ্গল করুন ॥ ২৫৩ ॥

ইতি হিতোপদেশে মিত্রলাভো নাম প্রথমকথা সংগ্রহঃ সমাপ্তঃ।

সুহৃদ্ভেদঃ।

অথ রাজপুত্রা ঊচুঃ। আর্য্য, মিত্রলাভঃ শ্রুতস্তা-বদ স্মাভি রিদানীং সুহৃদ্ভেদং শ্রোতুমিচ্ছামঃ।

অনন্তর রাজনন্দনেরা বলিলেন গুরো! আমরা মিত্রলাভ শুনিলাম সম্প্রতি সহৃদ্ভেদ শুনিতে ইচ্ছা করিতেছি।

বিষ্ণুশর্ম্মোবাচ।

বিষ্ণুশর্ম্মা বলিলেন।

সুহৃদ্ভেদং তাবৎ শৃণুত যস্যায়মাদ্যঃ শ্লোকঃ।

তোমরা সুহৃদ্ভেদ শুন, তাহার প্রথম শ্লোকের অর্থ এই।

বর্দ্ধমানো মহাস্নেহো, মৃগেন্দ্রবৃষয়োর্বনে। পিশুনেনাতি লুব্ধেন, জম্বুকেন বিনাশিতঃ॥ ২৫৪॥

অরণ্যেতে লোভী অথচ খল শৃগাল কর্ত্তৃক সিংহ ও বলীবর্দ্দের বর্দ্ধনশীল অতিশয় প্রেম নষ্ট হইয়াছিল॥ ২৫৪॥

রাজপুত্রৈরুক্তং কথমেতৎ।

রাজকুমারেরা কহিলেন এ কি প্রকার।

বিষ্ণুশর্ম্মোবাচ।

বিষ্ণুশর্ম্মা বলিতেছেন।

অস্তি দক্ষিণাপথে সুবর্ণবতী নাম নগরী, তত্র বর্দ্ধমানো নাম বণিক্ নিবসতি। তস্য প্রচুরেঽপি বিত্তে অপরান্ বন্ধূনতিসমৃদ্ধান্ সমীক্ষ্য পুনরর্থ বৃদ্ধিঃ করণীয়েতি মতি র্বভূব।

দক্ষিণা পথে সুবর্ণবতী নামে এক নগরী আছে। সেখানে বর্দ্ধমান নামে এক বণিক্ বাস করে। তাহার অনেক বিভব থাকিতেও অন্য বান্ধবদিগকে ঐশ্বর্য্য-বান্ দেখিয়া পুনর্ব্বার ধন বাড়ান কর্ত্তব্য এই বুদ্ধি হইল।

যতঃ। অধোধঃ পশ্যতঃ কস্য, মহিমা নোপচীয়তে। উপর্য্যুপরি পশ্যন্তঃ, সর্ব্বএব দরিদ্রতি॥ ২৫৫॥

যেহেতু আপন অপেক্ষা ক্ষুদ্রলোককে দেখিলে কাহার মহত্ত্ব না বাড়ে আর আপন অপেক্ষা বড় লোককে দেখিলে সকল লোকই দরিদ্র হয়॥ ২৫৫॥

অপরঞ্চ। ব্রহ্মহাপি নরঃ পূজ্যো, যস্যাস্তি বিপুলং ধনং। শশিনস্তুল্যবংশোঽপি, নির্দ্ধনঃ পরিভূয়তে॥ ২৫৬॥

অপর যাহার অনেক ধন থাকে সে ব্রহ্মঘ্ন হইলেও

পূজনীয় হয় আর চন্দ্রের তুল্য বংশ হইলেও দরিদ্র লোক অপমানিত হয়॥ ২৫৬॥

অব্যবসায়িন মলসং, দৈবপরংসাহসাচ্চ পরিহীনং। প্রমদেব বৃদ্ধপতিং, নেচ্ছত্যুপগ্রহীতুং লক্ষ্মীঃ॥ ২৫৭॥

অপর যুবতী স্ত্রী যেমন বৃদ্ধ পতিকে গ্রহণ করিতে বাঞ্ছা করেনা এমনি অব্যবসায়ি ও অলস ও দৈবপর ও সাহসরহিত পুরুষকে সম্পত্তি সংগ্রহ করিতে অভিলাষ করে না॥ ২৫৭॥

কিঞ্চ। আলস্যং স্ত্রীসেবা, সরোগিতা জন্মভূমিবাৎসল্যং। সন্তোষোহতিভীরুত্বং, ষড়্ব্যাঘাতা-মহত্ত্বস্য॥ ২৫৮॥

অপর আলস্য ও স্ত্রীসেবা ও রুগ্নতা ও জন্মস্থানের স্নেহ ও পরিতোষ ও অতিশয় ভয় এইছয় মহত্ত্বের প্রতিবন্ধক হয়॥ ২৫৮॥

যতঃ। সম্পদা সুস্থিরং মন্যো, ভবতি স্বল্পয়াপি যঃ। কৃতকৃত্যো বিধির্ম্মন্যে, ন বর্দ্ধয়তি তস্য-তাং॥ ২৫৯॥

যেহেতু যে মনুষ্য অত্যল্প সম্পত্তিতে ও আপনাকে স্বচ্ছন্দ করিয়া মানে আমি অনুমান করি বিধাতা

আপনাকে কৃতকৃত্য জানিয়া তাহার সম্পত্তি আর বাড়ান না॥ ২৫৯॥

অপরঞ্চ। নিরুৎসাহং নিরানন্দং নির্ব্বীর্য্যমরিনন্দনং। মাস্ম সীমন্তিনী কাচিৎ, জনয়েৎ পুত্রমীদৃশং॥ ২৬০॥

অপর উৎসাহ রহিত ও আনন্দ রহিত ও পরাক্রম রহিত ও শত্রু পক্ষের আহ্লাদজনক এতাদৃশ পুত্রকে কোন নারী না জন্মাউক॥ ২৬০॥

তথাচোক্তং। অলব্ধঞ্চৈব লিপ্সেত, লব্ধং রক্ষেদপক্ষয়াৎ। রক্ষিতং বর্দ্ধয়েৎ সম্যগ্, বৃদ্ধং তীর্থেষু নিঃক্ষিপেৎ॥ ২৬১॥

বিজ্ঞ কর্ত্তৃক তাহা কথিত আছে অপ্রাপ্ত যে ধন তাহা পাইবার চেষ্টা করিবেক. প্রাপ্ত যে ধন তাহা চৌরাদি হইতে রক্ষা করিবেক, রক্ষিত যে ধন তাহাকে নানা প্রকারে বাড়াইবেক, বর্দ্ধিত যে ধন, তাহা সৎকর্ম্মেতে ব্যয় করিবেক। ২৬১॥

যতঃ। অলব্ধমিচ্ছতোঽর্থযোগা, দর্থস্য প্রাপ্তিরেব ভবতি লব্ধস্যাপ্যরক্ষিতস্য, নিধেরপি স্বয়ং বিনাশঃ॥ ২৬২॥

ধন সম্বন্ধে অপ্রাপ্ত ধন পাইবার নিমিত্ত চেষ্টা

করে যে লোক তাহার ধনের প্রাপ্তি হয়, লব্ধ নিধিরও রক্ষা না করিলে আপনি তাহার নাশ হয় ॥ ২৬২ ॥

অপিচ। অবর্দ্ধমানশ্চার্থঃ, কালে স্বল্পব্যয়োঽপ্যঞ্জনবৎ ক্ষয়মেতি। অনুপভুজ্যমানশ্চ নিষ্প্রয়োজন এব সঃ ॥ ২৬৩ ॥

আর মসী যেমন অত্যল্প ব্যয় হইলেও কালেতে ক্ষয় পায় এইরূপ অবর্দ্ধিত অর্থ অত্যল্প ব্যয় হইলেও কালেতে নাশ পায়। আর যে অর্থ ভুজ্যমান না হয় সে নিষ্প্রয়োজন ॥ ২৬৩ ॥

তথাচোক্তং। ধনেন কিং যো ন দদাতি নাশ্নুতে, বলেন কিং যশ্চ রিপূন্ন বাধতে। শ্রুতেন কিং যো নচ ধর্ম্মমাচরেৎ, কিমাত্মনা যো ন জিতেন্দ্রিয়োভবেৎ ॥ ২৬৪ ॥

তাহা কথিত আছে যে না দেয় ও না খায় তাহার ধনে কি প্রয়োজন, যে বৈরিকে দমন না করে তাহার পরাক্রমে কি প্রয়োজন, যে পুণ্যানুষ্ঠান না করে তাহার অধ্যয়নে কি প্রয়োজন, যে জিতেন্দ্রিয় না হয় তাহার শরীরে কি প্রয়োজন ॥ ২৬৪ ॥

যতঃ। জলবিন্দু নিপাতেন, ক্রমশঃ পূর্য্যতে ঘটঃ। স হেতুঃ সর্ব্ববিদ্যানাং, ধর্ম্মস্য চ ধনস্য চ ॥ ২৬৫ ॥

যেহেতু জলবিন্দু পতনেতে যেমন ক্রমে ঘট পরিপূর্ণ হয় এইরূপ সকল বিদ্যা ও ধর্ম্ম ও ধনের ক্রমে বৃদ্ধি হয়॥ ২৬৫॥

দানোপভোগরহিতা, দিবসা যস্য যান্তি বৈ।
স কর্ম্মকারভস্ত্রেব, শ্বসন্নপি ন জীবতি॥ ২৬৬॥

দান ও ভোগ ব্যতিরেকে যাহার দিবস সকল যায় সে ব্যক্তি কামারের যাঁতার ন্যায় শ্বাস থাকিতেও জীবিত নয়॥ ২৬৬॥

অন্যচ্চ। অঞ্জনস্য ক্ষয়ং দৃষ্ট্বা, বল্মীকস্য চ সঞ্চয়ং। অবন্ধ্যং দিবসং কুর্য্যা, দ্দানাধ্যয়নকর্ম্মসু॥ ২৬৭॥

অপর কালীর নাশ এবং বল্মীকের বৃদ্ধি দেখিয়া দান এবং পাঠ ও বাণিজ্যাদি কর্ম্মে দিন নিরর্থক না॥ ২৬৭॥

যতঃ। কোঽতিভারঃ সমর্থানাং, কি দূরং ব্যবসায়িনাং। কো বিদেশঃ সবিদ্যানাং, কঃ পরঃ প্রিয়বাদিনাং॥ ২৬৮॥

যেহেতু বলবানের ভার কি? গুণবানের বিদেশ কি? প্রিয়ভাষির পর কে॥ ২৬৮॥

ইতি সঞ্চিন্ত্য নন্দকসঞ্জীবক নামানৌ বৃষভৌ

ধুরি নিযুজ্য শকটং নানাবিধ দ্রব্য পূর্ণং কৃত্বা বাণিজ্যার্থং গতঃ কাশ্মীরং প্রতি।

এই চিন্তা করিয়া নন্দক সঞ্জীবক নামক দুই বলীবর্দ্দকে শকটে যোজনা করিয়া নানা প্রকার দ্রব্যেতে শকট পরিপূর্ণ করত, বাণিজ্য করিতে কাশ্মীর দেশে গেল।

অথ গচ্ছতস্তস্য স্বদুর্গানাম্নি মহারণ্যে সঞ্জীবকো ভগ্নজানু র্নিপতিত, স্তমালোক্য বর্দ্ধমানোঽচিন্তয়ৎ

অনন্তর সুদুর্গনামে মহারণ্যে গমন করত তাহার সঞ্জীবক ভগ্নপদ হইয়া পড়িল। তাহাকে দেখিয়া বর্দ্ধমান চিন্তা করিল।

করোতু নাম নীতিজ্ঞো, ব্যবসায়মিতস্ততঃ। ফলং পুনস্তদেবাস্য, যদ্বিধে র্মনসি স্থিতং ॥ ২৬৯ ॥

নীতিজ্ঞ লোক ইতস্ততঃ ব্যবসায় করুক কিন্তু ইহার ফল পুনঃ তাহাই হয় যাহা বিধাতার মনে থাকে ॥ ২৬৯

কিঞ্চ। বিস্ময়ঃ সর্ব্বথা হেয়ঃ, প্রত্যূহঃ সর্ব্ব কর্ম্মণাং। তস্মা দ্বিস্ময়মুৎ সৃজ্য, সাধ্যে সিদ্ধির্বিধীয়তাং ॥ ২৭০ ॥

অপর যেহেতু বিস্ময় সকল কর্ম্মের প্রত্যূহ অতএব বিস্ময় পরিত্যাগ করিয়া সাধ্য কর্ম্মে সিদ্ধি বিধান করিবেক ॥ ২৭০ ॥

ইতি সঞ্চিন্ত্য সঞ্জীবকং তত্র পরিত্যজ্য বর্দ্ধমানঃ পুনঃ স্বয়ং ধর্ম্মপুরং নাম নগরং গত্বা মহাকায় মন্যবৃষভমেকং সমানীয় ধুরি নিযোজ্য চলিতঃ।

ইহা ভাবনা করিয়া সঞ্জীবককে সেই স্থানে পরিত্যাগ করিয়া বর্দ্ধমান পুনর্ব্বার আপনি ধর্ম্মপুর নামক নগরে গিয়া বৃহৎ শরীর অন্য এক বলীবর্দ্দ আনিয়া ভার যোজনা করিয়া চলিল।

ততঃ সঞ্জীবকোঽপি কথংকথমপি খুরত্রয়ে ভরং কৃত্বোত্থিতঃ।

অনন্তর সঞ্জীবকও কোন প্রকারে তিন খুরেতে ভর করিয়া উঠিল।

যতঃ। নিমগ্নস্য পয়োরাশৌ, পর্ব্বতাৎ পতিতস্য চ। তক্ষকেণাপি দষ্টস্য, আয়ুর্ম্মর্ম্মাণি রক্ষতি॥২৭১॥

যেহেতু অগাধ জলে মগ্ন ও পর্ব্বত হইতে পতিত ও তক্ষক কর্ত্তৃক দষ্টব্যক্তিদেরও মর্ম্মকে পরমায়ু রক্ষা করে॥ ২৭১ ॥

নাকালে ম্রিয়তে জন্তু, র্ব্বিদ্ধঃ শরশতৈরপি। কুশাগ্রেণৈব সংস্পৃষ্টঃ, প্রাপ্তকালো ন জীবতি ॥ ২৭২ ॥

শত২ শরেতে বিদ্ধ হইলেও প্রাণী অকালে মরে

না আর কাল প্রাপ্ত হইলে কুশাগ্রেতে স্পৃষ্ট হইয়াও বাঁচে না ॥ ২৭২ ॥

অরক্ষিতং তিষ্ঠতি দৈবরক্ষিতং, সুরক্ষিতং দৈবহতং বিনশ্যতি। জীবত্যনাথোঽপি বনে বিসর্জ্জিতঃ, কৃতপ্রযত্নোঽপি গৃহে ন জীবতি॥ ২৭৩ ॥

অন্তরঙ্গ কর্ত্তৃক অরক্ষিত ব্যক্তিও দৈবরক্ষিত হইলে বাঁচে আর অন্তরঙ্গ কর্ত্তৃক সুন্দররূপে রক্ষিত ব্যক্তিও দৈবহত হইলে নষ্ট হয়। দেখ কাননেতে ত্যক্ত অনাথ ব্যক্তিও বাঁচে, গৃহেতে যত্ন করিলেও বাঁচে না। ২৭৩ ॥

ততোদিনেষু গচ্ছৎসু সঞ্জীবকঃ স্বেচ্ছাহার বিহারং কৃত্বা অরণ্যং ভ্রাম্যন্ হৃষ্টপুষ্টাঙ্গো বলবান্ননাদ।

অনন্তর কয়েক দিন গেলে পর সঞ্জীবক আপন ইচ্ছাতে আহার বিহার করিয়া অরণ্যে ভ্রমণ করত হৃষ্টপুষ্টাঙ্গ হইয়া শব্দ করিল।

তস্মিন্ বনে পিঙ্গলনামা সিংহঃ স্বভুজোপার্জ্জিত রাজ্য সুখ মনুভবন্নিবসতি।

সেই বনে পিঙ্গল নামে এক সিংহ আপন বাহু বলোপার্জ্জিত রাজ্য সুখ অনুভব করত বাস করে।

তথাচোক্তং। নাভিষেকো ন সংস্কারঃ, সিংহস্য

ক্রিয়তে মৃগৈঃ। বিক্রমার্জ্জিতরাজ্যস্য, স্বয়মেব মৃগেন্দ্রতা॥ ২৭৪॥

পণ্ডিতেরা কহিয়াছেন যে পশুরা সিংহের অভিষেক করে না, সংস্কারও করে না, কিন্তু সিংহ আপনি পরাক্রমার্জ্জিত রাজ্যে মৃগেন্দ্রত্ব প্রাপ্ত হয়॥ ১৭৪॥

সচৈকদা পিপাসাকুলিতঃ পানীয়ং পাতুং যমুনাকচ্ছমগচ্ছৎ।

সেই সিংহ এক দিবস তৃষ্ণার্ত্ত হইয়া জলপান করিবার নিমিত্ত যমুনাতীরে গেল।

তেন চ তত্র সিংহেনাননুভূত পূর্ব্বমকাল ঘনগর্জ্জিত মিব সঞ্জীবনকনর্দ্দিতমশ্রাবি।

সেই সিংহ ঐ স্থানে অকাল মেঘগর্জ্জনের ন্যায় সঞ্জীবকের শব্দ শুনিল।

তৎশ্রুত্বা পানীয়মপীত্বা সচকিতঃ পরাবৃত্য স্বস্থানমাগত্য কিমিদমিত্যালোচয়ংস্তূষ্ণীং স্থিতঃ।

তাহা শুনিয়া জলপান না করিয়া সভয় হইয়া ফিরিয়া আপন স্থানে আসিল এবং এ কি ইহা আলোচনা করত চুপ করিয়া থাকিল।

সচ তথাবিধঃ করটকদমনকাভ্যামস্য মন্ত্রিপুত্রাভ্যাং শৃগালাভ্যাং দৃষ্টঃ।

ঐ সিংহের মন্ত্রিপুত্র করটক দমনক দুই শৃগাল সিংহকে সেই প্রকার দেখিতে পাইল।

তং তথাবিধং দৃষ্ট্বা দমনকঃ করটকমাহ।

তাহাকে সেই প্রকার দেখিয়া দমনক করটককে বলিল।

সখে করটক কিমিত্যয়মুদকার্থী স্বামী পানীয়-মপীত্বা সচকিতোমন্দং মন্দমবতিষ্ঠতে।

হে মিত্র করটক! এই রাজা জলপান করিতে যাইতেছিলেন, কেন জলপান না করিয়া ভীত হইয়া আস্তে আস্তে অবস্থান করিতেছেন।

করটকো ব্রূতে।

করটক বলিতেছে।

মিত্র দমনকাস্মন্মতেনাস্য সেবৈব ন ক্রিয়তে যদি তথা ভবতি তর্হি কিমনেন স্বামিচেষ্টানিরূপণেনাস্মাকং। যতশ্চানেন রাজ্ঞা বিনাপরাধেন চিরদিবস মবধীরিতাভ্যামাবাভ্যাং মহদ্দুঃখমনুভূতং।

সখে দমনক, আমার মতে ইহার সেবাই করা উচিত নয়, যদি তাহা হয় তবে এ স্বামিরচেষ্টা নিরূপণে আমাদের কি প্রয়োজন, এই রাজা অপরাধ

ব্যতিরেকে আমাদের অবজ্ঞা করাতে বহু দিন বড় দুঃখ পাইয়াছি।

অপরঞ্চ পশ্য। সেবয়া ধনমিচ্ছদ্ভিঃ, সেবকৈঃ পশ্য যৎকৃতং। স্বাতন্ত্র্যং যচ্ছরীরস্য, মূঢৈস্তদপি হারিতং॥ ২৭৫॥

আর ভৃত্যের সেবার দ্বারা ধনেচ্ছা করত যাহা করে দেখ, শরীরের যে স্বাতন্ত্র্য, তাহাও ঐ মূর্খ ব্যক্তিরা হারায়॥ ১৫৫॥

অপরঞ্চ। শীতবাতাতপক্লেশান্, সহন্তে যান্ পরাশ্রিতাঃ। তদ্বংশেনাপি মেধাবী, তপস্তপ্ত্বা, সুখী ভবেৎ॥ ২৭৬॥

অপর পরাশ্রিত লোক শীত ও বাতাস ও রৌদ্রেতে যে ক্লেশ সহ্য করে বুদ্ধিমান লোক তাহার একাংশেও তপস্যা করিয়া সুখী হয়॥ ২৭৬॥

অন্যচ্চ। এতাবজ্জন্মসাফল্যং, যদনায়ত্তবৃত্তিতা। যে পরাধীনতাং যাতা, স্তে বৈ জীবন্তি কে মৃতাঃ॥ ২৭৭॥

অপর পরের অনধীন যে জীবিকা ইহাই জন্মের সাফল্য, যাহারা পরাধীনতাকে প্রাপ্ত, তাহারা যদি জীবিত, তবে মৃত কে॥ ২৭৭॥

অপরঞ্চ। এহি গচ্ছ পতোত্তিষ্ঠ, বদ মৌনং

সমাচর। এবমাশাগ্রহগ্রস্তৈঃ, ক্রীড়ন্তি ধনি-
নোঽর্থিভিঃ॥ ২৭৮॥

এবং আইস যাও পড় উঠ মৌনাবলম্বন কর এই প্রকার আশারূপ গ্রহেতে গ্রস্ত যাচকদের সহিত ধনবানেরা ক্রীড়া করে॥ ২৭৮।

কিঞ্চ। অবুধৈ রর্থলাভায়, পণ্যস্ত্রীভিরিব স্বয়ং।
আত্মা সংস্কৃত্য সংস্কৃত্য পরোপকরণীকৃতঃ॥ ২৭৯॥

আর বেশ্যা যেমন ধন পাইবার নিমিত্ত বেশ বিন্যাস করিয়া আপন শরীরকে পরের উপকারক করে এমনি মূঢ় লোক ধন লোভের নিমিত্ত বেশ করিয়া২ আপন শরীরকে পরের উপকারক করে॥ ২৭৯॥

কিঞ্চ। যা প্রকৃত্যৈব চপলা, নিপতত্যশুচাবপি।
স্বামিনো বহু মন্যন্তে, দৃষ্টিস্তামপি সেবকঃ॥২৮০॥

আর অপবিত্রেতেও পড়ে এবং স্বভাবত চঞ্চল যে স্বামির দৃষ্টি, সে দৃষ্টিকেও ভৃত্যেরা বড় করিয়া মানে॥ ২৮০।

অপরঞ্চ। মৌনান্মূর্খঃ প্রবচনপটু র্বাতুলো জল্পকোবা, ক্ষান্ত্যা ভীরুর্যদি ন সহতে প্রায়শো নাভিজাতঃ। ধৃষ্টঃ পার্শ্বে বসতি নিয়তং দূরতশ্চা-

প্রগল্ভঃ, সেবা ধর্ম্মঃ পরমগহনো যোগিনামপ্য-
গম্যঃ ॥ ২৮১ ॥

অপর সেবা ধর্ম্ম অত্যন্ত দুজ্ঞের্য়, যোগিরদেরও অবোধ্য, কেন না যদি মৌনে থাকে তবে তাহাকে মূর্খ বলে, যদি বাক্ পটু হয় তবে তাহাকে পাগল কিম্বা বহুভাষী বলে যদি ক্ষমা থাকে তবে তাহাকে ভীরু বলে, যদি কিছু সহ্য না করে তবে তাহাকে প্রায় অনভিজাত বলে, যদি সমীপে বৈসে তবে তাহাকে অসভ্য বলে, যদি দূরে থাকে তবে তাহাকে মূঢ় বলে ॥ ২৮১ ॥

বিশেষতশ্চ ! প্রণমত্যুন্নতিহেতো জীবিতহেতো-
র্বি মুঞ্চতিপ্রাণান্। দুঃখীয়তি সুখহেতোঃ, কো-
মূঢ়ঃ সেবকাদন্যঃ ॥ ২৮২ ॥

বিশেষে বড় হইবার নিমিত্ত নত হয়, জীবনের নিমিত্তে প্রাণ ত্যাগ করে, সুখের নিমিত্তে দুঃখী হয় অতএব চাকর হইতে অন্য মূর্খ আর কে আছে ॥ ২৮২

দমনকোব্রূতে।

দমনক বলিতেছে।

মিত্র সর্ব্বথা মনসাপি নৈতৎ কর্ত্তব্যং।

হে মিত্র কোন প্রকারে মনেতেও এমত কর্ত্তব্য নয়।

যতঃ। কথং নাম ন সেব্যন্তে, যত্নতঃ পরমেশ্বরাঃ। অচিরেণৈব যে তুষ্টাঃ, পূরয়ন্তি মনোরথান্॥ ২৮৩॥

যেহেতু যাহারা তুষ্ট হইলে অল্প কালেতেই মনস্কামনা পূর্ণ করে এমন যে ধনী লোক, তাহারা কেন যত্নেতে সেব্য নয়॥ ২৮৩॥

অন্যচ্চ পশ্য।

কুতঃ সেবাবিহীনানাং, চামরোদ্ধূত সম্পদঃ।
উদ্দণ্ড ধবলচ্ছত্র, বাজি বারণ বাহনাঃ॥ ২৮৪॥

আরও দেখ সেবা রহিতের চামরে উদ্ধৃত সম্পদ কোথা আর উদ্দণ্ড ও শ্বেতচ্ছত্র ও গজ ও সেনাও কোথায়?॥ ২৮৪॥

করটকোক্ত্রতে।

তথাপি কিমনেনাস্মাকং ব্যাপারেণ।

করটক বলিতেছে তথাপি আমারদের এ ব্যাপারে কি প্রয়োজন।

যতঃ। অব্যাপারেষু ব্যাপরঃ সর্ব্বথা পরিহরণীয়ঃ।
যেহেতু অব্যাপারেতে ব্যাপার সর্ব্ব প্রকারে ত্যাজ্য।
পশ্য। অব্যাপারেষু ব্যাপারং, যো নরঃ কর্ত্তুমিচ্ছতি। স ভূমৌ নিহতঃ শেতে, কীলোৎপাটীব বানরঃ॥ ২৮৫॥

দেখ যে লোক অব্যাপারেতে ব্যাপার করিতে বাঞ্ছা করে সে কীলোৎপাটি বানরের ন্যায় নষ্ট হইয়া ভূমিতে শয়ন করে।। ২৮৫ ।।

দমনকঃ পৃচ্ছতি কথমেতৎ।

দমনক জিজ্ঞাসিতেছে এ কি প্রকার?

করটকঃ কথয়তি।

করটক কহিতেছে।

মগধদেশে ধর্ম্মারণ্য সন্নিহিত বসুধায়াং শুভদত্তনাম্না কায়স্থেন বিহারগৃহং কর্ত্তুমারব্ধং তত্র করপত্রদার্য্যমাণৈকস্তম্ভস্য কিয়দ্দূরস্ফাটিতস্য কাষ্ঠ খণ্ডদ্বয় মধ্যে কীলকং নিধায় সূত্র ধারেণ ধৃতং। তত্র বলবান্ বানরযূথঃ ক্রীড়িতুমারব্ধঃ, একো বানরঃ কালপ্রেরিতইব তং কীলকং হস্তাভ্যাং ধৃত্বোপবিষ্টঃ তত্র তস্য মুষ্কদ্বয়ং লম্বমানং কাষ্ঠখণ্ডদ্বয়াভ্যন্তরে প্রবিষ্টং।

মগধ দেশে ধর্ম্মারণ্যের নিকটে পৃথিবীতে শুভদত্ত নামে এক জন কায়স্থ কেলি গৃহ করিবার নিমিত্ত আরম্ভ করিয়াছিল। সেখানে করাত দ্বারা বিদার্য্যমাণ এক স্তম্ভের কিয়ৎ পর্য্যন্ত দুই খণ্ড হইয়াছিল। ঐ খণ্ড দ্বয়ের মধ্যে সূত্রধার এক কীলক নিধান করিয়া রাখিয়াছিল তাহাতে বানরের পাল ক্রীড়া করিতেছিল। একটা

বানর কাল প্রেরিতের ন্যায় হইয়া সেই কীল দুই হাতে ধরিয়া বসিল সেই কাষ্ঠদ্বয়ের মধ্যে তাহার দুইটী অণ্ড কোষ লম্বা হইয়া পড়িয়াছিল।

সচ সহজচপলতয়া মহতা প্রযত্নেন তং কীলক মাকৃষ্টবান্ আকৃষ্টে চ কীলকে চূর্ণিতাণ্ডদ্বয়ঃ পঞ্চত্বং গতঃ।

অনন্তর সে স্বভাবতঃ চাপল্য হেতু বড় প্রয়াসে ঐ কীলক টানিল। কীলক আকর্ষণ করিলে পর তাহার দুইটা অণ্ডকোষ বিদীর্ণ হইয়া পঞ্চত্ব পাইল।

অতোঽহং ব্রবীমি অব্যাপারেষু ব্যাপারমিত্যাদি।

এই জন্য আমি বলি যে লোক অব্যাপারে ব্যাপার করিতে ইচ্ছা করে ইত্যাদি।

দমনকো ব্রূতে। তথাপি স্বামিচেষ্টানিরূপণং সেবকেনাবশ্যং করণীয়ং।

দমনক বলিতেছে তথাপি স্বামির চেষ্টা নিরূপণ সেবকের অবশ্য কর্ত্তব্য।

করটকোব্রূতে।

করটক বলিতেছে।

সর্ব্বস্মিন্নধিকারে যএব নিযুক্তঃ প্রধানমন্ত্রী স করোতু যতোঽনুজীবিনা পরাধিকারচর্চ্চা সর্ব্বথা ন কর্ত্তব্যা।

সমস্ত কার্য্যেতে নিযুক্ত যে প্রধান মন্ত্রী, সেই করুক, যেহেতু ভৃত্যদের পরাধিকার চর্চ্চা কোন প্রকারে কর্ত্তব্য নহে।

পশ্য। পরাধিকারচর্চ্চাং যঃ, কুর্য্যাৎ স্বামিহিতেচ্ছয়া, স বিষীদতি চীৎকারা, দ্গার্দ্দভ স্তাড়িতো যথা॥ ২৮৬॥

দেখ, যে জন প্রভু হিতেচ্ছায় পরাধিকার চর্চ্চা করে সে বিষণ্ণ হয় যেমন চীৎকারেতে গর্দ্দভ তাড়িত হইয়াছিল॥ ২৮৬॥

দমনকঃ পৃচ্ছতি কথমেতৎ।

দমনক প্রশ্ন করিতেছে ইহা কি প্রকার?

করটকো ব্রূতে।

করটক কহিতেছে।

অস্তি বারাণস্যাং কর্পূরপটকো নাম রজকঃ সচাভিনববয়স্কায় বধ্বা সহ চিরং নিধুবনং কৃত্বা নির্ভর মালিঙ্গ্য প্রসুপ্তঃ। তদনন্তরং তদ্গৃহ-দ্রব্যাণি হর্ত্তুং চৌরঃ প্রবিষ্টঃ। তস্য প্রাঙ্গণে গর্দ্দভোবদ্ধ স্তিষ্ঠতি কুক্কুরশ্চোপবিষ্টোঽস্তি।

কাশীতে কর্পূর পটক নামে এক রজক থাকে সে নবযুবতী বধূর সহিত রতি করিয়া নির্ভর আলিঙ্গন করত নিদ্রিত হইয়াছে এমত সময়ে তাহার ঘরেরদ্র৮]

সকল চুরি করিবার নিমিত্তে চোর প্রবেশ করিল। তাহার উঠানেতে একটা গাদা বাঁধা থাকে এক কুক্কুরও বসিয়া থাকে।

অথ গর্দ্দভঃ শ্বানমাহ সখে ভবতস্তাবদয়ং ব্যাপারস্তং কিমিতি ত্বমুচ্চৈঃ শব্দং কৃত্বা স্বামিনং ন জাগরয়সি।

অনন্তর গাদা কুকুরকে বলিল হে মিত্র, তোমার এই কার্য্য উপস্থিত, তবে কেন তুমি উচ্চৈঃস্বরে প্রভুকে না জাগাও।

কুক্কুরো ব্রূতে ভদ্রং, মম নিয়োগস্য চর্চ্চা ত্বয়া ন কর্ত্তব্যা, ত্বমেব কিং ন জানাসি যথা তস্যাহর্নিশং গৃহরক্ষাং করোমি, যতোঽয়ং চিরান্নির্বৃতো মমোপযোগং ন জানাতি। তেনাধুনাপি মমাহারদানে মন্দাদরঃ, সত্যমেতৎ বিনা বিধুরদর্শনং স্বামিন উপজীবিষু মন্দাদরা ভবন্তি।

কুক্কুর কহিতেছে ভাল আমার কর্ম্মের চর্চ্চা তোমার কর্ত্তব্য নয় তুমি ইহা কি জান না যেরূপে দিবা রাত্রি আমি তাহার গৃহ রক্ষা করি যেহেতু চিরকাল নির্ব্বৃত এ ব্যক্তি আমার উপযোগিতা জানে না সেই হেতু এখন আমার আহার দানেতেও মন্দাদর হইয়াছে

॥সত্য বটে বৈক্লব্য দর্শন ব্যতিরেকে ভৃত্যেতে স্বামিরা মন্দাদর হন।

গর্দ্দভো ব্রূতে শৃণু রে বর্ব্বর।
গর্দ্দভ বলিতেছে শুন রে বর্ব্বর।

যাচতে কার্য্যকালে যঃ, স কিং ভৃত্যঃ স কিং সুহৃৎ। অকালে কার্য্যকর্ত্তা যঃ, স্বনাদিষ্টোপ্যসৌ সুহৃৎ॥ ২৮৭॥

যে কার্য্যকালে যাচঞা করে সে কি দাস আর সে কি মিত্র? আজ্ঞা প্রাপ্ত না হইলেও যে জন অন্য কর্ত্তব্য ব্যাপার করে সেই মিত্র॥ ২৮৭॥

কুক্কুরোব্রূতে।
কুক্কুর কহিতেছে।

ভৃত্যান্ সম্ভাষয়েদ্ যস্তু, কার্য্যকালে স কিং প্রভুঃ।
কার্য্যকালে যে লোক ভৃত্যেরদিগকে সম্ভাষা করে, সে কি প্রভু।

যতঃ। আশ্রিতানাং ভৃতৌ স্বামি, সেবায়াং ধর্ম্ম-সেবনে। পুত্রস্যোৎপাদনে চৈব, ন সন্তি প্রতি-হস্তকাঃ॥ ২৮৮॥

যেহেতু আশ্রিতদিগের পোষণেতে এবং স্বামি সেবাতে তথা পুণ্যানুষ্ঠানেতে ও সন্তান জন্মানেতে প্রতিনিধি নাই। ২৮৮।

ততোগর্দ্দভঃ সকোপমাহ অরে দুষ্টমতে পাপীয়াংস্তং যদ্বিপত্তৌ স্বামিকার্য্যে উপেক্ষাং করোষি ভবতু তাবৎ যথা স্বামী জাগরিষ্যতি তন্ময়া কর্ত্তব্যং।

অনন্তর গাদা ক্রোধ করিয়া কহিল অরে দুর্বুদ্ধি, তুই পাপিষ্ঠ যেহেতু বিপত্তিতে প্রভু কার্য্যে উপেক্ষা করিলি, হউক, যে প্রকারে স্বামী জাগেন আমি তাহা করিতেছি।

যতঃ। পৃষ্ঠতঃ সেবয়েদর্কং, জঠরেণ হুতাশনং।
স্বামিনং সর্ব্বভাবেন, পরলোক মমায়য়া ॥ ২৮৯॥

যেহেতু পৃষ্ঠভাগে সূর্য্যকে সেবা করিবেক, উদরেতে অগ্নিকে সেবা করিবেক, সর্ব্বপ্রকারে প্রভুকে সেবা করিবেক, মায়ারাহিত্যে পরলোক সেবা করিবেক ॥ ৮৯॥

ইত্যুক্ত্বা অতীব চীৎকার শব্দং কৃতবান্।

ইহা বলিয়া অতি বড় চীৎকার শব্দ করিল।

ততঃস রজক স্তেন চীৎকারেণ প্রবুদ্ধো নিদ্রাভঙ্গকোপাদুত্থায় গর্দ্দভং লগুড়েন তাড়য়ামাস তেনাসৌ পঞ্চত্বমগমৎ।

পরে সেই রজক সেই চীৎকার শব্দে জাগরিত

হইয়া নিদ্রাভঙ্গের ক্রোধে উঠিয়া লগুড় দ্বারা গাদাকে মারিল তাহাতে ঐ গর্দ্দভ পঞ্চত্ব পাইল।

অতোঽহং ব্রবীমি পরাধিকারচর্চ্চামিত্যাদি।

এইজন্য আমি বলি পরাধিকার চর্চ্চা কর্ত্তব্য নহে ইত্যাদি।

পশ্য, পশূনামন্য বিষয়ান্বেষণমেবাসন্নিয়োগঃ। স্বনিয়োগচর্চ্চা ক্রিয়তাং বিমৃষ্যাহ কিন্তু দ্যাতয়া চর্চ্চয়া ন প্রয়োজনং যতঃ আবয়োর্ভক্ষিতশেষা-হারঃ প্রচুরোঽস্তি।

দেখ পশুদের অন্য বিষয় অন্বেষণ করাই অসন্নি-য়োগ, সম্প্রতি স্বনিয়োগের চর্চ্চা কর, কিন্তু আজি সে চর্চ্চাতেও প্রয়োজন নাই কেননা আমারদের দুই জনের ভুক্তাবশিষ্ট আহার যথেষ্ট আছে।

দমনকঃ সরোষমাহ কথমাহারার্থী ভবান্ কেবলং রাজানং সেবতে এতদযুক্তমুক্তং ত্বয়া।

দমনক কোপ করিয়া কহিল তুমি কি কেবল আহা-রের নিমিত্তেই রাজাকে সেবা কর ইহা তুমি অনুপযুক্ত কহিলা।

যতঃ। সুহৃদামুপকারকারণাৎ, দ্বিষতামপ্যপ-কারকারণাৎ। নৃপসংশ্রয় ইষ্যতে বুধৈ, র্জঠরং কো ন বিভর্ত্তি কেবলং॥ ২৯০॥

যেহেতু বন্ধু লোকদিগের উপকারের নিমিত্ত আর শত্রুর অপকারের নিমিত্ত পণ্ডিতেরা রাজার আশ্রয় অভিলাষ করেন, কেবল আপন উদর কে না ভরে॥ ২৯০॥

জীবিতে যস্য জীবন্তি, বিপ্রা মিত্রাণি বান্ধবাঃ। সফলং জীবিতং তস্য, আত্মার্থে কো ন জীবতি॥ ২৯১॥

যাহার বাঁচাতে ব্রাহ্মণ ও বান্ধব বাঁচে তাহারই জীবন সার্থক, আপন নিমিত্ত কে না বাঁচে॥ ২৯১॥

অপিচ। যস্মিন্ জীবতি জীবন্তি, বহবঃ সতু জীবতু। কাকো হৃপি কিং ন কুরুতে, চঞ্চ্বা স্বোদর পূরণং॥ ২৯২॥

অপর যে বাঁচিলে অনেকে বাঁচে সেই বাঁচুক নতুবা কাকও কি চঞ্চুতে করিয়া আপন উদর পোষণ করে না? ॥ ২৯২।

পশ্য। পঞ্চভির্যাতি দাসত্বং, পুরাণৈঃ কোপি মানবঃ। কোপি লক্ষৈঃ কৃতী কোপি, লক্ষৈরপি ন লভ্যতে॥ ২৯৩॥

দেখ কোন মনুষ্য পাঁচ কাহনেতে দাসত্ব পায়, উপযুক্ত কেহ লক্ষ কার্ষাপণেতে দাসত্ব পায়, কোন লোককে লক্ষ কাহনেতেও পাওয়া যায় না॥ ২৯৩॥

অন্যচ্চ। মনুষ্যজাতৌ তুল্যায়াং, ভৃত্যত্বমতি গর্হিতং। প্রথমো যো ন তত্রাপি, স কিং জীবৎস্বু গণ্যতে॥ ২৯৪॥

অপর সমান যে মনুষ্য জাতি, তাহাতে দাসত্ব বড় নিন্দিত, তাহাতেও যে প্রধান নয় সে কি জীবিতের মধ্যে গণনীয়॥ ২৯৪॥

তথাচোক্তং। বাজি বারণ লৌহানাং, কাষ্ঠপাষাণ বাসসাং। নারীপুরুষতোয়ানা, মন্তরং মহদন্তরং॥ ২৯৫॥

পণ্ডিত কর্ত্তৃক তাহা কথিত আছে অশ্ব ও হস্তী ও লৌহের এবং কাষ্ঠ ও প্রস্তর ও বস্ত্রের এবং স্ত্রী ও পুরুষ ও জলের যে অন্তর সে অনেক অন্তর॥২৯৫।

তথা হি স্বল্পমপ্যতিরিচ্যতে। স্বল্প স্নায়ুবশাবশেষমলিনং নির্ম্মাংসমপ্যস্থিকং, শ্বা লব্ধা পরিতোষমেতি ন ভবেত্তস্য ক্ষুধা শান্তয়ে। সিংহো জম্বুক মঙ্কমাগতমপি ত্যক্ত্বা নিহন্তি দ্বিপং, সর্ব্বঃ কৃচ্ছ্রগতোঽপি বাঞ্ছতি জনঃ সত্ত্বানুরূপং ফলং॥ ২৯৬॥

আর অত্যল্পও অতিরিক্ত হয়। অত্যল্প নাড়ী বশা ও মেদ বিশিষ্ট অবশিষ্ট মলিন মাংস রহিত অস্থিও পাইয়া কুকুর সন্তোষ পায় তথাচ তাহার ক্ষুধানিবৃত্তির

নির্বিঘ্ন হয় না। পরন্তু সিংহ ক্রোড়েতে প্রাপ্ত শৃগাল-কেও ত্যাগ করিয়া হস্তিকে নষ্ট করে, অতএব সমস্ত প্রাণী কষ্ট পাইল ও আপন উপযুক্ত ফলই বাঞ্ছা করিয়া থাকে ॥ ২৯৬॥

অপরঞ্চ। সেব্যসেবকয়োরন্তরং পশ্য।

অপর সেব্য ও সেবকের অন্তর দেখ।

লাঙ্গূলচালনমধশ্চরণাবপাতং ভূমৌ নিপত্য,বদনোদরদর্শনঞ্চ। শ্বা পিণ্ডদস্য কুরুতে গজপুঙ্গবস্তু, ধীরং বিলোকয়তি চাটুশতৈশ্চ ভুঙ্ক্তে ॥ ২৯৭

কুক্কুর গ্রাস পরিমিত অন্নদাতার নিকটে লাঙ্গূল লাড়ে আর পদতলে পড়ে এবং ভূমিতে পড়িয়া মুখ ও উদর দর্শন করায়, পরন্তু উত্তম হস্তী মন্দ২ অবলোকন করে ও অল্পে২ ভোজন করে ॥ ২৯৭ ॥

কিঞ্চ। যজ্জীবতি ক্ষণমপি প্রথিতো মনুষ্যৈঃ, র্বিজ্ঞান বিক্রমযশোভি রভজ্যমানঃ। তন্নাম জীবিতমিহ প্রবদন্তি তজ্জ্ঞাঃ, কাকোঽপি জীবতি চিরায় বলিঞ্চ ভুঙ্ক্তে ॥ ২৯৮ ॥

অপর মনুষ্য সমাজে খ্যাত হইয়া বিজ্ঞান ও পরাক্রম ও কীর্ত্তিতে অভজ্যমান হওত এক ক্ষণও যে বাঁচন পণ্ডিতেরা তাহাকেই জীবিত কহিয়াছেন, নতুবা কাকও চিরকাল বাঁচে, বলিও ভোজন করে। ২৯৮ ॥

অপরঞ্চ। যোহাত্মনো নচ গুরু র্নচ ভৃত্যবর্গে, দীনে দয়াং ন কুরুতে নচ বন্ধুবর্গে। কিন্তস্য জীবিতফলেন মনুষ্য লোকে, কাকোঽপি জীবতি চিরায় বলিঞ্চ ভুঙ্‌ক্তে॥ ২৯৯॥

অপর যে আপনার উপদেশক নয় আর দাসবর্গে দয়া না করে এবং দরিদ্র লোকে দয়া না করে তথা মিত্রবর্গে দয়া না করে মনুষ্য লোকে তাহার জীবনে কি ফল? কাকও অনেক কাল বাঁচে বলিও ভোজন করে॥ ২৯৯॥

অপরমপি। অহিতহিতবিচারশূন্যবুদ্ধেঃ, শ্রুতিসময়ে বহুভি. স্তিরস্কৃতস্য। উদরভরণমাত্র কেবলেচ্ছোঃ, পুরুষ পশোঃ পশোশ্চ কো বিশেষঃ॥ ৩০০॥

অপর ভদ্রাভদ্র বিবেচনা রহিতান্তঃকরণ ও অনেক লোক কর্ত্তৃক শাস্ত্রবিবাদে তিরস্কৃত আর উদরভরণ মাত্রাভিলাষী যে পুরুষ পশু, তাহায় আর অন্য পশুর ভেদ কি॥ ৩০০॥

করটকোব্রূতে।

করটক বলিতেছে।

আবাং তাবদপ্রধানৌ তদাপ্যাবয়োঃ কিমনয়া বিচারণয়া।

আমরা দুই জন অপ্রধান ইহাতেও আমারদের এ বিচারে কি প্রয়োজন।

দমনকোব্রুতে কিয়তা কালেনামাত্যাঃ প্রধানতা মপ্রধানতাম্বা লভন্তে।

দমনক বলিতেছে মন্ত্রিরা কত কালে প্রাধান্য কিম্বা অপ্রাধান্য পায়।

যতঃ। ন কস্যচিৎ কশ্চিদিহ স্বভাবা, দ্ভবত্যুদারোঽভিমতঃ খলো বা। লোকেগুরুত্বং বিপরীততাম্বা, স্বচেষ্টিতান্যেব নরং নয়ন্তি ॥ ৩০১ ॥

যেহেতু স্বভাবেতে কেহ কাহারও অভিমত হয় না, খল জ্ঞানও হয় না, স্বকীয় চেষ্টাতেই মনুষ্যকে মহত্ত্ব, কিম্বা ক্ষুদ্রত্ব পাওয়ায় ॥ ৩০১ ॥

কিঞ্চ। আরোপ্যতে শিলা শৈলে, যত্নেন মহতা যথা। নিপাত্যতে ক্ষণেনাধ, স্তথাত্মা গুণদোষয়োঃ ॥ ৩০২।

আর যেমন পর্ব্বতে অত্যন্ত প্রয়াসে প্রস্তর উঠায় কিন্তু অত্যল্প কালেতে নীচেতে ফেলে সেইরূপ গুণ দ্বারা আত্মা কষ্টে উন্নত হয় দোষেতে কিন্তু সহজ আত্মা অধঃকৃত হয় ॥ ৩০২ ॥

যাত্যধোঽধো ব্রজত্যুচ্চৈ, র্নরঃ স্বৈরেব কর্ম্মভিঃ। কূপস্য খনিতা যদ্বৎ, প্রাকারস্যেব কারকঃ ॥ ৩০৩

কূপের খনন কর্ত্তা যেরূপ নীচেতে নীচেতে যায় এবং প্রাচীর কর্ত্তা যাদৃশ ক্রমে উচ্চে যায় সেইরূপ মনুষ্য আপন কর্ম্মে নীচে অথবা উচ্চে গমন করে ॥ ৩০৩ ॥

তদ্ভদ্রং স্বযত্নায়ত্তোহাত্মা সর্ব্বস্য।

অতএব সকলের আত্মা আপন প্রয়াসের আয়ত্ত।

করটকো ব্রূতে।

করটক বলিতেছে।

অথ ভবান্ কিং ব্রবীতি।

ইহার পর তুমি কি বল।

স আহ অয়ন্তাবৎ স্বামী পিঙ্গলকঃ কুতোহপি কারণাৎ সচকিতঃ পরিবৃত্তোপবিষ্টঃ।

সে কহিল এই রাজা পিঙ্গলক কোন কারণে সভয় হইয়া ফিরিয়া বসিয়াছেন।

করটকোব্রূতে কিং তত্ত্বং জানাসি।

করটক কহিতেছে তুমি কি যথার্থ জান।

দমনকোব্রূতে কিমত্রাবিদিতমস্তি।

দমনক বলিতেছে ইহাতে অজ্ঞাত কি আছে।

উক্তঞ্চ। উদীরিতোহর্থঃ পশুনাপি গৃহ্যতে, হয়াশ্চ নাগাশ্চ বহন্তি দেশিতাঃ। অনুক্তমপ্যূহতি পণ্ডিতো জনঃ, পরেঙ্গিতজ্ঞানফলা হি বুদ্ধয়ঃ ॥ ৩০৪ ॥

বিজ্ঞে । কহিয়াছেন কথিত বিষয় পশুতেও বুঝে আদেশিত হইলে অশ্বেরা ও হস্তিরাও বহন করে, পণ্ডিতলোক অকথিত হইলেও বিতর্ক করেন যেহেতুক বুদ্ধি পরের ইঙ্গিতজ্ঞা হয় ॥ ৩০৪ ॥

আকারৈরিঙ্গিতৈর্গত্যা. চেষ্টয়া ভাষণেন চ। নেত্র বক্ত্র বিকারেণ, লক্ষ্যতেঽন্তর্গতং মনঃ ॥ ৩০৫ ॥

আকার দ্বারা ও ইঙ্গিত দ্বারা ও গমন দ্বারা ও চেষ্টা দ্বারা ও কথন দ্বারা ও চক্ষু আর মুখের বিকার দ্বারা অন্তঃকরণস্থ বিষয় জানাযায় ॥ ৩০৫ ॥

অত্র ভয়প্রস্তাবে প্রজ্ঞাবলেনাহমেনং স্বামিন মাত্মীয়ং করিষ্যামি।

এই ভয় প্রসঙ্গে বুদ্ধি প্রভাবে এই রাজাকে আমি আত্মীয় করিব।

যতঃ। প্রস্তাবসদৃশং বাক্যং, সদ্ভাবসদৃশং প্রিয়ং। আত্ম শক্তি সমং কোপং, যো জানাতি স পণ্ডিতঃ ॥ ৩০৬ ॥

যেহেতু প্রস্তাবের তুল্য বাক্য ও সদ্ভাবের তুল্য প্রিয় ও আপন শক্তি তুল্য ক্রোধ যে জানে সেই পণ্ডিত ॥ ৩০৬ ॥

করটকো ব্রূতে সখে ত্বং সেবানভিজ্ঞঃ।

করটক বলিতেছে বন্ধো, তুমি সেবানভিজ্ঞ।

পশ্য। অনাহূতোবিশেদ্যস্তু অপৃষ্টো বহু ভাষতে। আত্মানং মন্যতে প্রেষ্ঠং, ভূপালস্য স দুর্ম্মতিঃ। ৩০৭।

দেখ যে অহূত না হইলে নিকটে যায় ও জিজ্ঞাসিত না হইলে অনেক কহে আর আপনাকে রাজার প্রিয় করিয়া জানে সে লোক নির্বোধ॥ ৩০৭॥

দমনকো ব্রূতে।

দমনক বলিতেছে।

ভদ্র, কথমহং সেবানভিজ্ঞঃ।

হে মিত্র, কেন আমি সেবানভিজ্ঞ।

পশ্য। কিমপ্যস্তি স্বভাবেন, সুন্দরংবাপ্যসুন্দরং। যদেব রোচতে যস্মৈ, ভবেত্তত্তস্য সুন্দরং॥ ৩০৮॥

দেখ, স্বভাবেতে সুন্দর কিম্বা কুৎসিত কি আছে যাহাতে যাহার রুচি সেই তাহার সুন্দর হয়॥ ৩০৮॥

যতঃ। যস্য যস্য হি যো ভাব, স্তেন তেন হি তং নরং। অনুপ্রবিশ্য মেধাবী, ক্ষিপ্র মাত্মবশং নয়েৎ॥ ৩০৯॥

যেহেতু যাহার২ যে২ ভাব সেই২ ভাবে সেই২

মনুষ্যে প্রবেশ করিয়া বুদ্ধিমান্ লোক স্ববশ করিবেন ॥ ৩০৯ ॥

অন্যচ্চ। কোঽত্রেত্যহমিতি ব্রূয়াৎ, সম্যগাদেশয়েতি চ। আজ্ঞামবিতথাংকুর্য্যা, দ্যথাশক্তি মহী পতেঃ ॥ ৩১০ ॥

অপর এখানে কে ইহা জিজ্ঞাসিলে আমি অমুক ইহা কহিবেক এবং আজ্ঞা করুন ইহা কহিবেক আর শক্ত্যনুসারে রাজার আদেশ লঙ্ঘন করিবে না। ৩১০।

অপরঞ্চ। অল্পেচ্ছুর্ধৃতিমান্ প্রাজ্ঞ, শ্ছায়েবানুগতঃ সদা। আদিষ্টো ন বিকল্পেত, স রাজবসতৌ বসেৎ ॥ ৩১১ ॥

এবং অল্পাকাঙ্ক্ষী ও ধৈর্য্যবান্ বিজ্ঞ লোক ছায়ার ন্যায় সর্ব্বদা অনুগত থাকিবেক, আজ্ঞা প্রাপ্ত হইলে আজ্ঞা লঙ্ঘন করিবে না, এতাদৃশ লোক রাজস্থানে বাস করে ॥ ৩১১ ॥

করটকো ব্রূতে কদাচিত্ত্বামনবসরপ্রবেশাদবমন্যতে স্বামী।

করকট বলিতেছে অসময়ে প্রবেশের কারণে পাছে রাজা তোমাকে অপমান করেন।

স আহ অস্ত্বেবং তথাপ্যনুজীবিনা স্বামিসান্নিধ্য মবশ্যং করণীয়ং।

করটকো ব্রূতে কিং তজ্জ্ঞানলক্ষণং।

করটক বলিতেছে সে জ্ঞানেরচিহ্ন কি।

দমনকোব্রূতে শৃণু।

দমনক কহিতেছে শুন।

দূরাদবেক্ষণং হাসঃ, সংপ্রশ্নে সাদরো ভৃশং।
পরোক্ষেঽপি গুণশ্লাঘা, স্মরণং প্রিয়বস্তুষু॥ ৩১৪॥

দূর হইতে দেখা হইলে হাস্য আর প্রশ্নেতে অতিশয় আদর আর অসাক্ষাৎকারেও গুণের প্রশংসা আর উত্তম দ্রব্য দেখিলে মনে করা॥ ৩১৪॥

অপিচ। অসেবকে চানুরক্তি, র্দানং সপ্রিয়ভাষণং। অনুরক্তেষু চিহ্নানি, দোষেঽপি গুণ সংগ্রহঃ॥ ৩১৫॥

অপর সেবা যে না করে তাহাতেও আনুরক্তি আর প্রিয় বাক্যের সহিত দান ও দোষেতেও গুণগ্রহণ, অনুরক্তেতে এই সকল চিহ্ন॥ ৩১৫॥

অন্যচ্চ। কালযাপন মাশানাং বর্দ্ধনং ফলখণ্ডনং। বিরক্তেশ্বর চিহ্নানি, জানীয়ান্মতিমান্নরঃ॥ ॥ ৩১৬॥

অপর প্রত্যাশায় কালযাপন করা, ফলরহিত বাড়ান, বুদ্ধিমান্ লোক এই সকল বিরক্ত রাজার চিহ্ন জানিবেন॥ ৩১৬॥

সে কহিল তাহা হউক, তথাপি স্বামির সাক্ষাৎ ভৃত্যের অবশ্য কর্ত্তব্য।

যতঃ। দোষভীতেরনারম্ভ স্তৎ কাপুরুষলক্ষণং।
কৈরজীর্ণভয়াদ্ভ্রাত র্ভোজনং পরিহীয়তে॥ ৩১২॥

যেহেতু দোষের ভয়ে, যে কর্ম্মের আরম্ভ না করা, তাহা কাপুরুষের লক্ষণ, হে ভাই অজীর্ণ ভয়ে কে নিকটস্থ ভোজন পরিত্যাগ করে। ৩১২॥

পশ্য। আসন্নমেব নৃপতি র্ভজতে মনুষ্যং, বিদ্যা-বিহীন মকুলীনমসঙ্গতং বা। প্রায়েণ্ ভূমিপতয়ঃ প্রমদা লতাশ্চ, যঃ পার্শ্বতো বসতি তং পরিবেষ্ট-য়ন্তি॥ ৩১৩॥

দেখ নির্গুণ ও অকুলীন ও অশিষ্টই বা হউক, নিকটস্থ মনুষ্যকে রাজা অনুগ্রহ করেন কেননা প্রায় রাজারা ও স্ত্রীলোকেরা ও লতা সকল নিকটে যে বাস করে, তাহাকেই বেষ্টন করে॥ ৩১৩॥

করটকোব্রূতে অথ তত্র গত্বা কিং বক্ষ্যতি ভবান্।

করকট বলিতেছে সেখানে গিয়া তুমি কি বলিবা।

স আহ শৃণু কিমনুরক্তো বিরক্তো বা ময়ি স্বামী-তি জ্ঞাস্যামি।

সে কহিল শুন,আমাতে প্রভু অনুরক্ত কিম্বা বিরক্ত, অগ্রে ইহা জানিব।

এতজ্জ্ঞাত্বা যথা চায়ং মমায়ত্তো ভবিষ্যতি তথা করিষ্যামি।

ইহা জানিয়া যে প্রকারে ইনি আমার বশীভূত হন তাহা করিব।

যতঃ। অপায়সন্দর্শনজাং বিপত্তি, মুপায়সন্দর্শনজাঞ্চ সিদ্ধিং। মেধাবিনো নীতিবিধিপ্রযুক্তাং-পুরঃস্ফুরন্তীমিব দর্শয়ন্তি ॥ ৩১৭ ॥

যেহেতু অপায় দর্শনেতে জন্মে যে বিপত্তি এবং উপায় দর্শনেতে জন্মে যে সম্পত্তি, মেধাবি লোকেরা নীতি শাস্ত্র দ্বারা তাহা অগ্রে প্রকাশমানের ন্যায় দেখেন ॥ ৩১৭ ॥

করটকোব্রূতে, তথাপ্যপ্রাপ্তে প্রস্তাবে ন বক্তুমর্হসি।

করটক বলিতেছে তথাপি প্রসঙ্গ উপস্থিত না হইলে কহিতে যোগ্য হইবে না।

যতঃ। অপ্রাপ্তকাল বচনং, বৃহস্পতিরপি ব্রুবন্। প্রাপ্নু য়াদ্বুদ্ধ্যবজ্ঞান, মপমানঞ্চ শাশ্বতং ॥ ৩১৮ ॥

যেহেতু বৃহস্পতিও অপ্রাসঙ্গিক বাক্য কহিয়া নির্ব্বুদ্ধিতা এবং বহুকাল ব্যাপক অপমান পান ॥ ৩১৮ ॥

দমনকো ব্রূতে মিত্র মাভৈষী র্নাহ মপ্রাপ্তাবসরং বচনং বদিষ্যামি।

দমনক বলিতেছে হে সখে, ভয় করিও না, আমি অপ্রাসঙ্গিক বচন বলিব না।

যতঃ। *আপদুন্মার্গগমনে, কার্য্যকালাত্যয়েষু চ। অপৃষ্টেনাপি বক্তব্যং, ভৃত্যেন হিতমিচ্ছতা॥ ৩১৯॥

যেহেতু বিপৎ কালেতে এবং পথ ত্যাগ করিয়া যাওনের কালেতে এবং কার্য্যকালের অতিক্রম হইলে জিজ্ঞাসিত না হইলেও হিতৈষি দাসেরা নিবেদন করিবেক॥ ৩১৯॥

যদি চ প্রাপ্তাবসরেণাপি ময়া মন্ত্রো ন বক্তব্যস্তদা মন্ত্রিত্বমেব মমানুপপন্নং।

আমি অবসর কাল পাইয়াও যদি মন্ত্রণা না বলি তবে আমার মন্ত্রিত্বই ব্যাহত হয়।

যতঃ। কল্পয়তি যেন বৃত্তিং, যেন চ লোকে প্রশস্যতে সদ্ভিঃ। সগুণ স্তেন চ গুণিনা, সংরক্ষ্যঃ সম্বর্দ্ধনীয়শ্চ॥ ৩২০॥

যেহেতু যে গুণেতে জীবিকা হয় আর যে গুণেতে

পৃথিবীতে পণ্ডিতেরা প্রশংসা করেন গুণী লোক সেই গুণ রক্ষা অবশ্য করিবেন এবং বাড়াইবেন॥ ৩২০॥

তত্তদানুজানীহি মাং গচ্ছামি।

এই নিমিত্তে হে ভদ্র আমাকে অনুমতি কর যাত্রা করি।

করটকোব্রূতে শুভমস্তু শিবাস্তে সন্তু পন্থানঃ যথাই ভিলষিতমনুষ্ঠীয়তামিতি।

করটক বলিতেছে মঙ্গল হউক, পথ তোমার শুভ হউক, যাহা বাঞ্ছিত তাহা কর।

ততো দমনকো বিস্মিত ইব পিঙ্গলকসমীপং গতঃ। অথ দূরাদেব সাদরং রাজ্ঞা প্রবেশিতঃ সাষ্টাঙ্গপ্রণিপাতং প্রণিপত্যোপবিষ্টঃ।

তদনন্তর সে বিস্ময়াপন্নের ন্যায় হইয়া পিঙ্গলকের সমীপে গেল পরে দূর হইতেই আদরেতে রাজ কর্ত্তৃক প্রবেশিত হইয়া অষ্টাঙ্গে প্রণাম করিয়া বসিল।

রাজাহ চিরাদ্দৃষ্টোঽসি।

রাজা কহিলেন অনেক কালের পর দেখা হইল।

দমনকোব্রূতে।

দমনক বলিতেছে।

যদ্যপি ময়া সেবকেন শ্রীমদ্দেবপাদানাং ন

কিঞ্চিৎপ্রয়োজনমস্তি তথাপি প্রাপ্তকালমুপজীবিনা সান্নিধ্যমবশ্যং কর্ত্তব্যমিত্যাগতোঽস্মি।

যদ্যপি আমার তুল্য ভৃত্যে শ্রীযুত মহারাজের পায়ের কিছু প্রয়োজন নাই তথাপি সেবকেরা সময়বিশেষে অবশ্য সাক্ষাৎ করিবেক এজন্য আমি আসিলাম।

কিঞ্চ। দন্তস্য নির্ঘর্ষণকেন রাজ ন্, কর্ণস্য কণ্ডূয়নকেন বাপি। তৃণেন কার্য্যং ভবতীশ্বরাণাং, কিমঙ্গবাক্পাণিমতা নরেণ॥ ৩২১॥

অপর হে মহারাজ, দন্তের ঘর্ষণকারক আর কর্ণের কণ্ডূয়নকারক ঘাসেতেও রাজারদিগের কার্য্য হয় তাহাতে অঙ্গ বাক্যহস্ত বশিষ্ট মনুষ্যেতে যে কার্য্য হয় তাহা কি বলিব॥ ৩০১॥

যদ্যপি চিরেণাবধীরিতস্য দেবপাদৈর্মে বুদ্ধিনাশঃ শঙ্ক্যতে তদপি ন শঙ্কনীয়ঃ।

যদ্যপি বহুকাল দেবপাদ কর্ত্তৃক অবজ্ঞাত হওয়াতে আমার বুদ্ধি নাশের শঙ্কা হয় তথাপি সে শঙ্কাও কর্ত্তব্য নয়।

যতঃ। কদর্থিতস্যাপি চ ধৈর্য্যবৃত্তে, র্বুদ্ধের্বিনাশো নহি শঙ্কনীয়ঃ। অধঃ কৃতস্যাপি তনূনপাতো, নাধঃ শিখা যাতি কদাচিদেব॥ ৩২২॥

যেহেতু অবজ্ঞাত হইলেও ধৈর্য্যবৃত্তি লোকের

বুদ্ধিনাশ শঙ্কনীয় নহে কেননা অগ্নি অধঃকৃত হইলেও তাহার শিখা কখন অধতে যায় না। ॥ ৩২২ ॥

তৎ সর্ব্বথা বিশেষজ্ঞেন স্বামিনা ভবিতব্যং।

হে মহারাজ এই হেতু রাজা সর্ব্ব প্রকারে বিশেষ জ্ঞাতা হইবেন।

যতঃ মণিলুঁঠতি পাদেষু কাচঃ শিরসি ধার্য্যতে। যথৈবাস্তে তথৈবাস্তাং, কাচঃ কাচোমণি র্ম্মণিঃ ॥ ৩২৩ ॥

যেহেতু পায়েতে মণি লুণ্ঠিত হয় মস্তকেতে কাচ ধৃত হয় তাহাতে যে যেপ্রকার আছে সে সেই প্রকারেই থাকে, যে মণি সে মণিই, যে কাচ সে কাচই থাকে ॥ ৩২৩ ॥

অন্যচ্চ। নির্ব্বিশেষো যদা রাজা, সমং সর্ব্বেষু বর্ত্ততে। তদোদ্যমঃ সমর্থানা, মুৎসাহঃ পরিহী-য়তে ॥ ৩২৪ ॥

অপর রাজা যখন বিশেষ জ্ঞান রহিত হইয়া সকল প্রাণিতে সমান রূপ বর্ত্তেন তখন সমর্থ শত্রুপক্ষের যুদ্ধাদিতে উদ্যোগ হয় সুতরাং রাজার উৎসাহ নষ্ট হয় ॥ ৩২৪ ॥

কিঞ্চ। ত্রিবিধা পুরুষা রাজ ন্নুত্তমাধমমধ্যমাঃ।

নিয়োজয়েত্তেৈবৈতাং, ত্রিবিধেষ্বেব কর্ম্মসু
॥ ৩২৪ ॥

আর হে মহারাজ, উত্তম মধ্যম অধম তিন প্রকার পুরুষ হয়, তিন প্রকার কর্ম্মে এই তিন প্রকার পুরুষকে নিয়োগ করিবেক ॥ ৩১৪ ॥

যতঃ। স্থানএব নিয়োজ্যন্তে, ভৃত্যাশ্চাভরণানি চ। নহি চূড়ামণিঃ পাদে, নূপুরং শিরসা কৃতং ॥ ৩২৫ ॥

যেহেতু ভৃত্য আর অলঙ্কার উপযুক্ত স্থানেতেই নিয়োগ করিবেক কেননা পায়েতে চূড়ামণি পরে না আর মস্তকে নূপুর পরে না॥ ৩২৫ ॥

অপিচ। কনকভূষণসংগ্রহণোচিতো, যদি মণিস্ত্রপুষি প্রণিধীয়তে। ন স বিরৌতি ন চাপি শোভতে, ভবতি যোজয়িতু র্ব্বচনীয়তা ॥ ৩২৬ ॥

অপর স্বর্ণালঙ্কারে খচিত করিবার উপযুক্ত মণি যদি সীসাতে খচিত করে তবে সে মণি রোদন করে না, শোভাই পায় না, কিন্তু যোজনকর্ত্তারই নিন্দ্যতা হয়॥ ৪২৬ ॥

অন্যচ্চ। মুকুটে রোপিতঃ কাচ, শ্চরণাভরণে মণিঃ। নহি দোষো মণেরস্তি, কিন্তু সাধোরবিজ্ঞতা ॥ ৩২৭ ॥

অপর মুকুটে স্থাপিত কাচ আর পাদাভরণে স্থাপিত মণি, ইহাতে মণির দোষ নাই কিন্তু সাধুব্যক্তিরই অবিদগ্ধতা ॥ ৩২৭ ।

পশ্য। বুদ্ধিমাননুরক্তোঽয়, ময়ং শূর ইতোভয়ং। ইতি ভৃত্য বিচারজ্ঞো, ভৃত্যৈরাপূর্য্যতে নৃপঃ ॥ ৩২৮ ॥

দেখ, এইব্যক্তি বুদ্ধিমান্ অথচ অনুরক্ত, এইব্যক্তি শূর, ইহা হইতে ভয় সম্ভাবনা, এইরূপে ভৃত্যের ভদ্রাভদ্র বিবেচনা কর্ত্তা রাজা ভৃত্যেতে পরিপূর্ণ হয় । ৩২৮ ।

তথাহি। অশ্বঃ শস্ত্রং,শাস্ত্রংবীণা বাণী নরশ্চ নারী চ। পুরুষ বিশেষং প্রাপ্য ভবন্তি যোগ্যা যোগ্যাশ্চ ॥ ৩২৯ ॥

তাহা পণ্ডিতেরা কহিয়াছেন অশ্ব আর শস্ত্র আর শাস্ত্র তথা বীণা আর বাক্য আর পুরুষ ও স্ত্রী। ইহারা মনুষ্য বিশেষকে পাইয়া যোগ্য অথবা অযোগ্য হয়।। ৩২৯ ॥

অন্যচ্চ। কিম্ভক্তেনাসমর্থেন, কিংশক্তেনাপকারিণা। ভক্তং শক্তঞ্চ মাং রাজ ন্নাবজ্ঞাতুং ত্বমর্হসি ॥ ৩৩০ ॥

অপর অশক্ত অনুরক্ত ভৃত্যেতে কি প্রয়োজন,অপ-

কারক সমর্থ ভৃত্যেতেই বা কি প্রয়োজন? হে মহারাজ, ভক্ত অ চ সমর্থ আমাকে অবজ্ঞা করিতে যোগ্য হও না॥ ৩৩০॥

যতঃ। অবজ্ঞানাৎ প্রাজ্ঞোভবতি মতিহীনঃ পরিজন, স্তুতস্তৎ প্রামাণ্যাদ্ভবতি ন সমীপে বুধজনঃ। বুধৈস্ত্যক্তে রাজন্ নহি ভবতি নীতিগুর্ণবতী, বিপন্নায়াং নীতৌ সকল মবলং সীদতি জগৎ॥ ৩৩১॥

যেহেতু হে মহারাজ, বিজ্ঞ পরিবার লোক অবজ্ঞাতে নির্বুদ্ধি হয় অনন্তর সেই দৃষ্টিতে নিকটে পণ্ডিত লোক থাকে না, পণ্ডিত কর্তৃক ত্যক্ত হইলে নীতি গুনবতী হয় না, নীতি নষ্ট হইলে সমস্ত জগৎ বিপন্ন হয়॥ ৩৩১॥

অপরঞ্চ। জনং, জনপদা নিত্য মর্চ্চয়ন্তি নৃপার্চ্চিতং। নৃপেণাবমতো যস্তু, স সর্ব্বৈরবমন্যতে॥ ৩৩২॥

এবং রাজানুগৃহীত লোককে দেশস্থ সর্ব্ব জনেই উপাসনা করে কিন্তু রাজা কর্তৃক অবজ্ঞাত যে জন, সে সকল লোক কর্তৃক অপমানিত হয়॥ ৩৩২॥

কিঞ্চ। বালাদপি গ্রহীতব্যং, যুক্তমুক্তং মনী-

ষিভিঃ। রবেরবিষয়ে কিং ন, প্রদীপস্য প্রকা-
শনং॥ ৩৩৩।

আর বালক হইতেও ন্যায্য বাক্য গ্রহণ করিবেক কেননা যে স্থানে সূর্য্যের প্রকাশ নাই সে স্থানে কি প্রদীপের প্রকাশ হয় না॥ ৩৩৩॥

পিঙ্গলকোঽবদৎ।

পিঙ্গলক বলিল।

ভদ্র দমনক কিমেতৎ ত্বমস্মদীয় প্রধানামাত্য-
পুত্র, ইয়ন্তং কালং যাবৎ কুতোঽপি খলবা-
ক্যান্না গতোঽসি, ইদানীং যথাভিমতং ব্রূহি।

ভদ্র দমনক, এ কি তুমি আমার প্রধান মন্ত্রির পুত্র, এত কাল পর্য্যন্ত কোন খলের বাক্যে আইস নাই, এখন কি মানস বল।

দমনকোব্রূতে দেব পৃচ্ছামি কিঞ্চিদুচ্যতাং, উদ
কার্থী স্বামী পানীয়মপীত্বা কিমিতি বিস্মিতইব
তিষ্ঠতি।

দমনক বলিতেছে হে মহারাজ, প্রশ্ন করি কিঞ্চিৎ বলুন, জলার্থী মহারাজ জল পান না করিয়া কেন বিস্ময়াপন্নের ন্যায় রহিয়াছেন।

পিঙ্গলকোঽবদৎ ভদ্রমুক্তং ত্বয়া কিন্তু এতদ্রহ-
স্যং বক্তুং কাচিদ্বিশ্বাসভূমির্নাস্তি তথাপি নিভৃ

তং কৃত্বা কথয়ামি শৃণু, সম্প্রতি বনমিদম পূর্ব্বসত্ত্বা-
ধিষ্ঠিতং অতোঽস্মাকং ত্যাজ্যং অনেন হেতুনা
বিস্মিতোঽস্মি তথা চ শ্রুতো ময়াপি মহানপূর্ব্ব-
শব্দঃ, শব্দানুরূপেণাস্য প্রাণিনো মহতা বলেন
ভবিতব্যং।

পিঙ্গলক কহিল তুমি বিলক্ষণ কহিয়াছ কিন্তু এ
রহস্য বলিবার নিমিত্তে কোন প্রত্যয় স্থান নাই তথাপি
নির্জ্জন করিয়া কহি শুন, ইদানী এই বন অপূর্ব্ব প্রাণি-
তে অধিষ্ঠিত হইয়াছে অতএব আমারদিগের ত্যাজ্য,
এই নিমিত্তে বিস্ময়াপন্ন হইয়া আছি এবং আমিও বড়
আশ্চর্য্য শব্দ শুনিয়াছি, শব্দানুসারে বোধ হয় ঐ
প্রাণির বড় বল হইবে।

দমনকোত্ত্রুতে দেব অস্তি তাবদয়ং মহান্ ভয়
হেতুঃ স শব্দোঽস্মাভিরপ্যাকর্ণিতঃ কিন্তু স কিং
মন্ত্রী যঃ প্রথমং ভূমিত্যাগং পশ্চাদ্যুদ্ধং চোপদি
শতি।

দমনক বলিতেছে হে মহারাজ, উহা বড় ভয়ের
কারণ বটে, সে শব্দ আমরাও শুনিয়াছি, কিন্তু সে কি
মন্ত্রী যে আগেতেই স্থান ত্যাগ করায় পশ্চাৎ যুদ্ধ উপ
দেশ করে।

অপরঞ্চ। অস্মিন্ কার্য্যসন্দেহে ভৃত্যানামুপ যোগএব জ্ঞাতব্যঃ।

আর এই ক্রিয়ার সন্দেহে আপনি দাসদের উপ-যোগিতা জানিতে পারিবেন।

যতঃ বন্ধু স্ত্রী ভৃত্যবর্গস্য, বুদ্ধেঃ সত্ত্বস্য চাত্মনঃ।
আপন্নিকষপাষাণে, নরো জানাতি সারতাং॥ ৩৩৪॥

যেহেতু মিত্র ও স্ত্রী ও দাসবর্গের আর বুদ্ধির আর বলের আর শরীরের সারত্ব বিপত্তিরূপ কষ্টি পাথরেই জানা যায়॥ ৩৩৪॥

সিংহোব্রূতে ভদ্র, মহতী শঙ্কা মাং বাধতে।

সিংহ বলিল হে ভদ্র আমার বড় শঙ্কা হইতেছে।

দমনকঃ পুনরাহ স্বাগতং, অন্যথা রাজ্যসুখং পরিত্যজ্য স্থানান্তরং গন্তুং মাং সম্ভাষসে।

দমনক আপনাপনি কহিল এইরূপ না হইলে রাজ্য সুখ পরিত্যাগ করিয়া স্থানান্তরে যাইবার নিমিত্তে আমার সহিত সম্ভাষা কর।

প্রকাশং ব্রূতে দেব যাবদহং জীবামি তাবদ্ভয়ং ন কর্ত্তব্যং কিন্তু করটকাদয়োঽপ্যাশ্বাস্যন্তাং।

পরে স্পষ্ট করিয়া বলিল হে মহারাজ, যাবৎ

পর্য্যন্ত আমি বাঁচিয়া আছি তাবৎ পর্য্যন্ত ভয় কর্ত্তব্য নয় কিন্তু করটক প্রভৃতিকেও আশ্বাস করুন।

যস্মাদাপৎ প্রতীকারকালে দুর্ল্লভঃপুরুষসমবায়ঃ।

যেহেতু বিপদের প্রতীকার সময়ে অনেক পুরুষ পাওয়া দুর্লভ।

ততস্তৌ দমনককরটকৌ রাজ্ঞা সর্ব্বস্বেনাপি পূজিতৌ ভয়প্রতীকারং প্রতিজ্ঞায় চলিতৌ।

অনন্তর সেই দমনক ও করটক রাজকর্ত্তৃক সর্ব্বস্ব দ্বারা সম্মানিত হইয়া ভয়ের প্রতীকার করিতে প্রতিজ্ঞা করিয়া চলিল।

করটকো গচ্ছন্ দমনকমাহ সখে কিং শক্য-প্রতীকারো ভয়হেতুরশক্যপ্রতীকারো বেতি ন জ্ঞাত্বা ভয়োপশমং প্রতিজ্ঞায় কথময়ং মহাপ্রসাদোগৃহীতঃ যতো হ্যনুপকুর্ব্বাণো ন কস্যাপ্যু পায়নং গৃহ্লীয়াৎ বিশেষতো রাজ্ঞঃ।

করটক গমন করত দমনকে কহিল হে মিত্র ভয়ের কারণ কি প্রতীকারের যোগ্য কি অযোগ্য ইহা না জানিয়া শান্তি করিতে প্রতিজ্ঞা করিয়া কপ্রকারে মহাপ্রসাদ গ্রহণ করিলা, যেহেতু উপকার না করিয়া কাহারও উপঢৌকন লওয়া উচিত হয় না, বিশেষে রাজার।

পশ্য। যস্য প্রসাদে পদ্মা শ্রী, র্বিজয়শ্চ পরাক্রমে। মৃত্যুশ্চ বসতি ক্রোধে, সর্ব্বতেজোময়োহি সঃ॥ ৩৩৫॥

দেখ যাহার প্রসন্নতাতে ধনবৃদ্ধি হয় এবং পরাক্রমে জয় হয় আর ক্রোধেতে মৃত্যু হয় তিনি সর্ব্বতেজঃপুঞ্জ॥৩৩৫॥

তথাহি। বালোপি নাবমন্তব্যো, মনুষ্য ইতি ভূমিপঃ। মহতী দেবতা হ্যেষা নররূপেণ তিষ্ঠতি॥ ৩৩৬॥

বালক রাজাকেও এ মনুষ্য ইহা বলিয়া অবজ্ঞা করিবেক না যেহেতু ইনি মহতী দেবতা মনুষ রূপে আছেন॥ ৩৩৬॥

দমনকো বিহস্যাহ মিত্র তূষ্ণীমাস্যতাং জ্ঞাতং ময়া ভয়কারণং বলীবর্দ্দ নর্দ্দিতং স বৃষভশ্চাস্মাকমপি ভক্ষ্যঃ, কিং পুনঃ সিংহস্য।

দমনক হাসিয়া বলিল হে বন্ধু চুপ করিয়া থাক আমি ভয়ের কারণ জানিয়াছি, আঁড়িয়া গরুর শব্দ, সে বলিবর্দ্দ আমারদেরও ভক্ষণীয় সিংহের কথা কি।

করটকোব্রূতে যদ্যেবং তদা কিং পুনঃ স্বামি ত্রাসঃ তত্রৈব কিমিতি নাপনীতঃ।

করটক বলিতেছে যদ্যপি এমন, তবে প্রভুর ভয় কি, সেই স্থানেতেই কেন ভীতি খণ্ডন করিলা না।

দমনকোব্রূতে যদি স্বামিত্রাসস্তত্রৈব মোচ্যতে তদা কথময়ং মহাপ্রসাদলাভঃ স্যাৎ।

দমনক বলিতেছে যদি রাজার ভয় সেই খানে-তেই যায় তবে কিপ্রকারে এ মহাপ্রসাদ লাভ হয়।

অপরঞ্চ। নিরপেক্ষো ন কর্ত্তব্যো, ভৃত্যৈঃ স্বামী কদাচন। নিরপেক্ষং প্রভুং কৃত্বা, ভৃত্যঃ স্যাদ্দধি-কর্ণবৎ॥ ৩৩৭॥

এবং ভৃত্যেরা স্বামিকে কখন নিরক্ষেপ করিবে না। প্রভুকে নিরক্ষেপে করলে ভৃত্যকে দধিকর্ণের ন্যায় হইতে হয়॥ ৩৩৭॥

করটকঃ পৃচ্ছতি কথমেতৎ।

করটক প্রশ্ন করিতেছে এ কি রূপ।

দমনকঃ কথয়তি।

দমনক কহিতেছে।

অস্ত্যুত্তরাপথে অর্ব্বুদশিখরনাম্নি পর্ব্বতে দুর্দ্দান্তো নাম মহাবিক্রমঃ সিংহ স্তস্য পর্ব্বতকন্দর মধি শয়ানস্য কেশরাগ্রং কশ্চিন্মূষিকঃ প্রত্যহং ছিনত্তি।

উত্তরাপথে অর্ব্বুদশিখর নামে পর্ব্বতে মহাপর।-

ক্রমবিশিষ্ট দুর্দ্দান্ত নামে এক সিংহ থাকে। পর্ব্বতের গহ্বরে নিদ্রিত সেই সিংহের জটার অগ্রভাগ কোন উন্দুর প্রত্যহ কাটে।

ততঃ কেশরাগ্রং লূনং দৃষ্ট্বা কুপিতো বিবরান্তর্গতং মূষিকম লভমানেঽচিন্তয়ৎ

তদনন্তর কেশরাগ্র ছিন্ন দেখিয়া ক্রুদ্ধ হইয়া গর্ত্ত মধ্যে স্থিত মূষিককে না পাইয়া ভাবনা করিল।

ক্ষুদ্রশত্রু র্ভবেদ্‌যস্ত বিক্রমান্নৈব লভ্যতে। তমাহন্তুং পুরস্কার্য্যঃ সদৃশস্তস্য সৈনিকঃ ॥ ৩৩৮ ॥

যে ক্ষুদ্র শত্রু হয় আর পরাক্রমেতে ধরা না যায় তাহাকে নষ্ট করিবার নিমিত্তে তাহার তুল্য সেনা করিবেক। ৩৩৮ ॥

ইত্যালোচ্য তেন গ্রামং গত্বা বিশ্বাসং কৃত্বা দধিকর্ণনামা বিড়ালো যত্নেনানীয় মাংসাহারং দত্ত্বা স্বকন্দরে স্থাপিতঃ।

এই আলোচনা করিয়া সেই সিংহ গ্রামে গিয়া বিশ্বাস করিয়া দধিকর্ণ নামে বিড়ালকে যত্নে আনিয়া মাংস আহার দিয়া আপন কন্দরে রাখিল।

তদনন্তরং তদ্ভয়ান্মূষিকোঽপি বিলান্ন নিঃসরতি তেনাসৌ সিংহোঽক্ষতকেশরঃ সুখং স্বপিতি

মূষিকশব্দং যদা যদা শৃণোতি তদা তদা মাংসা-
হারদানেন তং বিড়ালং সম্বর্দ্ধয়তি।

অনন্তর সেই ভয়ে মূষিকও গর্ত্ত হইতে বাহির হয় না সেই হেতুক ঐ সিংহ অচ্ছিন্ন কেসর হইয়া সুখে নিদ্রা যায়। যখন যখন উন্দুরের শব্দ শুনে তখন তখন মাংস ভোজন দ্বারা সে বিড়ালকে সম্বর্দ্ধনা করে।

অথৈকদা স মূষিকঃ ক্ষুধাপীড়িতো বহিঃ সঞ্চ
রন্ বিড়ালেন প্রাপ্ত আসাদিতশ্চ।

তাহার পর এক দিবস সেই মূষিক ক্ষুধার্ত্ত হইয়া বাহিরে চরিতেছিল, এক মার্জ্জার তাহাকে পাইয়া ভক্ষণ করিল।

অনন্তরং স সিংহোঽনেককালং যাবন্মূষিকং ন
পশ্যতি তৎকৃত রাবমপি ন শৃণোতি তদা তস্যা-
নুপযোগাদ্বিড়ালস্যাপ্যাহারদানে মন্দাদরো ব-
ভুব।

তদনন্তর সেই সিংহ অনেক কাল পর্য্যন্ত মূষিককে দেখে না তাহার শব্দও শুনে না তখন তাহার অনুপযোগিতা হেতু বিড়ালেরও আহার দানেতে মন্দাদর হইল।

ততোঽসাবাহারবিরহাদ্দুর্ব্বলো দধিকর্ণোঽবসন্নো
বভুব।

পরে অনাহার হেতুক দধিকর্ণ দুর্ব্বল হইয়া অবসাদ প্রাপ্ত হইল।

অতোঽহং ব্রবীমি নিরপেক্ষো ন কর্ত্তব্য ইত্যাদি

এই নিমিত্ত আমি বলি প্রভুকে নিরপেক্ষ করিবে না ইত্যাদি।

ততো দমনককরটকৌ সঞ্জীবকসমীপং গতৌ। তত্র করটকস্তরুতলে সাটোপমুপবিষ্টঃ।

তৎপরে দমনক ও করটক সঞ্জীবকের নিকট গেল সেখানে করটক গাছের তলাতে সাটোপ করিয়া বসিল।

দমনকঃ সঞ্জীবকসমীপং গত্বাব্রবীৎ অরে বলীবর্দ্দ এষোঽহংরাজ্ঞা পিঙ্গলকেনারণ্যরক্ষার্থং নিযুক্তঃ।

দমনক সঞ্জীবক সমীপে যাইয়া বলিল অরে বলদ এই আমি রাজা পিঙ্গলক কর্ত্তৃক বন রক্ষার নিমিত্ত নিযুক্ত হইয়াছি।

সেনাপতিঃ করটকঃ সমাজ্ঞাপয়তি সত্বরমাগচ্ছ নচে দস্মাদরণ্যাদ্দূর মপসর, অন্যথা তে বিরুদ্ধং ফলং ভবিষ্যতি ন জানে ক্রুদ্ধঃ স্বামী কিং বিধাস্যতি।

করটক নামে সেনাপতি আজ্ঞা করিতেছেন শীঘ্র আইস নতুবা এই বন হইতে দূরে যাও অন্যথা তোমা-

র মন্দ ফল হইবে, না জানি, প্রভু কুপিত হইয়া কি করিবেন।

তচ্ছ্রুত্বা সঞ্জীবক আয়াৎ।

তাহা শুনিয়া সঞ্জীবক আসিল।

আজ্ঞাভঙ্গো নরেন্দ্রাণাং, ব্রাহ্মণানামনাদরঃ।
পৃথক্‌শয্যা চ নারীণা, মশাস্ত্রবিহিতো বধঃ॥৩৩৯॥

রাজাদিগের আজ্ঞা লঙ্ঘন ও ব্রাহ্মণদিগের অনাদর এবং স্ত্রীলোকেদের পৃথক শয্যা আর অবৈধ হিংসা, এ সকল কর্ত্তব্য নয়॥৩৩৯॥

ততো দেশব্যবহারানভিজ্ঞঃ সঞ্জীবকঃ সভয় মুপসৃত্য সাষ্টাঙ্গপাতং করটকং প্রণতবান্।

তাহার পর দেশাচারানভিজ্ঞ সঞ্জীবক ভীত হইয়া নিকটে গেল এবং করটককে সাষ্টাঙ্গ প্রণাম করিল।

তথাচোক্তং। মতিরেব বলাদ্গরীয়সী, যদভাবে করিণা মিয়ং দশা। ইতি ঘোষয়তীব ডিণ্ডিমঃ করিণো হস্তিপকাহতঃ ক্বণন্॥৩৪০॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন, বল হইতে বুদ্ধিই বড়, বুদ্ধি না থাকাতে হস্তির এই অবস্থা মাহুত কর্ত্তৃক তাহার গণ্ড স্থলে আঘাত করা অঙ্কুশ শব্দ দ্বারা ইহাই ঘোষণা করিয়া থাকে॥৩৪০॥

অথ সঞ্জীবকঃ সশঙ্কমাহ সেনাপতে কিং ময়া কর্ত্তব্যং তদভিধীয়তাং।

অনন্তর সঞ্জীবক সশঙ্ক হইয়া কহিল হে সেনাপতে, আমার কি কর্ত্তব্য, বলুন।

করটকোক্রতে বৃষভ, অত্র কাননে তিষ্ঠ. অস্মদ্দেব পদারবিন্দং প্রণম।

করটক বলিল অহে বৃষভ এই বনে থাক, আমাদিগের ভূপতির চরণকমলে প্রণাম কর।

সঞ্জীবকোক্রতে।

সঞ্জীবক বলিতেছে।

তদহভয়বাচং মে যচ্ছ গচ্ছামি।

তবে আমাকে অভয় বাক্য দাও, আমি যাই।

করটকোক্রতে।

করটক কহিতেছে।

শৃণু রে বলীবর্দ্দ অলমনয়া শঙ্কয়া।

শুন রে বৃষভ এশঙ্কা বৃথা।

যতঃ। প্রতিবাচমদত্ত কেশবঃ, শপমানায় ন চেদিভুভুজে। অনুহুঙ্কুরুতে ঘনধ্বনিং নহি গোমায়ুরুতানি কেশরী॥ ৩৪১॥

যেহেতু আক্রোশকারি শিশুপালকে শ্রীকৃষ্ণ প্রত্যুত্তর প্রদান করেন নাই কারণ মেঘের ধ্বনিতেই সিংহ

প্রতিধ্বনি প্রদান করে, শৃগালের শব্দে প্রতিশব্দ দান করে না॥ ৩৪১

অন্যচ্চ। তৃণানি নোন্মূলয়তি প্রভঞ্জনো, মৃদুনি নীচৈঃ প্রণতানি সর্ব্বতঃ। সমুচ্ছ্রিতানেব তরূন্ প্রবাধতে, মহান্মহত্যেব করোতি বিক্রমং॥৩৪২॥

আর দেখ, সর্ব্বপ্রকারে নীচেতে নম্র ও কোমল ঘাসকে বায়ু উন্মূলন করে না, অতিউচ্চ বৃক্ষ সকলকেই উৎপাটন করে, কেননা বড় লোক বড় লোকেতেই পরাক্রম দেখায়। ৩৪২।

ততস্তৌ সঞ্জীবকং কিয়দ্দূরে সংস্থাপ্য পিঙ্গলক সমীপং গতৌ।

তদনন্তর তাহারা সঞ্জীবককে কিছু দূরে রাখিয়া পিঙ্গলকের সন্নিধানে গেল।

ততো রাজ্ঞা সাদরমালোকিতৌ প্রণম্যোপবিষ্টৌ।

তাহার পর রাজা তাহারদিগকে সাদরে দেখিলেন তাহারাও প্রণাম করিয়া বসিল।

রাজাহ ত্বয়া স দৃষ্টঃ।

ভূপাল কহিলেন তাহাকে তোমরা দেখিয়াছ।

দমনকো ব্রূতে, দেব! দৃষ্টঃ, কিন্তু যদ্দেবেন জ্ঞাতং তত্তথা মহানেবাসৌ। দেবং দ্রষ্টুমিচ্ছতি।

পরন্তু মহাবলোঽসৌ ততঃ সজ্জীভূয়োপবিশ্য দৃশ্যতাং, শব্দমাত্রাদেব ন ভেতব্যং।

দমনক বলিল মহারাজ! দেখিয়াছি কিন্তু মহারাজ যদ্রূপ জানিয়াছেন সেই রূপই এ অতি বড়, মহারাজকে দেখিতে অভিলাষ করিতেছে। এ অতিশয় বলবান্ অতএব সসজ্জ হইয়া বসিয়া দেখুন, শব্দ মাত্রেই ভয় করিবেন না।

তথাচোক্তং। শব্দমাত্রান্ন ভেতব্য, মজ্ঞাত্বা শব্দ-কারণং। শব্দ হেতুং পরিজ্ঞায়, কুট্টনী গৌরবং গতা॥ ৩৪৩॥

বিজ্ঞেরা তাহা করিয়াছেন, ভয়ের কারণ না জানি-য়া শব্দ মাত্রে ভয় কর্ত্তব্য নয়, শব্দের নিমিত্ত জানিয়া কুট্টনী গৌরব পাইয়াছিল॥ ৩৪৩।

রাজাহ কথমেতৎ। দমনকঃ কথয়তি অস্তি শ্রী-পর্ব্বতে ব্রহ্মপুরাখ্যং নগরং, তচ্ছিখর প্রদেশে ঘণ্টাকর্ণো নাম রাক্ষসঃ প্রতিবসতীতি জন-প্রবাদঃ শ্রূয়তে।

দমনক কহিতেছে শ্রীপর্ব্বতের মধ্যে ব্রহ্মপুর নামে নগর আছে, তাহার শিখরের এক প্রদেশে ঘণ্টাকর্ণ নামে এক রাক্ষস বাস করে এই জনরব শুনা যায়।

একদা ঘণ্টামাদায় পলায়মানঃ কশ্চিচ্চৌরো ব্যাঘ্রেণ ব্যাপাদিতঃ।

এক দিবস ঘণ্টা লইয়া পলায়মান কোন চোর ব্যাঘ্র কর্তৃক ভক্ষিত হইল।

কিঞ্চ। তৎ পাণিপতিতা ঘণ্টা বানরৈঃ প্রাপ্তা। বানরাস্তাং ঘণ্টাং অনুক্ষণং বাদয়ন্তি। ততো নগর জনৈঃ স মনুষ্যঃ খাদিতো দৃষ্টঃ, প্রতিক্ষণং ঘণ্টা-রবশ্চ শ্রূয়তে।

তাহার হাত হইতে পতিত ঘণ্টা বানরেরা পাইল, বানরেরা সেই ঘণ্টা সর্ব্বক্ষণ বাজায়। তাহার পর নগরস্থ লোকেরা সেই মনুষ্যকে ভক্ষিত দেখিল আর সর্ব্বদা ঘণ্টারবও শুনিতে লাগিল।

অনন্তরং ঘণ্টাকর্ণঃ কুপিতো মনুষ্যান্ খাদতি ঘণ্টাঞ্চ বাদয়তি ইত্যুক্ত্বা সর্ব্বে জনা নগরাৎ পলায়িতাঃ।

তাহার পর ঘণ্টাকর্ণ রুষ্ট হইয়া মনুষ্য সকলকে খাইতেছে ঘণ্টাও বাজাইতেছে, ইহা বলিয়া সকল লোক নগর হইতে পলাইল।

ততঃ করালয়া নাম কুট্টিন্যা বিমৃশ্য, অনবসরো ঽয়ং ঘণ্টাবাদ স্তৎ কিং মর্ক্কটা ঘণ্টাং বাদয়ন্তীতি স্বয়ং বিজ্ঞায়, রাজা বিজ্ঞাপিতঃ দেব!

যদি কিঞ্চিদ্ধনোপক্ষয়ঃ ক্রিয়তে তদাহমেনং ঘণ্টাকর্ণং সাধয়ামি।

অনন্তর করালা নামে কুট্টনী বিবেচনা করিল অনুক্ষন এই ঘণ্টাবাদ্য হয় ইহাতে বোধ হয় বানরেরা এই ঘণ্টা বাজায়, ইহা নিশ্চয় করিয়া রাজাকে জানাইল মহারাজ যদ্যপি কিছু ধন ব্যয় করেন আমি এই ঘণ্টাকর্ণকে সাধন করি।

ততো রাজ্ঞা তস্যৈ ধনং দত্তং।

তাহার পর রাজা তাহাকে ধন দিলেন।

কুট্টন্যা চ মণ্ডলং কৃত্বা তত্র গণেশাদি পূজা-গৌরবং দর্শয়িত্বা স্বয়ং বানরপ্রিয়ফলান্যাদায় বনং প্রবিশ্য ফলান্যাকীর্ণানি।

কুট্টনী মণ্ডল আঁকিয়া গণেশাদি পূজার বড় বাহুল্য দেখাইয়া আপনি মর্কটদিগের প্রিয় ফল লইয়া বনে প্রবেশ করিয়া ফল সকল ছড়াইয়া দিল।

ততো ঘণ্টাং পরিত্যজ্য বানরাঃ ফলাসক্তা বভূবুঃ। কুট্টনী চ ঘণ্টাং গৃহীত্বা নগর মাগত্য সর্ব্বজন পূজ্যাভবৎ।

তাহার পর বানরেরা ঘণ্টা পরিত্যাগ করিয়া ফলে আসক্ত হইল। ঐ অবকাশে কুট্টনী ঘণ্টা লইয়া নগরে আসিয়া সর্ব্ব জনের মান্যা হইল।

অতোঽহংব্রবীমি শব্দমাত্রান্ন ভেতব্যমিত্যাদি।

অতএব আমি বলি ভয়ের কারণ না জানিয়া শব্দ মাত্রেতেই ভয় কর্ত্তব্য নয়।

ততঃ সঞ্জীবক আনীয় দর্শনং কারিতঃ।

অনন্তর সঞ্জীবককে আনিয়া দেখা করাইল।

পশ্চাত্তত্রৈবাশ্রিততয়া অন্যোন্যং পরমপ্রীত্যা চিরং নিবসতি।

পশ্চাৎ সেই স্থানেতেই আশ্রিত হইয়া পরস্পর অত্যন্ত প্রীতিতে বহুকাল বাস করিতে লাগিল।

অথ কদাচিত্তস্য সিংহস্য ভ্রাতা স্তব্ধকর্ণনামা সিংহঃ সমাগতঃ।

অনন্তর কদাচিৎ সেই সিংহের ভ্রাতা স্তব্ধকর্ণনামা সিংহ আসিল।

তস্যাতিথ্যং কৃত্বা সমুপবেশ্য, পিঙ্গলক স্তদাহারায় পশুং হন্তুং চলিতঃ।

তাহার আতিথ্য করিয়া বসাইয়া পিঙ্গলক ভোজনের নিমিত্ত পশু নষ্ট করিতে চলিল।

অত্রান্তরে সঞ্জীবকো বদতি।

ইত্যবসরে সঞ্জীবক বলিল।

দেব! অদ্য হতমৃগাণাং মাংসানি ক।

হে মহারাজ, আজিকার নষ্ট মৃগের মাংস কোথায়?

রাজাহ দমনককরটকৌ আনীতঃ।

ভূপতি কহিলেন দমনক ও করটক আনে।

সঞ্জীবকোব্রূতে।

সঞ্জীবক বলিতেছে।

জ্ঞায়তাং কিমস্তি নাস্তি বা।

জানুন আছে বা নাই।

সিংহোবিমৃশ্যাহ নাস্ত্যেব তৎ।

সিংহ বিবেচনা করিয়া বলিল তাহা নাই।

সঞ্জীবকোব্রূতে।

সঞ্জীবক বলিতেছে।

কথমেতাবন্মাংসং তাভ্যাং খাদিতং।

তাহারা কি প্রকারে এত মাংস খাইল।

রাজাহ খাদিতং ব্যয়িতং অবধীরিতঞ্চ, প্রত্যহ মেবমেব।

রাজা বলিলেন খাইয়াছে, ব্যয় করিয়াছে, অবজ্ঞাও করিয়াছে, প্রত্যহই এইরূপ।

সঞ্জীবকোব্রূতে।

সঞ্জীবক বলিতেছে।

কথং শ্রীমদ্দেবপাদানামগোচরেণৈবং ক্রিয়তে।

শ্রীযুত মহারাজের চরণের অজ্ঞাতেই কি এমন করে!

রাজাহ মদীয়াগোচরেণৈব ক্রিয়তে।
নৃপতি বলিলেন আমার অগোচরেই করে।
অথ সঞ্জীবকোক্তং তে নৈতদুচিতং।
অনন্তর সঞ্জীবক বলিল ইহা উচিত নহে।

তথাচোক্তং। নানিবেদ্য প্রকুর্ব্বীত ভর্তুঃ কিঞ্চিদপি স্বয়ং। কার্য্যমাপৎপ্রতীকারাদন্যত্র জগতীপতেঃ॥ ৩৪৪॥

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন যে বিপৎ প্রতীকার ব্যতিরেকে স্বামিকে নিবেদন না করিয়া আপনি কোন কর্ম্ম করিবে না॥ ৩৪২॥

অন্যচ্চ। কমণ্ডলূপমোঽমাত্যঃ তনুত্যাগো বহুগ্রহঃ। নৃপতে কিংক্ষণো মূর্খো দরিদ্রঃ কিং বরাটকঃ॥ ৩৪৫॥

অপর যেমন গাড়ু মুখের দ্বারা অনেক জলাদি গ্রহণ করে ও নালের দ্বারা অল্প ত্যাগ করে সেইরূপ মন্ত্রী অনেক মুদ্রাদি আদায় করিবেক অল্প ব্যয় করিবেক, কেননা হে মহারাজ, ক্ষণমাত্র না পড়ায় কি হইবে ইহা মনে করিয়া যে ব্যক্তি আলস্য করে সে মূর্খ হয় আর এক বরাটক সঞ্চয় করিলে কি হইবে ইহা মনে করিলে দরিদ্র হয়॥ ৩৪৫॥

স হ্যমাত্যঃ সদা শ্রেয়ান্ কাকিনীং যঃ প্রবর্দ্ধ-

য়েৎ। কোষঃ কোষবতঃ প্রাণাঃ, প্রাণাঃ প্রাণা ন ভূপতেঃ ॥ ৩৪৬ ॥

অপর সেই মন্ত্রী সর্ব্বদা ভাল যে পাঁচ গণ্ডা কৌড়ীকেও বাড়ায় যেহেতু কোষাধিকারির কোষই প্রাণ, রাজার প্রাণ প্রাণ নহে ॥ ৩৪৬ ॥

কিঞ্চ নৈন্য র্ন কুলাচারৈঃ,‘সেব্যতামেতি পুরুষঃ। ধনহীনঃ স্বপত্ন্যাপি, ত্যজ্যতে কিং পুনঃ পরৈঃ ॥ ৩৪৭ ॥

আর ধন ব্যতীত অন্য কুলাচারে পুরুষ মান্য হয় না কেননা নির্দ্ধন হইলে আপন স্ত্রীও ত্যাগ করে ইহাতে অপরের কথা কি ॥ ৩৪৭ ॥

এতচ্চ রাজ্ঞঃ প্রধানং দূষণং। অতিব্যয়োঽনবেক্ষা চ, তথার্জ্জন মধর্ম্মতঃ। পোষণং দূরসংস্থানাং, কোষব্যসন মুচ্যতে ॥ ৩৪৮ ॥

রাজার এবড় দোষ যে ধনাদির অতিরিক্ত ব্যয় আর না দেখা এবং অধর্ম্মেতে উপার্জ্জন আর দূরস্থ লোকেরদিগের পোষণ, এই সকল ভাণ্ডারের ব্যসন। ৩৪৮ ॥

যতঃ। ক্ষিপ্রমায়মনালোচ্য ব্যয়মানঃ স্ববঞ্ছয়া। পরিক্ষীয়তএবাসৌ, ধনী বৈশ্রবণোপমঃ ॥ ৩৪৯ ॥

যেহেতু আয় না দেখিয়া আপন ইচ্ছাতে ব্যয় করিলে কুবেরের তুল্য ধনবানও শীঘ্র দরিদ্র হয়। ৩৪৯

স্তব্ধকর্ণোক্তেতে।

স্তব্ধকর্ণ বলিতেছে।

শৃণু ভ্রাতঃ চিরাশ্রিতাবেতৌ দমনককরটকৌ সন্ধিবিগ্রহকার্য্যাধিকারিণৌ চ কদাচিদর্থাধিকারে ন নিয়োক্তব্যৌ।

শুন ভাই, দমনক করটক চিরকালের আশ্রিত সন্ধিবিগ্রহ কার্য্যে ইহারা নিযুক্ত আছে, ধনাধিকারে ইহাদিগকে নিযুক্ত করা কর্ত্তব্য নহে।

অপরঞ্চ। নিয়োগ প্রস্তাবে যন্ময়া শ্রুতং তৎ কথ্যতে।

আর নিয়োগের প্রসঙ্গে আমি যাহা শুনিয়াছি তাহা কহি।

ব্রাহ্মণঃ ক্ষত্রিয়ো বন্ধু, র্নাধিকারে প্রশস্যতে।
ব্রাহ্মণঃ সিদ্ধমপ্যর্থং, কৃচ্ছ্রেণাপি ন যচ্ছতি॥ ৩৫০॥

ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বান্ধব ইহারা অধিকারে প্রশস্ত নয়, যেহেতু ব্রাহ্মণ ন্যায্য ধন কষ্টেতেও দেয় না॥ ৫০॥

নিযুক্তঃ ক্ষত্রিয়ো দ্রব্যে, খড়্গং দর্শয়তে ধ্রুবং।
সর্ব্বস্বং গ্রসতে বন্ধু, রাক্রম্য জ্ঞাতিভাবতঃ॥৩৫১॥

আর ক্ষত্রিয় ধনেতে নিযুক্ত হইলে নিশ্চয় অস্ত্র

দেখায়, বজ্ঞ জ্ঞাতিভাবে সর্ব্বস্ব আক্রমণ করিয়া গ্রাস করে ॥ ৩৫১ ॥

অপরাধেহপি নিঃশঙ্কো, নিয়োগী চিরসেবকঃ।
স স্বামিন মবজ্ঞায়, চরেদ্ধি নিরবগ্রহঃ ॥ ৩৫২ ॥

বহু কালের দাস কার্য্যে নিযুক্ত হইয়া অপরাধেও শঙ্কা রহিত হয় এবং সে প্রভুকে অবজ্ঞা করিয়া যথেষ্টাচার করে ॥ ২৫২ ॥

উপকর্ত্তাধিকারিস্থ, স্বাপরাধং ন মন্যতে। উপকারং ধ্বজীকৃত্য, সর্ব্বমেবাবলুম্পতি ॥ ৩৫৩ ॥

উপকারক ব্যক্তি অধিকারী হইয়া আপন অপরাধ মানে না, উপকারকে ধ্বজা করিয়া সমস্তই লুকায় ॥ ২৫৩ ॥

উপাংশুক্রীড়িতোহমাত্যঃ, স্বয়ং রাজায়তে যতঃ। অবজ্ঞা ক্রিয়তে তেন, সদা পরিচয়াৎ ধ্রুবং ॥ ৩৫৪ ॥

অস্ফুটস্বরে পরামর্শকারক মন্ত্রি আপনি রাজার ন্যায় আচরণ করে, সে পরিচয় নিশ্চয় অবজ্ঞাতা হয় ॥ ৩৫৪ ॥

অন্তর্দুষ্টঃ ক্ষমাযুক্তঃ, সর্ব্বানর্থকরঃ কিল।
শকুনিঃ শকটারশ্চ দৃষ্টান্তাবত্র ভূপতে ॥ ৩৫৫ ॥

অন্তঃকরণ দুষ্ট ক্ষমাবান্ লোক নিশ্চয় সকল অনর্থকারক হয়, হে মহারাজ, ইহাতেই দৃষ্টান্ত রাজা দুর্য্যো-

নন্দের মন্ত্রী শকুনি আর শূদ্রক রাজার অমাত্য শকটার ॥ ৩৫৫ ॥

সদামাত্যো ন সাধুঃ স্যাৎ, সমৃদ্ধঃ সর্ব্বএব হি।
সিদ্ধানাময়মাদেশ, ঋদ্ধিশ্চিত্তবিকারিণী ॥ ৩৫৬ ॥

অমাত্য সর্ব্বদা সাধু নহে কেননা সকলই ধনবান্ হয়, হে মহারাজ! সিদ্ধ লোকেরদিগের এই আদেশ আছে যে ধন চিত্তকে বিকৃত করে ॥ ৩৫৬ ॥

প্রাপ্তার্থগ্রহণং দ্রব্যপরীবর্ত্তো ভূপরোধনং।
উপেক্ষা বুদ্ধিহীনত্বং, ভোগোঽমাত্যস্য দূষণং ॥ ৩৫৭ ॥

প্রাপ্ত ধনের সংগ্রহ এবং দ্রব্যের বিনিময় আর উপরোধ ও উপেক্ষা এবং নির্ব্বুদ্ধিতা তথা উপভোগ এই সকল মন্ত্রির দোষ ॥ ৩৫৭ ॥

নিযোজ্যার্থগ্রহোপায়ো, রাজ্ঞাং নিত্যপরীক্ষণং।
প্রতিপত্তিপ্রদানঞ্চ তথা কর্ম্ম বিপর্য্যয়ঃ ॥ ৩৫৮ ॥

নিযুক্ত লোকের স্থানে ধন লইবার উপায় আর রাজপুরুষদিগের প্রত্যহ পরীক্ষা এবং প্রতিপত্তি-প্রদান আর অধিকারের পরিবর্ত্ত ॥ ৩৫৯ ॥

নিপীড়িতা বমন্ত্যাশু অন্তঃসারং মহীপতে। দুষ্ট ব্রণাইব প্রায়ো, ভবন্তি হি নিয়োগিনঃ ॥ ৩৫৯ ॥

দুষ্টব্রণ যেমন অতিশয় পীড়িত হইলে অন্তরস্থ

পুষ্করাদি উদ্ধার করে হে মহারাজ তেমনি অধিকারস্থ লোকেরা অতিশয় পীড়িত হইলে অন্তরস্থ বস্তু প্রকাশ করিয়া দেয়॥ ৩৫৯॥

মুহুর্নিয়োগিনো বোধ্যা, বসুধারা মহীপতে।
সকৃৎ কিং পীড়িতং স্নান বস্ত্রং মুঞ্চেদ্দ্রুতং পয়ঃ॥
৩৬০॥

হে মহারাজ, নিযুক্ত লোকদিগকে বারম্বার বুঝিবেক। একবার পীড়ন করিলে কি স্নানবস্ত্র শীঘ্র জল ত্যাগ করে॥ ৩৬০॥

এতৎ সর্ব্বং যথাবসরং জ্ঞাত্বা ব্যবহর্ত্তব্যং।

এই সকল সময়ানুসারে জানিয়া ব্যবহার করিতে হয়।

সিংহোক্তে।

সিংহ বলিতেছে।

অস্তি তাবদেবং কিন্তু এতৌ সর্ব্বথা ন মম বচনকারিণৌ।

এই প্রকার বটে কিন্তু ইহারা দুই জন আমার বচনকারী নয়।

স্তব্ধকর্ণোক্তে।

স্তব্ধকর্ণ বলিতেছে।

এতদনুচিতং সর্ব্বথা।

ইহা সর্ব্ব প্রকারে অনুচিত।

যতঃ। আজ্ঞাভঙ্গকরান্রাজা, ন ক্ষমেৎ স্বসুতানপি। বিশেষঃ কোঽনুরাগস্য, রাজচিত্তগতস্য চ॥ ৩৬১॥

যেহেতু আদেশের লঙ্ঘনকারক আপন পুত্ত্রেরদিকেও রাজা ক্ষমা করিবেন না। অতএব রাজার মনোগত অনুরাগেরও বিশেষ নাই॥ ৩৬১॥

স্তব্ধস্য নশ্যতি যশো বিষমস্য মৈত্রী, নষ্টেন্দ্রিয়স্য কুলমর্থপরস্য ধর্ম্মঃ। বিদ্যাফলং ব্যসনিনঃ কৃপণস্য সৌখ্যং, রাজ্যং প্রমত্তসচিবস্য নরাধিপস্য। ৩৬২॥

স্তব্ধ ব্যক্তির যশঃ নষ্ট হয়, অশিষ্টলোকের মিত্রতা নষ্ট হয়, অজিতেন্দ্রিয়ের কুল নষ্ট হয়, ধনপর ব্যক্তির ধর্ম্ম নষ্ট হয়, ব্যসনি লোকের বিদ্যা নষ্ট হয়, কৃপণের সুখ নষ্ট হয়, আর যে রাজার মন্ত্রী প্রমত্ত তাহার রাজ্য নষ্ট হয়॥ ৩৬২॥

অপরঞ্চ। তস্করেভ্যো নিযুক্তেভ্যঃ, শত্রুভ্যো নৃপবল্লভাৎ। নৃপতির্নিজলোভাচ্চ, প্রজা রক্ষেৎ পিতেব হি॥ ৩৬৩॥

অপর চোর হইতে এবং নিযুক্ত পুরুষ হইতে তথা বিপক্ষ হইতে এবং রাজ প্রিয়লোক হইতে তথা

আপন লোভ হইতে প্রজাদিগকে রাজা পিতার ন্যায় রক্ষা করিবেন ॥ ৩৬৩ ॥

ভ্রাতঃ সর্ব্বথাস্মদ্বচনং ক্রিয়তাং ব্যবহারেঽপ্যাস্মাভিঃ কৃতএব, অয়ং সঞ্জীবকঃ শস্যভক্ষকোঽর্থাধিকারে নিযুজ্যতাং।

হে ভাই, সর্ব্ব প্রকারে আমার বাক্য গ্রহণ কর, আমরাও ব্যবহার করিয়াছি, এই সঞ্জীবক শস্যভক্ষক, ইহাকে অর্থাধিকারে নিয়োগ কর।

এতদ্বচনাত্তথানুষ্ঠিতে সতি তদারভ্য পিঙ্গলক সঞ্জীবকয়োঃ সর্ব্ববন্ধু পরিত্যাগেন মহতা স্নেহেন কালোঽতিবর্ত্ততে।

এই কথাতে তাহা করিলে পর তদবধি সমস্ত বন্ধু পরিত্যাগ করিয়া অতিশয় স্নেহে পিঙ্গলক ও সঞ্জীবকের কাল যাইতে লাগিল।

ততোঽনুজীবিনামপ্যাহারদানে শৈথিল্যদর্শনা দ্দমনককরটকাবন্যোন্যং চিন্তয়তঃ, তদা দমনকঃ করটকমাহ মিত্র কিং কর্ত্তব্যং।

অনন্তর দাসেরদেরও আহার দানে শৈথিল্য দেখিয়া দমনক করটক পরস্পর ভাবনা করিতে লাগিল। দমনক করটককে কহিল হে মিত্র কি কর্ত্তব্য।

আত্মকৃতোঽয়ং দোষঃ, স্বয়ং কৃতেঽপি দোষে পরিদেবনমপ্যনুচিতং।

আত্মকৃত এ দোষ, আপনি দোষ করিলে খেদকরাও অনুচিত।

তথাচোক্তং।

স্বর্ণরেখামহংস্পৃষ্ট্বা, বদ্ধাত্মানঞ্চ দূতিকা। আদিৎসুঃ স্বর্মণিং সাধুঃ, স্বদোষাদ্দুঃখিতাইমে॥ ৩৬৪॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন আমি স্বর্ণরেখাকে স্পর্শ করিয়া আর দূতী আপনাকে বান্ধিয়া এবং সাধু আপন রত্ন লইতে ইচ্ছা করিয়া আপন দোষেতে দুঃখিত হইয়াছিলেন।

করটকোক্তে কথমেতৎ।

করকট বলিল এ কি প্রকার?

দমনকঃ কথয়তি।

দমনক কহিতেছে।

অস্তি কাঞ্চনপুর নাম্নি নগরে বীরবিক্রমো রাজা। তস্য ধর্ম্মাধিকারিণা কশ্চিন্নাপিতো বধ্যভূমিং নীয়মানঃ কন্দর্পকেতু নাম্না। পরিব্রাজকেন সাধু দ্বিতীয়কেন নায়ং হন্তব্য, ইত্যুক্ত্বা বস্ত্রাঞ্চলে ধৃতঃ।

কাঞ্চনপুর নামক নগরে বীরবিক্রম নামা এক রাজা থাকেন। তাঁহার ধর্ম্মাধিকারি কর্ত্তৃক কোন নাপিত বধ্যভূমিতে নীত হইতেছিল, তাহাকে দেখিয়া এক সাধুর সহিত কন্দর্প.কতু নামে সন্ন্যাসী কহিল এ লোক বধ্য নয়, ইহা কহিয়া তাহার বস্ত্রের অঞ্চলে ধরিল।

রাজপুরুষা ঊচুঃ কিমিতি নায়ং বধ্যঃ॥

রাজপুরুষেরা কহিল কেন এ বধ্য নহে।

স আহ শ্রূয়তাং স্বর্ণরেখা মহং স্পৃষ্ট্বেত্যাদি পঠতি। ত আহুঃ কথমেতৎ। পরিব্রাজকঃ কথয়তি অহং সিংহলদ্বীপভূপতের্জীমূতকেতোঃ পুত্রঃ কন্দর্পকেতুর্নাম। একদা কেলিকাননাবস্থিতেন ময়া পোতবণিঙ্মুখাচ্ছ্রুতং।

সন্ন্যাসী কহিল আমি সিংহলদ্বীপের রাজা, জীমূতকেতুর পুত্র, কন্দর্পকেতু আমার নাম, আমি একদিন ক্রীড়াকাননে থাকিয়া জাহাজি সওদাগরের মুখে শুনিলাম।

যদত্র সমুদ্র মধ্যে চতুর্দ্দশ্যামাবির্ভূত কল্পতরুতলে রত্নাবলীকিরণকর্ব্বুরপর্য্যঙ্কে স্থিতা সর্ব্বালঙ্কারভূষিতা লক্ষ্মীরিব বীণাং বাদয়ন্তী কন্যা কাচিদ্দৃশ্যতে ইতি।

যে এই সমুদ্র মধ্যে দৃষ্টহয় চতুর্দ্দশী তিথিতে আবির্ভূত কল্পবৃক্ষের তলে রত্ন সমূহের কিরণে উজ্জ্বল মনোহর পর্য্যঙ্কে উপবিষ্টা হইয়া সর্ব্বাভরণে ভূষিতা লক্ষ্মীর ন্যায় সুন্দরী কোন কন্যা বীণা বাজান্।

ততোঽহংপোতবণিজমাদায় পোতমারুহ্য তত্র গতঃ।

তদনন্তর আমি সওদাগরকে লইয়া জাহাজে আরোহণ করিয়া সেখানে গেলাম॥

অনন্তরং তত্র গত্বা পর্য্যঙ্কেঽর্দ্ধমগ্না তথৈব সা অবলোকিতা, ততঃ সা সখীসমেতা সমুদ্র মধ্যে মগ্নাঽদৃশ্যা হভবৎ।

তাহার পর সেখানে গিয়া পর্য্যঙ্কে অর্দ্ধমগ্না সেই প্রকার কন্যা অবলোকন করিলাম। তৎপরে তিনি সখীর সহিত সাগর মধ্যে মগ্না হইয়া অদৃশ্যা হইলেন॥

ততস্তল্লাবণ্যগুণাকৃষ্টেন ময়াপি তৎ পশ্চাৎ ঝম্পঃ প্রদত্তঃ। তদনন্তরং কনকপত্তনং প্রাপ্য সুবর্ণ প্রাসাদে তথৈব পর্য্যঙ্কে স্থিতা বিদ্যাধরীভি রুপাস্যমানা ময়াঽবলোকিতা। তয়াঽপ্যহং দূরাদেব দৃষ্টা সখীং প্রস্থাপ্য সাদরং সম্ভাষিতঃ। তৎসখ্যা চ ময়া পৃষ্টয়া সমাখ্যাতং

তাহার পর তাঁহার সৌন্দর্য্য গুণে আকৃষ্ট হইয়া আমিও তাহার পশ্চাৎ ঝম্প দিলাম। তদনন্তর একটী সুবর্ণপুরীতে উপস্থিত হইয়া সুবর্ণ প্রাসাদে সেইরূপ খট্টায় স্থিতা বিদ্যাধরী কর্ত্তৃক সেব্যমানা সেই কন্যাকে দেখিলাম। তিনিও আমাকে দূর হইতে দেখিয়া সখী পাঠাইয়া আদরে সম্ভাষা করিলেন। তাহার পরে আমি তাঁহার সখীকে জিজ্ঞাসিলে সে কহিল।

এষা কন্দর্পকেলি নাম্নো বিদ্যাধর চক্রবর্ত্তিনঃ পুত্রী রত্নমঞ্জরী নাম, অস্যাঃ প্রতিজ্ঞা বিদ্যতে যঃ কনকপত্তনং স্বচক্ষুষাগত্য দ্রক্ষ্যতি সএব পিতু রগোচরেঽপি মাম্পরিণেষ্যতীতি। তদেনাং গান্ধর্ব বিবাহেন পরিণয়তু ভবান্

ইনি কন্দপকেলি নামে বিদ্যাধর চক্রবর্ত্তির কন্যা, ইহার নাম রত্নমঞ্জরী, ইনি এই প্রতিজ্ঞা করিয়াছেন যে ব্যক্তি আসিয়া আপন চক্ষুতে এই কনকপত্তন দেখিবেক সে পিতার অগোচরেও আমাকে বিবাহ করিবেক অতএব আপনি ইহাকে গান্ধর্ব বিবাহে স্বীকার করুন।

অথ তত্র বৃত্তে গান্ধর্ববিবাহে রমমাণস্তত্রাহং তিষ্ঠামি।

অনন্তর গান্ধর্ব্ব বিবাহ হইলে পর তাহার সহিত ক্রীড়া করত আমি সেই স্থানে থাকি।

তত একদা ঽহসি তয়োক্তং স্বামিন্ স্বেচ্ছয়া সর্ব্ব মিদ মুপভোক্তব্যং কিন্ত্বেষা চিত্রগতা স্বর্ণরেখা নাম বিদ্যাধরী ন কদাচিৎ স্প্রষ্টব্যা।

তাহার পর একদিন নির্জ্জনে সেই কন্যা কহিল হে নাথ, আপন ইচ্ছাতে এই সমস্ত উপভোগ কর কিন্তু চিত্রিত এই স্বর্ণরেখা নামে বিদ্যাধরীকে কদাচ স্পর্শ করিও না।

পশ্চাদুপজাত কৌতুকেন ময়া সা স্বর্ণরেখা স্বহস্তেন স্পৃষ্টা তয়া চিত্রগতয়াপ্যহং চরণপদ্মেন তাড়িত আগত্য স্বরাষ্ট্রে পতিতঃ।

পশ্চাৎ আমি কৌতুকাবিষ্ট হইয়া একদিন সেই স্বর্ণরেখাকে আপন হস্তে স্পর্শ করিলাম। তাহাতে চিত্রিতা সেই স্বর্ণরেখা পাদ পঙ্কজ দ্বারা আমাকে তাড়িত করিল অতএব আমি আপন দেশে আসিয়া পড়িলাম।

অথ দুঃখিতোঽহং প্রব্রজিতঃ পৃথিবীং পরিভ্রমন্ ইমাং নগরী মনুপ্রাপ্তঃ।

তদনন্তর দুঃখিত হইয়া প্রব্রজ্যাবলম্বন পূর্ব্বক পৃথিবী ভ্রমণ করিতেং এই নগরে আসিয়াছি।

অতিক্রান্তে দিবসে গোপগৃহে সুপ্তঃ সন্নপশ্যৎ।
গত দিবসে গোপগৃহে শয়ন করিয়া দেখিলাম।
প্রদোষসময়ে সুহৃদাং পালনং কৃত্বা স্বগেহমাগতো গোপঃ স্ববধূং দূত্যা সহ কিমপি মন্ত্রয়ন্তী মপশ্যৎ।

সন্ধ্যাকালে আত্মীয় অন্তরঙ্গের পালন করিয়া আপন গৃহে আসিয়া গোপ আপন ভার্য্যাকে দূতীর সহিত পরামর্শ করিতে দেখিল।

ততস্তাং গোপীং তাড়য়িত্বা স্তম্ভে বদ্ধা সুপ্তঃ।
তাহার পর সেই গোপীকে প্রহার করিয়া স্তম্ভে বন্ধন করিয়া শয়ন করিল।

ততোঽর্দ্ধরাত্রে এতস্য নাপিতস্য বধূর্দূতী পুনস্তাং গোপীমুপেত্যাবদৎ তব বিরহানল দগ্ধোঽসৌ স্মরশর জর্জ্জরিতো মুমূর্ষুরিব বর্ত্ততে।

অনন্তর অর্দ্ধরাত্রে এই নাপিতের স্ত্রী দূতী সেই গোপীর নিকট আসিয়া কহিল তোমার বিরহরূপ অনলে দগ্ধ হইয়া কন্দর্পবাণে জর্জ্জরিত তোমার উপপতি মুমূর্ষু হইয়া আছে।

তথাচোক্তং।

রজনীচর নাথেন, খণ্ডিতে তিমিরে নিশি। যূনাং মনাংসি বিব্যাধ, দৃষ্ট্বা দৃষ্ট্বা মনোভবঃ ॥ ৩৬৫ ॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন রাত্রিতে চন্দ্র কর্ত্তৃক অন্ধকার বিনাশিত হইলে কন্দর্প দেখিয়াও যুবাদিগের মন বিদ্ধ করেন।

তস্যা তাদৃশী মবস্থা মবলোক্য পরিক্লিষ্টমনা স্ত্বামনু বর্ত্তিতু মাগতা।

তাহার সেইরূপ অবস্থা দেখিয়া দুঃখিতান্তঃকরণ হইয়া তোমার অনুবৃত্তি করিতে আসিলাম।

তদহমাত্মা নং বদ্ধা তিষ্ঠামি, ত্বং তত্র গত্বা তং-সন্তোষ্য সত্বর মাগমিষ্যসি।

অতএব আমি এখানে আপনাকে বান্ধিয়া থাকি, তুমি সেখানে যাইয়া তাহার পরিতোষ জন্মাইয়া ত্বরায় আইস।

তথানুষ্ঠিতে সতি স গোপঃ প্রবুদ্ধোঽবদৎ ইদানীং ত্বাং পাপিষ্ঠাং জারান্তিকং নয়ামি, ততো যদাসৌ ন কিঞ্চিদপি ব্রূতে।

সেই প্রকার করিলে পর সেই গোপ জাগিয়া বলিল অরে পাপীয়সি আয় সম্প্রতি তোরে উপপতির নিকটে লই, অনন্তর যখন সে কিছুই বলিল না।

তদা ক্রুদ্ধোগোপো দর্পান্মম বচসি প্রত্যুত্তরমপি ন দদাসি ইত্যুক্ত্বা কোপেন কর্ত্তরিকাম্‌

জায়ায়া নাসিকাং চিচ্ছেদ, তথা কৃত্বা পুনঃ সুপ্তো গোপো নিদ্রা মুপাগমৎ।

তখন সেই গোপ রুষ্ট হইয়া, আঃ, অহঙ্কারে আমার কথায় উত্তরও দিস্ না ইহা কহিয়া রোষে ছুরি লইয়া ইহার নাসিকা কাটিল। তাহার পর পুনর্ব্বার শুইয়া নিদ্রা গেল।

অথাগত্য গোপী দূতীমপৃচ্ছৎ কা বার্ত্তা।

অনন্তর গোপী আসিয়া দূতীকে জিজ্ঞাসা করিল বৃত্তান্ত কি?

দূত্যোক্তং পশ্য মাং, মুখমেব বার্ত্তাং মুখরয়তি।

দূতী কহিল আমাকে দেখ, মুখই বৃত্তান্ত কহিতেছে।

অনন্তরং সা গোপী তথা কৃত্বা আত্মানং বদ্ধা স্থিতা, ইয়ঞ্চ দূতী তাং ছিন্ননাসিকাং গৃহীত্বা স্বগৃহং প্রবিষ্টা।

তাহার পর সেই গোপী ঐরূপ করিয়া আপনাকে বান্ধিয়া থাকিল এবং এই দূতী সেই ছিন্ন নাসিকা লইয়া আপন গৃহে প্রবেশ করিল।

ততঃ প্রাতরেবানেন নাপিতেন স্ববধূঃ ক্ষুরভাণ্ডং যাচিতা, সা তু ক্ষুরমেকং প্রাদাৎ।

তাহার পর প্রভাত সময়ে ঐ নাপিত আপন

ভার্য্যার নিকট ক্ষুরভাণ্ড চাহিলে সে একখানি ক্ষুর মাত্র দিল।

ততোঽসমগ্রভাণ্ডে প্রাপ্তে সমুপজাতকোপোঽয়ং নাপিতস্তৎক্ষুরং দূরাদেব গৃহে ক্ষিপ্তবান্।

তদনন্তর সমস্ত ভাণ্ড না পাওয়াতে জাতক্রোধ হইয়া ঐ নাপিত সেই ক্ষুর দূর হইতে ঘরে ফেলিয়া দিল।

অথ কৃতার্ত্তরাবা ইয়ং বিনাপরাধেন মে নাসিকা অনেন ছিন্না ইত্যুক্ত্বা ধর্ম্মাধিকারিসমীপমেন মানীতবতী।

অনন্তর এই দূতী আর্ত্তনাদ করিয়া এব্যক্তি অপরাধ ব্যতিরেকে আমার নাসিকা ছেদন করিল বলিয়া ধর্ম্মাধিকারির নিকট ইহাকে আনিল।

সা চ গোপী তেন গোপেন পুনঃ পৃষ্টোবাচ।

ঐ গোপী সেই গোপ কর্ত্তৃক পুনশ্চ পৃষ্টা হইয়া কহিল।

অরে গোপ, কো মাং মহাসতীং নিরূপয়িতুং সমর্থঃ মম ব্যবহারকল্প মষ্টৌ লোকপালাএব জানন্তি।

অরে গোপ, আমি মহাসতী, আমাকে নিরূপণ করিতে কে পারে। আমার নিষ্পাপ ব্যবহার অষ্ট দিকপালেরাই জানেন।

যতঃ।

আদিত্যচন্দ্রাবনিলোঽনলশ্চ, দ্যৌর্ভূমিরাপো হৃদয়ং যমশ্চ। অহশ্চ রাত্রিশ্চ উভে চ সন্ধ্যে, ধর্ম্মোঽপি জানাতি নরস্য বৃত্তং ॥ ৩৬৬ ॥

যেহেতু সূর্য্য চন্দ্র বায়ু অগ্নি স্বর্গ পৃথিবী জল, অন্তঃকরণ যম দিবা রাত্রি দুই সন্ধ্যা আর ধর্ম্ম ইহাঁরা মনুষ্যের চরিত্র জানেন ॥ ৩৬৬ ॥

যদ্যহং পরমসতী সাং ত্বাং বিহায়ান্যং ন জানে, স্বপ্নেঽপি পুরুষান্তরং ন হি ভজে, তেন ধর্ম্মেণ ছিন্নাপি মম নাসিকা অচ্ছিন্নাস্তু।

যদি আমি পরম সতী হই, তোমাকে ত্যাগ করিয়া অন্যকে না জানি, অন্য পুরুষকে স্বপ্নেতেও না ভজি, তবে সেই পুণ্যে আমার ছিন্ন নাসা অচ্ছিন্না হউক।

ময়া ত্বং ভস্ম কর্ত্তুং শক্যতে কিন্তু স্বামী অতো লোকভয়াদুপেক্ষ্যতে পশ্য মন্মুখং।

আমি তোমাকে ভস্ম করিতে পারি কিন্তু তুমি আমার ভর্ত্তা, লোক ভয়ে উপেক্ষা করিলাম, আমার মুখ দেখ।

ততো যাবদসৌ গোপো দীপং প্রজ্বাল্য তন্মুখমবলোকতে তাবদুন্নসং মুখমবলোক্য তচ্চরণ-

যোঃ পতিস্তোইবদং ধন্যোঽহং যস্যেদৃশী ভার্যা পরম সাধ্বীতি।

তাহার পর যখন গোপ প্রদীপ জ্বালিয়া তাহার মুখ দেখিল তখন ছিন্ননাসিকাবিশিষ্ট বদন দেখিয়া তাহার পায়ে পড়িয়া কহিল আমি ধন্য, যাহার গৃহিণী এতাদৃশী সতী।

যোঽয়মাস্তে সাধুরেতস্য বৃত্তান্তমপি কথয়ামি।

এই যে সন্ন্যাসী আছেন, ইহার বৃত্তান্তও বলি।

অয়ং স্বগৃহান্নির্গতো দ্বাদশবর্ষে র্মলয়োপকণ্ঠাদিমাং নগরী মনুপ্রাপ্তঃ।

ইনি নিজ গৃহ হইতে বাহির হইয়া দ্বাদশ বৎসরে মলয় সমীপ হইতে এই পুরীতে উপনীত হইয়াছেন।

অত্র বেশ্যাগৃহে সুপ্তস্তস্যাঃ কুট্টিন্যা গৃহদ্বারি স্থাপিত কাষ্ঠ গঠিত বেতালস্য মূর্দ্ধনি রত্নমেক মুৎকৃষ্টমাস্তে তত্র লুব্ধেনানেন সাধুনা রাত্রাবুত্থায় রত্নং গৃহীতুং যত্নঃ কৃতঃ। তদা তেন বেতালেন সূত্র সঞ্চারিত বাহুভ্যাং পীড়িতঃ সন্নার্ত্তনাদময়ং চকার।

ইনি এস্থানে বেশ্যাগৃহে শয়ন করিয়াছিলেন। সেই কুট্টিনীর গৃহ দ্বারে কাষ্ঠ নির্ম্মিত একটা বেতাল থাকে, তাহার মস্তকে একটী উত্তম রত্ন আছে। এই

লোভী সাধু রাত্রিতে উঠিয়া সেই মণি লইবার নিমিত্ত যত্ন করিয়াছিলেন তাহাতে সেই বেতাল কর্তৃক সূত্র সঞ্চারিত হস্তদ্বয়ের দ্বারা ধৃত হইয়া আর্ত্ত স্বর করিলেন।

পশ্চাদুত্থায় কুট্টিন্যোক্তং।

অনন্তর কুট্টিনী উঠিয়া কহিল।

পুত্র মলয়োপকণ্ঠাদাগতোঽসি তৎসর্ব রত্নানি প্রযচ্ছাস্মৈ, নোচেদনেন ন ত্যক্তব্যোঽসি, ইত্থমে বায়ং চেটকঃ।

হে পুত্র, মলয়ের নিকট হইতে আসিয়াছ, তত্রত্য সকল রত্ন ইহাকে দেও, নতুবা এ তোমাকে ছাড়িবে না, এ দুষ্ট এই প্রকার।

ততোঽনেন সর্ব্ব রত্নানি সমর্পিতানি।

তদনন্তর ইনি সমস্ত রত্ন সমর্পণ করিলেন।

এবমপহৃতসর্ব্বস্বোঽস্মাসু সমাগত্য মিলিতঃ।

এই প্রকারে ইনি হৃতসর্ব্বস্ব হইয়া আসিয়া আমারদিগের সহিত মিলেন।

এতৎ সর্ব্বং শ্রুত্বা রাজপুরুষৈর্ন্যায়ে ধর্ম্মাধিকারী প্রবর্ত্তিতঃ।

এই সকল শুনিয়া রাজপুরুষেরা ধর্ম্মাধিকারিকে ন্যায়ে প্রবৃত্ত করাইল।

অনন্তরং তেন সা দূতী গোপী চ গ্রামাদ্বহির্নিঃ
সারিতা, নাপিতশ্চ গৃহঙ্গতঃ।

অনন্তর তিনি সেই দূতীকে আর গোপীকে গ্রাম হইতে বাহির করিয়া দিলেন আর নাপিতও আপন গৃহে গেল।

অতোঽহং ব্রবীমি স্বর্ণরেখা মহং স্পৃষ্ট্বেত্যাদি।

অতএব আমি বলি স্বর্ণরেখা স্পর্শ করিয়া ইত্যাদি।

অথ স্বয়ং কৃতোঽয়ং দোষো হত্র বিলপনং নো-
চিতং।

অনন্তর এ দোষ স্বয়ং কৃত, ইহাতে বিলাপ উচিত নয়।

ক্ষণং বিমৃশ্য মিত্র! যথানয়োঃ সৌহার্দ্দং ময়া
কারিতং তথা মিত্রভেদোঽপি ময়া কার্য্যঃ।

কিঞ্চিৎ কাল বিবেচনা করিয়া কহিল হে মিত্র! ইহারদিগের যেমন সৌহার্দ্দ করাইয়া দিয়াছি, তেমনি পরস্পর ভেদ করিয়া দিব।

যতঃ। অতথ্যান্যপি তথ্যানি, দর্শয়ন্ত্যতিপে-
শলাঃ। সমে নিম্নোন্নতানীব, চিত্রকর্ম্ম বিদো-
জনাঃ॥ ৩৬৭॥

যেহেতু চিত্রকর লোকেরা যেমন সমান স্থানেও

উচ্চ নীচ দেখায় তেমন অতিশয় খল লোকেরা মিথ্যা কেও সত্য করিয়া দেখায়॥ ৩৬৭॥

অপরঞ্চ। উৎপন্নেষ্বপি কার্য্যেষু, মতির্যস্য, ন হীয়তে। স নিস্তরতি দুর্গাণি, গোপী জারদ্বয়ং যথা॥ ৩৬৮।

অপর কার্য্য উপস্থিত হইলে যাহার বুদ্ধি ভ্রংশ না হয় সে লোক বিপৎ উত্তীর্ণ হয় যেমন গোপী দুই উপপতির সহিত বিপৎহইতে উর্ত্তীর্ণ হইয়াছিল॥৩৬৮॥

করটকঃ পৃচ্ছতি কথমেতৎ।

করটক জিজ্ঞাসা করিল এ কি প্রকার।

দমনকঃ কথয়তি।

দমনক কহিতেছে।

অস্তি দ্বারবত্যাং পুর্য্যাং কস্যচিদ্গোপস্য বধূ র্বন্ধকী, সা গ্রামস্য দণ্ডনায়কেন তৎ পুত্রেণ চ সমং রমতে।

দ্বারবতী নামে পুরীতে কোন গোপের বধূ থাকে, সে ভ্রষ্টা, গ্রাম কোটালের এবং তাহার পুত্রের সহিত ক্রীড়া করে।

তথাচোক্তং। নাগ্নিস্তৃপ্যতি কাষ্ঠানাং, নাপগানাং মহোদধিঃ। নান্তকঃ সর্ব্বভূতানাং, ন পুংসাং বামলোচনা॥ ৩৬৯॥

পণ্ডিতেরা কহিয়াছেন, কাষ্ঠেতে অগ্নি তৃপ্ত হয় না, নদীতে সমুদ্র তৃপ্ত হন না, সমস্ত প্রাণিতেও যম তৃপ্ত হন না, পুরুষেতে স্ত্রী লোক তৃপ্ত হয় না॥ ৩৬৯॥

ন দানেন ন মানেন, নার্জ্জবেন ন সেবয়া। ন শস্ত্রেণ ন শাস্ত্রেণ, সর্ব্বথা বিষমাঃ স্ত্রিয়ঃ॥ ৩৭০॥

অপর স্ত্রী জাতি দানেতে কম্বা সম্মানেতে ও সারল্যেতে এবং সেবাতে তুষ্টা হয় না, আর শস্ত্রে ও শাস্ত্রেতেও বশীভুতা হয় না, স্ত্রী লোক সকল সর্ব্বথা বিষমা॥ ৩৭০॥

যতঃ। গুণালয়ং কীর্ত্তিযুতঞ্চ কান্তং, পতিং রতিজ্ঞং সধনং যুবানং। বিহায় শীঘ্রং বনিতা পরং নরং, প্রয়াতি হীনং গুণজাতিরূপৈঃ॥ ৩৭১॥

যেহেতু গুণের আধার এবং কীর্ত্তিমান্ তথা সুন্দর ও রতি পণ্ডিত তথা ধনবান্ এবং যুবা এতাদৃশ পতিকেও ত্যাগ করিয়া স্ত্রীরা নির্গুণ ও কুরূপ ও নীচজাতি এমন পর পুরুষকে ভজনা করে॥ ৩৭১॥

অপরঞ্চ। ন তাদৃশীং প্রীতিমুপৈতি নারী, বিচিত্রশয্যা শয়িতাপি কাম। যথাহি দুর্ব্বাদিবিকীর্ণ ভূমৌ, প্রয়াতি সৌখ্যং পরকান্ত সঙ্গাৎ॥ ৩৭২॥

আরো নারী উত্তম পালঙ্কেতে শয়ন করিয়াও

স্ত্রী তাদৃশী প্রীতি প্রাপ্ত হয় না, যেমন তুর্লাংশ্বাস বিকীর্ণ ভূমিতে, পর পুরুষ সঙ্গে শয়ন করিয়া সুখ পায়॥ ৩৭২॥

অথ কদাচিৎ সা দণ্ডনায়ক পুত্ত্রেণ সহ রমমাণা তিষ্ঠতি।

অনন্তর এক দিন সে দণ্ডনায়কের পুত্ত্রের সহিত ক্রীড়া করিতেছিল।

অথ দণ্ডনায়কোঽপি রন্তুং তত্রাগতঃ।

পরে দণ্ডনায়কও ক্রীড়া করিবার নিমিত্ত সেই সময় আসিল।

তমায়ান্তং দৃষ্ট্বা তৎপুত্ত্রং কুশূলে নিঃক্ষিপ্য দণ্ডনায়কেন সহ তথৈব ক্রীড়তি।

তাহাকে আসিতে দেখিয়া তাহার পুত্ত্রকে ডোলে ফেলিয়া দণ্ডনায়কের সহিত সেই প্রকার ক্রীড়া করিতে লাগিল।

অনন্তরং তস্যা ভর্ত্তা গোপো গোষ্ঠাৎ সমাগতঃ।

অনন্তর তাহার ভর্ত্তা গোপ গোষ্ঠ হইতে আসিল।

তমালোক্য গোপ্যোক্তং দণ্ডনায়ক ত্বং লগুড়ং গৃহীত্বা কোপং দর্শয়ন্ সত্বরং গচ্ছ।

তাহাকে দেখিয়া গোপী কহিল কোটাল তুমি লগুড় লইয়া ক্রোধ দেখাইয়া শীঘ্র যাও।

তথা তেনানুষ্ঠিতে গোপেন গৃহমাগত্য ভার্য্যা পৃষ্টা কেন কার্য্যেণ দণ্ডনায়কঃ সমাগত্যাত্র স্থিতঃ।

কোটাল সেই প্রকার করিলে পর, গোপ গৃহে আসিয়া পত্নীকে জিজ্ঞাসিল কি নিমিত্তে দণ্ডনায়ক এখানে আসিয়াছিল?

সা ব্রূতে অয়ং কেনাপি কার্য্যেণ পুত্রস্যোপরি ক্রুদ্ধঃ। সচ মার্য্যমাণোঽত্রাগত্য প্রবিষ্টো ময়া কুশূলে নিক্ষিপ্য রক্ষিতঃ।

সে কহিল, এ ব্যক্তি কোন কার্য্যের নিমিত্ত পুত্রের উপর ক্রুদ্ধ হইয়াছে, ইহার পুত্রও তাড়ামান হইয়া এখানে আসিয়া প্রবিষ্ট হইয়াছে, আমি তাহাকে ডোলে ফেলিয়া রাখিয়াছি।

তৎপিত্রা চান্বিষ্যাত্র ন দৃষ্টোঽতএবায়ং দণ্ডনায়কঃ ক্রুদ্ধএব গচ্ছতি।

তাহার পিতা এখানে অন্বেষণ করিয়া দেখিতে পাইল না, এই নিমিত্ত রুষ্ট হইয়া গেল।

ততঃ সা তৎপুত্রং কুশূলাদ্বহিষ্কৃত্য দর্শিতবতী।

তাহার পর সে কোটালপুত্রকে ডোল হইতে বাহির করিয়া দেখাইল।

তথাচোক্তং। আহারো দ্বিগুণঃ স্ত্রীণাং বুদ্ধিস্তাসাং চতুর্গুণা। ষড়্গুণো ব্যবসায়শ্চ, কামশ্চাষ্টগুণঃ স্মৃতঃ॥ ৩৭৩॥

পাণ্ডতেরা তাহা কহিয়াছেন স্ত্রীলোকদিগের আহার দ্বিগুণ, বুদ্ধি চতুর্গুণ, ব্যবসায় ছয়গুণ, কাম অষ্টগুণ॥ ৩৭৩॥

অতোঽহং ব্রবীমি উৎপন্নেষ্বপি কার্য্যেষু ইত্যাদি

অতএব আমি বলি কার্য্য উপস্থিত হইলেও যাহার বুদ্ধি নষ্টা না হয় ইত্যাদি।

করটকোব্রূতে।

করটক বলিল।

অস্ত্বেবং কিন্তনয়োর্মহানন্যোন্যনিসর্গোপজাত স্নেহঃ কথং ভেদয়িতুং শক্যঃ।

এই প্রকার সত্য, কিন্তু ইহারদের পরস্পর স্বভাবতঃ অতিবড় স্নেহ জন্মিয়াছে, কি প্রকারে ভেদ করাইতে সমর্থ হইবে

দমনকোব্রূতে উপায়ঃ ক্রিয়তাং।

দমনক বলিল উপায় কর।

তথাচোক্তং উপায়েন হি যচ্ছক্যং, ন তচ্ছক্যং পরাক্রমৈঃ। কাক্যা কনকসূত্রেণ, কৃষ্ণসর্পো নিপাতিতঃ॥ ৩৭৪॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন উপায়ে যাহা করিতে পারা যায় বিক্রমেতে তাহা করিতে শক্য হয় না, ইহার প্রমাণ, কাকী স্বর্ণ সূত্রের দ্বারা কাল সর্পকে নষ্ট করিয়াছিল ॥ ৩৭৪ ॥

করটকঃ পৃচ্ছতি কথমেতৎ।

করটক জিজ্ঞাসা করিল এ কি প্রকার।

দমনকঃ কথয়তি।

দমনক বলিল।

কস্মিংশ্চিত্তরৌ বায়সদম্পতী নিবসতঃ। তয়োশ্চা পত্যানি তৎকোটরাবস্থিতেন কৃষ্ণসর্পেণ খাদিতানি।

কোন এক বৃক্ষে কাকদম্পতী বাস করিত। তাহাদের শাবক বৃক্ষকোটরস্থ একটা কাল সর্প খাইত।

ততঃ পুনর্গর্ব্ভবতী বায়সী বায়সমাহ নাথ ত্যজ্যতামযং তরু রত্রাবস্থিত কৃষ্ণসর্পেণাবয়োঃ সন্ততিঃ সততং ভক্ষ্যতে।

তদনন্তর কাকী পুনর্ব্বার অন্তরপত্যা হইয়া কাককে কহিল হে স্বামিন্! এ বৃক্ষ ত্যাগ কর, এই তরুতে আস্থিত কৃষ্ণসর্প সর্ব্বদা আমারদিগের সন্তানকে ভক্ষণ করে।

যতঃ। দুষ্টা ভার্য্যা শঠং মিত্রং, ভৃত্যাশ্চোত্তর-দায়কাঃ। সসর্পে চ গৃহে বাসো, মৃত্যুরেব ন সংশয়ঃ ॥ ৩৭৫ ॥

যেহেতু দুষ্টা স্ত্রী, খল মিত্র, প্রত্যুত্তর দায়ক দাস, আর সর্পের সহিত বর্ত্তমান গৃহে বাস, এ সকল মৃত্যুর স্বরূপ, ইহাতে সন্দেহ নাই ॥ ৩৭৫ ॥

বায়সো ব্রূতে প্রিয়ে ন ভেতব্যং বারম্বারং ময়ৈতস্য মহাপরাধঃ সোঢ় ইদানীং পুনর্ন ক্ষন্তব্যঃ।

বায়স বলিল প্রিয়ে! ভয় করিও না, মুহুর্মুহু আমি ইহার অপরাধ সহিয়াছি, সম্প্রতি আর ক্ষমা করিব না॥

বায়স্যাহ কথমেতেন বলবতা সার্দ্ধং ভবান্ বিগ্রহীতুং সমর্থঃ।

বায়সী কহিল এই বলবানের সহিত তুমি যুদ্ধ করিতে কিপ্রকারে সমর্থ হইবা।

বায়সোব্রূতে অলমনয়া শঙ্কয়া।

কাক কহিল এ শঙ্কা বৃথা।

বুদ্ধির্যস্য বলং তস্য, নির্ব্বুদ্ধেস্তু কুতো বলং। পশ্য সিংহো মদোন্মত্তঃ শশকেন নিপাতিতঃ ॥ ৩৭৬ ॥

যেহেতু যাহার বুদ্ধি তাহারই বল, নির্ব্বুদ্ধির

বল কোথায়, দেখ শশক কর্ত্তৃক মদোন্মত্ত সিংহ বিনা-
শিত হইল॥ ৩৭৬॥

বায়সী বিহস্যাহ কথমেতৎ।

কাকী হাসিয়া কহিল ইহা কিপ্রকার।

বায়সঃ কথয়তি।

কাক কহিল।

অস্তি মন্দরনাম্নি পর্ব্বতে দুর্দ্দান্তনামা সিংহঃ।
সচ সর্ব্বদা পশূনাং বধং কুর্ব্বন্নাস্তে।

মন্দর নামক পর্ব্বতে দুর্দ্দান্ত নামা এক সিংহ ছিল,
সে নিরন্তর পশুদিগকে বধ করিত।

ততঃ সর্ব্বৈঃ পশুভি র্মিলিত্বা স সিংহো বিজ্ঞপ্তঃ
মৃগেন্দ্র, কিমর্থ মেকদৈব সর্ব্বপশুঘাতঃ ক্রিয়তে,
যদি প্রসাদো ভবতি তদা বয়মেব ভবদাহারায়
প্রত্যহ মেকৈকপশুমুপঢৌকনং দাস্যামঃ।

অনন্তর সকল পশুরা মিলিয়া সেই সিংহকে নিবে-
দন করিল। হে সিংহ কি নিমিত্ত এক কালেতেই সকল
পশু বধ কর, যদি অনুমতি হয় তবে আমরাই
আপনকার আহারের নিমিত্ত প্রত্যহ এক২ পশু
উপঢৌকন দেই।

ততঃ সিংহেনোক্তং যদ্যেতদভিমতং ভবতাং
তর্হি তদেব ভবতু।

অনন্তর সিংহ বলিল তোমাদের যদি এরূপ অভি-
মত হয় তবে তাহাই হউক।

ততঃ প্রভৃতি স সিংহ একৈকং পশুমুপকল্পিতং
ভক্ষয়ন্নাস্তে।

তদবধি সেই সিংহ এক২ পশু উপঢৌকন ভক্ষণ
করত থাকিল।

অথ কদাচিৎ বৃদ্ধশশকস্য বারঃ সমায়াতঃ। সো-
হচিন্তয়ৎ।

অনন্তর এক দিবস এক বৃদ্ধ শশকের পালা
আসিল। সে চিন্তা করিতে লাগিল।

ত্রাস হেতো র্বিনীতিস্তু, ক্রিয়তে জীবিতাশয়া।
পঞ্চত্বং চেদ্গমিষ্যামি, কিং সিংহানুনয়েন মে॥
৩৭৭।

লোকে জীবিতাশা হেতু ভয় প্রযুক্ত বিনয় করে, যদি
পঞ্চত্বই পাইব তবে সিংহের অনুনয়ে আমার প্রয়ো
জন কি॥ ৩৭৭॥

তস্মান্মন্দং মন্দং গচ্ছামি।

এই হেতু মন্দ মন্দ গমন করি।

ততঃ সিংহোপি ক্ষুধাপীড়িতঃ কোপাত্তমুবাচ।

তাহার পর সিংহও ক্ষুধার্ত্ত হইয়া কোপে কহিল।

কুতস্ত্বং বিলম্ব্য সমাগতোঽসি।

কি নিমিত্ত তুই বিলম্ব করিয়া আসিতেছিস্।

শশকোব্রূতে।

শশক বলিল।

দেব! নাহমপরাধ্যঃ, আগচ্ছন্ পথি সিংহান্তরেণ বলাদ্ধৃতঃ, তস্যাগ্রে পুনরাগমনায় শপথং কৃত্বা স্বামিনং নিবেদয়িতু মত্রাগতোঽস্মি।

মহারাজ আমি অপরাধী নই, পথে আগমন করিতেছিলাম হঠাৎ অন্য একটা সিংহ বলেতে ধৃত করিয়াছিল, তাহার সাক্ষাতে পুনশ্চ আগমনের প্রতিজ্ঞা করিয়া প্রভুকে নিবেদন করিতে আসিতেছি।

সিংহঃ সকোপ মাহ।

সিংহ ক্রুদ্ধ হইয়া কহিল।

সত্বরং গত্বা দুরাত্মানং দর্শয়, ক্ব স দুরাত্মা তিষ্ঠতি।

শীঘ্র গিয়া দেখা, সে দুরাত্মা কোথা থাকে।

ততঃ শশকস্তং গৃহীত্বা গভীরকূপং দর্শয়িতুং গতঃ, আহচ তত্রাগত্য স্বয়মেব পশ্যতু স্বামী।

তাহার পর শশক এক গভীর কূপ দেখাইবার নিমিত্ত সিংহকে লইয়া গেল এবং যাইতে২ বলিল প্রভু আপনি আসিয়া দেখুন।

ইত্যুক্ত্বা তস্মিন্ কূপজলে তস্য সিংহস্যৈব প্রতি-
বিম্বং দর্শিতবান্।

ইহা কহিয়া সেই কূপজলে সিংহকে তাহারি প্রতি-
বিম্ব দেখাইল।

ততোহসৌ প্রকটিত দংষ্ট্রা নখ প্রকরঃ কম্পিত
স্তব্ধকেশরঃ ক্রোধাধ্মাতো দর্পাত্তস্যোপরি আ-
ত্মানং নিক্ষিপ্য পঞ্চত্বং গতঃ।

অনন্তর ঐ সিংহ কোপে কম্পিত হইয়া অহঙ্কা-
রে তাহার উপরে আপনি ঝম্প দিয়া পঞ্চত্ব পাইল।

অতোহহং ব্রবীমি বুদ্ধির্যস্যেত্যাদি।

অতএব আমি বলি যাহার বুদ্ধি আছে তাহার
বল ইত্যাদি।

বায়স্যাহ।

বায়সী কহিল।

শ্রুতং ময়া সর্ব্বং সম্প্রতি যথা কর্ত্তব্যং তদ্ব্রূহি।

আমি সকল শুনিলাম ইদানীং যাহা কর্ত্তব্য, তাহা
বল।

বায়সোব্রূতে।

বায়স কহিল।

অত্রাসন্নে সরসি রাজপুত্রঃ প্রত্যহ মাগত্য স্নাতি,
স্নান সময়ে চ তদঙ্গাদবতারিতং তীর্থশিলানি-

হিতং কনকসূত্রং চঞ্চ্বা বিধৃত্যানীয়াস্মিন্ কোটরে ধারয়িষ্যসি।

এই সন্নিধিবর্ত্তি সরোবরে রাজপুত্র প্রত্যহ আসিয়া স্নান করেন, স্নানকালে তাঁহার শরীর হইতে অবতারিত জলসমীপস্থ প্রস্তরে স্থাপিত স্বর্ণসূত্র চঞ্চুতে করিয়া ধরিয়া আনিয়া এই কোটরে রাখিবা।

অথ কদাচিৎ স্নাতুং জলংপ্রবিষ্টে রাজপুত্রে বায়স্যা তদনুষ্ঠিতং।

অনন্তর কোন দিন স্নান করিবার নিমিত্ত রাজকুমার জলে প্রবেশ করিলে কাকী তাহা করিল।

অথ কনকসূত্রানুসরণপ্রবৃত্তৈ রাজপুরুষৈ স্তত্র তরুকোটরে কৃষ্ণসর্পো দৃষ্টো ব্যাপাদিতশ্চ।

পরে রাজপুরুষেরা স্বর্ণসূত্রের অন্বেষণ করিতে গিয়া সেই বৃক্ষ কোটরে কাল সর্প দেখিল এবং মারিল।

অতোঽহং ব্রবীমি উপায়েন হি যচ্ছক্যমিত্যাদি।

অতএব আমি বলি উপায়েতে যাহা করিতে শক্য হয় ইত্যাদি॥

করটকো ব্রূতে।

করটক বলিতেছে।

যদ্যেবংতর্হি গচ্ছ ভবন্, শিবাস্তে সন্তু পন্থানঃ।

যদি এইরূপ তবে তুমি গমন কর, তোমার পথে মঙ্গল হউক।

ততো দমনকঃ পিঙ্গলকসমীপং গত্বা প্রণম্যো-বাচ।

অনন্তর দমনক পিঙ্গলকের নিকট গিয়া প্রণাম করিয়া কহিল।

দেব, আত্যয়িকঞ্চ কিমপি মহাভয়কারি কার্য্যং মন্যমানঃ সমাগতোস্মি।

হে মহারাজ, অতিশয় কোন ভয় জনক কার্য্য উপস্থিত জানিয়া আসিলাম।

যতঃ। আপদ্যুন্মার্গগমনে, কার্য্যকালাত্যয়েষু চ। কল্যাণ বচনং ব্রূয়া, দপৃষ্টোঽপি হিতো নরঃ ॥ ৩৭৮ ॥

যেহেতু বিপৎকালে এবং উৎপথ গমন সময়ে এবং কার্য্য কালের অতিক্রমণে সুহৃল্লোক জিজ্ঞাসিত না হইয়াও মঙ্গল বাক্য কহিবেক ॥ ৩৭৮ ॥

অন্যচ্চ। ভোগস্য ভাজনং রাজা, ন রাজা কার্য্য ভাজনং। রাজকার্য্য পরিধ্বংসী, মন্ত্রী দোষেণ লিপ্যতে ॥ ৩৭৯ ॥

অপর রাজা ভোগের পাত্র, কার্য্যের পাত্র নহেন, অতএব রাজকর্ম্ম নষ্টকারক মন্ত্রি ই দোষেতে লিপ্ত হয়॥ ৩৭৯ ॥

তথাহি পশ্য অমাত্যানামেষ ক্রমঃ।

দেখ, মন্ত্রিদিগের এই ক্রম।

বরং প্রাণপরিত্যাগঃ, শিরসো বাপি কর্ত্তনং।
নতু স্বামিপদাবাপ্তি পাতকেচ্ছোরুপেক্ষণং॥৩৮০॥

প্রাণ পরিত্যাগও ভাল, মস্তকচ্ছেদনও ভাল, তথাচ স্বামির প্রভুত্ব প্রাপণরূপ পাতক ইচ্ছা করে যে লোক, তাহাকে উপেক্ষা করা ভাল নয়॥ ৩৮০ ॥

পিঙ্গলকঃ সাদরমাহ অথ ভবান্ কিমুক্তু মিচ্ছতি।

পিঙ্গলক আদর করিয়া কহিল ইহার পর তুমি কি বলিতে ইচ্ছা করিতেছ।

দমনকো ব্রূতে।

দমনক বলিতেছে

দেব সঞ্জীবক স্তবোপরি অসদৃশব্যবহারীব লক্ষ্যতে।

হে মহারাজ! সঞ্জীবককে তোমার উপর অনুপযুক্ত ব্যবহারির ন্যায় দেখিতেছি॥

তথা চাস্মৎসন্নিধানে শ্রীমদ্দেবপাদানাং শক্তিত্রয়স্য নিন্দাং কৃত্বা রাজ্যমেবাভিলষতি।

আমাদের সাক্ষাতে শ্রীযুত মহারাজের চরণের প্রভাব উৎসাহ মন্ত্ররূপ শক্তিত্রয়ের নিন্দা করিয়া রাজত্ব বাঞ্ছা করে।

এতচ্ছ্রুত্বা পিঙ্গলকঃ সভয়মাশ্চর্য্যং মত্বা তুষ্ণীং স্থিতঃ॥

ইহা শুনিয়া পিঙ্গলক ভীত হইয়া চমৎকার মানিয়া চুপ করিয়া থাকিল।

দমনকঃ পুনরাহ।

দমনক পুনশ্চ বলিল।

দেব, সর্ব্বামাত্যপরিত্যাগং কৃত্বা এক এবায়ং যত্ত্বয়া সর্ব্বাধিকারী কৃতঃ স এব দোষঃ।

প্রভো, সমস্ত মন্ত্রিদিগকে ত্যাগ করিয়া এক এই যে সঞ্জীবককে তুমি সর্ব্বাধিকারী করিয়াছ তাহাই দোষ।

যতঃ। অত্যুচ্ছ্রিতে মন্ত্রিণি পার্থিবে চ, বিষ্টভ্য পাদাবুপতিষ্ঠতে শ্রীঃ। সা স্ত্রীস্বভাবাদসহা ভরস্য তয়োর্দ্বয়োরেকতরং জহাতি॥ ৩৮১॥

রাজা ও মন্ত্রী অত্যুচ্ছ্রিত হইলে সম্পত্তি পাদদ্বয়কে অবলম্বন করিয়া থাকে। সেই সম্পত্তি স্ত্রীস্বভাব

হেতু ভর না সহিতে পারিয়া সেই দুয়ের মধ্যে অন্যতরকে ত্যাগ করে ॥ ৩৮১ ॥

অপরঞ্চ। একং ভূমিপতিঃ করোতি সচিবং রাজ্যে প্রমাণং যদা, তং মোহাচ্ছ্রয়তে মদঃ সচ মদালস্যেন নির্ভিদ্যতে। নির্ভিন্নস্য পদং করোতি দয়ে তস্য স্বতন্ত্রস্পৃহা, স্বাতন্ত্রস্পৃহয়া ততঃ স নৃপতেঃ প্রাণান্তিকং দ্রুহ্যতি ॥ ৩৮২ ॥

অপর রাজা যখন এক মন্ত্রিকে রাজকর্ম্মে প্রমাণ করেন তখন মোহ প্রযুক্ত অহঙ্কার তাহাকে আশ্রয় করে এবং সেই মন্ত্রী অহঙ্কার জন্য আলস্যে নির্ভিন্ন হয়, সেই নির্ভিন্ন মন্ত্রির অন্তঃকরণে তখন কর্ত্তৃত্ব করণেচ্ছা উদিত হয় তদনন্তর কর্ত্তৃত্ব করণেচ্ছা প্রযুক্ত সেই অমাত্য রাজার প্রাণ নষ্ট করিতে ইচ্ছা করে ॥ ৩৮২ ॥

অন্যচ্চ। বিষদিগ্ধস্য ভক্তস্য, দন্তস্য চলিতস্য চ। অমাত্যস্য চ দুষ্টস্য, মূলাদুদ্ধরণং সুখং ॥ ৩৮৩ ॥

আর বিষাক্ত অন্ন ও চলিত দন্ত ও দুষ্ট অমাত্য, এ সকলের মূলোৎপাটনই সুখ। ৩৮৩ ॥

কিঞ্চ। যঃ কুর্য্যাৎ সচিবায়ত্তাং, শ্রিয়ং তদ্ব্যসনে সতি। সোহন্ধবজ্জগতীপালঃ, সীদেৎ সঞ্চারকৈর্ব্বিনা ॥ ৩৮৪ ॥

আর যে রাজাজ্ঞিকে মন্ত্রণী ন করেঅধম্প বিপৎ উপস্থিত হইলে পর তাহাকে অন্ধের তুল্য সঞ্চারক ব্যতিরেকে অবসন্ন হইতে হয়॥ ৩৮৪ ॥

বিশেষতশ্চ। সদ্ধামাত্যো ন সাধ্যঃ স্যাৎ, সমৃদ্ধঃ সর্ব্বএবহি। সিদ্ধানাময়মাদেশ, ঋদ্ধি শ্চিত্তবিকারিণা॥ ৩৮৫ ॥

বিশেষতঃ অমাত্য কখন সাধ্য নহে কেননা সকল অমাত্যই ধনবান্ হয় অপর সাধুলোকদিগের এই আজ্ঞা আছে যে ধন অন্তঃকরণের বিকার জন্মায়॥ ৩৮৫ ॥

অন্যচ্চ অয়ং সর্ব্বকার্য্যেষু স্বেচ্ছাতঃ প্রবর্ত্ততে, অত্র প্রমাণংস্বামী।

আর ঐ ব্যক্তি সকল কর্ম্মে আপন ইচ্ছাতে প্রবৃত্ত হয়, ইহাতে মহারাজই প্রমাণ।

এতচ্চাহং জানামি।

আমি ইহ, জানি।

ন সোঽস্তি পুরুষো লোকে, যো ন কাময়তে শ্রিয়ং। পরস্য যুবতীং রম্যাং, সাদরং নেক্ষতে ইত্র কঃ॥ ৩৮৬ ॥

পৃথিবীতে এতাদৃশ পুরুষ কেহ নাই যে পরের

সম্পত্তি অভিলাষ না করে, কেননা পরের রমণীয়া যুবতী স্ত্রীকে কোন্ পুরুষ আদরে না দেখে ? ৩৮৬ ॥

সিংহো বিমৃশ্যাহ।

সিংহ বিবেচনা করিয়া কহিল।

ভদ্র, যদ্যপ্যেবং তথাপি সঞ্জীবকেন সহ মম মহান্ স্নেহঃ।

ভদ্র ! যদিও এমন, তথাপি সঞ্জীবকের সহিত আমার বড় প্রীতি।

পশ্য। কুর্ব্বন্নপি ব্যলীকানি, যঃ প্রিয়ঃ প্রিয় এব সঃ। অশেষ দোষ দুষ্টোঽপি কায়ঃ কস্য ন বল্লভঃ ॥ ৩৮৭ ॥

দেখ যে প্রিয় সে অপ্রিয় কর্ম্ম করিলেও প্রিয়ই থাকে, তাহার প্রমাণ অনেক দোষে লিপ্ত হইলেও শরীর কাহার প্রিয় না হয় ॥ ৩৮৭ ॥

অন্যচ্চ। অপ্রিয়াণ্যপি কুর্ব্বাণো, যঃ প্রিয়ঃ প্রিয় এব সঃ। দগ্ধমন্দিরসারেঽপি, কস্য বহ্নাবনাদরঃ ॥ ৩৮৮ ॥

আর অত্যন্ত অপ্রিয় কার্য্য করিয়াও প্রিয় হইতেছে, দেখ উত্তম গৃহদাহ করিলেও অগ্নিতে কাহার অনাদর হয় ॥ ৩৮৮ ॥

দমনকঃ পুনরেবাহ দেব, স এবাতিদোষঃ।

দমনক পুনর্ব্বার কহিল হে মহারাজ, সেই বড় দোষ।

যতঃ। যস্মিন্নেবাধিকং চক্ষু, রারোহয়তি পার্থিবঃ। সুতেহমাত্যেহপ্যুদাসীনে, স লক্ষ্ম্যা শ্রীয়তে জনঃ ॥ ৩৮৯ ॥

যেহেতু নৃপতি যে পুত্রেতে বা অমাত্যেতে কিম্বা উদাসীনেতে চক্ষু অধিক ক্ষণ আরোহণ করান সে লোক সম্পত্তির আশ্রয় হয় ॥ ৩৮৯ ॥

শৃণু দেব।

শুন হে মহারাজ।

অপ্রিয়স্যাপি পথ্যস্য, পরিণামঃ সুখাবহঃ। বক্তা শ্রোতা চ যত্রাস্তি, রমন্তে তত্র সম্পদঃ ॥ ৩৯০ ॥

অপ্রিয় অথচ পথ্য ইহার শেষ সুখদায়ক হয়, আর যাহাতে বক্তা ও শ্রোতা থাকে তাহাতেই ঐশ্বর্য্য ক্রীড়া করে ॥ ৩৯০ ॥

ত্বয়া চ মূলভৃত্যানপাস্যায়মাগন্তুকঃ পুরস্কৃতঃ এতচ্চানুচিতং কৃতং।

তুমি প্রধান দাসদিগকে পরিত্যাগ করিয়া আগন্তুকের পুরস্কার করিয়াছ ইহা অনুচিত করিয়াছ।

যতঃ। মূল ভৃত্যান্ পরিত্যজ্য, নাগন্তূন্ প্রতিপা-

শয়েৎ। নাতঃ পরতরো দোষো, রাজ্যভেদক-রো যতঃ ॥ ৩৯১ ॥

যেহেতু মূল ভৃত্যদিগকে পরিত্যাগ করিয়া আগন্তুক-কে প্রতিপালন করিবেক না, কেননা ইহা হইতে আর গুরুতর দোষ নাই যেহেতু তাহাতে রাজত্বের নাশ হয় ॥ ৩৯১ ॥

সিংহোত্রূতে কিমাশ্চর্য্যং ময়া যোঽভয়বাচং দত্ত্বানীতঃ সম্বর্দ্ধিতশ্চ স কথং মহ্যং দ্রুহ্যতি।

সিংহ বলিল কি চমৎকার, আমি অভয় বাক্য দিয়া যাহাকে আনিয়াছি এবং বাড়াইয়াছি সে কি প্রকারে আমাকে নষ্ট করিতে ইচ্ছা করিতেছে।

দমনকোত্রূতে দেব।

দমনক বলিল হে মহারাজ।

দুর্জ্জনো নার্জ্জবং যাতি, সেব্যমানোঽপি নিত্য-শঃ। স্বেদনাভ্যঞ্জনোপায়ৈঃ, শ্বপুচ্ছমিব নামি-তং ॥ ৩৯২ ॥

নিরন্তর সেব্যমান হইলেও দুষ্টলোক সারল্য পায় না যেমন তাপ ও তৈলাদি মর্দ্দন দ্বারা কুক্কুরের লাঙ্গূল কখন সরল হয় না ॥ ৩৯২ ॥

অপরঞ্চ। স্নেহিতো মর্দ্দিতশ্চৈব, রজ্জুভিঃ

পরিবেষ্টিতঃ। মুক্তোদ্বাদশভি র্ব্বর্ষৈঃ, শ্বপুচ্ছঃ প্রকৃতিং গতঃ। ॥ ৩৯৩ ॥

অপর কুক্কুরের পুচ্ছ স্বেদিত ও মর্দ্দিত ও রজ্জু করণক বেষ্টিত হইয়া দ্বাদশ বর্ষের পর মুক্ত হইলেও পুনশ্চ আপনার স্বভাব প্রাপ্ত হয় ॥ ৩৯৩ ॥

অন্যচ্চ। বর্দ্ধয়ন্ বাথ সম্মানং খালানাং প্রীতয়ে কুতঃ। ফলন্ত্যমৃতসেকেঽপি ন পথ্যানি বিষদ্রুমাঃ ॥ ৩৯৪ ॥

এবং সম্মান বৃদ্ধি করিলেও খল ব্যক্তির প্রীতির নিমিত্ত কোথায় হয়, যেমন বিষবৃক্ষ সুধাসিক্ত হইলেও পথ্য প্রসব করে না ॥ ৩৯৪ ॥

অতোঽহং ব্রবীমি।

অতএব আমি বলি।

অপৃষ্টোঽপি হিতং ব্রূয়াৎ, যস্য নেচ্ছেৎ পরাভবং। এষ এব সতাং ধর্ম্মো, বিপরীত মতোঽন্যথা ॥ ৩৯৫ ॥

যাহার পরাজয় ইচ্ছা না করিবেক সে যদিও জিজ্ঞাসা না করে তথাচ তাহার হিত বাক্য বলিবেক উত্তম লোকের দিগের এই ধর্ম্ম ইহার অন্যথার বিপরীত ধর্ম্ম প্রকাশ পায় ॥ ৩৯৫ ॥

তথাচোক্তং। স স্নিগ্ধোঽকুশলান্নিবারয়তি য স্তৎ কর্ম্ম যন্নির্ম্মলং, সা স্ত্রী যানুবিধায়িনী স মতিমান্ যঃ সদ্ভিরভ্যর্চ্চ্যতে। সা শ্রী র্যা ন মদং করোতি স সুখী যস্তৃষ্ণয়া মুচ্যতে, তন্মিত্রং যদকৃত্রিমং স পুরুষো যো ভিদ্যতে নেন্দ্রিয়ৈঃ॥ ৩৯৬॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন যে লোক অমঙ্গল হইতে নিবারণ করে সেই বয়স্য, যে কর্ম্ম নির্ম্মল, সেই কর্ম্ম, যে স্ত্রী সহকারিণী সেই স্ত্রী, যে জন পণ্ডিত কর্ত্তৃক সম্মানিত হয় সেই বুদ্ধিমান্, যে ঐশ্বর্য্য মত্ততা না জন্মায় সেই ঐশ্বর্য্য, যে ব্যক্তি তৃষ্ণারহিত সেই সুখী, যে অকৃত্রিম মিত্র সেই মিত্র, যে ইন্দ্রিয়ের বশ নয় সেই পুরুষ। ৩৯৬॥

যদি সঞ্জীবকব্যসনার্দ্দিতঃ স্বামী বিজ্ঞাপিতোপি ন নিবর্ত্ততে তদস্মাদৃশি ভৃত্যে ন দোষঃ।

সঞ্জীবকের দৌরাত্ম্যে পীড়িত মহারাজ বিজ্ঞাপিত হইয়াও যদ্যপি নিবৃত্ত না হন তবে অস্মাদৃশ ভৃত্য জনে দোষ নাই।

তথাচ। নৃপঃ কামাসক্তো গণয়তি ন কার্য্যং নচ হিতং, যথেষ্টং স্বচ্ছন্দঃ প্রবিচরতি মত্তো গজইব। ততো মানাদ্ভ্রষ্টঃ স পততি যদা শোক-

গহনৈ, তদা ভৃত্যে দোষান্ ক্ষিপতি ন নিজং বেত্ত্যবিনয়ং ॥ ৩৯৭ ॥

রাজা কামাসক্ত হইয়া কার্য্য গণনা করেন না, হিতও শ্রবণ করেন না, মত্ত হস্তির ন্যায় স্বচ্ছন্দ হইয়া যথেষ্ট গমন করেন কিন্তু শেষে যথন অপমানিত হইয়া শোকরূপ অরণ্যে পড়েন তথন ভৃত্যদের প্রতি দোষ ক্ষেপণ করিয়া থাকেন, স্বকীয় অবিনয় জানেন না॥ ৩৯৭ ॥

পিঙ্গলকঃ স্বগতং।

পিঙ্গলক অন্তঃকরণে ভাবনা করিল।

ন পরস্যাপিরাধেন, পরেষাং দণ্ডমাচরেৎ। আত্মনাবগতং কৃত্বা, বধ্নীয়াৎ পূজয়েচ্চ বা ॥ ৩৯৮ ॥

পরের অপরাধে পরের দণ্ড করিবেক না, আপনি অবগত হইয়া দমন কিম্বা সম্মান করিবেক ॥ ৩৯৮ ॥

তথাচোক্তং। গুণদোষাবনিশ্চিত্য, বিধি র্ন গ্রহনিগ্রহে। স্বনাশায় যথা ন্যস্তো, দর্পাৎ সর্পমুখে করঃ ॥ ৩৯৯ ॥

পণ্ডিত মহাশয়েরা তাহা কহিয়াছেন অহঙ্কার প্রযুক্ত সর্পের মুখে হস্ত দেওয়া যেমন আপনার নাশের নিমিত্ত হয় তেমনি গুণ দোষ নির্ণয় না করিয়া অনুগ্রহ নিগ্রহ করা আপন নাশের নিমিত্ত হয় ॥ ৩৯৯

প্রকাশং ব্রূতে তদা সঞ্জীবকঃ কিং প্রত্যাদি শ্যতাং।

পিঙ্গলক স্পষ্ট করিয়া বলিল তবে সঞ্জীবকের প্রতি কি আজ্ঞা করিব?

দমনকঃ সসম্ভ্রম মাহ দেব, মৈব মেতাবতা মন্ত্র-ভেদো জায়তে।

দমনক সসম্ভ্রমে বলিল মাহরাজ! এই প্রকার করিবেন না, এরূপে মন্ত্র ভেদ হয়।

তথাচোক্তং। মন্ত্র বীজ মিদং গুপ্তং, রক্ষণীয়ং যথা তথা মনাগপি ন ভিদ্যেত, তদ্ভিন্নং ন প্ররোহতি॥ ৪০০ ।

যে রূপে অত্যল্পও ভেদ না হয় সেই প্রকার করিয়া মন্ত্র রূপ বীজকে গোপনে রক্ষা করিবে কেননা ঐ বীজ ভিন্ন হইলে আর অঙ্কুর হয় না॥ ৪০০॥

কিঞ্চ। আদরস্য প্রধানস্য, কর্ত্তব্যস্য চ কর্ম্মণঃ। ক্ষিপ্রমক্রিয়মাণস্য, কালঃ পিবতি তদ্রসং। তদবশ্যং সমারব্ধং মহতা প্রযত্নেন সম্পাদনীয়ং ॥ ৪০১ ॥

আর প্রধানের সমাদর ও কর্ত্তব্য কর্ম্মে অনুষ্ঠান শীঘ্র না করিলে কাল তাহার রস পান করে। অত-

এব আরব্ধ কর্ম্ম যত্ন সম্পন্ন পূর্ব্বক আশু সম্পন্ন করা আবশ্যক ॥ ৪০১ ॥

কিঞ্চ মন্ত্রো যোধ ইবাধীরঃ, সর্ব্বাঙ্গৈঃ সম্বৃতৈরপি। চিরং ন সহতে স্থাতুং, পরেভ্যো ভেদশঙ্কয়া ॥ ৪০২ ॥

আর মূর্খ যোদ্ধা সর্ব্বাঙ্গে আবৃত হইলেও যেমন শত্রু হইতে ভেদ শঙ্কা প্রযুক্ত চিরকাল যুদ্ধ স্থলে থাকিতে পারে না সেইইরূপ মন্ত্র সর্ব্বাঙ্গে আবৃত হইলেও শত্রু হইতে ভেদ শঙ্কা প্রযুক্ত চিরকাল থাকিতে পারে না ॥ ৪০১ ॥

যদ্যসৌ দৃষ্টদোষোঽপি দোষান্নিবর্ত্ত্য সন্ধাতব্য স্তদতীবাম্নচিতং।

ঐ ব্যক্তি দৃষ্ট দোষ হইলেও যদি দোষ হইতে নিবৃত্ত করিয়া তাহার সহিত সন্ধি কর্ত্তব্য হয় তাহা হইলে অত্যন্ত অনুপযুক্ত হইবে।

যতঃ। সকৃদ্দুষ্টন্তু যন্মিত্রং পুনঃ সন্ধাতুমিচ্ছতি। স মৃত্যুমেব গৃহ্ণাতি, গর্ব্ভ মশ্বতরী যথা ॥ ৪০৩॥

যেহেতু একবার দোষেতে দুষ্ট যে মিত্র, তাহার সহিত পুনর্ব্বার সন্ধি করিতে যে ইচ্ছা করে সে অশ্বতরীর গর্ভ গ্রহণের ন্যায় মৃত্যু গ্রহণ করে ॥ ৪০৩।

কিঞ্চ। অন্তর্দুষ্টঃ ক্ষমাযুক্তঃ, সর্ব্বানর্থকরঃ কিল। শকুনিঃ শকটায়শ্চ দৃষ্টান্তাবত্র ভূপতে ॥ ৪০৪ ॥

অপর অন্তঃকরণ দুষ্ট অথচ ক্ষমাবান্ লোক নিশ্চয় সমস্ত অনর্থকারী হয়, হে মহারাজ! ইহাতে দৃষ্টান্ত শকুনি আর শকটার॥ ৪০৪॥

সিংহো ব্রূতে জ্ঞায়তাং তাবৎ কিমস্মাক মসৌ কর্ত্তুং সমর্থঃ।

সিংহ বলিল জান দেখি এব্যক্তি আমারদিগের কি করিতে সমর্থ হয়!

দমনক আহ দেব।

দমনক বলিল হে মহারাজ।

অঙ্গাঙ্গিভাব মজ্ঞাত্বা, কথং সামর্থ্যনির্ণয়ঃ। পশ্য টিট্টিভ মাত্রেণ, সমুদ্রো ব্যাকুলী কৃতঃ ॥ ৪০৫ ॥

অঙ্গাঙ্গি ভাব না জানিয়া কিপ্রকারে শক্তির নিশ্চয় করা যাইবে দেখ টিট্টিভপক্ষীমাত্র সমুদ্রকে ব্যাকুল করিয়া ছিল॥ ৪০৫॥

সিংহঃ পৃচ্ছতি কথমেতৎ।

সিংহঃ জিজ্ঞাসা করিল ইহা কি প্রকার।

দমনকঃ কথয়তি।

দমনক কহিতেছে।

দক্ষিণ সমুদ্রতীরে টিট্টিভদম্পতী নিবসতঃ। তত্র চাসন্ন প্রসবা টিট্টিভী ভর্ত্তার মাহ নাথ প্রসব যোগ্যস্থানং নিভৃত মনুসন্ধীয়তাং।

দক্ষিণ সমুদ্রতীরে টিট্টিভেরা স্ত্রী পুরুষে বাস করে একদা প্রসব কাল নিকট হইলে টিট্টিভী পতিকে বলিল হে নাথ, প্রসবোপযুক্ত নির্জ্জন স্থান অনুসন্ধান কর।

টিট্টিভোঽবদৎ ভার্য্যে নন্বিদমেব স্থানং প্রসূতি যোগ্যং।

টিট্টিভ বলিল প্রিয়ে. এই স্থানই প্রসব হইবার উপযুক্ত।

সা ব্রূতে সমুদ্র বেলয়া ব্যাপ্যতে স্থানমেতৎ।

টিটিভী বলিল এস্থান সমুদ্র জল প্রবাহে আক্রান্ত হয়।

টিট্টিভোঽবদৎ কিমহং দুর্ব্বলঃ সমুদ্রেণ নিগ্রহীতব্যঃ।

টিট্টিভ বলিল আমি কি দুর্ব্বল যে সমুদ্র আমাকে নিগ্রহ করিবে।

টিট্টিভী বিহস্যাহ স্বামিং ত্বয়া সমুদ্রেণ চ মহদ্‌দন্তরং।

টিট্টিভী হাসিয়া বলিল হে স্বামিন্, তোমাতে আর সমুদ্রেতে বিস্তর অন্তর।

ন শক্নোতি পরিচ্ছেত্তুং যোগ্যাযোগ্যং ন বেত্তি যঃ। অস্তীহ যস্য বিজ্ঞানং কৃচ্ছ্রেণাপি ন সীদতি ॥ ৪০৬ ॥

টিট্টিভ বলিল যে লোক নির্বুদ্ধি অর্থাৎ যাহার যোগ্যাযোগ্য বোধ নাই সে দুঃখের পরিচ্ছেদ করিতে পারে না, যাহার বুদ্ধি আছে সে কষ্টেতেও অবসন্ন হয় না ॥ ৪০৬ ॥

অপিচ। অনুচিত কার্য্যারম্ভঃ, স্বজনবিরোধো বলীয়সা স্পর্দ্ধা। প্রমদা জন বিশ্বাসো মৃত্যোর্দ্ধারাণি চত্বারি ॥ ৪০৭ ॥

অপর অনুপযুক্ত কার্য্যের আরম্ভ, অন্তরঙ্গের সহিত বিরোধ, বলবানের সহিত আস্পর্দ্ধা ও স্ত্রীলোকের প্রতি বিশ্বাস, এই চারিটী মৃত্যুর দ্বার ॥ ৪০৭ ॥

ততঃ স্বামিবচনাৎ সা তত্রৈব কৃচ্ছ্রেণ প্রসূতা। এতৎ সর্ব্বং শ্রুত্বা সমুদ্রেণাপি তচ্ছক্তিজ্ঞানার্থং তদণ্ডান্যপহৃতানি।

অনন্তর পতির বাক্য হেতু টিট্টিভী সেই স্থানেই

প্রসব হইল। এই সকল শুনিয়া সমুদ্রও তাহার সামর্থ্য জানিবার নিমিত্ত সেই অণ্ড সকল অপহরণ করিল।

ততঃ টিট্টিভী শোকার্ত্তা ভর্ত্তারমাহ, নাথ কষ্টমাপতিতং তান্যণ্ডানি মে নষ্টানি।

তাহার পর টিট্টিভী শোকাতুরা হইয়া ভর্ত্তাকে বলিল হে প্রাণনাথ, দুঃখ উপস্থিত হইল, আমার সেই অণ্ড নষ্ট হইয়াছে।

টিট্টিভোঽবদৎ, প্রিয়ে মা ভৈষীঃ ইত্যুক্ত্বা পক্ষিণাং মেলকং কৃত্বা পক্ষিস্বামিনো গরুড়স্য সমীপং গতঃ।

টিট্টিভ বলিল হে প্রিয়ে ভয় করিও না, ইহা বলিয়া পক্ষিদিগের মিলন করিয়া পক্ষিদের প্রধান গরুড়ের নিকট গেল।

তত্র গত্বা সকলবৃত্তান্তং টিট্টিভেন ভগবতো গরুড়স্য পুরতো নিবেদিতং।

সেখানে গিয়া টিট্টিভ সকল বৃত্তান্ত ভগবান গরুড়ের অগ্রে নিবেদন করিল।

দেব সমুদ্রেণাহং স্বগৃহাবস্থিতো বিনাপরাধেনৈব নিগৃহীতঃ।

প্রভো! আমি আপন গৃহে থাকি, অপরাধ ব্যতিরেকে সমুদ্র কর্ত্তৃক নিগৃহীত হইলাম।

ততস্তদ্বচন মাকর্ণ্য গরুত্মতা প্রভু র্ভগবান্ নারা-য়ণঃ সৃষ্টিস্থিতি প্রলয় হেতুর্ব্বিজ্ঞপ্তঃ মুসদ্র মণ্ডদানায়াদিদেশ।

অনন্তর তাহার বচন শুনিয়া সৃষ্টি স্থিতি প্রলয়ের কারণ ভগবান নারায়ণ প্রভু বিজ্ঞাপিত হইয়া সমুদ্রকে অণ্ড দানের নিমিত্ত আদেশ করিলেন।

ততো ভগবদাজ্ঞাং মৌলৌ নিধায় সমুদ্রেণ তান্যণ্ডানি টিট্টিভায় সমর্পিতানি।

তাহার পর ভগবানের আজ্ঞা মস্তকে করিয়া সমুদ্র সেই সকল অণ্ড টিট্টিভকে সমর্পণ করিল।

অতোঽহং ব্রবীমি অঙ্গাঙ্গিভাব মজ্ঞাত্বা ই-ত্যাদি।

অতএব আমি বলি অঙ্গাঙ্গি ভাব না জানিয়া ইত্যাদি।

রাজাহ কথমসৌ জ্ঞাতব্যো দ্রোহবুদ্ধিরিতি।

রাজা বলিলেন ইনি যে হিংস্রক ইহা কি প্রকারে জানিব।

দমনকোব্রূতে।

দমনক বলিল।

যদাসৌ সদর্পঃ শৃঙ্গাগ্রপ্রহরণাভিমুখশ্চকিত মিব আগচ্ছতি তদা জ্ঞাস্যতি স্বামী।

যখন ঐ সঞ্জীবক গর্ব্বিত হইয়া শৃঙ্গাগ্র রূপ অস্ত্রাভিমুখ হইয়া আসিবেক তখন প্রভু জানিতে পারিবেন।

এবমুক্ত্বা সঞ্জীবকসমীপং গতঃ।

এইরূপ কহিয়া সঞ্জীবকের নিকট গেল।

তত্র গতশ্চ মন্দং মন্দমুপসর্পন্ বিস্মিতমিবাত্মা নমদর্শয়ৎ। সঞ্জীবকেন সাদরমুক্তং ভদ্র কুশলং তে।

সেস্থানে গিয়া অল্প অল্পে নিকটে গমন করত বিস্ময়াপন্নের ন্যায় আপনাকে দেখাইল। সঞ্জীবক আদর করিয়া কহিল হে মিত্র, তোমার মঙ্গল।

দমনকো ব্রূতে অনুজীবিনাং কুতঃ কুশলং।

দমনক বলিল ভৃত্যদের কুশল কোথায়?

যত সম্পত্তয়ঃ পরাধীনাঃ, সদা চিত্তং ভয়াবৃতং।
স্ব...বিতেহপ্যবিশ্বাস, স্তেষাং যে রাজসেবকা ॥ ৪০৮ ॥

যেহেতু যাহারা রাজার আশ্রিত তাহাদিগের সম্পত্তি পরায়ত্ত আর অন্তঃকরণ সর্ব্বদা সভয় এবং স্বকীয় প্রাণেতেও প্রত্যয় নাই ॥ ৪০৮ ॥

অন্যচ্চ। কোঽর্থান্ প্রাপ্য ন গর্ব্বিতো বিষয়িণঃ কস্যাপদোঽস্তং গতাঃ, স্ত্রীভিঃ কস্য ন খণ্ডিতং ভুবি মনঃ কোবাস্তি রাজ্ঞাং প্রিয়ঃ। কঃ কালস্য ভুজা

স্তরং নচ গতঃ কোঽর্থী গতো গৌরবং, কোবা
দুর্জ্জন বাগুরাসু পতিতঃ ক্ষেমেণ যাতঃ পুমান্ ॥
৪০৯ ॥

অপর কোন্ লোক ধন পাইয়া অহঙ্কৃত না হয়, কোন্ বিষয়ির বিপৎ না হয়, পৃথিবীতে কাহার মন স্ত্রী কর্তৃক খণ্ডিত না হয়, রাজার প্রিয় কে হয়, যমের হস্তদ্বয়মধ্যে কে না যায়, কোন্ যাচক গৌরব পায়, আর কোন পুরুষ দুর্জ্জনের পাশেতে পতিত হইয়া কুশলে উত্তীর্ণ হয় ॥ ৪০৩ ॥

সঞ্জীবকেনোক্তং সখে ব্রূহি কিমেতৎ।

সঞ্জীবক কহিল সখে, বল কি এ।

দমনক আহ কিম্ব্রবীমি মন্দভাগ্যঃ।

দমনক বলিল আমি মন্দভাগ্য, কি বলিব।

পশ্য। মজ্জন্নপি পয়োরাশৌ, লব্ধা সর্পাবলম্বনং।
ন মুঞ্চতি নচাদত্তে, তথা মুগ্ধোঽস্মি সম্প্রতি ॥
৪১০ ॥

দেখ সমুদ্রেমজ্জন করি। সর্পকে অবলম্বন পাইয়া যেমন ত্যাগ করিতেও পারে না, ধরিতেও পারে না, সেই রূপ ইদানি আমি মুগ্ধ হইতেছি ॥ ৪১০ ॥

যতঃ। একত্র রাজবিশ্বাসো, নশ্যত্যন্যত্র বন্ধা-

বঃ। কিং করোমি ক্ব গচ্ছামি, পতিতো দুঃখসাগরে॥ ৪১১॥

যেহেতু এক দিকে রাজার প্রত্যয় নষ্ট হয়, অন্য দিকে বান্ধব, নষ্ট হয় অতএব, কি করি, কোথা যাই, দুঃখার্ণবে পতিত হইলাম। ৪১১॥

ইত্যুক্ত্বা দীর্ঘং নিশ্বস্যোপবিষ্টঃ। সঞ্জীবকো ব্রূতে মিত্র! কৃতজ্ঞস্ত্বং তথাপি স্ববিস্তৃ তং মনোগত মুচ্যতাং।

ইহা কহিয়া দীর্ঘ নিশ্বাস ফেলিয়া বসিল। সঞ্জীবক বলিল হে সখে, তুমি আমার কৃতজ্ঞ, তথাপি অন্তঃকরণস্থ ভাবৎ কহ।

দমনকঃ সুনিভৃতমাহ।

দমনক নির্জ্জনে কহিল।

যদ্যপি রাজবিশ্বাসো ন কথনীয়স্তথাপি ভবান্মদীয়প্রত্যয়াদাগতঃ, ময়া চ পরলোকার্থিনা বশ্যং তব হিতমাখ্যেয়ং, শৃণু, অয়ং স্বামী তবোপরি বিকৃতবুদ্ধী রহস্যুক্তবান্ সঞ্জীবকমেব হত্বা স্বপরিবারং তর্পয়ামি।

যদ্যপি রাজবিশ্বাস বাক্য অবক্তব্য তথাপি আমার প্রত্যয়ে তুমি আসিয়া এস্থানে আছ সেই হেতু পরলোকার্থী হইয়া তোমার হিত অবশ্য কহিব, শুন, এই

প্রভু তোমার উপরে বিকার প্রাপ্ত চিত্ত হইয়া নির্জ্জনে কহিয়াছেন সঞ্জীবককে নষ্ট করিয়া নিজ পরিবারের তৃপ্তি করিব।

এতচ্ছ্রুত্বা সঞ্জীবকঃ পরং বিষাদমগমৎ।

ইহা শুনিয়া সঞ্জীবক অত্যন্ত বিষণ্ণ হইল।

দমনকঃ পুনরাহ।

দমনক পুনশ্চ কহিল।

অলং বিষাদেন প্রাপ্ত কালং কার্য্যমনুষ্ঠীয়তাং।

বিষণ্ণতা নিরর্থক, কালোপযুক্ত কর্ম্মের অনুষ্ঠান কর।

সঞ্জীবকঃ ক্ষণং বিমৃষ্যাহ নিশ্চিতমিদমবধা। রিতং?

সঞ্জীবক কিঞ্চিৎকাল বিবেচনা করিয়া কহিল নিশ্চয়ই ইহা অবধারিত হইয়াছে।

যতঃ। দুর্জ্জনগম্যা নার্য্যঃ প্রায়েণাপাত্রভৃদ্ভবতি নৃপতিঃ কৃপণানুসারি চ ধনং, দেবো গিরিজলধিবর্ষী চ ॥ ৪১২ ॥

যেহেতু স্ত্রীলোকেরা প্রায় দুষ্টলোকে গমন করে, রাজা প্রায় অপাত্রপোষক হয়, ধন প্রায় কৃপণানুগত হয়, আর দেবতা প্রায় পর্ব্বতে ও সমুদ্রে বৃষ্টি করেন ॥ ৪১২ ॥

পুনর্ব্বিমৃষ্যাহ স্বগতং কিম্বা দুর্জ্জনচেষ্টিতং ন বেদ্মি তদ্ব্যবহারঞ্চ নিরূপায়িতুং ন শক্নোমি।

মনোমধ্যে পুনর্ব্বার বিতর্ক করিল এ ইহার আত্মগত কিম্বা খল চেষ্টিত, জানিতে পারিতেছি না, আর তাহার ব্যবহারও নিরূপণ করিতে অসমর্থ।

যতঃ। কশ্চিদাশ্রয়সৌন্দর্য্যা, দ্ধত্তে শোভামসজ্জনঃ। প্রমদালোচনন্যস্তং, মলীমসমিবাঞ্জনং ॥ ৪১৩ ॥

যেহেতু কোন অসাধু লোকও আশ্রয়ের সৌন্দর্য্য হেতু শোভা ধারণ করে যেমন মলিন কজ্জলও কামিনীর চক্ষু প্রাপ্ত হইয়া শোভা ধারণ করে ॥ ৪১৩।

ততো বিচিন্ত্যোক্তং কষ্টং কিমিদমাপতিতং।

তাহার পর বিবেচনা করিয়া কহিল হায় এ কি কষ্ট উপস্থিত হইল।

যতঃ। আরাধ্যমানো নৃপতিঃ প্রযত্নাৎ, ন তোষমায়াতি কিমত্র চিত্রং। অয়ং ত্বপূর্ব্বপ্রতিমাবিশেষো, যঃ সেব্যমানো রিপুতমুপৈতি ॥ ৪১৪।

যেহেতু অত্যন্ত আয়াসে সেব্যমান হইয়াও নরপতি তুষ্টি পান না, এ কি আশ্চর্য্য প্রতিমাবিশেষ, ইনি আরাধ্যমান হইয়া বৈরী হন ॥ ৪১৪ ॥

তদয়মশক্যপ্রতীকারঃ।

অতএব ইহার প্রতিকার নাই।

যতঃ। নিমিত্তমুদ্দিশ্য হি যঃ প্রকুপ্যতি, ধ্রুবং স তস্যাপগমে প্রসীদতি। অকারণদ্বেষি মনস্তু যস্য বা কথং জনস্তং পরিতোষয়িষ্যতি॥ ৪১৫ ॥

যেহেতু যে লোক কোন কারণ উদ্দেশ করিয়া ক্রোধ করে কারণ গত হইলে সে লোক নিশ্চয় প্রসন্ন হয় কিন্তু যাহার মন নিমিত্তব্যতিরেকে দ্বেষি হয় কিরূপে লোক তাহাকে সন্তুষ্ট করিবেক? ৪১৫ ॥

কিং ময়াপকৃতং রাজ্ঞঃ, অথবা নির্নিমিত্তাপকারিণশ্চ ভবন্তি রাজানঃ।

রাজার অপকার আমি কি করিয়াছি, অথবা রাজারা নিমিত্ত ব্যতিরেকেও অপকারক হয়।

দমনকোব্রূতে এবমেতৎ শৃণু।

দমনক বলিল এই প্রকার বটে, শুন।

বিজ্ঞৈঃ স্নিগ্ধৈরুপকৃতমপি দ্বেষ্যতামেতি কশ্চিৎ, সাক্ষাদন্যৈরপকৃতমপি প্রীতিমেবোপযাতি। চিত্রং চিত্রং কিমথ চরিতং নৈকভাবাশ্রয়াণাং, সেবাধর্ম্মঃ পরমগহনো যোগিনামপ্যগম্যঃ। ৪১৬।

কোন লোক বিজ্ঞ মিত্র কর্ত্তৃক উপকৃত হইলেও শত্রুতাচরণ করে আর অন্য কর্ত্তৃক সাক্ষাৎ অপকৃত

হইলেও তুষ্ট হয়, অনবস্থিতচিত্তের এ কি আশ্চর্য্য চরিত্র! সেবাধর্ম্ম অতিশয় গহন, যোগিদেরও অ-বোধ্য। ৪১৬।

অন্যচ্চ। সুকৃতশত মসৎসু নষ্টং, সুভাষিত শতঞ্চ নষ্টমবুদ্ধেষু বচনশত মবচনকরেষু, বুদ্ধি শত মচেতনেষু নষ্টং ॥ ৪১৭ ॥

অপর পাপাত্মাতে পুণ্য শত নষ্ট, মূর্খেতে কথা শত নষ্ট, অবচনকারিতে বচনশত নষ্ট এবং অচেত-নেতে বুদ্ধি শত নষ্ট হয় ॥ ১৪৭ ॥

কিঞ্চ। চন্দনতরুষু ভুজঙ্গা জলেষু কমলানি তত্র চ গ্রাহাঃ। গুণঘাতিনশ্চ খলা, ভোগেষু অন্য সুখানি স্বস্তি ॥ ৪১৮ ॥

অপর বিষয় ভোগে অতিশয় সুখ পাইয়া গুণ-ঘাতক খল লোকেরা অন্যের সুখ নষ্ট করে, দেখ চন্দন বৃক্ষেতে সর্পেরা থাকে আর যে জলে কমল হয় তাহাতে হিংস্র জলজন্তু বাসকরে ॥ ৪১৮ ॥

অন্যচ্চ। মূলং ভুজঙ্গৈঃ কুসুমানি ভৃঙ্গৈঃ, শাখা প্লবঙ্গৈঃ শিখরাণি ভল্লৈঃ। নাস্ত্যেব তচ্চন্দন পাদপস্য, যন্নাশ্রিতং দুষ্টতরৈশ্চ হিংস্রৈঃ॥ ৪১৯ ॥

মূলকে সর্প সকল, পুষ্পকে ভ্রমর, শাখাকে বানর, অগ্রভাগকে ভল্লুক, এইরূপে চন্দন বৃক্ষের আর এমত

স্থান নাই যে দুষ্ট হিংস্র জন্তুগণ আশ্রয় না করিয়াছে ॥ ৪১৯ ॥

দমনকো ব্রূতে।

দমনক কহিল।

অয়ং তাবৎ স্বামী বাচি মধুরো বিষহৃদয়ো জ্ঞাতঃ।

এই প্রভু মিষ্টভাষী কিন্তু বিষতুল্যান্তঃকরণ ইহা জানিলাম॥

যতঃ। দূরাদুচ্ছ্রিতপাণি রার্দ্রনয়নঃ প্রোৎসারিতার্দ্ধাসনো গাঢ়ালিঙ্গনতৎপরঃ প্রিয়কথাপ্রশ্নেষু দত্তা দরঃ। অন্তর্ভূতবিষো বহির্ম্মধুময় শ্চাতীব মায়াপটুঃ কো নামায় মপূর্ব্বনাটকবিধি র্যঃ শিক্ষিতো দুর্জ্জনৈঃ ॥ ৪২০ ॥

যেহেতু দূর হইতে উদ্ধৃত হস্ত, সজল চক্ষু, অর্দ্ধাসন দান, নির্ভর আলিঙ্গনে তৎপরতা, প্রিয়বাক্যের জিজ্ঞাসায় কৃতাদর; চিত্তে গুপ্ত বিষ এবং বাহ্যে মধু, মায়াপটুতা, এ কি চমৎকার নাটক বিধি দুর্জ্জনেরা শিক্ষা করিয়াছে। ৪২০।

তথাহি। পোতোদুস্তরবারিরাশিতরণে দীপোঽন্ধকারাগমে, নির্ব্বাতে ব্যজনং মদান্ধকরিণাং দর্পোপশান্ত্যৈ সৃণিঃ। ইত্থং তদ্ভুবি নাস্তি

যস্য বিধিনা নোপায়চিন্তা কৃতা মন্যে দুর্জ্জন চিত্ত বৃত্তিহরণে ধাতাপি ভগ্নোদ্যমঃ ॥ ৪২১ ॥

এইরূপ কহিয়াছেন দুরন্ত জল সমূহ তরণের নিমিত্তে নৌকা, অন্ধকারোপস্থিতিতে প্রদীপ, নির্ব্বাত স্থলে পাখা, মত্ত হস্তির গর্ব্ব বিনাশের নিমিত্তে অঙ্কুশ, এই প্রকারে পৃথিবীতে তাহা নাই যাহার উপায় চিন্তা বিধাতা না করিয়াছেন কিন্তু আমার এই বোধ হয় যে খলান্তঃকরণ চরিত্র হরণের নিমিত্তে বিধাতাও ভগ্নোদ্যোগ হইয়াছেন ॥ ৪২১ ॥

সঞ্জীবকঃ পুনর্নিঃশ্বস্য কষ্টং ভোঃ কথমহং শস্য ভক্ষকঃ সিংহেন নিপাতিতব্যঃ।

সঞ্জীবক পুনর্ব্বার নিঃশ্বাস ফেলিয়া কহিল অহে এ কি কষ্ট! আমি শস্যভক্ষক, আমাকে কেন সিংহ নষ্ট করিবে।

যতঃ। দ্বয়োরেব সমং বিত্তং, দ্বয়োরেব সমং বলং। তয়োর্বিবাদো মন্তব্যো; নোত্তমাধময়োঃ কচিৎ ॥ ৪২২ ॥

যেহেতু উভয়ের তুল্য বল ও তুল্য ধন থাকিলে বিবাদ হয় কিন্তু দুর্ব্বলের সহিত বলবানের বিবাদ কুত্রাপি ভাল নহে ॥ ৪২২ ॥

পুনর্ব্বিচিন্ত্য কেনায়ং রাজা মমোপরি বিকা-
রিতো ন জানে, ভেদমুপগতাদ্রাজ্ঞঃ সদা ভেতব্যং।

পুনর্ব্বার চিন্তা করিয়া কহিল, আমার উপরে এই রাজা কোন লোক কর্ত্তৃক বিঘটিত হইয়াছেন আমি জানি না, বিকার প্রাপ্ত রাজা হইতে সর্ব্বদা ভয় করা কর্ত্তব্য।

যতঃ। মন্ত্রিণা পৃথিবীপালচিত্তং বিঘটিতং
ক্বচিৎ। বলয়ং স্ফটিকস্যেব, কোহি সন্ধাতু
মীশ্বরঃ॥ ৪২৩॥

যেহেতু স্ফটিকের বলয়কে সন্ধান করিতে যেমন কেহ সমর্থ হয় না তেমনি পৃথিবীপতির অন্তঃকরণ মন্ত্রি কর্ত্তৃক বিঘটিত হইলে কেহ সন্ধান করিতে পারে না॥ ৪২৩॥

অন্যচ্চ। বজ্রঞ্চ রাজতেজশ্চ, দ্বয়মেবাতি-
ভীষণং। এক মেকত্র পততি, পতত্যন্যৎ সম-
ন্ততঃ॥ ৪২৪॥

অপর বজ্র আর রাজবিঘটন এই দুই অত্যন্ত ভয়ানক। ইহার মধ্যে বজ্র একস্থানেতেই পড়ে, অন্য যে রাজবিঘটন, তাহা সর্ব্বত্র পতিত হয়।

ততঃ সংগ্রামে মৃত্যুরেব বর মিদানীং তদাজ্ঞানু
বর্ত্তন মযুক্তং।

সেই হেতু যুদ্ধে মৃত্যু স্বীকার করি, এখন তাঁহার আজ্ঞা প্রতিপালন অযুক্ত।

যতঃ। মৃতঃ প্রাপ্নোতি বা স্বর্গং, শত্রুং হত্বা সুখানি বা। উভাবপি হি শূরাণাং গুণাবেতৌ সুদুর্লভৌ ॥ ৪২৫।

যেহেতু মরিলে স্বর্গ পায় কিম্বা শত্রু নষ্ট করিলে সুখ পায় অতএব বীরদের এ দুই গুণ দুর্লভ ॥ ৪২৫ ॥

যুদ্ধ কালশ্চায়ং।

সংগ্রামের এই সময়।

যত্রাযুদ্ধে ধ্রুবং মৃত্যু, যুদ্ধে জীবিত সংশয়ঃ।
তমেব কালং যুদ্ধস্য প্রবদন্তি মনীষিণঃ ॥ ৪২৬ ॥

যখন যুদ্ধ না করিলে অবশ্য মৃত্যু ও যুদ্ধেতে প্রাণসংশয়, পণ্ডিতেরা সে কালকেই যুদ্ধের কাল বলেন ॥ ৪২৬ ॥

যতঃ। অযুদ্ধে হি যদা পশ্যেন্ন কিঞ্চিদ্ধিতমাত্মনঃ। যুধ্যমান স্তদা প্রাজ্ঞো, ম্রিয়তে রিপুণা সহ ॥ ৪২৭ ॥

যেহেতু যুদ্ধ না করিলে যদি আপনার মঙ্গল সম্ভাবনা না থাকে তবে পণ্ডিত ব্যক্তি যুদ্ধ করিয়া শত্রুর সঙ্গে মরিবেন ॥ ৪২৭ ॥

জয়ে চ লভতে লক্ষ্মীং মৃতেচাপি সুরাঙ্গনাং।
ক্ষণবিধ্বংসিনঃ কায়াঃ কা চিন্তা মরণে রণে॥
৪২৮॥

আর যুদ্ধে জয় হইলে রাজলক্ষ্মী পায়, মৃত্যু হইলে দেবকন্যা পায়, শরীর ক্ষণকাল স্থায়ি, অতএব যুদ্ধে মরণে চিন্তা কি॥ ৫৩৮॥

এতচ্চিন্তয়িত্বা সঞ্জীবক আহ ভো মিত্র কথমসৌ মাং জিঘাংসু র্জ্ঞাতব্যঃ।

ইহা চিন্তা করিয়া সঞ্জীবক বলিল হে মিত্র, কি প্রকারে জানিব যে ইনি আমাকে নষ্ট করিতে ইচ্ছা করিয়াছেন।

দমনকো ব্রূতে।
দমনক বলিল।

যদাসৌ স্তব্ধকর্ণঃ সমুন্নতলাঙ্গুল উন্নতচরণো বিকৃতাস্য স্ত্বাং পশ্যতি তদা ত্বমপি স্ববিক্রমং দর্শয়িষ্যসি।

যখন ঐ স্তব্ধকর্ণ ঊর্দ্ধলাঙ্গুল এবং উচ্চ পাদ হইয়া মুখ বিস্তার করিয়া তোমাকে দেখিবে তখন তুমিও আপন পরাক্রম দেখাইবে।

যতঃ। বলবানপি নিস্তেজাঃ, কস্য নাভিভবা-

স্পদং। নিঃশঙ্কং দীয়তে লোকৈঃ, পশ্য ভস্মচয়ে পদং॥ ৪২৯॥

যেহেতু বলবান্ লোকেও নিস্তেজ হইলে কাহার্ পরাভবের স্থান না হয়, দেখ লোকেরা শঙ্কা রহিত হইয়া ভস্ম রাশিতে পা দেয়॥ ৪২৯॥

কিন্তু সর্ব্বমেতৎ সুগুপ্তমনুষ্ঠাতব্যং নো চেন্ন ত্বং নৈবাহমিত্যুক্ত্বা দমনকঃ করটকসমীপং গতঃ।

কিন্তু গোপনে এই সকল অনুষ্ঠান করা কর্ত্তব্য নতুবা তুমিও থাকিবা না আমিও থাকিব না ইহা কহিয়া দমনক করটকের নিকটে গেল।

করটকেনোক্তং কিং নিষ্পন্নং।

করটক জিজ্ঞাসিল কি সম্পন্ন হইল।

দমনকেনোক্তং নিষ্পন্নোসাবন্যোন্যভেদঃ।

দমনক কহিল পরস্পরের ভেদ নিষ্পন্ন হইল।

করটকো ব্রূতে কোঽত্র সন্দেহঃ।

করটক কহিল সন্দেহ কি।

যতঃ। বন্ধুঃ কো নাম দুষ্টানাং, কুপ্যতে কো ন যাচিতঃ। কো ন তৃপ্যতি বিত্তেন, কুকৃত্যে কো ন পণ্ডিতঃ॥ ৪৩০।

যেহেতু দুর্জ্জনের বান্ধব কে, যাচিত হইলে কে

ক্রুদ্ধ না হয়, ধনে কে তৃপ্ত না হয়, নিন্দিত কর্ম্মে কে পণ্ডিত নয়॥ ৪৩০॥

অন্যচ্চ। দুর্ব্বৃত্তঃ ক্রিয়তে ধূর্ত্তৈঃ শ্রীমানাত্মবিবৃদ্ধয়ে। কিং নাম খলসংসর্গঃ, কুরুতে নাশ্রয়াশবৎ॥ ৪৩১॥

অপর ধূর্ত্ত লোকেরা আত্মহিতেচ্ছায় উত্তম লোককেও দুশ্চরিত্র করে কেননা বহ্নির ন্যায় খলসংসর্গ কি না করে॥ ৪৩১॥

ততো দমনকঃ পিঙ্গলকসমীপং গত্বা আহ।

পরে দমনক পিঙ্গলক সন্নিধানে গিয়া কহিল।

দেব, সমাগতোঽসৌ পাপাশয়ঃ, ততঃ সজ্জীভূয় স্থীয়তা মিত্যুক্ত্বা পূর্ব্বোক্তাকারং কারয়ামাস।

হে মহারাজ, ঐ পাপিষ্ঠ আসিতেছে অতএব সসজ্জ হইয়া থাক ইহা কহিয়া পূর্ব্বোক্ত আকার করাইল।

সঞ্জীবকোপ্যাগত্য তথা বিকৃতাকারং সিংহং দৃষ্ট্বা স্বানুরূপং বিক্রমং চকার।

অনন্তর সঞ্জীবকও সেই স্থানে আসিয়া সেই প্রকার বিকার প্রাপ্ত সিংহকে অবলোকন করিয়া নিজানুরূপ পরাক্রম প্রকাশ করিল।

তত স্তয়োর্য্যুদ্ধে সঞ্জীবকঃ সিংহেন ব্যাপাদিতঃ।

তাহার পর তাহারদিগের যুদ্ধ হইলে সিংহ কর্ত্তৃক সঞ্জীবক বিনাশিত হইল।

অথ পিঙ্গলকঃ সঞ্জীবকং সেবকং ব্যাপাদ্য বিশ্রান্তঃ সশোক ইব তিষ্ঠতি ব্রুতে চ কিং ময়া দারুণং কর্ম্ম কৃতং।

তাহার পর পিঙ্গলক সঞ্জীবককে নষ্ট করিয়া বিশ্রাম করিয়া সশোকের ন্যায় থাকিয়া কহিল আমি কি দারুণ কর্ম্ম করিলাম।

যতঃ। পরৈঃ সম্ভুজ্যতে রাজ্যং স্বয়ং পাপস্য ভাজনং। ধর্ম্মাতিক্রমণাৎ রাজা, সিংহো হস্তি বধাদিব ॥ ৪৩২ ॥

যেহেতু সিংহ যেমন হস্তিবধ প্রযুক্ত আপনি পাপ-ভাগী হয়, মুক্তাদি অন্য কর্ত্তৃক উপভুক্ত হয়, সেই রূপ রাজা ধর্ম্মের অতিক্রমণহেতু স্বয়ং পাপের আশ্রয় হন, রাজ্য অন্যকর্ত্তৃক উপভুক্ত হয় ॥ ৪৩২ ॥

অপরঞ্চ। ভূম্যেকদেশস্য গুণান্বিতস্য, ভৃত্যস্য বা বুদ্ধিমতঃ প্রণাশঃ। ভৃত্য প্রণাশো মরণং নৃপাণাং, নষ্টাপি ভূমিঃ সুলভা ন ভৃত্যাঃ ॥ ৪৩৩ ॥

অপর উর্ব্বরা ভূমির নাশ আর বুদ্ধিমান দাসের নাশ এই দুয়ের মধ্যে ভৃত্যের নাশ রাজাদিগের মরণ তুল্য কেননা ভূমি নষ্টা হইলেও পুনশ্চ মিলে ভৃত্য

নষ্ট হইলে পাওয়া দুর্লভ ॥ ৪৩৩ ॥

দমনকো ব্রূতে স্বামিন্ কোঽয়ং নূতনো ন্যায়ঃ যদরাতিং হত্বা সন্তাপঃ ক্রিয়তে।

দমনক বলিল প্রভু একি নূতন ন্যায় যে বৈরি নষ্ট করিয়া সন্তাপ করিতেছেন।

তথাচোক্তং। পিতা বা যদি বা ভ্রাতা, পুত্রো বা যদি বা সুহৃৎ। প্রাণচ্ছেদকরা রাজ্ঞা, হন্তব্যা ভূতি মিচ্ছতা ॥ ৪৩৪ ॥

বিজ্ঞ কর্তৃক তাহা কথিত আছে পিতা কিম্বা ভ্রাতা কিম্বা পুত্র কিম্বা বন্ধু ইহারাও যদি জীবন বিনাশ কারী হয় তবে ঐশ্বর্য্য ইচ্ছুক রাজা অবশ্য তাহাদের বধ করিবেন ॥ ৪৩৪ ॥

অপিচ। ধর্ম্মার্থকামতত্ত্বজ্ঞো, নৈকান্তকরুণো। ভবেৎ। ন হি হস্তস্থ মপ্যন্নং, ক্ষমাবান্ ভক্ষিতুং ক্ষমঃ ॥ ৫৩৫ ॥

আর ধর্ম্ম অর্থ কামের যথার্থজ্ঞাতা লোক একান্ত দয়ালু হইবেক না যেহেতু ক্ষমাযুক্ত লোক করস্থিত অন্নও ভক্ষণ করিতে শক্ত হয় না ॥ ৪৩৫ ॥

কিঞ্চ। ক্ষমা শত্রৌ চ মিত্রে চ, যতীনা মেব ভূষণং। অপরাধিষু সত্ত্বেষু, নৃপাণাং সৈব দূষণং ॥ ৪৩৬ ॥

অপর যতিদিগেরই শক্রুতে এবং মিত্রেতে ক্ষমা ভূষণ, রাজারদিগের অপরাধি লোকে সেই ক্ষমাই দোষ॥ ৪৩৬॥

অপরঞ্চ। রাজ্যলোভাদহঙ্কারা, দিচ্ছতঃ স্বামিনঃ পদং। প্রায়শ্চিত্তং তু তস্যোক্তং, জীবোৎসর্গো ন চাপরঃ॥ ৪৩৭॥

অপর রাজ্যলোভ প্রযুক্ত অহঙ্কারে যে জন স্বামির পদ পাইতে ইচ্ছা করে তাহার প্রাণত্যাগই এক প্রায়শ্চিত্ত, অন্য নাই॥ ৪৩৭॥

রাজা ঘৃণী ব্রাহ্মণঃ সর্ব্বভক্ষঃ স্ত্রী চাবশা দুষ্প্রকৃতিঃ সহায়ঃ। প্রেষ্যঃ প্রতীপোঽধিকৃতঃ প্রমাদী, ত্যাজ্যা ইমে সপ্ত কৃতং ন বেত্তি যঃ॥ ৪৩৮॥

অপর ঘৃণাযুক্ত রাজা, সর্ব্বভক্ষক ব্রাহ্মণ, অবশীভূতা ভার্য্যা দুষ্ট স্বভাব সহায় প্রতিকূল ভৃত্য অনবধানী নিযুক্ত লোক এবং যে ব্যক্তি কৃত কর্ম্ম না মানে এই সাত জন ত্যাজ্য।

বিশেষতশ্চ। সত্যানৃতা চ পরুষা প্রিয়বাদিনী চ, হিংস্রা দয়ালু রপি চার্থপরা বদান্যা। নিত্যব্যয়া প্রচুররত্নধনাগমা চ, বারাঙ্গনেব নৃপ নীতিরনেকরূপা॥ ৪৩৯॥

বিশেষতঃ বেশ্যার ন্যায় রাজনীতি অনেকরূপা, কখন সত্য ভাষিণী কখন মিথ্যা ভাষিণী, কখন নিষ্ঠুর ভাষিণী কখন প্রিয় বাদিনী, কখন হননশীলা কখন দয়ালু কখন কৃপণ, কখন দানশীলা, কখন অনবরত ব্যয়শীলা কখন প্রচুর রত্ন ও ধনাগম রূপা হয়। ৪৩৯॥

এবং দমনকেন সন্তোষিতঃ পিঙ্গলকঃ স্বাম্প্রকৃতি মাপন্নঃ সিংহাসনে সমুপবিষ্টঃ।

এইরূপে দমনক কর্ত্তৃক পরিতোষিত হইয়া পিঙ্গলক স্বকীয় স্বভাব প্রাপ্ত্যানন্তর সংহাসনে উপবিষ্ট হইলেন।

দমনকঃ প্রহৃষ্টমনা বিজয়তাং মহারাজ শুভমস্তু সর্ব্ব জগতামিত্যুক্ত্বা যথাসুখ মবস্থিতঃ।

দমনক প্রফুল্লচিত্ত হইয়া কহিল মহারাজ জয় হউক, সকল জগতের মঙ্গল হউক, ইহা কহিয়া পরমাহ্লাদে অবস্থিত হইল।

বিষ্ণুশর্ম্মোবাচ সুহৃদ্ভেদঃ শ্রুতস্তাবদ্ভবদ্ভিঃ।

বিষ্ণুশর্ম্মা বলিলেন তোমরা সুহৃদ্ভেদ শ্রবণ করিলে।

রাজপুত্রাঊচুঃ, ভবৎপ্রসাদাৎ শ্রুতঃ, সুখিনো ভূতা বয়ং।

রাজকুমারেরা কহিলেন আপনকার অনুগ্রহে শুনিলাম এবং আহ্লাদিত হইলাম।

বিষ্ণুশর্ম্মাব্রবীৎ অপরমপীদমস্তু।

বিষ্ণুশর্ম্মা বলিলেন আরো ইহা হউক।

সুহৃদ্ভেদস্তাবদ্ভবতু ভবতাং শত্রুনিলয়ে, খলঃ কালাকৃষ্টঃ প্রলয় মুপসর্পত্বহরহঃ। জনো নিত্যং ভূয়াৎ সকল সুখ সম্পত্তি বসতিঃ, কথারম্ভে রম্যে সততমিহ বালোঽপি রমতাং ॥ ৪৪০ ॥

আপনকারদিগের অরিগৃহে সদা সুহৃদ্ভেদ হউক আর কাল কর্ত্তৃক আকৃষ্ট হইয়া খল লোক প্রত্যহ প্রলয় পাউক এবং লোক সকল সুখজনক ঐশ্বর্য্যে পরিপূর্ণ হউক আর এই রমণীয় কথার আরম্ভে সর্ব্বদা বালকও ক্রীড়া করুক।

ইতি দ্বিতীয়া সুহৃদ্ভেদ কথা সমাপ্তা।

বিগ্রহ।

অথ বিগ্রহঃ। পুনঃ কথারম্ভকালে রাজপুত্রা উচুঃ আর্য্য, রাজপুত্রা বয়ং, তদ্বিগ্রহং শ্রোতুং নঃ কুতূহল মস্তি।

পুনর্ব্বার কথারম্ভকালে রাজপুত্রেরা কহিলেন গুরো, আমরা রাজনন্দন এই হেতু বিগ্রহ শুনিবার নিমিত্তে আমাদিগের কৌতুক জন্মিতেছে।

বিষ্ণুশর্ম্মণোক্তং।

বিষ্ণুশর্ম্মা বলিলেন।

যদেব ভবদ্ভ্যো রোচতে কথয়ামি শ্রূয়তাং, যস্যায় মাদ্যঃ শ্লোকঃ।

তোমাদিগের যাহাতে রুচি হয় তাহাই কহি শুন যাহার প্রথম শ্লোকার্থ এই।

হংসৈঃ সহ ময়ূরাণাং, বিগ্রহে তুল্য বিক্রমে।
বিশ্বাস্য বঞ্চিতা হংসাঃ, কাকৈঃ স্থিত্বারিমন্দিরে
॥ ৪৪০ ॥

হংসের সহিত যুদ্ধে ময়ূরদিগের তুল্য পরাক্রম

সত্ত্বেও কাকেরা শত্রুগৃহে থাকিয়া প্রত্যায়োৎপাদন পূর্ব্বক হংসদিগকে বঞ্চনা করিয়াছিল ॥ ৪॥০ ॥

রাজপুত্রা উচুঃ কথমেতৎ।

রাজকুমারেরা কহিলেন এ কি প্রকার।

বিষ্ণু শর্ম্মা কথয়তি

বিষ্ণু শর্ম্মা কহিলেন।

অস্তি কর্পূরদ্বীপে পদ্মকেলিনামধেয়ং সরঃ, তত্র হিরণ্যগর্ভোনাম রাজহংসঃ প্রতিবসতি, সচ সর্ব্বৈর্জলচরপক্ষিভি র্মিলিত্বা পক্ষিরাজ্যেঽভিষিক্তঃ।

কর্পূর দ্বীপে পদ্মকেলি নামে এক সরোবর আছে তাহাতে হিরণ্যগর্ভ নামে রাজহংস বাস করে, জলচর সকল পক্ষিরা মিলিয়া তাহাকে পক্ষিরাজ্যে অভিষিক্ত করিয়াছিল।

যতঃ। যদি ন স্যান্নরপতিঃ, সম্যঙ্নেতা ততঃ প্রজাঃ। অকর্ণধারা জলধৌ, বিপ্লবেতেহ নৌরিব ॥ ৪৪১ ॥

যেহেতু সম্যক্ প্রকার নায়ক নৃপতি যদি না থাকে, তবে সমুদ্রে নাবিক রহিত নৌকা যেমন মগ্না হয় তাহার ন্যায় প্রজা বিপ্লুত হয় ॥ ৪৪১ ॥

অপরঞ্চ। প্রজাং সংরক্ষতি নৃপঃ, সা বর্দ্ধয়তি

পার্থিবং। বর্দ্ধনাদ্রক্ষণাৎ শ্রেয়, স্তদভাবে সদ প্যসৎ ॥ ৪৪২ ॥

অপর রাজা প্রজাকে রক্ষা করেন, প্রজা রাজাকে বাড়ায়, বর্দ্ধন হইতে রক্ষণ মঙ্গলদায়ক, কেননা রক্ষা না করিলে বিদ্যমান বস্তুও অবিদ্যমান হয়। ৪৪২।

একদাসৌ রাজহংসঃ সুবিস্তীর্ণ কমল পর্য্যঙ্কে সুখাসীনঃ পরিবারপরিবৃত স্তিষ্ঠতি, ততঃ কুতশ্চি দ্দেশাদাগত্য দীর্ঘমুখো নাম বকঃ প্রণম্যোপ-বিষ্টঃ।

একদিন এই রাজহংস অতিশয় বিস্তারিত কমল পর্য্যঙ্কে পরিবার লোকে বেষ্টিত হইয়া সুখোপবিষ্ট আছেন ইতিমধ্যে দীর্ঘমুখ নামে বক কোন দ্বীপ হইতে আসিয়া প্রণাম করিয়া বসিল।

রাজোবাচ।

রাজা কহিলেন।

দীর্ঘমুখ দেশান্তরাদাগতোহসি বার্ত্তাং কথয়।

হে দীর্ঘমুখ! অন্য দেশ হইতে আসিলে, বৃত্তান্ত কহ।

স ব্রূতে দেব!

সে কহিল হে মহারাজ।

অস্তি মহতী বার্ত্তা, তাং বক্তুং সত্বর মাগতোহং শ্রূয়তাং।

বড় বার্ত্তা আছে, তাহাই কহিবার নিমিত্ত ত্বরায় আসিতেছি, শুনুন।

অস্তি জম্বূদ্বীপে বিন্ধ্যোনাম গিরি স্তত্র চিত্রবর্ণো নাম ময়ূরঃ পক্ষিরাট্ নিবসতি, তস্যানুচরৈ শ্চরদ্ভিঃ পক্ষিভিরহং দগ্ধারণ্যমধ্যে চরন্নবলোকিতঃ পৃষ্টশ্চ কস্ত্বং কুতঃ সমাগতোসি।

জম্বূদ্বীপে বিন্ধ্য নামে পর্ব্বত আছে, তাহাতে চিত্রবর্ণ নামে এক ময়ূর পক্ষিদের রাজা বাস করে, তাহার অনুচর পক্ষিগণ দগ্ধারণ্যে এক দিন চরিতেং আমাকে দেখিয়া জিজ্ঞাসা করিল কে তুমি কোথা হইতে আসিলে।

তদা ময়োক্তং।

তখন আমি কহিলাম।

কর্পূরদ্বীপস্য রাজচক্রবর্ত্তিনো হিরণ্যগর্ভস্য রাজহংসস্যানুচরোহহং কৌতুকাদ্দেশান্তরং দ্রষ্টুমাগতোস্মি।

কর্পূরদ্বীপস্থ রাজচক্রবর্ত্তি হিরণ্য গর্ভনামক রাজহংসের অনুচর আমি, কৌতুক প্রযুক্ত দেশান্তর দেখিতে আসিয়াছি।

এতচ্ছ্রুত্বা পক্ষিভিরুক্তং।

তাহা শুনিয়া পক্ষিরা কহিল।

অনয়োর্দ্দেশয়োঃ কো দেশো ভদ্রতরো রাজা চ।

এই দুই দেশের মধ্যে কোন্ দেশ ভাল আর কোন্ রাজা ভাল।

ময়োক্তং আঃ কিমেব মুচ্যতে মহদন্তরং।

অনন্তর আমি কহিলাম আঃ কি কহিতেছ, অনেক অন্তর।

যতঃ কর্পূরদ্বীপঃ স্বর্গএব, রাজহংসশ্চ দ্বিতীয়ঃ স্বর্গপতিঃ, অত্র মরুস্থলে পতিতা যূয়ং কিং কুরুথ অস্মদ্দেশে গম্যতাং।

যেহেতু কর্পূরদ্বীপ স্বর্গই, আর রাজহংস দ্বিতীয় স্বর্গ পতি ইন্দ্র। তোমারা এই মরু ভূমিতে পড়িয়া কি করিতেছ. আমারদের দেশে আইস।

ততোমদ্বচনমাকর্ণ্য সর্ব্বে সকোপা বভূবুঃ।

অনন্তর আমার বাক্য শুনিয়া সেই পক্ষিরা সকলে সরোষ হইল।

তথাচোক্তং। পয়ঃ পানং ভুজঙ্গানাং, কেবলং বিষবর্দ্ধনং। উপদেশোহি মূর্খাণাং, প্রকোপায় ন শান্তয়ে॥ ৪৪৩॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন যেমত সর্পদের

দুগ্ধপান কেবল বিষবর্দ্ধক হয়, তেমন মূঢ়দিগের উপদেশ ক্রোধের নিমিত্তই হয়, শান্তির নিমিত্ত হয় না। ॥ ৪৪৩ ॥

অন্যচ্চ।

বিদ্বানেবোপদেষ্টব্যো, নাবিদ্বাংস্তু কদাচন। বানরানুপদিশ্যার্থং, স্থানভ্রষ্টা যযুঃ খগাঃ ॥ ৪৪৪ ॥

অপর পণ্ডিতকেই উপদেশ করা উচিত, মূর্খকে কদাচ কর্ত্তব্য নহে, কারণ মূঢ় বানরদিগকে উপদেশ করিয়া পক্ষি সকল স্থান ভ্রষ্ট হইয়াছিল ॥ ৪৪৪ ॥

রাজোবাচ কথমেতৎ।

রাজা কহিলেন একিপ্রকার।

দীর্ঘমুখঃ কথয়তি।

দীর্ঘমুখ কহিল।

অস্তি নর্ম্মদা তীরে বিশালঃ শাল্মলী তরু, স্তত্র নির্ম্মিত নীড়ক্রোড়ে পক্ষিণো নিবসন্তি সুখেন। অথৈকদা বর্ষাসু নীলপটলৈরাবৃতে নভস্থলে ধারাসারৈর্মহতী বৃষ্টি র্বভূব।

নর্ম্মদা তীরে এক অতি বড় শাল্মলীবৃক্ষ আছে। সেই তরুতে আপন চঞ্চু করণক নির্ম্মিত নীড়মধ্যে পক্ষিরা সুখে বাস করে। এক দিন বর্ষাকালে নীলবর্ণ

পটের তুল্য মেঘ সমূহে গগনমণ্ডল আচ্ছন্ন হইলে মুষল ধারায় অতিশয় বৃষ্টি হইল।

ততো বানরাংস্তত্তরুতলেঽবস্থিতান্ শীতাকুলান্ কম্পমানানবলোক্য কৃপয়া পক্ষিভিরুক্তং।

অনন্তর সেই তরুতলে বানরদিগকে আর্দ্রীভূত শীতার্ত্ত ও কম্পিত কলেবর দেখিয়া করুণা প্রযুক্ত পক্ষিরা কহিল।

ভো ভো বানরাঃ শৃণুত।

অহে বানরেরা শুন।

অস্মাভির্নির্ম্মিতা নীড়া, শ্চঞ্চু মাত্রাহৃতৈস্তৃণৈঃ।
হস্ত পাদাদি সংযুক্তা, যূয়ং কিমিতি সীদথ ॥৪৫॥

আমারদিগের চঞ্চু মাত্রে আহৃত তৃণ দ্বারা এরূপ নীড় নির্ম্মিত হইয়াছে, তোমরা পাণি পাদবিশিষ্ট হইয়া কেন এই প্রকারে অবসন্ন হইতেছ ॥ ৪৫ ॥

তচ্ছ্রুত্বা বানরৈর্জ্জাতামর্ষৈ রালোচিতং অহো নির্ব্বাতনীড়গর্ব্ভাবস্থিতাঃ সুখিনঃ পক্ষিণোঽস্মান্নিন্দন্তি, ভবতু তাবদ্বৃষ্টেরুপশমঃ।

তাহা শুনিয়া জাতক্রোধ বানরেরা আলোচনা করিল বায়ু রহিত নীড় মধ্যে অবস্থান প্রযুক্ত সুখী হইয়া এই পক্ষিগণ আমারদিগকে নিন্দা করিতেছে, ভাল, বৃষ্টির উপশম হউক।

অনন্তরং শান্তে পানায়বর্ষে তৈ র্বা নরৈ র্বৃক্ষ মারুহ্য সর্ব্বৈ নীড়া ভগ্না স্তেষামণ্ডানি চাধঃ পাতিতানি।

তাহার পর জল বর্ষণ নিবৃত্ত হইলে সেই মর্কটেরা বৃক্ষ আরোহণ করিয়া সকল বাসা ভাঙ্গিয়া ফেলিল ও তাহারদিগের অণ্ড সকল নীচে ফেলাইয়া দিল।

অতোহং ব্রবীমি বিদ্বানেবোপদেষ্টব্য ইত্যাদি॥

অতএব আমি বলি পণ্ডিতকেই উপদেশ করা উপযুক্ত ইত্যাদি।

রাজোবাচ, ততস্তৈঃ কিং কৃতং।

রাজা কহিলেন তাহার পর তাহারা কি করিল।

বকঃ কথয়তি।

বক বলিল।

ততস্তৈঃ পক্ষিভিঃ কোপাদুক্তং কেনাসৌ রাজহংসো রাজা কৃতঃ।

অনন্তর পক্ষিরা ক্রোধে কহিল ঐ রাজহংসকে কে রাজা করিয়াছে।

ততো ময়োপজাতকোপেনোক্তং যুষ্মদীয় ময়ূরঃ কেন রাজা কৃতঃ।

তাহার পর আমিও জাতক্রোধ হইয়া কহিলাম তোমারদের ময়ূরকে কে রাজা করিয়াছে।

এতচ্ছ্রুত্বা তে সর্ব্বে মাং হন্তু মুদ্যতা স্ততো ময়াপি স্ববিক্রমো দর্শিতঃ।

তাহা শুনিয়া তাহারা সকলে আমাকে নষ্ট করিতে উদ্যত হইল, তাহার পর আমিও নিজ পরাক্রম দেখাইলাম।

যতঃ। অন্যদা ভূষণং পুংসাং, ক্ষমা লজ্জেব যোষিতাং। পরাক্রমঃ পরিভবে, বৈয়াত্যং সুরতেষ্বিব ॥ ৪৪৬ ॥

যেহেতু স্ত্রীলোকদিগের যেমন লজ্জা ভূষণ এমন অন্য কর্ত্তৃক পরাভব কাল ব্যতিরিক্ত অন্য কালে ক্ষমাই পুরুষদিগের ভূষণ এবং রতিকালে স্ত্রীলোকেরদিগের যেরূপ নির্লজ্জতা ভূষণ এইরূপ অন্য কর্ত্তৃক পরাভব কালে পুরুষদের পরাক্রমই ভূষণ॥ ৪৪৬ ॥

রাজা বিহস্যাহ।

রাজা হাস্য করিয়া কহিলেন।

আত্মনশ্চ পরেষাঞ্চ, যঃ সমীক্ষ্য বলাবলং। অন্তরং নৈব জানাতি, স তিরস্ক্রিয়তেঽরিভিঃ ॥ ৪৪৭ ॥

যে জন আপনার ও পরের বলাবল দেখিয়া অন্তর না জানে সে জন শত্রু কর্ত্তৃক তিরস্কৃত হয় ॥ ৪৪৭ ॥

অন্যচ্চ। সুচিরং হি চরন্নিত্যং, ক্ষেত্রে শস্যমবুদ্ধিমান্। দ্বীপিচর্ম্ম পরিচ্ছন্নো, বাগ্দোষাদ্গার্দভো হতঃ॥ ৪৪৮॥

অপর ব্যাঘ্র চর্ম্মাবৃত নির্ব্বুদ্ধি গর্দ্দভ ক্ষেত্রে বহুকাল পর্য্যন্ত প্রত্যহ শস্য ভক্ষণ করত বাক্য দোষে নষ্ট হইল॥ ৪৪৮॥

বকঃ পৃচ্ছতি কথমেতৎ।

বক জিজ্ঞাসা করিল এ কিপ্রকার।

রাজা কথয়তি।

রাজা কহিলেন।

অস্তি হস্তিনাপুরে বিলাসো নাম রজক, তস্য গর্দ্দভো হ্যতিবাহনাদ্দুর্ব্বলো মুমূর্ষুরিবাভবৎ।

হস্তিনা নগরে বিলাপ নামে রজক থাকে তাহার এক গর্দ্দভ অতিশয় বহন প্রযুক্ত দুর্ব্বল হইয়া মুমূর্ষুর তুল্য হইল।

ততস্তেন রজকেনাসৌ ব্যাঘ্রচর্ম্মণা প্রচ্ছাদ্যারণ্য সমীপে শস্যক্ষেত্রে নিযুক্তঃ।

অনন্তর সেই রজক ঐ গাধাকে ব্যাঘ্রচর্ম্মে আচ্ছাদন করিয়া কানন সমীপে শস্যমধ্যে নিযুক্ত করিল।

ততো দূরাত্তমবলোক্য ব্যাঘ্রবুদ্ধ্যা ক্ষেত্রপতয়ঃ সত্বরং পলায়ন্তে।

তাহার পর দূর হইতে তাহাকে দেখিয়া ব্যাঘ্র বোধে ক্ষেত্রপালকেরা পলায়।

অথৈকদা কেনাপি শস্যরক্ষকেণ ধূসরকম্বলকৃত তনুত্রাণেন ধনুঃ কাণ্ডং সজ্জীকৃত্যানতকায়েনৈ-কান্তে স্থিতং।

অনন্তর এক দিবস কোন শস্যপালক ঈষৎ পাণ্ডু-বর্ণ কম্বলে শরীরাচ্ছাদন করিয়া তীর ধনুক সজ্জিত করিয়া সঙ্কুচিত শরীরে নির্জ্জনে থাকিল।

তঞ্চ দূরাদ্দৃষ্ট্বা গর্দ্দভঃ পুষ্টাঙ্গো যথেষ্ট শস্য ভক্ষণ জাতবলো গর্দ্দভীয়মিতি মত্বা উচ্চৈঃশব্দং কুর্ব্বাণস্তদভিমুখং ধাবিতঃ।

যথাভিলষিত শস্যাহার প্রযুক্ত জাতবল পুষ্ট-কলেবর সেই গর্দ্দভ তাহাকে দূর হইতে দেখিয়া গর্দ্দভী জ্ঞান করিয়া উচ্চ শব্দ করত তাহার সম্মুখে ধাবমান হইল।

ততঃ শস্যরক্ষকেণ গর্দ্দভো হয়মিতি চীৎকার শব্দা ন্নিশ্চিত্য লীলয়ৈব ব্যাপাদিতঃ।

তদনন্তর সেই শস্যরক্ষক এ গর্দ্দভ ইহা চীৎকার শব্দ দ্বারা নিশ্চয় করিয়া অনায়াসে নষ্ট করিল।

অতোহহং ব্রবীমি সুচিরং হি চরন্নিত্যমিত্যাদি।
অতএব আমি বলি সুন্দররূপে প্রত্যহ চরন্ত ইত্যাদি।

দীর্ঘমুখো ব্রূতে।
দীর্ঘমুখ বলিল।

ততঃ পক্ষিভিরুক্তং।
তাহার পর পক্ষিরা কহিল।

অরে পাপ দুষ্ট বক! অস্মাকং ভূমৌ চরন্নস্মাকং স্বামিন মধিক্ষিপসি তন্ন ক্ষন্তব্যমিদানী মিত্যুক্ত্বা সর্ব্বে মাং চঞ্চুভি র্হত্বা সকোপা ঊচুঃ।

তাহার পর পক্ষিরা কহিল অরে পাপ দুষ্ট বক, আমারদিগের স্থানে চরণ করিতে২ আমাদের স্বামির নিন্দা করিতেছিস্ এই হেতু তোকে এখন ক্ষমা করা নয়, ইহা কহিয়া সকলে চঞ্চু দ্বারা আমাকে তাড়না করিয়া রুষ্ট হইয়া কহিল।

পশ্য রে মুর্খ! স হংসস্তব রাজা সর্ব্বথা মৃদুস্তস্য রাজ্যাধিকারো নাস্তি।

দেখ রে মূর্খ, তোর রাজা সেই হংস সর্ব্বপ্রকারে মৃদু, তাহার রাজ্যে অধিকার নাই।

যতঃ। একান্তমৃদুঃ করতলস্থমপ্যর্থং রক্ষিতুমক্ষমঃ, স কথং পৃথিবীং শাস্তি, রাজ্যং বা তস্য কিং, ত্বঞ্চ কূপমণ্ডূক স্তেন তদাশ্রয় মুপদিশসি, শৃণু।

যেহেতু নিতান্ত মূঢ় ব্যক্তি হস্তলম্বিত ধনও রক্ষা করিতে অসমর্থ, সে কি প্রকারে পৃথিবী শাসন করিবেক, তাহার রাজ্যই বা কি? তুই কূপমণ্ডুক, এই হেতু সে আশ্রয় উপদেশ করিতেছিস্ শুন।

সেবিতব্যো মহাবৃক্ষঃ, ফলচ্ছায়া সমন্বিতঃ। যদি দৈবাৎ ফলং নাস্তি, ছায়া কেন নিবার্য্যতে॥ ৪৪৯

ফল এবং ছায়া যুক্ত বৃক্ষ সেবা করা উপযুক্ত, কেননা দৈবাৎ যদি ফল না থাকে তবে ছায়া কে বারণ করে॥ ৪৪৯॥

অন্যচ্চ। হীনসেবা ন কর্ত্তব্যা কর্ত্তব্যো মহদাশ্রয়ঃ। পয়োপি শৌণ্ডিকীহস্তে মদ্যমিত্যভিধীয়তে। ৪৫০।

অপর ক্ষুদ্রের সেবা কর্ত্তব্য নহে মহতের আশ্রয়ই করিবেক, কেননা শৌণ্ডিক হস্তস্থিত দুগ্ধকেও লোকেরা মদিরা বলে॥ ৪৫০॥

অন্যচ্চ। মহানপ্যল্পতাং যাতি নির্গুণে গুণবিস্তরঃ। আধারাধেয় ভাবেন গজেন্দ্র ইব দর্পণে॥ ৪৫১॥

অপর আশ্রয়াশ্রিত সম্বন্ধপ্রযুক্ত হস্তিশ্রেষ্ঠও দর্পণে যেরূপ ক্ষুদ্রতা পায় সেইরূপ গুণবান মহালোকও ক্ষুদ্রের আশ্রয়ে ক্ষুদ্রতা পায়॥ ৪৫১॥

বিশেষতশ্চ। ব্যপদেশেঽপি সিদ্ধিঃ স্যাগাদতি-শক্তে নরাধিপে। শশিনো ব্যপদেশেন শশকাঃ সুখ মাসতে॥ ৪৫২॥

বিশেষতঃ অতি সমর্থ রাজাতে ছলোক্তিতেও কার্য্য সম্পন্ন হয় কেননা শশকেরা চন্দ্রসম্বন্ধি ছলোক্তি দ্বারা সুখে আছে॥ ৪৫২॥

ময়োক্তং কথমেতৎ।

আমি কহিলাম এ কি প্রকার।

পক্ষিণঃ কথয়ন্তি।

পক্ষিরা কহিল।

কদাচিদিহ বর্ষাসু বৃষ্টেরভাবাৎ তৃষার্ত্তো গজ যূথো যূথপতিমাহ নাথ কোভ্যুপায়োঽস্মাকং জীবনায়, নাস্তি ক্ষুদ্র জন্তূনাং নিমজ্জনস্থানং, বয়ঞ্চ নিমজ্জনস্থানাভাবান্মৃতাইব, কিং কুর্ম্মঃ ক্ক যামঃ।

কোন সময় বর্ষাকালে অনাবৃষ্টি হেতু এক দল হস্তী তৃষ্ণাতুর হইয়া যূথপতিকে কহিল আমারদিগের জীবনের নিমিত্ত কি উপায়, ক্ষুদ্র জন্তুদিগেরও মন স্থান নাই; আমরা অবগাহন স্থানের অভাব প্রযুক্ত মৃতের ন্যায় হইয়া আছি, কি করিব, কোথা যাব।

ততো হস্তিরাজো নাতিদূরং গত্বা নির্ম্মলং হ্রদং দর্শিতবান্।

তাহার পর গজরাজ অনতিদূরে গিয়া একটী ভাল জলাশয় দেখাইয়া দিল।

ততো দিনেষু গচ্ছৎস্থ তত্তীরাবস্থিতা গজপাদাহতিভি শ্চূর্ণিতাঃ ক্ষুদ্রশশকাঃ।

অনন্তর কিছু দিন গেলে পর সেই সরোবর সমীপ স্থিত ক্ষুদ্র শশকেরা হস্তিপদাঘাত দ্বারা চূর্ণিত হইল।

অনন্তরং শিলীমুখো নাম শশক শ্চিন্তয়ামাস অনেন গজযূথেন পিপাসাকুলিতেন প্রত্যহ মত্রাগন্তব্যমিতি।

পরে শলীমুখ নামে শশক ভাবনা করিল তৃষ্ণার্ত্ত হইয়া এই হস্তিযূথ প্রত্যহ এখানে আসিবেক।

অতোবিনঙ্ক্ষত্যস্মৎকুলং।

অতএব আমারদের কুল নষ্ট হইবেক।

ততো বিজয়োনাম বৃদ্ধঃ শশকোঽবদৎ মা বিষীদত ময়াত্র প্রতীকারঃ কর্ত্তব্যঃ।

তদনন্তর বিজয় নামে বৃদ্ধ শশক বলিল বিষণ্ণ হইও না আমি এবিষয়ের প্রতীকার করিব॥

ততোঽসৌ প্রতিজ্ঞায় চলিতঃ, গচ্ছতা চ তেনা

লোচিতং কথং গজযূথ সমীপে স্থিত্বা বক্তব্যং।

তাহার পর প্রতিজ্ঞা করিয়া চলিল, গমন করিতেং আলোচনা করিল হস্তিযূথ সন্নিধানে থাকিয়া কি প্রকারে বলিব।

যতঃ। স্পৃশন্নপি গজো হন্তি জিঘ্রন্নপি ভুজঙ্গমঃ। পলায়ন্নপি ভূপালঃ প্রহসন্নপি দুর্জ্জনঃ॥ ৪৫৩॥

যেহেতু হস্তী স্পর্শ করত নষ্ট করে, সর্প ঘ্রাণ করত নষ্ট করে, রাজা পলায়ন করত নষ্ট করেন, দুর্জ্জন হাস্য করত নষ্ট করে। ৪৫৩॥

অতোহহং পর্ব্বত শিখরমারুহ্য যূথনাথং সংবাদয়ামি।

অতএব আমি পর্ব্বত শিখরে আরোহণ করিয়া যূথপতিকে কহি।

তথানুষ্ঠিতে যূথনাথ উবাচ কস্তুং কুতঃ সমায়াতঃ।

তাহা করিলে যূথপতি কহিল কে তুমি, কোথা হইতে আসিলা।

স ব্রূতে শশকোহহং।

সে বলিল আমি শশক।

ভগবতা চন্দ্রেণ ভবদন্তিকে প্রেষিতঃ।

ভগবান চন্দ্র আপনকার নিকট প্রেরণ করিয়াছেন।

যূথপতিরাহ কার্য্যমুচ্যতাং।
যূথপতি কহিল কার্য্য কহ।
বিজয়োব্রূতে।
বিজয় বলিতেছে।

উদ্যতেষ্বপি শস্ত্রেষু দূতো বদতি নান্যথা। সদৈ-
বাবধ্যভাবেন যথার্থস্য হি বাচকঃ॥ ৪৫৪॥

শস্ত্র উত্থিত হইলেও দূত অন্যথা কহে না যেহেতু দূত অবধ্য ভাবে সর্ব্বদাই যথার্থের বক্তা হয়॥ ৪৫৪

তদহং তদাজ্ঞয়া ব্রবীমি শৃণু।
সেই হেতু আমি তাঁহার আজ্ঞাতে বলি শুন।

যদেতে চন্দ্রসরোরক্ষকাঃ শশকা স্ত্বয়া নিঃসা
রিতা স্তদনুচিতং কৃতং।

এই যে তুমি চন্দ্রসরোবরের রক্ষক শশকদিগকে দূরীকৃত করিয়াছ তাহা অনুচিত হইয়াছে।

তে শশকা শ্চিরমস্মাকং রক্ষিতাঃ অতএব মে
শশাঙ্ক ইতি প্রসিদ্ধিঃ।

সেই শশকেরা বহুকাল আমারদিগের রক্ষিত অতএব আমার নাম শশাঙ্ক এই প্রসিদ্ধ আছে।

এবমুক্তবতি দূতে যূথপতি র্ভয়াদিদমাহ প্রণি
ধেহি ইদমজ্ঞানতঃ কৃতং পুন র্ন কর্ত্তব্যং।

দূত এই প্রকার কহিলে পর যুথস্বামী ভয়ে

ইহা কহিল অবধান কর অজ্ঞান প্রযুক্ত করিয়াছি পুনর্ব্বার করিব না।

দূত উবাচ।

দূত বলিল।

যদ্যেবং তদত্র সরসি কোপাৎ কম্পমানং ভগবন্তং শশাঙ্কং প্রণম্য প্রসাদ্য চ গচ্ছ।

দূত বলিল যদি এরূপ হয় তবে এই সরোবরে কোপে কম্পিত কলেবর ভগবান্ শশাঙ্ককে প্রণাম করিয়া প্রসন্ন করিয়া গমন কর।

ততো রাত্রৌ যূথপতিং নীত্বা জলে চঞ্চলং চন্দ্রবিম্বং দর্শয়িত্বা যূথপতিঃ প্রণামং কারিতঃ।

অনন্তর রাত্রিতে লইয়া গিয়া জলে চঞ্চল চন্দ্রমণ্ডল দেখাইয়া যূথপতিকে প্রণাম করাইল।

উক্তঞ্চ তেন দেব অজ্ঞানাদনেনাপরাধঃ কৃতস্ততঃ ক্ষম্যতাং, নৈবং বারান্তরং বিধাস্যতে, ইত্যুক্ত্বা প্রস্থাপিতঃ।

আর সে কহিল হে চন্দ্র, অজ্ঞান প্রযুক্ত ইনি অপরাধ করিয়াছেন, ক্ষমা কর, বারান্তর এরূপ করিবেন না, ইহা কহিয়া প্রস্থান করাইল।

অতোহহং ব্রবীমি ব্যপদেশেপি সিদ্ধিঃস্যাদিতি।

অতএব আমি বলি ছল দ্বারাও সিদ্ধি হয় ইত্যাদি।

ততো ময়োক্তং ॥

তাঁহার পর আমি কহিলাম।

সএবাস্মৎপ্রভু রাজহংসো মহাপ্রতাপোঽতিসমর্থ স্ত্রৈলোক্যস্যাপি প্রভুত্বং তত্র যুজ্যতে কিং পুনারাজ্যমিতি ॥

সেই রাজহংস মহাপ্রতাপী অতি সমর্থ, আমারদের স্বামী তাঁহাতে ত্রিভুবনের কর্তৃত্ব উচিত হয় রাজ্য কি।

তদাহং তৈঃ পক্ষিভি র্দুষ্ট কথমস্মদ্ভূমৌ চরসী ত্যভিধায় রাজ্ঞ শ্চিত্রবর্ণস্য সমীপং নীতঃ ॥

তখন "ওরে দুষ্ট! তুই কেন আমারদের স্থানে চরিতেছিস" ইহা কহিয়া পক্ষিরা আমাকে চিত্রবর্ণের সন্নিধানে লইয়া গেল।

ততো রাজ্ঞঃ পুরো মাং প্রদর্শ্য তৈঃ প্রণম্যোক্তং দেব অবধীয়তাং।

তদনন্তর রাজার অগ্রে আমাকে উপস্থিত করিয়া প্রণাম পূর্ব্বক কহিল মহারাজ! অবধান করুন।

এষ দুষ্টো বকঃ অস্মদ্দেশে চরন্নপি দেবপাদানধিক্ষিপতি।

এই দুষ্ট বক আমারদের দেশে চরত নহ, রাজের চরণের নিন্দা করে।

রাজাহ কোঽয়ং কুতঃ সমায়াতঃ।

রাজা কহিলেন কে এ? কোথা হইতে আসিয়াছে?

তে উচুঃ। হিরণ্যগর্ভনাম্নো রাজহংসস্যানুচরঃ কর্পূরদ্বীপাদাগতঃ।

তাহারা কহিল হিরণ্যগর্ভ নামে রাজহংসের অনুচর কর্পূর দ্বীপ হইতে আসিয়াছে।

অথাহং গৃধ্রেণ মন্ত্রিণা পৃষ্টঃ কস্তত্র মুখ্যো মন্ত্রীতি। ময়োক্তং সর্ব্বশাস্ত্রার্থপারগঃ সর্ব্বজ্ঞো নাম চক্রবাকঃ।

অনন্তর গৃধ্র মন্ত্রী আমাকে জিজ্ঞাসা করিল সেখানে প্রধান মন্ত্রী কে? আমি কহিলাম সকল শাস্ত্রার্থবেত্তা সর্ব্বজ্ঞ নামে চক্রবাক।

গৃধ্রোবদৎ যুজ্যতে স্বদেশজোঽসৌ।

গৃধ্র বলিল উপযুক্ত বটে, ঐ ব্যক্তি স্বদেশ জাত।

যতঃ। স্বদেশজং কুলাচারবিশুদ্ধমথ বা শুচিং। মন্ত্রজ্ঞ মব্যসনিনং ব্যভিচার বিবর্জ্জিতং॥ অধীত ব্যবহারজ্ঞং মৌলখ্যাতং বিপশ্চিতং।

অর্থস্যোৎপাদকশ্চৈব বিদধ্যান্মন্ত্রিণং নৃপঃ॥ ৪৫৫॥

যেহেতু নিজদেশজাত, কুলাচারবন্ত, উৎকোচ ধনাগ্রাহক, পবিত্র, মন্ত্রজ্ঞাতা, ব্যসনরহিত, ব্যভিচার দোষে বিরহিত, ব্যবহারজ্ঞ, উত্তম বংশজাত, খ্যাত, পণ্ডিত, ধনের উৎপাদক, এতাদৃশ ব্যক্তিকে রাজা মন্ত্রি করিবেন॥ ৪৫৫॥

অত্রান্তরে শুকেনোক্তং।

ইত্যবসরে শুক কহিল।

দেব কর্পূরদ্বীপাদয়ো লঘুদ্বীপা জম্বুদ্বীপান্তর্গতা এব।

হে রাজাধিরাজ! কর্পূরদ্বীপ প্রভৃতি ক্ষুদ্রদ্বীপ জম্বুদ্বীপেরই অন্তর্গত।

তত্রাপি দেবপাদনামেবাধিপত্যং।

তাহাতেও মহারাজেরই চরণের প্রভুত্ব॥

ততো রাজ্ঞাপ্যুক্তং এবমেব।

তাহার পর রাজাও কহিলেন তাহাই বটে।

যতঃ। রাজা মত্তঃ শিশুশ্চৈব, প্রমাদী ধনগর্ব্বিতঃ। অপ্রাপ্যমভিবাঞ্ছন্তি, কিংপুনর্লভ্যতেহপি যৎ॥ ৪৫৬॥

যেহেতু রাজা ও মদিরা পানাদি প্রযুক্ত মত্ত ও

বালক ও অবিবেচক ও ধনগর্ব্বিত, এ সকল ব্যক্তি দুষ্প্রাপ্য বস্তুও অভিলাষ করে, যাহা প্রাপ্য হয় তাহার কথা কি ‌। ৪৫৬ ॥

ততো ময়োক্তং ' যদি বচনমাত্রেণৈবাধিপত্যং সিদ্ধ্যতি তদাস্মিন্ দ্বীপেঽপ্যস্মৎপ্রভো র্হিরণ্যগর্ভস্য স্বাম্যমস্তি।

যদি বাক্য মাত্রেতেই স্বামিত্ব সিদ্ধ হয় তবে এই দ্বীপেতেও আমারদের স্বামি হিরণ্যগর্ভের প্রভুত্ব আছে।

শুকোবদৎ কথমত্র নিশ্চয়ঃ।

শুক বলিল ইহাতে কি নিশ্চয় ॥

ময়োক্তং সংগ্রামএব।

আমি কহিলাম যুদ্ধ।

রাজ্ঞা বিহস্যোক্তং স্বস্বামিনং গত্বা সজ্জীকুরু।

রাজা হাস্য করিয়া কহিলেন আপন প্রভুকে গিয়া প্রস্তুত কর।

তদা ময়োক্তং স্বদূতোঽপি প্রস্থাপ্যতাং ॥

তখন আমি কহিলাম আপন দূতও পাঠাউন।

রাজোবাচ।

রাজা বলিলেন ॥

কঃ প্রয়াস্যতি দৌত্যেন যত এবম্ভূতো দূতঃ কার্য্যঃ।

দৌত্যকর্ম্মে কে যাইবে? যেহেতু এই প্রকার দূত কর্ত্তব্য।

ভক্তো গুণী শুচির্দক্ষঃ প্রগল্‌ভোঽব্যসনী ক্ষমী। ব্রাহ্মণঃ পরমর্ম্মজ্ঞো, দূতঃ স্যাৎ প্রতিভাববান্॥ ৪৫৭॥

অনুরক্ত ও গুণবান্ ও পবিত্র ও নিপুণ এবং বক্তা, ও ব্যসন রহিত ও ক্ষমাযুক্ত আর পরমর্ম্মবেত্তা এবং অনুভব দ্বারা কার্য্যবোদ্ধা এতাদৃশ লোক দূত হয়॥ ৪৫৭॥

গৃধ্রো ঽবদৎ সন্ত্যেব দূতা বহবঃ কিন্তু ব্রাহ্মণ এব কর্ত্তব্যঃ।

গৃধ্র বলিল অনেক দূত আছে কিন্তু ব্রাহ্মণই দূত কর্ত্তব্য।

যতঃ। প্রসাদং কুরুতে পত্যুঃ সম্পত্তিং নাভিবাঞ্ছতি। কালিমা কালকূটস্য নাপৈতীশ্বর সঙ্গমাৎ॥ ৪৫৮॥

যেহেতু স্বামির প্রসন্নতাই করে ঐশ্বর্য্য অভিলাষ করে না, যেমন শিবের কণ্ঠলগ্ন কালকূট স্বীয় কৃষ্ণ-

বর্ণতা ত্যাগ করে না অর্থাৎ স্বামির শুক্লবর্ণ সৌন্দর্য্য গ্রহণে অভিলাষী হয় না ॥ ৪৫৮ ॥

রাজাব্রবীৎ ততঃ শুকএব ব্রজতু, শুক ত্বমেবানেন সহ গত্বা অস্মদভিলষিতং ব্রূহি।

রাজা কহিলেন সেই হেতু শুকই গমন করুন। হে শুক তুমি ইহার সহিত গমন করিয়া আমারদের বাঞ্ছিত বল।

শুকোবদৎ।

শুক বলিল।

যথাজ্ঞাপয়তি দেবঃ, কিন্ত্বয়ং দুর্জ্জনো বক স্তদনেন সহ ন গচ্ছামি।

মহারাজ যে প্রকার আজ্ঞা করেন কিন্তু এই বক দুর্জ্জন এই হেতু ইহার সহিত গমন করিব না।

তথাচোক্তং।

খলঃ করোতি দুর্বৃত্তিং, নূনং ফলতি সাধুষু।
দশাননো হরেৎ সীতাং, বন্ধনং স্যান্মহোদধেঃ ॥ ৪৫৯ ॥

তাহা পণ্ডিত কর্ত্তৃক উক্ত আছে খললোক দুষ্কর্ম্ম করে কিন্তু সজ্জনে তাহার ফল হয়, দেখ রাবণ সীতাকে হরণ করিল তাহাতে সমুদ্রের বন্ধন হইল ॥ ৪৫৯ ॥

অপরঞ্চ। ন স্থাতব্যং ন গন্তব্যং, দুর্জ্জনেন

সমং ক্বচিৎ। কাকসঙ্গাদ্ধতো হংস, স্তিষ্ঠন্ গচ্ছংশ্চ বর্ত্তকঃ ॥ ৪৫৯ ॥

অপর দুষ্ট লোকের সহিত থাকিবে না গমনও করিবে না কেননা হংস কাকসমভিব্যাহারে থাকিয়া এবং বর্ত্তক তৎসঙ্গে গমন করিয়া নষ্ট হইয়াছিল ॥ ৪৫৯ ॥

রাজোবাচ কথমেতৎ।

রাজা বলিলেন ইহা কিরূপ।

শুকঃ কথয়তি।

শুক কহিল।

অস্ত্যুজ্জয়িনীবর্ত্ম প্রান্তরে প্লক্ষতরুঃ। তত্র হংস কাকৌ নিবসতঃ। কদাচিদ্গ্রীষ্ম সময়ে পরিশ্রান্তঃ কশ্চিৎ পথিকস্তত্র তরুতলে ধনুঃ কাণ্ডং সন্নিধায় সুপ্তঃ।

উজ্জয়নীর পথের মধ্যে একটী পাকুড়া বৃক্ষ থাকে। তাহাতে হংস আর কাক বাস করে। গ্রীষ্মকালে এক দিন কোন পথিক শ্রান্ত হইয়া তরুতলে ধনু ও শর রাখিয়া নিদ্রা গেল।

তত্র ক্ষণান্তরে তন্মুখাৎ বৃক্ষচ্ছায়া অপগতা।

কিঞ্চিৎ কালের পর তাহার মুখ হইতে বৃক্ষচ্ছায়া গেল।

ততঃ সূর্য্যতেজসা তন্মুখং ব্যাপ্তমবলোক্য তদ্বৃক্ষ স্থিতেন হংসেন কৃপয়া পক্ষৌ প্রসার্য্য পুনস্তন্মুখে ছায়া কৃতা।

তদনন্তর সূর্য্যকিরণ ব্যাপ্ত তাহার মুখ দেখিয়া ঐ বৃক্ষস্থিত হংস দয়াহেতু পক্ষদ্বয় বিস্তার করিয়া পুনর্ব্বার তাহার মুখে ছায়া করিল।

ততো নির্ভরনিদ্রা সুখেন তেন মুখব্যাদানং কৃতং।

তাহার পর সে অতিশয় নিদ্রাগত হইয়া সুখে-মুখ ব্যাদান করিল।

অথ স্বভাবদৌর্জ্জন্যেন পর সুখাসহিষ্ণুঃ স কাক স্তস্য মুখে পুরীষোৎসর্গং কৃত্বা পলায়িতঃ।

অনন্তর স্বভাব দুর্জ্জনতা হেতু পরসুখাসহন শীল ঐ কাক তাহার মুখে বিষ্ঠা ত্যাগ করিয়া পলাইল।

ততোযাবদসৌ পান্থ উত্থায় ঊর্দ্ধং নিরীক্ষতে তাবত্তেনাবলোকিতো হংসঃ কাণ্ডেন হতো ব্যাপাদিতশ্চ।

তৎপরে যখন ঐ পথিক উঠিয়া উপরে অবলোকন করিল তখন সেই হংস নিরীক্ষিত হওয়াতে বাণ করণক বিদ্ধ করিয়া হংসকে বিনষ্ট করিল।

বর্ত্তককথামপি কথয়ামি।

বর্ত্তকের কথাও কহি।

একদা ভগবতো গরুড়স্য যাত্রাপ্রসঙ্গেন সর্ব্বে পক্ষিণঃ সমুদ্রতীরং গতাঃ।

এক দিবস ভগবান্ গরুড়ের যাত্রা প্রসঙ্গে সকল পক্ষী সমুদ্রতীরে গমন করিল।

ততঃ কাকেন সহ বর্ত্তকশ্চলিতঃ।

তদনন্তর কাকের সঙ্গে বর্ত্তক চলিল।

অথ গোপালস্য গচ্ছতো দধিভাণ্ডাদ্বারং বারং তেন কাকেন দধি খাদ্যতে।

সেই সময় গমনকারি একজন গোপের দধি-ভাণ্ড হইতে সেই কাক পুনঃ২ দধি খাইতে লাগিল।

ততো যাবদসৌ দধিভাণ্ডং ভূমৌ নিধায় ঊর্দ্ধমবলোকতে তাবত্তেন কাকবর্ত্তকৌ দৃষ্টৌ।

অনন্তর যখন ঐ গোপাল ভূমিতে দধিভাণ্ড রাখিয়া ঊর্দ্ধে নিরীক্ষণ করিল তখন সে কাক ও বর্ত্তককে দেখিতে পাইল।

ততস্তেন নিরীক্ষিতঃ কাকঃ পলায়িতঃ।

তদনন্তর তাহা কর্ত্তৃক নিরীক্ষিত হইবা মাত্র কাক পলাইল।

কর্ত্তকঃ স্বভাবনিরপরাধো মন্দগতি স্তেন-প্রাপ্তো ব্যাপাদিতঃ।

বর্ত্তক স্বভাবতঃ নিরপরাধ একারণ মন্দ২ গমন করিতেছিল, গোপকর্ত্তৃক প্রাপ্ত হইয়া ব্যাপাদিত হইল

অতোহং ব্রবীমি ন স্থাতব্যং ন গন্তব্যমিত্যাদি।

এই নিমিত্তে আমি বলি দুষ্ট লোকের সহিত থাকিবে না ও গমন করিবে না ইত্যাদি।

ততো ময়োক্তং।

তাহার পর আমি বলিলাম।

ভ্রাতঃ শুক! কিমেবং ব্রবীষি মাংপ্রতি যথা শ্রীমদ্দেবস্তথা ভবানপি।

ভ্রাতঃ শুক। এ কি বলিতেছ? আমার প্রতি শ্রীযুক্ত মহারাজ যে রূপ আপনিও সেই রূপ।

শুকেনোক্তং অস্ত্যেবং।

শুক কহিল এরূপ বটে।

দুর্জ্জনৈরুচ্যমানানি, সম্মতানি প্রিয়াণ্যপি।
অকাল কুসুমানীব, ভয়ং সঞ্জনয়ন্তি হি॥ ৪৬০॥

কিন্তু দুর্জন কর্ত্তৃক প্রিয় অথচ সম্মত কথিত হইলেও অকাল পুষ্পের ন্যায় ভয় জন্মায়॥ ৪৬০॥

দুর্জ্জনত্বঞ্চ ভবতো বাক্যাদেব জ্ঞাতং যদনয়োর্ভূপালয়োর্ব্বিগ্রহে ভবদ্বচনেব নিদানং।

তোমার বচনেতেই ছুজ্জুনত্ব অবগত হইয়াছি যে হেতু এই দুই রাজার সংগ্রামে তোমার বাক্যই কারণ।

পশ্য। প্রত্যক্ষেঽপি কৃতে দোষে, মূর্খঃ সান্ত্বেন তুষ্যতি। রথকারো নিজাং ভার্য্যাং, সজারাং শিরসাকরোৎ॥ ৪৬১॥

দেখ সাক্ষাৎ অপরাধ করিলেও মূর্খ লোক সান্ত্বনাতে তুষ্ট হয় ইহার প্রমাণ, উপপতির সহিত আপন জায়াকে রথকার মস্তকে করিয়াছিল। ৪৬১॥

রাজ্ঞোক্তং কথমেতৎ।

রাজা জিজ্ঞাসিলেন এ কি প্রকার।

শুকঃ কথয়তি।

শুক বলিতেছে।

অস্তি যৌবন শ্রীনগরে মন্দমতির্নাম রথকারঃ। সচ স্বভার্য্যাং বন্ধকীং জানাতি কিন্তু জারেণ সমং স্বচক্ষুষা নৈকস্থানে পশ্যতি।

যৌবন শ্রীনগরে মন্দমতি নামে রথকার থাকে সে আপন পত্নীকে দুশ্চরিত্রা জানে কিন্তু উপপতির সহিত এক স্থানে নিজ চক্ষুতে কখন দেখে নাই।

ততোঽসৌ রথকারোঽহমন্যং গ্রামং গচ্ছামীত্যুক্ত্বা চলিতঃ। কিয়দ্দূরং গত্বা পুনরাগত্য পর্য্যঙ্কে নিভৃতং স্থিতঃ।

তাহার পর ঐ রথকার আমি অন্য গ্রামে গমন করি ইহা কহিয়া চলিল। কিছু দূর গিয়া পুনশ্চ আসিয়া পর্যাঙ্কতলে নিজগৃহে প্রচ্ছন্ন রূপে থাকিল।

অথ রথকারো গ্রামান্তরং গত ইত্যুপজাতবিশ্বাসঃ স জারঃ সন্ধ্যাকাল এবাগতঃ।

অনন্তর রথকার গ্রামান্তরে গিয়াছে ইহাতে তাহার পত্নীর জার জাতপ্রত্যয় হইয়া সায়ংকালেতেই আসিল।

পশ্চাত্তেন সমং তস্মিন্ পর্য্যঙ্কে ক্রীড়ন্তী রথকারপত্নী পর্য্যঙ্ক তলস্থিতস্য ভর্ত্তুঃ কিঞ্চিদঙ্গস্পর্শাৎ স্বামিনং মায়াবিন মিতি বিজ্ঞায় বিষণ্ণাভবৎ।

অনন্তর তাহার সহিত সেই খট্টাতে ক্রীড়া করত রথকার পত্নী পর্যাঙ্কতল স্থিত স্বামির কিঞ্চিৎ অঙ্গস্পর্শে তাহাকে কপটী জানিয়া বিষণ্ণা হইল।

ততো জারেণোক্তং।

তাহার পর উপপতি কহিল॥

কিমিতি ত্বমদ্য ময়া সহ নির্ভরং ন রমসে বিস্মিতেব প্রতিভাসি মে ত্বং।

কেন তুমি অদ্য আমার সহিত গাঢ় রমণ করিতেছ না, অদ্য তোমাকে বিস্মিতার ন্যায় দেখিতেছি কেন?

তয়োক্তং।

সে কহিল।

অনভিজ্ঞস্ত্বং। স প্রাণেশ্বরো যেন মমাকৌমারং সখ্যং সোঽদ্য গ্রামান্তরং গতঃ।

তুমি অজ্ঞ, সেই আমার প্রাণনাথ, যাঁহার সহিত আমার বাল্যাবধি বন্ধুতা, তিনি আজি গ্রামান্তরে গিয়াছেন।

তেন বিনা সকলজন পূর্ণোঽপি গ্রামো মাম্প্রত্যারণ্যবদ্ভাতি, কিন্তাবি, তত্র পরস্থানে কিং খাদিতবান্, কথম্বা প্রসুপ্তঃ, ইত্যাস্মদ্ধৃদয়ং বিদীর্য্যতে।

তাঁহা ব্যতিরেকে সমস্ত মনুষ্যে গ্রাম পূর্ণ থাকিলেও আমার প্রতি কানন তুল্য প্রকাশ পাইতেছে, কি হবে তিনি পরস্থানে কি ভক্ষণ করিতেছেন, কি প্রকারেই বা শয়ন করিতেছেন, এই ভাবিয়া আমার হৃদয় বিদীর্ণ হইতেছে।

জারো ব্রূতে তব কিমেবং স্নেহভূমীরথকারঃ।

জার কহিল তোমার কি এই প্রকার স্নেহস্থান রথকার।

বন্ধক্যবদৎ রে বর্ব্বর কিম্বদসি শৃণু।

বন্ধকী বলিল অরে বর্ব্বর! কি বলিতেছিস, শুন।

পরুষাণ্যপি যা প্রোক্তা, দৃষ্টা যা ক্রোধচক্ষুষা। সুপ্রসন্নমুখী ভর্ত্তুঃ, সা নারী ধর্ম্ম ভাগিনী ॥ ৪৬২ ॥

স্বামি পরুষ বাক্যে বলিলেও এবং ক্রোধচক্ষে দৃষ্টি করিলেও যে স্ত্রী প্রসন্নমুখী হইয়া থাকে সেই ভর্ত্তৃ ধর্ম্ম ভাগিনী ॥ ৪৬২ ॥

অপরঞ্চ। নগরস্থো বনস্থো বা, পাপো বা যদিবা শুচিঃ। যাসাং স্ত্রীণাং প্রিয়ো ভর্ত্তা, তাসাং লোকা মহোদয়াঃ।

অপর নগরস্থই বা হউক বনস্থই বা হউক অপবিত্রই বা হউক পবিত্রই বা হউক, স্বামী যে স্ত্রীলোকেরদিগের প্রিয় সেই স্ত্রীলোকেরদের উত্তম স্বর্গ হয় ॥ ৪৬৩ ॥

অন্যচ্চ। ভর্ত্তা হি পরমং নার্য্যা ভূষণং ভূষণৈর্ব্বিনা। এষা বিরহিতা তেন শোভনাপি ন শোভনা ॥ ৪৬৪ ॥

অপর নারীজনের অলঙ্কার না থাকিলেও স্বামীই উত্তমালঙ্কার। ভর্ত্তৃ কর্ত্তৃক বিরহিতা যে নারী সে অলঙ্কারে শোভিতা হইয়াও শোভিতা নয় ॥ ৪৬৪ ॥

ত্বং জারঃ পাপমতি র্মনোলৌল্যাৎ পুষ্পতাম্বূল সদৃশঃ কদাচিৎ সেব্যসে কদাচিন্ন সেব্যসে চ।

তুমি উপপত্তি পাপমতি অন্তঃকরণের চাঞ্চল্য প্রযুক্ত পুষ্প তাম্বূলের ন্যায় কদাচিৎ সেব্য হও কদাচিৎ সেব্য না হও।

স চ স্বামী মাং বিক্রেতুং দেবেভ্যো ব্রাহ্মণেভ্যোপি দাতুমীশ্বরঃ কিং বহুনা তস্মিন্ জীবতি জীবামি তন্মরণে চানুমরণং করিষ্যামি ইতি প্রতিজ্ঞা বর্ত্ততে।

তিনি ভর্ত্তা, আমাকে বিক্রয় করিতে পারেন, দেবতা ও ব্রাহ্মণকে দিতেও প্রভু হন, বিস্তার কি কহিব তিনি বাঁচিলে বাঁচিব, তাঁহার মরণ হইলে অনুমরণ করিব এই প্রতিজ্ঞা আছে।

যতঃ। তিস্রঃ কোট্যোর্দ্ধ কোটীচ, যানি লোমানি মানবে। তাবৎ কালং বসেৎ স্বর্গে, ভর্ত্তারং যানুগচ্ছতি ॥৪৬৫॥

যেহেতু মনুষ্য শরীরে যে সার্দ্ধ তিনকোটি লোম আছে যে স্ত্রী স্বামির সহিত সহমরণ করে সে তাবৎ কাল স্বর্গে বাস করে ॥ ৪৬৫ ॥

অন্যচ্চ। ব্যালগ্রাহী যথা ব্যালং বলাদুদ্ধরতে বিলাৎ। তদ্বদ্ভর্ত্তার মাদায় স্বর্গলোকে মহীয়তে ॥ ৪৬৬ ॥

এবং সাপুড়িয়া যেমন গর্ত্ত হইতে সর্প উদ্ধার

করে সেই রূপ যে স্ত্রী অনুমরণ করে সে পতিকে উদ্ধার করিয়া স্বর্গে যায়॥ ৪৬৬॥

অপরঞ্চ। চিতৌ পরিষ্বজ্য বিচেতনং পতিং প্রিয়া হি যা মুঞ্চতি দেহমাত্মনঃ। কৃত্বাপি পাপং শত সঙ্খ্য মপ্যসৌ, পতিং গৃহীত্বা সুরলোক মাপ্নুয়াৎ॥ ৩৩৭॥

অপর যে প্রিয়া স্ত্রী চিতার উপর মৃত পতিকে আলিঙ্গন করিয়া দেহত্যাগ করে সে স্বামিকে গ্রহণ করিয়া দেবলোক প্রাপ্ত হয়॥ ৪৬৭॥

এতৎ সর্ব্বং শ্রুত্বা স রথকারোঽবদৎ ধন্যোঽহং যস্যেদৃশী প্রিয়বাদিনী স্বামিবৎসলা ভার্য্যেতি মনসি নিধায় তাং খট্টাং স্ত্রীপুরুষসহিতাং মূর্দ্ধ্নি কৃত্বা সানন্দং ননর্ত্ত।

এই সকল শুনিয়া রথকার বলিল আমি ধন্য যাহার এতাদৃশী প্রিয়ভাষিণী স্বামি বৎসলা পত্নী। অন্তঃকরণে এই রূপ করিয়া স্ত্রী পুরুষ সহিত সেই খট্টা মস্তকে লইয়া আহ্লাদে নৃত্য করিতে লাগিল।

অতোঽহং ব্রবীমি প্রত্যক্ষেঽপিকৃতে দোষ ইত্যাদি।

এই নিমিত্তে আমি বলি সাক্ষাৎ অপরাধ করিলেও ইত্যাদি।

ততোহং তৈন রাজ্ঞা যথা ব্যবহারং সম্পূজ্য প্র-
স্থাপিতঃ, শুকোপি মম পশ্চাদাগচ্ছন্নাস্তে, এতৎ
সর্ব্বং পরিজ্ঞায় যথা কর্ত্তব্য মনুসন্ধীয়তাং।

তাহার পর সেই রাজা ব্যবহারানুসারে আমাকে সম্মান করিয়া বিদায় করিলেন, শুকও আমার পশ্চাৎ আসিতেছে। এই সকল জানিয়া যাহা কর্ত্তব্য হয় তাহা বিবেচনা করুন।

চক্রবাকো বিহস্যাহ দেব বকেন তাবদ্দেশান্তর
মপি গত্বা যথাশক্তি রাজকার্য্য মনুষ্ঠিতং কিন্তু
দেব স্বভাব এষ মূর্খাণাং।

চক্রবাক হাস্য করিয়া কহিলেন মহারাজ! বক দেশান্তরে গিয়া সামর্থ্যানুসারে রাজকার্য্য অনুষ্ঠান করিয়াছে। হে ভূপাল! মূখদের এই স্বভাব।

যতঃ। শতং দদ্যা ন্নবিবদে দিতি বিজ্ঞস্য
সম্মতং। বিনা হেতু মপি দ্বন্দ্ব, মেতন্মূর্খস্য
লক্ষণং ॥ ৪৬৮ ॥

যেহেতু শতও দিবেক তথাপি বিবাদ করিবেক না, ইহা পণ্ডিতের সম্মত. কারণব্যতিরেকেও দ্বন্দ্ব করা মূর্খের লক্ষণ ॥ ৪৬৮ ॥

রাজাহ কিমতীতোপালম্ভনেন প্রস্তুত মনুসন্ধীয়তাং।

রাজা কহিলেন অতীতের অনুশোচনে কি প্রয়োজন, উপস্থিত অনুসন্ধান কর।

চক্রবাকো ব্রূতে দেব বিজনে ব্রবীমি।

চক্রবাক বলিল মহারাজ! নির্জ্জনে বলিব।

যতঃ। বর্ণাকার প্রতিধ্বানৈ র্নেত্রবক্ত্রবিকারতঃ। অপ্যূহন্তি মনো ধীরা স্তস্মাদ্রহসি মন্ত্রয়েৎ ॥ ৪৬৯ ॥

যেহেতু পণ্ডিতেরা বর্ণ দ্বারা আকার দ্বারা প্রতিধ্বনি দ্বারা চক্ষু বিকার দ্বারা মুখ বিকার দ্বারা মানস তর্ক করেন সেই হেতু নির্জ্জনে মন্ত্রণা করিবেক ॥ ৪৬৯ ॥

অন্যচ্চ। আকারৈ রিঙ্গিতৈ র্গত্যা, চেষ্টয়া ভাষণেন চ। নেত্র বক্ত্র বিকারাভ্যাং, জ্ঞায়তেঽন্তর্গতং মনঃ ॥ ৪৭০ ॥

অপর আকার দ্বারা ইঙ্গিত দ্বারা গমন দ্বারা চেষ্টা দ্বারা বাক্য দ্বারা চক্ষুর বিকার দ্বারা মুখের বিকার দ্বারা অন্তর স্থিত মন জ্ঞাত হয় ॥ ৪৭০ ॥

রাজা মন্ত্রী চ তত্র স্থিতঃ, অন্যে অন্যত্র গতাঃ।

রাজা ও মন্ত্রী সেই স্থানে থাকিলেন, অন্য লোকেরা স্থানান্তরে গেল।

চক্রবাকো ব্রূতে দেবাহমেবং জানামি কস্যাপ্যস্ম-ন্নিয়োগিনঃ প্রেরণায় বকেনেদমনুষ্ঠিতং।

চক্রবাক বলিল মহারাজ। আমি এইরূপ বুঝি-তেছি আমাদের কোন নিয়োগি লোকের প্রেরণের নিমিত্ত বক এ অনুষ্ঠান করিয়াছে।

যতঃ। বৈদ্যানা মাতুরঃ শ্রেয়ান্, ব্যসনী চ নি-য়োগিনাং। বিদুষাং জীবনং মূর্খো সদ্বর্ণো জীবনং সতাং॥ ৪৭১॥

যেহেতু চিকিৎসকদিগের রোগীই মঙ্গল, অধি-কারি রাজাদের ব্যসনী ব্যক্তিই মঙ্গল, পণ্ডিতদের মূর্খই জীবন, সল্লোকেরদিগের অসৎ জাতিই জীবন॥ ৪৭১॥

রাজাব্রবীৎ।

রাজা বলিলেন।

ভবতু কারণমত্র পশ্চান্নিরূপণীয়ং সম্প্রতি যৎ কর্ত্তব্যং তন্নিরূপ্যতাং।

হউক পশ্চাৎ কারণ নির্ণয় করা যাইবে, ইদানী যাহা কর্ত্তব্য তাহা নিরূপণ কর।

চক্রবাকো ব্রূতে দেব প্রণিধিস্তাবৎ প্রস্থাপ্যতাং

চক্রবাক বলিল মহারাজ! দূত প্রেরণ করুন।

ততস্তদনুষ্ঠানং বলাবলঞ্চ জানীমঃ।
তবে তাহার অনুষ্ঠান এবং বলাবল জানিব।
ভবেৎ স্ব পর রাষ্ট্রাণাং, কার্য্যাকার্য্যাবলোকনে।
চারশ্চক্ষুর্ম্মহীভর্ত্তু; র্যস্য নাস্ত্যন্ধ এব সঃ ॥ ৪৭২ ॥

নিজ দেশের ও পর দেশের কার্য্যাকার্য্য দর্শনে পৃথিবীপতির দূতই চক্ষু, যাহার দূত নাই সে অন্ধ ॥ ৪৭২ ॥

সচ দ্বিতীয়ং বিশ্বাসপাত্রং গৃহীত্বা যাতু, তেনাসৌ স্বয়ং তত্রাবস্থায় দ্বিতীয়ং তত্রত্য মন্ত্র কার্য্যং সুনিভৃতং নিশ্চিত্য নিগদ্য প্রস্থাপয়তু।

সে দ্বিতীয় বিশ্বস্ত লোককে লইয়া যাউক, তাহার সহিত আপনি সে স্থানে অবস্থান করিয়া দ্বিতীয় ব্যক্তিকে সে স্থানের মন্ত্রণা নির্জ্জনে নিরূপণ করিয়া কহিয়া পাঠাউক।

তথাচোক্তং। তীর্থাশ্রমে সুরস্থানে, শাস্ত্রবিজ্ঞান হেতুনা। তপস্বি ব্যঞ্জনোপেতৈঃ, স্ব চরৈঃ সহ সম্বদেৎ ॥ ৪৭৩ ॥

বিজ্ঞেরা কহিয়াছেন তীর্থস্থানে ও দেবস্থানে শাস্ত্র জ্ঞান হেতু তপস্বি চিহ্নে চিহ্নিত স্বকীয় দূত দ্বারা সমস্ত জ্ঞাত হইবে ॥ ৪৭৩ ॥

গূঢ় চারশ্চ যো জলে স্থলে চরতি ততোসাবেব বকো নিযুজ্যতাং।

যে জলে ও স্থলে চরে সেই গূঢ় চার, সেই হেতু এই বককেই নিয়োগ করুন।

এতাদৃশ এব কশ্চিদ্বকো দ্বিতীয়ত্বেন প্রযাতু তদ্গোহ লোকাশ্চ রাজদ্বারে তিষ্ঠন্তু, দেব এতদপি সুগুপ্তমনুষ্ঠাতব্যং।

এইরূপ দ্বিতীয় কোন বক ইহার সঙ্গে যাউক, তাহার গৃহের লোকেরা রাজদ্বারে থাকুক, কিন্তু হে রাজাধিরাজ, ইহাও অত্যন্ত গোপনে করিতে হইবেক।

যতঃ। ষট্কর্ণো ভিদ্যতে মন্ত্র, স্তথা প্রাপ্তশ্চ বার্ত্তয়া। ইত্যাত্মনা দ্বিতীয়েন, মন্ত্রঃ কার্য্যো মহীভৃতা। ৪৭৪।

যেহেতু মন্ত্রণা ষট্কর্ণ হইলে ভিন্ন হয় আর বার্ত্তা প্রাপ্ত হইলেও প্রকাশ পায় এই নিমিত্তে রাজা আপনি দ্বিতীয় মন্ত্রির সহিত মন্ত্রণা করিবেন ॥ ৪৭৪ ॥

পশ্য। মন্ত্রভেদেহপি যে দোষা, ভবন্তি পৃথিবীপতেঃ। ন শক্যাস্তে সমাধাতু, মিতি নীতি বিদাস্মতং। ৪৭৫।

দেখ মন্ত্রভেদ হইলে যে দোষ হয় তাহা সমাধান করিতে শক্য হয় না, নীতিজ্ঞদের এই মত॥ ১৭৫ ॥

রাজা বিমৃশ্যোবাচ প্রাপ্তস্তাবন্ময়োত্তমঃ প্রণিধিঃ।

রাজা বিবেচনা করিয়া কহিলেন আমি উত্তম চর পাইয়াছি।

মন্ত্রী ব্রূতে তদা সংগ্রামবিজয়োঽপি প্রাপ্তঃ।

মন্ত্রী কহিলেন তবে যুদ্ধে জয়ও প্রাপ্ত হইলেন।

অত্রান্তরে প্রতীহারী প্রবিশ্য প্রণম্যোবাচ দেব জম্বুদ্বীপাদাগতো দ্বারি শুকস্তিষ্ঠতি।

ইত্যবসরে দ্বারী প্রবেশ করিয়া প্রণাম করিয়া বলিল হে মহারাজ, জম্বুদ্বীপ হইতে শুক আসিয়া দ্বারে আছে।

রাজা চক্রবাকমবলোকয়তি।

রাজা চক্রবাকের প্রতি অবলোকন করিলেন।

চক্রবাকেণোক্তং তাবদাবাসে তিষ্ঠতু পশ্চাদানীয় দ্রষ্টব্যঃ। প্রতিহারী তমাবাস স্থানং নীত্বা গতঃ।

চক্রবাক কহিল বাসায় গিয়া থাকুন পশ্চাৎ আনিয়া দেখা যাইবেক, অতএব দ্বাররক্ষক তাহাকে আবাস স্থানে লইয়া গেল।

রাজাহ বিগ্রহ স্তাবৎ সমুপস্থিতঃ।

রাজা কহিলেন সংগ্রাম উপাস্থিত।

চক্রবাকোব্রুতে দেব প্রাগেব বিগ্রহো ন বিধেয়ঃ।

চক্রবাক বলিল মহারাজ, প্রথমে যুদ্ধ কর্ত্তব্য নয়।

যতঃ। স কিং ভৃত্যঃ স কিংমন্ত্রী, য আদাবেব ভূপতিং। যুদ্ধোদ্যোগং স্বভূত্যাগং নির্দ্দিশত্য বিচারিতং॥ ৪৭৬।

যেহেতু সে কি দাস আর সে কি মন্ত্রী যে অগ্রেতেই নৃপতিকে বিচার না করিয়া রণের উদ্যম করিতে এবং স্বকীয়স্থান ত্যাগ করিতে পরামর্শ দেয় ॥ ৪৭৬ ॥

অপরঞ্চ। বিজেতুং প্রযতেতারী ন্ন যুদ্ধেন কদাচন। অনিত্যো বিজয়ো যস্মা দ্দৃশ্যতে যুদ্ধ্যমানয়োঃ ॥ ৪৭৭ ॥

অপর বিপক্ষকে জয় করিবার নিমিত্তে সামাদি দ্বারা যত্ন করিবেক, সংগ্রাম দ্বারা কদাচ করিবেক না যেহেতু যুধ্যমান দুই জনের মধ্যে কাহার জয় হইবেক ইহা নিশ্চয় জানা যায় না ॥ ৪৭৭ ॥

অন্যচ্চ। সাম্না দানেন ভেদেন সমস্তৈরথবা পৃথক্। সাধিতুং প্রযতেতারীন্ন যুদ্ধেন কদাচন ॥ ৪৭৮ ॥

অপর সাম দান ভেদ ইহার প্রত্যেকে কিম্বা সমস্তেতে বিপক্ষকে আয়ত্ত করিতে যত্ন করিবেক কদাচ যুদ্ধ দ্বারা করিবেক না। ॥ ৪৭৮ ॥

অপরঞ্চ। সর্ব্বএব জনঃ শূরো, হ্যনাসাদিত বিগ্রহঃ। অদৃষ্টপর সামর্থঃ, সদর্পঃ, কো ভবেন্ন হি ॥ ৪৭৯ ॥

অপর অকৃত যুদ্ধ সকল লোকই বীর কেননা যাবৎ পরের শক্তি না দেখে তাবৎ কে গর্ব্বিত না হয় ॥ ৪৭৯।

কিঞ্চ। ন তথোত্থাপ্যতে গ্রাবা, প্রাণিভির্দ্দারুণা যথা। অল্পোপায়ান্মহাসিদ্ধি, রেতন্মন্ত্রফলং মহৎ ॥ ৪৮০

আর মনুষ্যেরা যেমন কাষ্ঠ দ্বারা কোন বস্তু উপরে তুলিতে পারে প্রস্তর দ্বারা তেমন পারে না অতএব অল্প উপায়ে যে মহৎ কার্য্য নিষ্পন্ন হয় তাহাই মন্ত্রণার মহৎ ফল। ৪৮০।

কিন্তু বিগ্রহমুপস্থিতং বিলোক্য ব্যবহ্রিয়তাং।
কিন্তু সংগ্রাম উপস্থিত দেখিয়া ব্যবহার করুন।

যতঃ। যথা কাল কৃতোদ্যোগাৎ, কৃষিঃ ফলবতী ভবেৎ। তদ্বন্নীতি রিয়ং দেব, চিরাৎ ফলতি ক্ষণাৎ ॥ ৪৮১ ॥

যেহেতু হে মহারাজ সময়ানুসারে উদ্যোগেতেই

যেমন কৃষি ফলবতী হয় সেইরূপ রক্ষণ হেতু এই নীতি চিরকালে ফলিতা হয়॥ ৪৮২।

অপরঞ্চ। মহতো দূরভীরুত্ব, মাসন্নে শূরতা গুণঃ। বিপত্তৌ হি মহাল্লোঁকো ধীরতা মনুগচ্ছতি॥ ৪৮২॥

অপর অনাসন্ন কার্য্যে মহৎ লোকের ভীরুতা গুণ, কিন্তু কার্য্য আসন্ন হইলে শৌর্য্যই গুণ অতএব সল্লোকেরা বিপত্তিতে ধৈর্য্যাবলম্বন করেন। ৪৮২।

অন্যচ্চ। প্রত্যহঃ সর্ব্বসিদ্ধানা, মুত্তাপঃ, প্রথমঃ কিল। অতিশীতলমপ্যম্ভঃ, কিং ভিনত্তি ন ভূভৃতঃ॥ ৪৮৩॥

বিশেষতশ্চ মহাবলোহসৌ চিত্রবর্ণো রাজা।

বিশেষে ঐ চিত্রবর্ণ রাজা মহাবল।

যতঃ। বলিনা সহ যোদ্ধব্য, মিতি নাস্তি নিদর্শনং। যদ্যুদ্ধংহস্তিনা সার্দ্ধং, নরাণাং মৃত্যুমাবহেৎ॥ ৪৮৪॥

যেহেতু বলবানের সহিত যুদ্ধ করিবেক ইহা নিদর্শন নাই কেননা মনুষ্যদের হস্তির সহিত যে যুদ্ধ, সে মরণ উপস্থিত করে॥ ৪৮৪॥

অন্যচ্চ। স মূর্খঃ কালমপ্রাপ্য, যোহপকর্ত্তরি

বর্ত্ততে। কলি র্বলবতা সার্দ্ধং, কীটপক্ষোদ্গমো যথা ॥ ৪৮৫ ॥

অপর সময় না পাইয়া যে ব্যক্তি বলবান্ অপকারকের প্রতিকূলতা করে সে মূর্খ। যেমন পিপীলিকার পালক উৎপত্তি এইরূপ বলির সহিত কলহ ॥ ৪৮৫ ॥

কিঞ্চ। কৌর্ম্মং সঙ্কোচমাস্থায়, প্রহারমপি মর্ষয়েৎ। প্রাপ্ত কালেতু নীতিজ্ঞ, উত্তিষ্ঠেৎ ক্রূর সর্পবৎ ॥ ৪৮৬ ॥

আর নীতিজ্ঞ ব্যক্তি কমঠের ন্যায় সঙ্কুচিত শরীর হইয়া প্রহারও সহ্য করিবেক এবং সময় পাইলে খল সর্পের ন্যায় উঠিবেক ॥ ৪৮৬ ॥

মহত্যল্পেপ্যুপায়জ্ঞঃ, সমমেব ভবেৎ ক্ষমঃ। সমুন্মূলয়িতুং বৃক্ষান্ তৃণানীব, নদীরয়ঃ ॥ ৪৮৭ ।

উপায়জ্ঞ ব্যক্তি মহৎ বিষয়ে কিম্বা ক্ষুদ্র বিষয়ে সমানই ক্ষমতাবান্ হয়, দেখ নদীবেগ তৃণ সকলকে যে রূপে উন্মূলন করে বৃক্ষ, সকলকেও সেইরূপে উন্মূলিত করে ॥ ৪৮৭ ॥

অতস্তদ্দূতোপ্যাশ্বাস্য তাবদ্ধ্রিয়তাং যাবদ্দুর্গঃ সজ্জীক্রিয়তে।

অতএব তাহার দূতকেও আশ্বাস দিয়া তাবৎ পর্য্যন্ত রাখ যাবৎপর্য্যন্ত দুর্গ সুসজ্জ না হয়।

যতঃ। একঃ শতং যোধয়তি, প্রাকারস্থো ধনুর্দ্ধরঃ। শতং শতসহস্রাণি, তস্মাদ্দুর্গং বিশিষ্যতে ॥ ৪৮৮ ॥

যেহেতু প্রাকারস্থ ধনুর্দ্ধর এক ব্যক্তি শত লোকের সহিত যুদ্ধ করে, শত লোক লক্ষ লোকের সহিত রণ করে, অতএব দুর্গ প্রশস্ত হয় ॥ ৪৮৮ ॥

কিঞ্চ। অদুর্গো বিষয়ঃ কস্য, নারেঃ পরিভবাস্পদং। অদুর্গো নাশ্রয়ো রাজা পোতচ্যুত মনুষ্যবৎ। ৪৮৯।

আর অদুর্গ দেশ কোন্ বৈরিকর্ত্তৃক পরাভব স্থান না হয়। নৌকা চ্যুত মনুষ্যের ন্যায় অদুর্গ রাজাকে নিরাশ্রয়চ্যুত জানিবে ॥ ৪৮৯ ॥

দুর্গং কুর্য্যান্মহাখাত, মুচ্চপ্রাকারসংযুতং। সযন্ত্রং সজলং শৈল, সরিন্মরুবনাশ্রয়ং ॥ ৪৯০ ॥

পর্ব্বত নদী মরুভূমি এবং অরণ্য আশ্রয়ে উচ্চ প্রাকার যুক্ত অতিশয় খাত বিশিষ্ট সযন্ত্র সজল দুর্গ করিবেক ॥ ৪৯০ ॥

বিস্তীর্ণং চাতিবিষমং, ধন ধান্য রসান্বিতং। অপ্রবেশ প্রসারঞ্চ, সপ্তৈতা দুর্গসম্পদঃ ॥ ৪৯১ ॥

বিস্তীর্ণ অতিবিষম ও ধন ধান্য লবণাদি যুক্ত এবং প্রবেশ নির্গম রহিত এই সাত দুর্গ সম্পত্তি॥ ৪৯১॥

স্বাম্যমাত্য সুহৃৎ কোষো, রাষ্ট্র দুর্গ বলানি চ।
পরস্পরোপকারাণি, রাজ্যং সপ্তাঙ্গমুচ্যতে॥ ৪৯২ ॥

স্বামী অমাত্য সুহৃৎ কোষ রাষ্ট্র দুর্গ বল ইহারা পরস্পর উপকারক, এই সপ্তাঙ্গ রাজ্য হয়॥ ৪৯২।

দুর্গাধ্যক্ষো বলাধ্যক্ষো ধনাধ্যক্ষশ্চ ভূপতিঃ।
দূতঃ পুরোধা দৈবজ্ঞো, ভিষজো মন্ত্রিণোমতাঃ। ৪৯৩।

দুর্গাধ্যক্ষ বলাধ্যক্ষ ধনাধ্যক্ষ রাজা দূত পুরোহিত দৈবজ্ঞ বৈদ্য ইহারা মন্ত্র কারক হয়॥ ৪৯৩॥

রাজাহ দুর্গানুসন্ধানে কো নিযুজ্যতাং।

রাজা বলিলেন দুর্গের অনুসন্ধানে কে নিযুক্ত হইবে।

চক্রবাকোব্রূতে।

চক্রবাক বলিল।

যো যত্র কুশলঃ কার্য্যে, তত্রতত্র বিনিযোজয়েৎ।
কর্ম্মস্বদৃষ্টকর্ম্মা যঃ, শাস্ত্রজ্ঞোপি বিমুহ্যতি॥ ৪৯৫॥

যে কর্ম্মে যে দক্ষ সেই কর্ম্মে তাহাকে নিয়োগ

বিবেক। যে লোক অদৃষ্ট কর্ম্মা সে শাস্ত্রজ্ঞ হইলেও কর্ম্মে মুগ্ধ হয়॥ ৪৯৫ ॥

তদাহূয়তাং সারসঃ। তথানুষ্ঠিতে আগতং সারস মালোক্য রাজোবাচ।

অতএব সারসকে আহ্বান কর। তাহা করিলে পর সারসকে আগত দেখিয়া রাজা বলিলেন।

ভোঃ সারস ত্বং সত্বরং দুর্গমনুসন্ধেহি।

অহে সারস তুমি শীঘ্র দর্গের অনুসন্ধান কর।

সারসঃ প্রণম্যোবাচ।

সারস প্রণাম করিয়া বলিল।

দেব দুর্গং তাবদিদমেব চিরাৎ সুনিরূপিত মাস্তে মহৎ সরঃ, কিন্তুত্র মধ্যবর্ত্তিদ্বীপে দ্রব্য সংগ্রহঃ ক্রিয়তাং।

হে মহারাজ, এই বৃহৎ সরোবরে অনেককাল অ-বধি দুর্গ নিরূপিত আছে। কিন্তু এই মধ্যবর্ত্তি দ্বীপে দ্রব্যসংগ্রহ করুন।

যতঃ। ধান্যানাং সংগ্রহো রাজ সুত্তমঃ সর্ব্বসং গ্রহাৎ। নিঃক্ষিপ্ত রত্নো হি মুখে, ন কুর্য্যাৎ প্রাণধারণং॥ ৪৯৬॥

যেহেতু হে মহারাজ সকল সংগ্রহ হইতে ধান্যের

সংগ্রহ উত্তম কেননা মুখে রত্ন নিঃক্ষিপ্ত করিয়া কোন ব্যক্তি জীবন ধারণ করিতে পারে না॥ ৪৯৬॥

কিঞ্চ। খ্যাতঃ সর্ব্বরসানাং হি, লবণো রস উত্তমঃ। গৃহীতঞ্চ বিনা তেন, ব্যঞ্জনং গোময়ায়তে॥ ৪৯৭॥

এবং সকল রসের মধ্যে লবণরস উত্তম বলিয়া খ্যাত কারণ তাহা ব্যতিরেকে ব্যঞ্জন গোময়ের ন্যায় হয়॥ ৪৯৭॥

রাজাহ সত্বরং গত্বা সর্ব্বং মনুতিষ্ঠ।

রাজা কহিলেন ত্বরায় গিয়া সমস্ত অনুষ্ঠান কর।

পুনঃ প্রবিশ্য প্রতীহারী ব্রূতে।

পুনর্ব্বার প্রবেশ করিয়া দ্বারী বলিল।

দেব সিংহলদ্বীপাদাগতো মেঘবর্ণো নাম বায়সঃ সপরিবারো দ্বারি তিষ্ঠতি দেবপাদং দ্রষ্টুমিচ্ছতি।

হে রাজাধিরাজ! সিংহলদ্বীপ হইতে মেঘবর্ণ নামে কাক সপরিবারে আসিয়া দ্বারে দণ্ডায়মান, মহারাজের চরণ দেখিবার নিমিত্ত বাঞ্ছা করিতেছে।

রাজাহ কাকাঃ পুনঃ সর্ব্বজ্ঞা বহুদ্রষ্টারশ্চ। তদ্ভবতি সংগ্রাহ্য ইত্যনুবুধ্যতে।

রাজা বলিলেন কাকেরা সর্ব্বজ্ঞ হয় এবং বহুদর্শী হয় অতএব সংগ্রহ কর্ত্তব্য ইহা বুঝিতেছি।

চক্রবাকো ব্রূতে।

চক্রবাক বলিল।

দেব অস্ত্যেবং কিন্তু কাকঃ স্থলচরঃ তেনাস্মদ্বিপক্ষে নিযুক্তঃ, কথং সংগ্রাহ্যঃ।

হে মহারাজ, এরূপ বটে কিন্তু কাক স্থলচর সেই জন্যে আমারদিগের বিপক্ষে নিযুক্ত, কি প্রকারে সংগ্রহ করা যায়।

তথাচোক্তং। আত্মপক্ষং পরিত্যজ্য, পরপক্ষেষু যো রতঃ। স পরৈ র্হন্যতে মূঢ়ো, নীলবর্ণ শৃগালবৎ॥ ৪৭৮॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন যে লোক স্বপক্ষ পরিত্যাগ করিয়া পরপক্ষে আসক্ত হয় সে মূর্খ নীলবর্ণ শৃগালের ন্যায় পরকর্তৃক হত হয়॥ ৪৭৮॥

রাজোবাচ কথমেতৎ

রাজা কহিলেন এ কি প্রকার।

মন্ত্রী কথয়তি।

মন্ত্রী কহিল।

অস্ত্যরণ্যে কশ্চিচ্ছৃগালঃ স্বেচ্ছয়া নগরোপান্তে ভ্রাম্যন্ নীলীভাণ্ডে পতিতঃ পশ্চাত্তত উত্থাতুমসমর্থঃ প্রাতরাত্মানং মৃতবৎ সন্দর্শ্য স্থিতঃ॥

কাননে কোন শৃগাল থাকে, সে আপন ইচ্ছায় নগরোপান্তে ভ্রমণ করত নীলীভাণ্ডে পড়িল। তাহা হইতে উঠিতে অসমর্থ হওয়াতে প্রাতঃকালে আপনাকে মৃতবৎ দেখাইয়া রহিল।

অথ নীলীভাণ্ডস্বামিনা মৃত ইতি জ্ঞাত্বা তস্মাৎ সমুত্থাপ্য দূরে নীত্বা অপসারিতস্তস্মাৎ পলায়িতঃ॥

তাহার পর নীলীভাণ্ডের স্বামী তাহাকে মৃত ইহা জানিয়া তাহা হইতে উঠাইয়া দূরে লইয়া ফেলিল জম্বুক সে স্থান হইতে পলাইয়া গেল।

ততোঽসৌ বনং গত্বা স্বকীয় মাত্মানং নীলবর্ণ মবলোক্যাচিন্তয়ৎ॥

অনন্তর ঐ শৃগাল অরণ্যে গিয়া নিজ শরীরকে নীলবর্ণ দেখিয়া চিন্তা করিল।

অহমিদানীমুত্তমবর্ণ স্তদাহং স্বকীয়োৎকর্ষং কিং ন সাধয়ামি ইত্যালোচ্য শৃগালানাহূয় তেনোক্তং॥

এখন আমি উত্তম বর্ণ হইয়াছি তবে আপনার উৎকৃষ্টতা কেন সাধন না করি এই আলোচনা করিয়া শৃগাল দিগকে আহ্বান করিয়া কহিল।

অহং ভগবত্যা বনদেবতয়া স্বহস্তেনারণ্যরাজ্যে সর্ব্বৌষধিরসেনাভিষিক্ত স্তদদ্যারভ্যারণ্যেঽস্মদাজ্ঞয়া ব্যবহারঃ কার্য্যঃ॥

ভগবতী বনদেবতা কর্ত্তৃক স্বহস্ত দ্বারা সর্ব্বৌষধি রসেতে বন রাজ্যে আমি অভিষিক্ত হইয়াছি এই হেতু আজি অবধি এই কাননে আমার আজ্ঞায় কর্ম্ম চলিবেক।

শৃগালাশ্চ তং বিশিষ্টবর্ণমবলোক্য সাষ্টাঙ্গপাতং প্রণম্যোচুঃ যথাজ্ঞাপয়সি দেব ইত্যনেনৈব ক্রমেণ সর্ব্বেষ্বরণ্যবাসিস্বাধিপত্যং তস্য বভূব।

শৃগালেরা তাহাকে উত্তম বর্ণ দেখিয়া অষ্টাঙ্গ প্রণাম করিয়া কহিল হে মহারাজ, আপনি যেরূপ আজ্ঞা করেন। এই প্রকারে সমস্ত বনবাসি পশুর উপরে তাহার প্রভুত্ব হইল।

ততস্তেন স্বজাতিভি রাবৃতেন,মহত্ত্বং সাধিতং।

অনন্তর সে স্বকীয় জাতি গণে পরিবৃত হইয়া মহত্ত্ব সাধন করিল।

ততস্তেন ব্যাঘ্রসিংহাদীনুত্তমপরিজনান্ প্রাপ্য

সদসি শৃগালানবলোক্য লজ্জমানেনাবজ্ঞয়া স্বজ্ঞাতয়ঃ সর্ব্বে দূরীকৃতাঃ।

তাহার পরে সে ব্যাঘ্র সিংহাদি উৎকৃষ্ট পরিজন পাইয়া সভাতে শৃগালদিগকে দেখিয়া লজ্জিত হইয়া সকল জ্ঞাতিকে অপমান পূর্ব্বক দূর করিয়া দিল।

ততো বিষণ্ণান্ শৃগালানবলোক্য কেনচিৎ বৃদ্ধ শৃগালেনৈতৎ প্রতিজ্ঞাতং মা বিষীদত।

তদনন্তর শৃগালের দিগকে বিমনা দেখিয়া কোন বৃদ্ধ শৃগাল এই প্রতিজ্ঞা করিল তোমরা বিষণ্ণ হইও না।

যদনেনানভিজ্ঞেন নীতিবিদো মর্ম্মজ্ঞা বয়ং স্বসমীপাৎ দূরীকৃতাঃ তদযথাঽয়ং নশ্যতি তথা বিধেয়ং। ততোঽমী ব্যাঘ্রাদয়ো বর্ণ মাত্র বিপ্রলব্ধাঃ শৃগালমজ্ঞাত্বা রাজানমিমং মন্যন্তে।

আমরা নীতিজ্ঞ ও মর্ম্মবিৎ, আমাদিগকে এই অনভিজ্ঞ পরাভূত করিল এই কারণে যে রূপে এ নষ্ট হ তাহা কর্ত্তব্য। এই ব্যাঘ্র প্রভৃতিরা বর্ণমাত্র দেখিয় শৃগাল না জানিয়া ইহাকে রাজা বলিয়া মানে।

তদ্যথায়ং পরিচিতো ভবতি তথা কুরুত।

অতএব এ যেরূপে পরিচিত হয় সেইরূপ কর।

তত্রৈ চৈব সম্বুষ্টেয়ং সর্ব্বে সন্ধ্যা সময়ে সন্নিধানে

মহারাব মেকদৈব করিষ্যথ। তত স্তং শব্দমাকর্ণ্য জাতিস্বভাবাত্তেনাপি শব্দঃ কর্ত্তব্যঃ।

এ বিষয়ে এই প্রকার কর্ত্তব্য সকলে সায়ংকালে সমীপে গিয়া এক কালে অতিশয় শব্দ করিবা, সেই শব্দ শ্রবণ করিয়া জাতি স্বভাব হেতুক সেও রব করিবেক সন্দেহ নাই।

ততস্তথানুষ্ঠিতে সতি তদ্বৃত্তং।

অনন্তর সেই প্রকার করিলে তাহাই হইল।

যতঃ। যঃ স্বভাবোহি যস্যাস্তি, স নিত্যং দুরতিক্রমঃ। শ্বা যদি ক্রিয়তে রাজা, স কিং নাশ্নাত্যুপানহং॥ ৪৯৯॥

যেহেতু যাহার যে স্বভাব সে তাহা কখনই পরিহার করিতে পারে না কেনন। কুক্কুর যদি রাজা হয় সে কি চর্ম্মপাদুকা ভোজন করে না॥ ৪৯৯।

ততঃ শব্দেনাভিজ্ঞায় স ব্যাঘ্রেণ হতঃ।

তাহার পর শব্দদ্বারা জানিতে পারিয়া ব্যাঘ্র সেই শৃগালকে নষ্ট করিল।

তথাচোক্তং। ছিদ্রং মর্ম্ম চ বীর্য্যঞ্চ, সর্ব্বং বেত্তি নিজো রিপুঃ। দহত্যন্তর্গতশ্চৈব শুষ্কং বৃক্ষমিবানলঃ॥ ৫০০॥

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন ছিদ্র ও মর্ম্ম ও বল সম-

হই নিজ বিপক্ষ লোক জানে তার অগ্নি যেমন শুষ্ক বৃক্ষ দাহ করে সেইরূপ ঐ ব্যক্তি অন্তঃস্থ হইয়া সকল নষ্ট করে ॥ ৫০০ ॥

অতোহহং ব্রবীমি আত্মপক্ষং পরিত্যজ্যেত্যাদি।

অতএব আমি বলি যে লোক স্বপক্ষ ত্যাগ করিয়া ইত্যাদি।

রাজাহ যদ্যেবং তথাপি দৃশ্যতাং তাবদয়ং দূরাদাগতস্তৎ সংগ্রহে বিচারঃ কার্য্যঃ।

রাজা কহিলেন যদ্যপি এই রূপ বটে তথাপি দেখ এ ব্যক্তি দূর হইতে আসিয়াছে, ইহার সংগ্রহে বিচার করা কর্ত্তব্য।

চক্রবাকো ব্রূতে।

চক্রবাক বলিল।

দেব প্রণিধিঃ প্রহিতো দুর্গশ্চ সজ্জীকৃতঃ।

হে মহারাজ, চর পাঠান গিয়াছে, দুর্গও প্রস্তুত হইয়াছে।

অতঃ শুকোহপ্যানীয় প্রস্থাপ্যতাং।

অতএব শুককেও আনিয়া পাঠাউন।

যতঃ। নন্দো জঘান চাণক্যং, তীক্ষ্ণদূত প্রয়ো-

গতঃ। তন্মূরান্তরিতং দূতং পশ্যেদ্বীরসমন্বিতঃ ॥ ৫০১ ॥

যেহেতু বলবান দূতের নিয়োগ দ্বারা নন্দনামে রাজা চাণক্যকে নষ্ট করিয়াছেন সেই নিমিত্ত বীরযুক্ত হইয়া দূর হইতে দূতকে দেখিবেক ॥ ৫০১ ॥

ততঃ সভাং কৃত্বাহূতঃ শুকঃ কাকশ্চ।

অনন্তর সভা করিয়া শুক এবং কাককে আহ্বান করিল।

শুকঃ কিঞ্চিদুন্নতশিরা দত্তাসনে উপবিশ্য ব্রূতে।

শুক কিঞ্চিৎ উর্দ্ধ মস্তক হইয়া দত্ত আসনে বসিয়া বলিল।

ভো হিরণ্যগর্ভ, মহারাজাধিরাজঃ শ্রীমচ্চিত্রবর্ণ ত্বাং সমাজ্ঞপয়তি।

অহে হিরণ্যগর্ভ, মহারাজাধিরাজ শ্রীমচ্চিত্রবর্ণ তোমাকে আজ্ঞা করিয়াছেন।

যদি জীবিতেন শ্রিয়া বা প্রয়োজনমস্তি তদা সত্বরমাগত্যাস্মচ্চরণৌ প্রণম নচেদবস্থাতুং স্থানান্তরং চিন্তয়।

যদি প্রাণে কিম্বা সম্পত্তিতে প্রয়োজন থাকে তবে শীঘ্র আসিয়া আমার চরণে প্রণাম কর নতুবা অবস্থানের নিমিত্ত স্থানান্তর চেষ্টা কর।

রাজা সকোপ মাহ।

রাজা রুষ্ট হইয়া কহিলেন।

আঃ কোঽপ্যস্মাকং পুরতো নাস্তি য এনং গল-হস্তয়তি।

আঃ আমার অগ্রে কেহ নাই যে ইহাকে গলা-তে হাত দিয়া বাহির করিয়া দেয়।

উত্থায় মেঘবর্ণোব্রূতে।

মেঘবর্ণ উঠিয়া বলিল।

দেবাজ্ঞাপয় হন্মি দুষ্টং শুকং।

হে মহারাজ, আজ্ঞা করুন, দুষ্ট শুককে নষ্ট করি।

সর্ব্বজ্ঞো রাজানং কাকঞ্চ সান্ত্বয়ন্ ব্রূতে।

সর্ব্বজ্ঞ রাজাকে এবং কাককে সান্ত্বনা করত বলিল।

শৃণু তাবৎ। ন সা সভা যত্র ন সন্তি বৃদ্ধা, বৃদ্ধা ন তে যে ন বদন্তি ধর্ম্মং। ধর্ম্মঃ স নো যত্র ন সত্যমস্তি, সত্যং ন তদ্যচ্ছলমভ্যুপৈতি॥ ৫০২॥

যে সভাতে বৃদ্ধ নাই সে সভাই নয়, যে বৃদ্ধেরা ধর্ম্ম না বলে তাহারা বৃদ্ধই নয়, যে ধর্ম্মেতে সত্য নাই সে ধর্ম্মই নয়, যে সত্যেতে ছল আছে সে সত্যই নয়॥ ৫০২॥

যতোধর্ম্মশ্চৈষঃ।

যেহেতু এই ধর্ম্ম।

দূতোম্লেচ্ছোঽপ্যবধ্যঃ স্যা, দ্রাজা দূতমুখো-যতঃ। উদ্যতেম্বপি শস্ত্রেষু, দূতো বদতি নান্যথা ॥ ৫০৩ ॥

ম্লেচ্ছদূতও অবধ্য হয়, যেহেতু রাজা দূতমুখ, অতএব শস্ত্র উত্থিত হইলেও দূত অন্য প্রকার বলে না ॥ ৫০৩ ॥

কিঞ্চ। স্বাপকর্ষং পরোৎকর্ষং দূতোক্তৈর্ম্মন্যতে তু কঃ। সদৈবাবধ্যভাবেন, দূতঃ সর্ব্বং হি জল্পতি ॥ ৫০৪ ॥

আর কোন্ ব্যক্তি দূতের বাক্যে আপনাকে অধম করিয়া অথবা পরকে উত্তম করিয়া মানে? দূত সর্ব্বদাই অবধ্য ভাবে সমস্ত বলে। ৫০৪ ॥

ততো রাজা কাকশ্চ স্বাং প্রকৃতিমাপন্নঃ শুকোঽপ্যথায় চলিতঃ। পশ্চাচ্চক্রবাকেনানীয় প্রবোধ্য কনকালঙ্কারাদিকং দত্ত্বা সম্প্রেষিতো যযৌ।

তাহার পর রাজা এবং কাক আপন স্বভাব পাইল, শুকও উঠিয়া চলিল। পশ্চাৎ চক্রবাক তাহাকে আনয়ন পূর্ব্বক সান্ত্বনা করিয়া স্বর্ণালঙ্কারাদি দিয়া পাঠাইয়া দিল।

ততঃ শুকো গত্বা বিন্ধ্যাচলস্য রাজানং প্রণতবান্।

পরে শুক গিয়া বিন্ধ্যাচলের রাজাকে প্রণাম করিল।

রাজোবাচ শুক, কা বার্ত্তা।

রাজা কহিলেন হে শুক, বৃত্তান্ত কি।

কীদৃশোহসৌ দেশঃ।

ঐ দেশ কিরূপ?

শুকোব্রূতে।

শুক বলিল।

দেব সংক্ষেপাদিয়ং বর্ত্তা সংপ্রতি যুদ্ধোদ্যোগঃ ক্রিয়তাং, দেশশ্চাসৌ কর্প্রূরদ্বীপঃ স্বর্গৈকদেশো রাজা চ দ্বিতীয়ঃ স্বর্গপতিঃ, কথং বর্ণয়িতুং শক্যতে।

হে মহারাজ, সংক্ষেপে এই বার্ত্তা ইদানীং সংগ্রামের উদ্যোগ করুন, ঐ কর্প্রূরদ্বীপ স্বর্গের এক দেশ, রাজাও দ্বিতীয় স্বর্গপতি, কি প্রকারে বর্ণনা করিতে সমর্থ হইব।

ততঃ সর্ব্বান্‌ শিষ্টানাহূয় রাজা মন্ত্রয়িতুমুপবিষ্টঃ।

অনন্তর রাজা সকল শিষ্টদিগকে আহ্বান করিয়া মন্ত্রণা করিবার নিমিত্ত বসিলেন।

আহ চ সম্প্রতি কর্ত্তব্যবিগ্রহে যথাকর্ত্তব্য মুপ দেশং ব্রূত, বিগ্রহঃ পুনরবশ্যং কর্ত্তব্যঃ।

আর কহিলেন সংপ্রতি কর্ত্তব্য যুদ্ধে যে প্রকার কর্ত্তব্য তাহা উপদেশ কর কিন্তু যুদ্ধ অবশ্য কর্ত্তব্য।

তথাচোক্তং। অসন্তুষ্টা দ্বিজ নষ্টাঃ সন্তুষ্টাইব পার্থিবাঃ। সলজ্জা গণিকা নষ্টা, নির্লজ্জাশ্চ কুলস্ত্রিয়ঃ॥ ৫০৫॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন সন্তুষ্ট রাজারা যেমন নষ্ট হয় এমনি অসন্তুষ্ট ব্রাহ্মণেরা নষ্ট হয়। লজ্জিতা বেশ্যারা যেরূপ নষ্টা হয় নির্লজ্জ কুলস্ত্রীরা সেইরূপ নষ্টা হয়॥ ৫০৫॥

দূরদর্শী নাম গৃধ্রোব্রূতে।

দূরদর্শী নামে গৃধ্র বলিল।

দেব ব্যসনিতয়া বিগ্রহো ন বিধিঃ।

হে মহারাজ, ব্যসনিত্ব হেতু যুদ্ধ বিহিত নয়।

যতঃ। মিত্রামাত্যসুহৃদ্বর্গা, যদা স্যুর্দৃঢ়ভক্তয়ঃ। শত্রূণাং বিপরীতাশ্চ, কর্ত্তব্যো বিগ্রহস্তদা। ৫০৬।

যেহেতু মিত্র মন্ত্রী সুহৃদ্ সকল যখন অনুগত থাকে আর বিপক্ষদিগের ইহার বিপরীত হয় তখন সংগ্রাম কর্ত্তব্য॥ ৫০৬॥

অন্যচ্চ। ভূমি র্মিত্রং হিরণ্যঞ্চ, বিগ্রহস্য ফলং ত্রয়ং। যদৈতন্নিশ্চিতং ভাতি, কর্ত্তব্যো বিগ্রহস্তদা॥ ৫০৭॥

অপর ভূমি মিত্র স্বর্ণ এই তিন সংগ্রামের ফল ইহা যখন নিশ্চিত হয় তখন বিগ্রহ কর্ত্তব্য॥ ৫০৭॥

রাজাহ মদ্বলং তাবদবলোকয়তু মন্ত্রী, তদৈতেষামুপযোগো জ্ঞায়তা মেবমাহূয়তাং মৌহূর্ত্তিকঃ নির্ণীয় শুভলগ্নং দদাতু॥

রাজা বলিলেন মন্ত্রিন্! আমার সৈন্য নিরীক্ষণ কর আর উহারদের উপযোগিতা জান এবং দৈবজ্ঞকে আহ্বান কর শুভলগ্ন নির্ণয় করিয়া দেন।

মন্ত্রী ব্রূতে, তথাপি সহসা যাত্রাকরণং মনুচিতং।

মন্ত্রী বলিলেন তথাপি অকস্মাৎ যাত্রা উপযুক্ত নয়।

যতঃ। বিশন্তি সহসা মূঢ়া যেহবিচার্য্য দ্বিষদ্বলং। খড়্গধারাপরিষ্বঙ্গং, লভন্তে তে সুনিশ্চিতং।৫০৮

যেহেতু যে মূঢ় লোকেরা শত্রুর বল বিচার না করিয়া সহসা সৈন্য মধ্যে প্রবেশ করে তাহারা নিশ্চয় শস্ত্রধারালিঙ্গন প্রাপ্ত হয়॥ ৫০৮॥

রাজাহ মন্ত্রিন্, মমোৎসাহভঙ্গং সর্ব্বথা মা কুরু বিজিগীষুর্যথা পরভূমিমাক্রামতি তথা কথয়।

রাজা কহিলেন মন্ত্রিন্! আমার উৎসাহ ভঙ্গ করিও না, জয়েচ্ছু ব্যক্তি যে প্রকারে পর স্থান ক্রমণ করে তাহাই কহ।

গৃধো ব্রূতে "তৎ কথয়ামি কিন্তু তদনুষ্ঠিতমেব ফলপ্রদং।

গৃধ্র বলিল তাহা কহি কিন্তু তাহার অনুষ্ঠানই ফলদ হয়।

"তথাচোক্তং। কিম্মন্ত্রেণানন্থষ্ঠানা, চ্ছাস্ত্রবৎ পৃথিবীপতেঃ। নহৌষধ পরিজ্ঞানা, দ্ব্যাধেঃ শান্তিঃ কচিদ্ভবেৎ॥ ৫০৯॥

ইহা পণ্ডিতেরা কহিয়াছেন শাস্ত্রজ্ঞ জনের ন্যায় অনুষ্ঠান না করিলে নৃপতির কেবল মন্ত্রণাতে কি ফল যেহেতু ঔষধ জ্ঞান মাত্রে কখন রোগের শমতা হয় না॥ ৫০৯॥

রাজা দেশশ্চানতিক্রমণীয়ঃ যথা শ্রুতং তন্নিবেদয়ামি শৃণু।

অপর রাজা আর দেশ অতিক্রমণীয় নয়, যে রূপ শুনিয়াছি নিবেদন করি শুনুন।

নদ্যাদ্রি বন দুর্গেষু, যত্র যত্র ভয়ং নৃপ। তত্র তত্র চ সেনানী র্যায়াদ্ব্যূহীকৃতৈর্বলৈঃ॥ ৫১০॥

হে নরপতি, যে২ স্থানে নদী গিরি কানন ও দুর্গে ভয় আছে সেই সেই স্থানে ব্যূহীকৃত সৈন্যের সহিত সেনাপতি যাইবেক। ৫১০।

বলাধ্যক্ষঃ পুরোযায়াৎ, প্রবীর পুরুষান্বিতঃ।

মধ্যে কলত্রং স্বামী চ, কোষো বল্গু চ যদ্বলং। ৫১১

উৎকৃষ্ট বীর পুরুষের সহিত সেনাধ্যক্ষ অগ্রে যাইবে, স্ত্রীলোক, প্রভু, ভাণ্ডার আর উত্তম যে বল, ইহারা মধ্যে যাইবেক॥ ৫১১॥

পার্শ্বয়োরুভয়োরশ্বা, অশ্বানাং পার্শ্বতো রথাঃ।
রথানাং পার্শ্বয়োর্নাগা, নাগানাঞ্চ পদাতয়ঃ॥ ৫১২

দুই পার্শ্বেতে ঘোটক, ঘোটকের পার্শ্বে রথ, রথের পার্শ্বে হস্তী, হস্তির পার্শ্বে পদাতি যাইবেক। ৫১২।

পশ্চাৎ সেনাপতির্যায়াৎ, খিন্নানাশ্বাসয়ন শনৈঃ।
মন্ত্রিভিঃ সুভটৈর্যুক্তঃ, প্রতিগৃহ্য বলং নৃপঃ।
৫১৩॥

পশ্চাৎ সেনাপতি খিদ্যমান সেনাদিগকে আশ্বাস প্রদান করত যাইবে এবং মন্ত্রী ও উত্তম যোদ্ধার সহিত প্রকৃষ্ট বল লইয়া রাজা যাইবেন॥ ৫১৩॥

সমেয়াদ্বিষমং নাগৈ, র্জ্জলাঢ্যং সমহীধরং।
সমমশ্বৈর্জ্জলং নৌভিঃ, সর্ব্বত্রৈব পদাতিভিঃ॥
৫১৪॥

উচ্চ নীচ, জলযুক্ত ও পর্ব্বত বিশিষ্ট দেশে হস্তিতে, সমভূমি দেশে অশ্বেতে, জলে নৌকাতে, এবং সর্ব্বত্রই, পদাতির সহিত যাইবেন॥ ৫১৪।

হস্তিনাং গমনং প্রোক্তং, প্রশস্তং জলদাগমে।
তদন্যত্র তুরঙ্গাণাং, পত্তীনাং সর্ব্বদৈব হি ॥ ৫১৫

বর্ষাকালে হস্তির গমন, অন্য কালে ঘোড়ার যাত্রা এবং সর্ব্বদাই পদাতির গমন প্রশস্ত ॥ ৫১৫ ॥

শৈলেষু দুর্গমার্গেষু, বিধেয়ং নৃপরক্ষণং। স্বযোধৈ রক্ষিতস্যাপি, শয়নং যোগিনিদ্রয়া ॥ ৫১৬ ॥

পর্ব্বতে তথা দুর্গম পথে রাজার রক্ষা কর্ত্তব্য। যোদ্ধা কর্তৃক রক্ষিত হইলেও রাজা যোগির ন্যায় শয়ন করিবেন অর্থাৎ অত্যল্প কাল নিদ্রা যাইবেন ॥ ৫১৬ ॥

নাশয়েৎ কর্ষয়েচ্ছত্রূন্, দুর্গকন্টকমর্দ্দকৈঃ। পরদেশ প্রবেশে চ, কুর্য্যাদাটবিকান্ পুরঃ ॥ ৫১৭ ॥

দুর্গ ও ক্ষুদ্র শত্রু ও উপমর্দ্দক দ্বারা বৈরিকে নষ্ট এবং আকর্ষণ করিবেক। আর পরদেশ প্রবেশেতে বনজ লোকদিগকে অগ্রে করিবেক ॥ ৫১৭ ॥

যত্র রাজা ততঃ কোষো, বিনা কোষান্ন রাজতা। স্বভৃত্যেভ্য স্ততো দদ্যাৎ, কোহি দাতুর্ন যুধ্যতে ॥ ৫১৮ ॥

যে স্থানে রাজা থাকেন সেই স্থানে কোষ রাখিবেক কেননা ধনাগার ব্যতিরেকে রাজত্ব হয় না। সেই কোষ হইতে নিজ দাসদিগকে দিবেক কারণ দাতার হইয়া সকল লোকই যুদ্ধ করে ॥ ৫১৮ ॥

যতঃ। ন নরস্য নরো দাসো, দাসশ্চার্থস্য ভূপতে। গৌরবং লাঘবং বাপি, ধনাধন নিবন্ধনং॥ ৫১৯॥

যেহেতু হে নৃপতি, মনুষ্যের ভৃত্য মনুষ্য নয়, কেবল ধনের দাস, কেননা ধন ও অধননিমিত্তই মহত্ত্ব ও ক্ষুদ্রত্ব হয়॥ ৫১৯॥

অভেদেন চ যুধ্যেত, রক্ষেচ্চৈব পরস্পরং। বলগু সৈন্যঞ্চ যৎকিঞ্চি, মধ্যে ব্যূহস্য কারয়েৎ। ৫২০।

সেনারা পরস্পর ঐক্য হইয়া যুদ্ধ করিবেক এবং রক্ষাও করিবেক। আর যে কিছু উত্তম সৈন্য, তাহা ব্যূহের মধ্যে রাখিবেক॥ ৫২০॥

পদাতিঞ্চ মহীপাল, পুরোঽনীকস্য যোজয়েৎ। উপরুধ্যারিমাসীত, রাষ্ট্রঞ্চাস্যোপপীড়য়েৎ॥৫২১॥

হে রাজাধিরাজ, সেনার অগ্রে পদাতিক নিয়োগ করিবে, বৈরিকে রোধ করিয়া থাকিবে, আর তাহার দেশকেও পীড়া দিবেক॥ ৫২১॥

স্যন্দনাশ্বৈঃ সমে যুদ্ধ্যে, দম্বুপে নৌদ্বিপৈস্তথা। বৃক্ষগুল্মাবৃতে চাপৈ, রসিচর্ম্মায়ুধৈঃ স্থলে॥ ৫২২॥

সম ভূমিতে রথ ও অশ্বে যুদ্ধ করিবেক, জল

প্লাবিত দেশে নৌকা ও হস্তিতে যুদ্ধ করিবেক, বৃক্ষ লতাকীর্ণ দেশে ধনুর্ব্বাণ দ্বারা যুদ্ধ করিবেক, আর স্থলে খড়্গ চর্ম্মাদি অস্ত্র দ্বারা যুদ্ধ করিবেক ॥ ৫২২ ॥

দূষয়েচ্চাস্য সততং, যবসান্নোদকেন্ধনং। ভিন্দ্যাচ্চৈব তড়াগানি, প্রাকারান্ পরিখাংস্তথা ॥ ৫২৩ ॥

আর তড়াগ ও প্রাকার ও পরিখা এই সকল নষ্ট করত বিপক্ষের ঘাস অন্ন জল কাষ্ঠ সর্ব্বদা নষ্ট করিবেক ॥ ৫২৩ ॥

বলেষু প্রমুখো হস্তী, ন তথান্যো মহীপতেঃ। নিজৈরবয়বৈরেব, মাতঙ্গোঽষ্টায়ুধঃ স্মৃতঃ ॥ ৫২৪ ॥

রাজার সৈন্য মধ্যে গজই প্রধান, অন্য কেহ তাদৃশ নয়, কেননা আপন অবয়বেতেই হস্তী অষ্টায়ুধের কর্ম্ম করে ॥ ৫২৪ ॥

বলমশ্বাশ্চ সৈন্যানাং, প্রাকারোজঙ্গমো মতঃ। তস্মাদশ্বাধিকো রাজা, বিজয়ী স্থল বিগ্রহে ॥ ৫২৫ ॥

যেহেতু সেনার মধ্যে অশ্বসেনা সজীব প্রাকার হয় সেই হেতু যে রাজার ঘোটক অধিক, সেই রাজা স্থল যুদ্ধে জয়ী হন ॥ ৫২৫ ॥

তথাচোক্তং।

যুদ্ধ্যমানা হয়ারূঢ়া, দেবানামপি দুর্জ্জয়াঃ। অপি দূরস্থিতাস্তেষাং, বৈরিণো হস্তবর্ত্তিনঃ ॥ ৫২৬ ॥

তাহা কথিত আছে অশ্বারূঢ় যোদ্ধারা দেবতা-দিগেরও অজেয় কেননা দূরস্থ বিপক্ষেরাও তাহা-দের হস্তগত হয়। ৫২৬ ॥

প্রথমং যুদ্ধকারিত্বং, সমস্তবলপালনং। দিঙ্মার্গ-যোধশোধিত্বং পত্তিকর্ম্ম প্রচক্ষতে॥ ৫২৭ ॥

প্রথম যুদ্ধ, সকল সৈন্যের রক্ষা, দিগ্‌নির্ণয়, পথ শোধন, যোদ্ধারদিগের রক্ষা, এ সকল পদাতিকের কার্য্য॥ ৫২৭॥

স্বভাবশূর মস্ত্রজ্ঞ, মবিরক্তং জিতশ্রমং। প্র-সিদ্ধ ক্ষত্রিয়প্রায়ং, বলং শ্রেষ্ঠতমং বিদুঃ॥ ৫২৮ ॥

স্বভাবতঃ শূর, অস্ত্রবিৎ, অবিরক্ত, অশ্রান্ত, প্রসিদ্ধ ক্ষত্রিয় তুল্য, এই সকল সৈন্যকে বিজ্ঞেরা উত্তম করিয়া জানেন ॥ ৫২৮ ॥

যথা প্রভুকৃতান্মানাদ্, যুদ্ধ্যন্তে ভুবি মানবাঃ। ন তথা বহুভি র্দত্তৈ, দ্রবিণৈরপি ভূপতেঃ॥ ৫২৯॥

পৃথিবীতে স্বামিকৃত সম্মানে মনুষ্যেরা যাদৃশ যুদ্ধ করে অনেক ধন দিলেও তাদৃশ যুদ্ধ করেনা॥ ৫২৯ ॥

তথাপ্যসারসারঃ ক্রিয়তাং।

তথাপি অসার সার বিবেচনা করুন।

যতঃ। বরমল্পবলং সারং, ন কুর্য্যান্মুণ্ডমণ্ডলীং। কুর্য্যাদসারভঙ্গোহি, সারভঙ্গমপি স্ফুটং॥ ৫৩০ ॥

যেহেতু উত্তম অল্প সৈন্যও ভাল, মস্তক শ্রেণী ভাল নহে, কারণ অধম সৈন্যদের ভঙ্গ উত্তম সৈন্য ভঙ্গ করে। ৫৩০।

অপ্রসাদোঽনধিষ্ঠানং, দেয়াংশহরণঞ্চ যৎ।
কালযাপোঽপ্রতীকার, স্তদ্বৈরাগ্যস্য কারণং ॥ ৫৩১।

অপ্রসন্নতা, যুদ্ধ স্থলে অনাগমন, দাতব্য বেতনাদি না দেওয়া, কালযাপন করা, প্রতীকার না করা, এই সকল যুদ্ধে ঔদাস্যের কারণ। ৫৩১।

আপীড়য়ন্ বলং শত্রো, র্জিগীষুরতিপোষয়েৎ।
সুখসাধ্য দ্বিষাং সৈন্যং, দীর্ঘপ্রয়াণ পীড়িতং ॥ ৫৩২ ॥

জয়েচ্ছু রাজা দুঃসাধ্য শত্রুর সেনাকে ব্যামোহ দিয়া অনায়াসে সাধ্য বিপক্ষের দূরদেশগমনশ্রান্ত সেনাদিগকে অতিশয় পোষণ করিবেক। ৫৩১।

দায়াদাদপরো মন্ত্রো, নাস্তি ভেদকরো দ্বিষাং।
তস্মাদুত্থাপয়েদ্ যত্না, দ্দায়াদং তস্য বিদ্বিষঃ ॥ ৫৩৩ ॥

আর দায়াদ ব্যতিরেকে শত্রুর অন্য ভেদ কারক

মন্ত্র নাই অতএব বিপক্ষের দায়াদকে সঙ্গে করিয়া উঠাইবেক ॥ ৫৩৩ ॥

সন্ধায় যুবরাজেন, যদিবা মুখ্য মন্ত্রিণা। অন্তঃপ্রকোপনং কার্য্যং, অভিযোক্তুঃ স্থিরাত্মনঃ ॥ ৫৩৪ ॥

যুবরাজের সহিত কিম্বা প্রধান মন্ত্রির সহিত সন্ধি করিয়া স্থিরচিত্ত অভিযোক্তার অন্তঃকরণে ক্রোধ জন্মাইবেক ॥ ৫৩৪ ॥

ক্রূরং মিত্রং রণে চাপি, ভঙ্গং দত্ত্বা বিঘাতয়েৎ। অথবা গোগ্রহাকৃষ্ট্যা, তন্মুখ্যাশ্রিত বন্ধনাৎ ॥ ৫৩৫ ॥

খল মিত্রকে যুদ্ধে ভঙ্গ দিয়াও নষ্ট করিবেক কিম্বা গোগৃহের আকর্ষণ অথবা তাহার প্রধান আশ্রিতদের বন্ধন হেতু নষ্ট করিবেক। ৫৩৫।

স্বরাষ্ট্রং বাসয়েদ্রাজা, পরদেশাপহরণাৎ। অথবা দানমানাভ্যাং বাসিতং ধনদং হি তৎ ॥ ৫৩৬।

রাজা পরদেশাক্রমণ করিয়া স্বদেশ রক্ষা করিবেন কিম্বা দান ও সম্মান দ্বারা রক্ষা করিবেন যেহেতু সেই রক্ষণই ধনদ হয় ॥ ৫৩৬ ॥

রাজাহ আঃ কিং বহুনোদিতেন।

রাজা ক হলেন আঃ অনেক কথাতে কি প্রয়োজন।

আত্মোদয়ঃ পরগ্লানি, র্দ্বয়ং নীতিরিতীয়তী। তদূরীকৃত্য কৃতিভি,র্বাচস্পত্যং প্রতয়াতে ॥ ৫৩৬ ॥

আপনার বৃদ্ধি ও পরের হানি এই নীতি, তাহা স্বীকার করিয়াই বিজ্ঞেরা বাচস্পত্য প্রকাশ করেন ॥ ৫৩৭।

মন্ত্রিণা বিহস্যোচ্যতে সর্ব্বমেতৎ বিশেষতশ্চ উচ্যতে।

মন্ত্রী হাস্য করিয়া কহিল এই সকল বিশেষ করিয়া কথিত হইয়া থাকে।

কিন্তু। অন্যদুচ্ছৃঙ্খলং সত্ত্ব মন্যচ্ছাস্ত্রনিয়ন্ত্রিতং। সমানাধিকরণ্যং হি, তেজস্তিমিরয়োঃ কুতঃ ॥ ৫৩৮ ॥

কিন্তু এক প্রাণী উচ্ছৃঙ্খল অপর প্রাণী শাস্ত্র নিয়ন্ত্রিত। আলোক ও অন্ধকারের সামানাধিকরণ্য কোথায় অর্থাৎ যেমন এক অধিকরণে আলোক ও অন্ধকার দুই থাকে না এমনি একাধারে উচ্ছৃঙ্খলত্ব ও শাস্ত্রনিযন্তৃত্ব দুই থাকে না। ৫৩৮।

ততউত্থায় রাজা মৌহূর্ত্তিকাবেদিত লগ্নে প্রস্থিতঃ।

তাহার পর রাজা উঠিয়া দৈবজ্ঞ কর্ত্তৃক জ্ঞাপিত লগ্নে যাত্রা করিলেন।

অথ প্রহিতঃ প্রণিধিঃ হিরণ্যগর্ব্ভ মাগত্য উবাচ।

অনন্তর প্রেরিত চর হিরণ্যগর্ব্ভ সমীপে আসিয়া কহিল।

দেব, সমাগত প্রায়ো রাজা চিত্রবর্ণঃ, সম্প্রতি মলয়পর্ব্বতাধিত্যকায়াং সমাবাসিতকটকোহ নুবর্ত্ততে, দুর্গশোধনং প্রতিক্ষণমনুসন্ধাতব্যং।

হে মহারাজ, চিত্রবর্ণ রাজা আগত প্রায়, সম্প্রতি মলয়পর্ব্বত সন্নিধানে বাস করিতেছেন। অনুক্ষণ দুর্গানুসন্ধান কর্ত্তব্য।

যতোহসৌ গৃধ্রো মহামন্ত্রী।

যেহেতু ঐ গৃধ্র মহা মন্ত্রী।

কিঞ্চ কেনচিৎসহ তস্য বিশ্বাসকথাপ্রসঙ্গেনৈব তদিঙ্গিতমবগতং ময়া যদনেন কোপ্যস্মদ্দুর্গে প্রাগেব নিযুক্তঃ।

আর কোন ব্যক্তির সহিত তাহার প্রত্যয় কথালাপে ইঙ্গিতে জ্ঞাত হইয়াছি যে ঐ রাজা কোন

লোককে আমারদিগের দুর্গে পূর্ব্বেতেই প্রেরণ করিয়াছে।

চক্রবাকোব্রূতে।

চক্রবাক বলিল।

দেব, কাক এবাসৌ সম্ভবতি।

হে মহারাজ, কাকই এ সম্ভব হয়।

রাজাহ ন কদাচিদেতৎ. যদ্যেবং তদা কথং তেন শুকস্যাভিভবে উদ্যমঃ কৃতঃ।

রাজা বলিলেন ইহা কদাচ নয়, যদি এমন হবে, তবে শুকের পরাভবে সে কেন উদ্যম করিল।

অপরঞ্চ। শুকস্যাগমনাত্তস্য বিগ্রহোৎসাহঃ, স চিরাদত্রাস্তে।

এবং শুকের আগমনে তাহার যুদ্ধোৎসাহ। সে অনেক কাল এ স্থানে আছে।

মন্ত্রী ব্রূতেঽতথাপ্যাগন্তুঃ শঙ্কনীয়ঃ।

মন্ত্রী বলিলেন তথাপি আগন্তুক শঙ্কনীয়।

রাজাহ আগন্তুকা হি কদাচিদুপকারকা দৃশ্যন্তে।

রাজা কহিলেন আগন্তুক ব্যক্তিও কদাচিৎ উপকারক হয়।

শৃণু। পরোঽপি হিতবান্ বন্ধু র্বন্ধুরপ্যহিতঃ

পরঃ। অহিতো দেহজো ব্যাধি, হিতমারণ্য মৌষধং ॥ ৫৩৯ ॥

শুন, পরও হিতকারী বন্ধু হয়, বন্ধু ও অহিতকারী পর হয়। শরীর জাত রোগ অহিত হয়, বন্য ঔষধ হিত হয় ॥ ৫৩৯ ॥

অপরঞ্চ। আসীদ্বীরবরো নাম, শূদ্রকস্য মহীভৃতঃ। সেবকঃ স্বল্পকালেন, স দদৌ সুতমাত্মনঃ ॥ ৫৪০ ॥

অপর শূদ্রক রাজার বীরবর নামে ভৃত্য ছিল, সে অত্যল্প কালে নিজ পুত্রকে বলি দিয়াছিল ॥ ৫৪০ ॥

চক্রবাকঃ পৃচ্ছতি কথমেতৎ।

চক্রবাক কহিল একি প্রকার।

রাজা কথয়তি।

রাজা কহিলেন।

অহং পুরা শূদ্রকস্য রাজ্ঞঃ ক্রীড়াসরসি কর্পূরকেলি নাম্নো রাজহংসস্য পুত্র্যা কর্পূরমঞ্জর্য্যা সহানুরাগবানভবং।

আমি পূর্ব্বে শূদ্রক রাজার ক্রীড়া সরোবরে কর্পূরকেলি নামা রাজহংসের কন্যা কর্পূর মঞ্জরীর সহিত অতিশয় অনুরাগী হইয়াছিলাম।

তত্র বীরবরো নাম মহারাজপুত্রঃ কুতশ্চিদ্দেশা দাগত্য রাজদ্বার মুপগম্য প্রতিহারমুবাচ ॥

সেখানে মহারাজপুত্র বীরবর কোন দেশ হইতে আসিয়া রাজদ্বারে গিয়া দ্বারিকে বলিল।

অহং বেতনার্থী রাজপুত্রো রাজদর্শনং কারয়।

আমি বেতনার্থী রাজপুত্র, আমাকে রাজদর্শন করাও।

ততস্তেনাসৌ রাজদর্শনং কারিতোব্রূতে।

তাহার পর তাহা কর্তৃক সেই বীরবর রাজদর্শন প্রাপ্ত হইয়া বলিলেন।

দেব যদি ময়া সেবকেন প্রয়োজনমস্তি তদাস্ম দ্বর্তনং ক্রিয়তাং।

হে মহারাজ, যদ্যপি অস্মদ্ভৃত্যে মহারাজের প্রয়োজন থাকে তবে আমার বেতন করুন।

শূদ্রক উবাচ কিন্তে বর্ত্তনং।

শূদ্রক বলিল তোমার বেতন কি।

বীরবরো ব্রূতেপ্রত্যহং সুবর্ণপঞ্চশতানি দেহি।

বীরবর বলিলেন প্রত্যহ পাঁচ শত সুবর্ণ দেউন।

রাজাহ কা তে সামগ্রী।

রাজা বলিলেন তোমার সামগ্রী কি।

বীরবরো ব্রূতে দ্বৌ বাহু, তৃতীয়শ্চ খড়্গঃ।

বীরবর বলিলেন বাহু দুই, খড়্গ তৃতীয়।

রাজাহ নৈতচ্ছক্যং।

রাজা বলিলেন এত পারি না।

তচ্ছ্রুত্বা বীরবরশ্চলিতঃ।

তাহা শুনিয়া বীরবর চলিল।

অথ মন্ত্রিভিরুক্তং।

অনন্তর অমাত্যেরা কহিল।

দেব দিনচতুষ্টয়স্য বর্ত্তনং দত্ত্বা জ্ঞায়তামস্য স্বরূপং কিমুপযুক্তোঽয়ং এতাবদ্বর্ত্তনং গৃহ্লাত্য নুপযুক্তো বেতি।

হে মহারাজ চারি দিবসের বেতন দিয়া ইহার স্বরূপ জানুন, এলোক কেমন উপযুক্ত, এত বেতন লয়, অনুপযুক্তই বা।

ততো মন্ত্রিবচনাদাহূয় বীরবরায় তাম্বূলং দত্ত্বা পঞ্চ শতানি সুবর্ণানি দত্তানি তদ্বিনিয়োগশ্চ রাজ্ঞা সুনিভৃতং নিরূপিতঃ।

তৎপরে মন্ত্রির বাক্যে আহ্বান করিয়া বীরবরকে পান দিয়া পঞ্চশত সুবর্ণ দিলেন আর তাহার বিনি- য়োগ নির্জ্জনে নিরূপণ করিলেন।

বীরবরেণ তদর্দ্ধং দেবেভ্যোব্রাহ্মণেভ্যশ্চ দত্তং স্থিতস্যার্দ্ধং দুঃখিতেভ্যস্তদবশিষ্টং ভোজ্যব্যয়

বিলাসব্যয়েনৈতৎ সর্ব্বং নিত্যকৃত্যং কৃত্বা রাজদ্বারমহর্নিশং খড়্‌গপাণিঃ শেতে, যদা চ রাজা স্বয়ং সমাদিশতি তদা স্বগৃহমপি যাতি।

বীরবর তাহার অর্দ্ধেক দেবতাদিগকে ও ব্রাহ্মণদিগকে দিলেন, অবশিষ্ট অর্দ্ধেক দুঃখিদিগকে, তদবশিষ্ট খাদ্য দ্রব্যাদিতে ব্যয় করিলেন। এইরূপ নিত্য কর্ম্ম করিয়া রাজদ্বারে দিবা রাত্রি খড়্‌গ হস্তে শয়ন করেন যখন রাজা আপনি আজ্ঞা করেন তখন নিজ গৃহে যান।

অথৈকদা কৃষ্ণচতুর্দ্দশ্যাং রাত্রৌ রাজা করুণং ক্রন্দনধ্বনিং শুশ্রাব।

অনন্তর এক দিবস কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশী রাত্রিতে রাজা করুণার সহিত রোদন শব্দ শুনিলেন।

শূদ্রক উবাচ কঃ কোঽত্র দ্বারি।

শূদ্রক কহিলেন কে দ্বারে আছে।

তেনোক্তং দেবাহং বীরবরঃ।

তিনি কহিলেন, হে মহারাজ, আমি বীরবর।

রাজোবাচ ক্রন্দনানুসরণং ক্রিয়তাং।

রাজা বলিলেন ক্রন্দনের অনুসরণ কর।

বীরবরো যথাজ্ঞাপয়তি দেব ইত্যুক্ত্বা চলিতঃ।

বীরবর কহিলেন হে মহারাজ, যে প্রকার আজ্ঞা করেন, ইহা কহিয়া চলিল।

রাজা চ চিন্তিতং নৈতদুচিতং। অয়ং একাকী রাজপুত্রো ময়া সূচীভেদ্যে তমসি প্রেরিতঃ।

রাজা ভাবনা করিলেন ইহা উপযুক্ত হইল না ঘোর অন্ধকারে একাকী এই রাজপুত্র প্রেরিত হইল।

তদনুগত্বা কিমেতদিতি নিরূপয়ামি।

সেই হেতু পশ্চাৎ গমন করিয়া কিএ ইহা নিরূপণ করি।

ততো রাজাপি খড়্গমাদায় তদনুসরণ ক্রমেণ নগরাদ্বহি র্নির্জ্জগাম।

তাহার পর রাজাও অসি লইয়া তাহার অনুসরণ ক্রমেই নগরের বাহিরে গেলেন।

গত্বা চ বীরবরেণ রুদতী রূপযৌবনসম্পন্না সর্ব্বালঙ্কার ভূষিতা কাচিৎ স্ত্রী দৃষ্টা পৃষ্টা চ।

গিয়া বীরবর সেই স্থানে রোদনকারিণী রূপ যৌবন সম্পন্না সর্ব্বালঙ্কার ভূষিতা কোন স্ত্রী দেখিলেন ও জিজ্ঞাসা করিলেন।

কা ত্বং কিমর্থং রোদিষি।

কে তুমি, কি নিমিত্ত রোদন কর।

স্ত্রিয়োক্তং।

স্ত্রী কহিল।

অহমেতস্য শূদ্রকস্য রাজলক্ষ্মীশ্চিরাদেতস্য ভুজচ্ছায়ায়াং মহতা সুখেন বিশ্রান্তা। ইদানী মন্যত্র গমিষ্যামি।

আমি এই শূদ্রকের রাজলক্ষ্মী, চিরকাল ইহার বাহুচ্ছায়ায় বড় সুখে বিশ্রাম করিয়াছিলাম, সম্প্রতি অন্যত্র গমন করিব।

বীরবরো ব্রূতে।

বীরবর বলিলেন।

যত্রাপায়ঃ সম্ভবতি তত্রোপায়োঽপ্যস্তি তৎকথং স্যাৎ পুনরিহাবলম্বনং ভবত্যাঃ।

যেখানে অপায় হয় সেখানে উপায়ও আছে, কি প্রকারে এখানে পুনর্ব্বার আপনকার অবস্থান হইতে পারে।

লক্ষ্মীরুবাচ।

লক্ষ্মী কহিলেন।

যদি ত্বমাত্মনঃ পুত্রং শক্তিধরং দ্বাত্রিংশল্লক্ষণোপেতং ভগবত্যাঃ সর্ব্বমঙ্গলায়া উপহারীকরোষি তদাহং পুনরত্র সুচিরং নিবসামীত্যুক্ত্বাঽদৃশ্যাভবৎ।

যদ্যপি বত্রিশ লক্ষণে ভূষিত আপন পুত্র শক্তিধরকে তুমি ভগবতী সর্ব্বমঙ্গলার নিকট বলি দেও তবে আমি পুনশ্চ এখানে বহুকাল বাস করি, ইহা কহিয়া অদৃশ্যা হইলেন।

ততো বীরবরেণ স্বগৃহং গত্বা নিদ্রায়মানা স্ববধূঃ প্রবোধিতা পুত্রশ্চ। তৌ নিদ্রাং পরিত্যজ্য উপবিষ্টৌ।

তাহার পর বীরবর আপন গৃহে গিয়া নিদ্রিত আপন পত্নী ও পুত্রকে জাগাইলেন। তাহারা দুই জন নিদ্রা ত্যাগ করিয়া উঠিয়া বসিল।

বীরবর স্তৎ সর্ব্বং লক্ষ্মীবচনমুক্তবান্।

বীরবর সেই সকল লক্ষ্মীর বাক্য বলিলেন।

তচ্ছ্রুত্বা সানন্দঃ শক্তিধরো ব্রূতে।

তাহা শুনিয়া আহ্লাদিত হইয়া শক্তিধর বলিল।

ধন্যোঽহমেবম্ভূতঃ স্বামিরাজ্যরক্ষার্থং যস্মমোপযোগঃ শ্লাঘ্যস্তৎ কোঽধুনা বিলম্বস্য হেতু রেবম্বিধে কার্য্যণি দেহস্য বিনিয়োগঃ শ্লাঘ্যঃ।

আমি ধন্য, স্বামি রাজ্য রক্ষার নিমিত্ত যে আমার এতাদৃশ উপযোগিতা সে শ্লাঘ্য। এখন গৌণের কারণ কি, এতাদৃশ কার্য্যে শরীরের নিয়োগ শ্লাঘ্য।

যতঃ। ধনানি জীবিতঞ্চৈব, পরার্থে প্রাজ্ঞ উৎ-

সৃজেৎ। সন্নিমিত্তং বরং ত্যাগো বিনাশে নিয়তে সতি ॥ ৫৪১ ॥

যেহেতু পণ্ডিত ব্যক্তি ধন আর প্রাণ পরের নিমিত্ত ত্যাগ করিবেক কেননা শরীরের নাশ অবশ্যই হইবে ইহাতে সাধুর নিমিত্ত ত্যাগই ভাল ॥ ৫৪১ ॥

শক্তিধরমাতোবাচ।

শক্তিধরের মাতা কহিল।

যদ্যেতন্ন কর্ত্তব্যং তৎকেনাপ্যন্যেন কর্ম্মণা মুখ্যস্য মহাবর্ত্তনস্য নিষ্ক্রয়ো ভবিষ্যতি।

যদ্যপি ইহা না কর তবে অন্য কোন্ কর্ম্মে এতাদৃশ বেতনের নিষ্ক্রয় হইবে।

ইত্যালোচ্য সর্ব্বে সর্ব্বমঙ্গলায়াঃ স্থানং গতাঃ।

ইহা আলোচনা করিয়া সকলে সর্ব্বমঙ্গলার স্থানে গেল।

তত্র সর্ব্বমঙ্গলাং সম্পূজ্য বীরবরো ব্রূতে।

সেখানে সর্ব্বমঙ্গলাকে পূজা করিয়া বীরবর বলিলেন।

দেবি প্রসীদ, বিজয়তাং বিজয়তাং শূদ্রকো মহারাজঃ, গৃহ্যতামুপহার ইত্যুক্ত্বা পুত্রস্য শিরশ্চিচ্ছেদ।

হে দেবি প্রসন্না হও, শূদ্রক মহারাজ জয়যুক্ত হউন

আপনি বলি গ্রহণ করুন, ইহা কহিয়া পুত্রের মস্তক ছেদন করিলেন।

ততো বীরবরশ্চিন্তয়ামাস গৃহীতরাজবেতনস্য নিষ্ক্রয়ঃ কৃতঃ, অধুনা নিষ্পুত্রস্য জীবনমনমিত্যালোচ্যাত্মনঃ শিরশ্ছেদঃ কৃতঃ।

তদনন্তর বীরবর ভাবনা করিলেন গৃহীত রাজবেতনের নিষ্ক্রয় হইল সংপ্রতি অপুত্রের জীবন নিরর্থক, ইহা বিবেচনা করিয়া আপনার শিরশ্ছেদন করিলেন।

ততস্তৎপত্ন্যাপি স্বামিপুত্রশোকার্ত্তয়া তদনুষ্ঠিতং।

তাহার পর বীরবরের স্ত্রীও স্বামি পুত্র শোকে আর্ত্তা হইয়া তদ্রূপ করিল।

তৎ সর্ব্বং দৃষ্ট্বা রাজা সাশ্চর্য্যং চিন্তয়ামাস॥

রাজা এই সকল দেখিয়া বিস্ময়াপন্ন হইয়া চিন্তা করিলেন।

জীবন্তি চ ম্রিয়ন্তে চ, মদ্বিধাঃ ক্ষুদ্র জন্তবঃ। অনেন সদৃশো লোকে, ন ভূতো ন ভবিষ্যতি॥ ৫৩২॥

আমার তুল্য ক্ষুদ্র জন্তুরা জন্মিতেছে ও মরিতেছে কিন্তু ইহার তুল্য লোক পৃথিবীতে হয় নাই ও হইবে না॥ ৫৩২॥

তদেতেন পরিত্যক্তেন মম রাজ্যেনাপি প্রয়োজনং নাস্তি ॥

সেই হেতু ইহাতে রহিত হইয়া আমার রাজত্বেও প্রয়োজন নাই।

ততঃ শূদ্রকেণাপি স্বশিরশ্ছেত্তুং খড়্গঃ সমুত্থাপিতঃ ॥

তদনন্তর শূদ্রকও নিজ মস্তকচ্ছেদন করিবার নিমিত্তে খড়্গ উঠাইলেন।

অথ ভগবত্যা সর্ব্বমঙ্গলয়া রাজা হস্তে ধৃত উক্তশ্চ।

অনন্তর ভগবতী সর্ব্বমঙ্গলা রাজার হস্ত ধরিলেন আর কহিলেন।

পুত্র প্রসন্নাস্মি তে এতাবতা সাহসেন অলং. জীবনান্তেঽপি তব রাজ্য ভঙ্গো নাস্তি ॥

পুত্র! আমি তোমার প্রতি প্রসন্না হইলাম, এত সাহস নিরর্থক, প্রাণান্তেও তোমার রাজ্য ভঙ্গ হইবে না।

রাজা চ সাষ্টাঙ্গপাতং প্রণম্যোবাচ।

রাজা অষ্টাঙ্গ প্রণাম করিয়া কহিলেন।

দেবি, কিং মে রাজ্যেন, জীবিতেন বা কিং প্রয়োজনং, যদ্যহমনুকম্পনীয় স্তদা মমায়ুঃ শেষেণ

অয়ংসদারপুত্রো বীরবরো জীবতু, অন্যথাহং যথাপ্রাপ্তাং গতিঙ্গচ্ছামি।

হে দেবি, আমার রাজ্যে কি প্রয়োজন, প্রাণেইবা কি প্রয়োজন, যদ্যপি আমি অনুগৃহীত হই তবে আমার আয়ুর শেষ দ্বারা সদারাপত্য এই বীরবর বাঁচুন, নতুবা ইহারা যে গতি পাইয়াছেন আমিও সেই গতি পাইব।

ভগবত্যুবাচ পুত্রানেন তে সত্ত্বোৎকর্ষেণ ভৃত্যবাৎসল্যেন চ তুষ্টাস্মি, গচ্ছ বিজয়ী ভব, অয়মপি সপরিবারো রাজপুত্রো জীবত্বিত্যুক্ত্বা দেব্যদৃশ্যাভবৎ।

ভগবতী কহিলেন হে পুত্র, তোমার এই সত্যসন্ধানতাতে আর ভৃত্যবাৎসল্যেতে আমি তুষ্টা হইলাম, যাও, জয় যুক্ত হও, এই সপরিবার রাজকুমার বাঁচুক, ইহা কহিয়া অন্তর্হিতা হইলেন।

ততো বীরবরঃ সপুত্রদারো গৃহং গতঃ, রাজাপি তৈরলক্ষিতঃ সত্বরমন্তঃপুরং প্রবিষ্টঃ।

তদনন্তর বীরবর সদার পুত্র গৃহে গেলেন, রাজাও তাহারদিগের অলক্ষিত হইয়া শীঘ্র অন্তঃপুরে প্রবেশ করিলেন।

অথ প্রভাতে বীরবরো, দ্বারস্থঃ পুন র্ভূপালেন পৃষ্টঃ সন্ আহ।

অনন্তর প্রাতঃকালে দ্বারস্থ বীরবর পুনশ্চ রাজা কর্ত্তৃক জিজ্ঞাসিত হইয়া কহিলেন।

দেব, সা রুদতী স্ত্রী মা মবলোক্যাদৃশ্যাভবৎ ন কাপ্যন্যা বার্ত্তা বিদ্যতে। তদ্বচনমাকর্ণ্য রাজা চিন্তয়দয়ং শ্লাঘ্যো মহাসত্বঃ।

হে মহারাজ, রোদনকারিণী সেই স্ত্রী আমাকে নিরীক্ষন করিয়া অদৃশ্যা হইল। আর কোন বৃত্তান্ত নাই। তাহার কথা শুনিয়া রাজা চিন্তা করিলেন এই ব্যক্তি শ্লাঘ্য মহাসত্ব।

যতঃ। প্রিয়ং কুর্য্যাদকৃপণঃ, শূরঃ স্যাদবিকত্থনঃ। দাতা নাপাত্রবর্ষী চ, প্রগল্‌ভঃ স্যাদনিষ্ঠুরঃ॥ ৫৪৩॥

যেহেতু কার্পণ্য রহিত হইয়া প্রিয় করিবেক, শূর হইয়া আত্মশ্লাঘা রহিত হইবেক, দাতা অপাত্র দায়ী হইবেন না এবং বক্তা হইয়া নিষ্ঠুর বাক্য কহিবেক না॥ ৫৪৩।

এতন্মহাপুরুষ লক্ষণং, এতস্মিন্ সর্ব্বমস্তি।

এই মহা পুরুষের লক্ষণ, ইহাতে সমস্তই আছে।

ততঃ স রাজা প্রাতঃ শিষ্টসভাং কৃত্বা সর্ব্ববৃ-
ত্তান্তং প্রস্তুত্য প্রসাদাত্তস্মৈ কর্ণাটরাজ্যং দদৌ।

তাহার পর সেই রাজা পূর্ব্বাহ্নে শিষ্ট সভা করিয়া তদগ্রে সকল বৃত্তান্ত বর্ণন করিয়া অনুগ্রহ প্রযুক্ত বীর-বরকে কর্ণাট রাজ্য দিলেন।

তৎ কিমাগন্তুকো জাতিমাত্রাদ্দুষ্টঃ, তত্রাপি উত্তমা-
ধমমধ্যমাঃ সন্তি।

অতএব জাতিমাত্রেই কি আগন্তুক দুষ্ট?, তন্মধ্যেও উত্তম মধ্যম অধম আছে।

চক্রবাকো ব্রূতে।

চক্রবাক বলিল।

যোঽকার্য্যং কার্য্যবৎ শাস্তি, স কিং মন্ত্রী নৃপে-
চ্ছয়া। বরং স্বামিমনোদুঃখং, তন্ন শাসেদ
কার্য্যতঃ॥ ৫৪৪॥

রাজার ইচ্ছায় যেজন অকার্য্যও কার্য্য তুল্য করিয়া উপদেশ করে সে কি মন্ত্রী? প্রভুর মনের দুঃখও ভাল তথাপি অকার্য্যকে কার্য্য করিয়া উপদেশ করিবেক না

॥ ৫৪৪ ॥

বৈদ্যো গুরুশ্চ মন্ত্রী চ যস্য রাজ্ঞঃ প্রিয়ঃ সদা।
শরীরধর্ম্মকোষেভ্যঃ, ক্ষিপ্রং স পরিহীয়তে॥
৫৪৫।

যে রাজার বৈদ্য ও গুরু ও মন্ত্রি প্রিয়ম্বদ হয় সে রাজা শরীর এবং ধর্ম্ম ও ভাণ্ডার হইতে শীঘ্র পরিত্যক্ত হন॥ ৫৪৫ ॥

শৃণু দেব।

হে মহারাজ শ্রবণ করহ।

পুণ্যাল্লব্ধং যদেকেন, তন্মমাপি ভবিষ্যতি।
হত্বা ভিক্ষুং মহালোভা, ন্নিধ্যর্থী নাপিতো যথা
॥ ৫৪৬ ॥

পুণ্য প্রযুক্ত কোন এক ব্যক্তি যাহা পাইয়াছে তাহা আমারও হইবে ইহা জ্ঞান করিয়া যে লোক কর্ম্ম করে সে নষ্ট হয়, ইহার দৃষ্টান্ত অতিশয় লোভ প্রযুক্ত ভিক্ষুককে তাড়না করিয়া নিধ্যর্থী নাপিত নষ্ট হইয়াছিল ॥ ৫৪৬ ॥

রাজা পৃচ্ছতি কথমেতৎ।

রাজা জিজ্ঞাসিলেন এ কি প্রকার।

মন্ত্রী কথয়তি।

মন্ত্রী কহিলেন।

অস্ত্যযোধ্যায়াং চূড়ামণি র্নাম ক্ষত্রিয়ঃ, তেন ধনার্থিনা মহতা ক্লেশেন ভগবাংশ্চন্দ্রার্দ্ধচূড়ামণি শ্চির মারাধিতঃ।

অযোধ্যায় চূড়ামণি নামে একজন ক্ষত্রিয় ছিলেন,

তিনি ধনের নিমিত্ত ভগবান্ চন্দ্র চূড়ামণির বহুকাল আরাধনা করিলেন।

ততঃ ক্ষীণপাপোঽসৌ স্বপ্নে দর্শনং দত্ত্বা ভগবদাদেশাদযক্ষেশ্বরেণাদিষ্টঃ।

তাহার পর নিষ্পাপ ঐ ক্ষত্রিয়কে স্বপ্নে দর্শন দিয়া মহেশ্বরের আজ্ঞায় কুবের এই আদেশ করিলেন॥

যৎ ত্বমদ্য প্রাতঃ ক্ষৌরং কৃত্বা লগুড়ং হস্তে গৃহীত্বা গৃহে নিভৃতং স্থাস্যসি।

যে তুমি অদ্য পূর্বাহ্নে ক্ষৌর করিয়া হস্তে লগুড় লইয়া ঘরে লুক্কায়িত হইয়া থাকিবা।

ততোঽস্মিন্নেবাঙ্গনে সমাগতং ভিক্ষুং পশ্যসি তং নির্দ্দয়ং লগুড়প্রহারেণ হনিষ্যসি।

অনন্তর এই অঙ্গনে একজন ভিক্ষুককে আসিতে দেখিবা এবং নির্দ্দয় লগুড় প্রহারে তাহাকে নষ্ট করিবা।

ততঃ সুবর্ণ কলসো ভবিষ্যতি তেন ত্বয়া যাবজ্জীবং সুখিনা ভবিতব্যং।

তাহার পর সোণার কলস হইবে তাহাতেই তুমি জীবন পর্য্যন্ত সুখী হইয়া থাকিবে।

ততস্তথানুষ্ঠিতে তদ্বৃত্তং।

তদনন্তর তাহা করিলে তাহাই হইল।

তত্র ক্ষৌরকরণায়ানীতেন নাপিতেনালোক্য

চিন্তিতং অয়ে নিধিপ্রাপ্তেরয় মুপায়ঃ অহম পে্যবং কিং ন করোমি।

সেথানে ক্ষৌর করণের নিমিত্তে যে নাপিত আসিয়া ছিল সে তাহা দেখিয়া চিন্তা করিল যে নিধি পাইবার উপায় এই, আমিও এই প্রকার কেন না করি।

ততঃপ্রভৃতি স নাপিতঃ প্রত্যহং তথাবিধো লগুড়হস্তঃ সুনিভৃতং ভিক্ষোরাগমনং প্রতীক্ষতে।

সেই অবধি ঐ নাপিত প্রতিদিন সেই রূপ লগুড় হস্ত হইয়া নির্জ্জনে ভিক্ষুকের আগমন প্রতীক্ষা করিয়া থাকে।

একদা তেন প্রাপ্তো ভিক্ষু র্লগুড়েন ব্যাপাদিতঃ।

এক দিবস সেই নাপিত একজন ভিক্ষুককে পাইয়া লগুড় দ্বারা মারিয়া ফেলিল।

তস্মাদপরাধাৎ সোপি নাপিতো রাজপুরুষৈ র্ব্যাপাদিতঃ।

ঐ অপরাধে রাজপুরুষেরা ঐ নাপিতের প্রাণ দণ্ড করিল।

অতোহং ব্রবীমি পুণ্যাল্লব্ধং যদেকেনেত্যাদি।

অতএব আমি বলি পুণ্য প্রযুক্ত কোন ব্যক্তি ইত্যাদি।

রাজাহ।

রাজা কহিলেন।

পুরাবৃত্তকথোদ্গারৈঃ কথং নির্ণীয়তে পরঃ।
স্যান্নিষ্কারণবন্ধুর্বা, কিম্বা বিশ্বাসঘাতকঃ॥ ৫৪৭॥

পূর্ব্ব কালের বৃত্তান্ত কথন দ্বারা কি প্রকারে পর নির্ণীত হইবে, কারণ ব্যতিরেকে কি বন্ধু হইবে কিম্বা বিশ্বাস ঘাতক হইবে? ॥ ৪৮১॥

যাতু, প্রস্তুতমনুসন্ধীয়তাং মলয়াধিপত্যকায়াং চেৎ চিত্রবর্ণস্তদধুনা কিং বিধেয়ং।

যাউক, উপস্থিত অনুসন্ধান কর, মলয় পর্ব্বত সমীপে যদি চিত্রবর্ণ আসিয়া থাকে তবে এক্ষণে কি কর্ত্তব্য।

মন্ত্রী বদতি।

মন্ত্রী বলিল।

দেব আগতপ্রণিধিমুখান্ময়া শ্রুতং তন্মহামন্ত্রিণো গৃধ্রস্য উপদেশে চিত্রবর্ণেনানাদরঃ কৃতঃ।

হে মাহারাজ, আগত দূতের মুখে শুনিয়াছি ঐ মহামন্ত্রি গৃধ্রের উপদেশে চিত্রবর্ণ অনাদর করিয়াছে।

ততোঽসৌ মূঢো জেতুং শক্যঃ।

অতএব ঐ চিত্রবর্ণ মূঢ়, তাহাকে জয় করিতে পারা যাইবেক।

তথাচোক্তং। লুব্ধঃ ক্রূরোঽলসোঽসত্যঃ, প্রমাদিভিরবস্থিতঃ। মূঢ়ো যোধাবমন্তা চ, সুখচ্ছেদ্যো রিপুঃ স্মৃতঃ॥ ৫৪৮॥

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন লোভী ও খল ও অলস ও মিথ্যাবাদী ও অনবধানস্থ ও মূঢ় আর যোদ্ধাদিগের অবজ্ঞাকারক এই সকল বিপক্ষ অনায়াসচ্ছেদ্য হয়॥৫৪৮॥

ততোঽসৌ য বদস্মদ্দুর্গ দ্বার রোধং ন করোতি তাবন্নদ্যাদ্রিবনবর্ত্মসু তদ্বলানি হন্তুং সারসাদয়ঃ সেনাপতয়ো নিযুজ্যন্তাং।

সেই হেতু ঐ চিত্রবর্ণ যাবৎ আমার দিগের দুর্গ দ্বার রোধ না করে তাবৎ নদী ও পর্ব্বত ও বন ও পথে তাহার সেনা বিনাশ নিমিত্ত সারস প্রভৃতি সেনাপতিরা নিযুক্ত হউন।

তথাচ। দীর্ঘবর্ত্ম পরিশ্রান্তং, নদ্যাদ্রিবন সঙ্কুলং। ঘোরাগ্নিভয়সন্ত্রস্তং, ক্ষুৎপিপাসার্দ্দিতং তথা॥ ৫৪৯॥

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন দূরপথশ্রান্ত ও নদী

গিরি অরণ্যেতে আকুল তথা ঘোরাগ্নি ভয়ে ভীত ও ক্ষুধা পিপাসাতে পীড়িত। ৫৪৯॥

প্রমত্তং ভোজন ব্যগ্রং, ব্যাধি দুর্ভিক্ষ পীড়িতং।
অসংস্থিতমভূয়িষ্ঠং, বৃষ্টি বাতসমাকুলং॥ ৫৫০॥

মত্ত ও ভোজন ব্যস্ত ও রোগী এবং দুর্ভিক্ষে ক্ষুণ্ণ ও অনবস্থিত ও অল্প ও বৃষ্টি বায়ুতে ব্যাকুল॥ ৫৫০॥

পঙ্কপাংশুজলাচ্ছন্নং, সুব্যস্তং দস্যুবিদ্রুতং।
এবম্ভূতং মহীপালঃ, পরসৈন্যং বিঘাতয়েৎ॥ ৫৫১॥

পঙ্ক ধূলি এবং জলে আচ্ছন্ন ও অতিশয় ব্যগ্র ও দস্যু পীড়িত এবং এবম্ভূত শত্রুসেনাকে রাজা নষ্ট করিবেক॥ ৫৫১॥

অন্যচ্চ। অবস্কন্দভয়াদ্রাজা, প্রজাগর কৃত শ্রমং। দিবা সুপ্তং সমাহন্যা, ন্নিদ্রা ব্যাকুল সৈনিকং॥ ৫৫২॥

অপর আক্রমণ ভয়ে রাজা জাগরণশ্রান্ত দিবা-সুপ্ত ও নিদ্রা ব্যাকুল সেনাকে নষ্ট করিবেন॥ ৫৫২॥

অতস্তস্য প্রমাদিনো বলং গত্বা যথাবকাশং দিবানিশং ঘ্নন্ত্বস্মৎসেনাপতয়ঃ, তথানুষ্ঠিতে

চিত্রবর্ণস্য সৈনিকাঃ সেনাপতয়শ্চ বহবো নিহতাঃ।

এই নিমিত্তে অবকাশ ক্রমে গিয়া আমারদিগের সেনাপতিরা সেই প্রমন্তের বল নষ্ট করুক। তাহা করিলে পর চিত্রবর্ণের সেনা ও সেনাপতি অনেক নষ্ট হইল।

ততশ্চিত্রবর্ণো বিষণ্ণঃ স্বমন্ত্রিণং দূরদর্শিনমাহ।

তৎপরে চিত্রবর্ণ বিষণ্ণ হইয়া আপন মন্ত্রী দূরদর্শিকে বলিল।

তাত কিমিত্যস্মদুপেক্ষা ক্রিয়তে কিং ক্বাপ্য বিনয়ো মমাস্তি।

হে পিতঃ। কেন আমাকে উপেক্ষা করিতেছেন, কোথাও কি আমার অবিনয় আছে?

তথাচোক্তং। ন রাজ্যং প্রাপ্তমিত্যেবং বর্তিতব্য মসাম্প্রতং। শ্রিয়ং হ্যবিনয়ো হন্তি, জরা রূপ মিবোত্তমং॥ ৫৫৩॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন রাজত্ব পাইয়াছি জ্ঞান করিয়া অবিনয় করিবে না, বার্দ্ধক্যাবস্থা যেমন উত্তম সৌন্দর্য্য নষ্ট করে তেমনি অবিনয় সম্পত্তিকে নষ্ট করে। ৫৫৩॥

অপিচ দক্ষঃ শ্রিয় মধিগচ্ছতি, পথ্যাশী কল্যতাং

সুখ মরোগ্যঞ্চ। উদ্যুক্তো বিদ্যান্তং, ধর্ম্মার্থ যশাংসি বিনীতঃ ॥ ৫৫৪ ॥

আর কর্ম্মনিপুণ লোক সম্পত্তি পায়, পথ্যাশী লোক মঙ্গল ও সুখ ও আরোগ্য পায়, উদযোগী লোক বিদ্যার সীমা পায় এবং বিনয়েতে ধর্ম্ম ও অর্থ ও যশঃ পায় ॥ ৫৫৪ ॥

গৃধ্রোবদৎ দেব শৃণু।

গৃধ্র বলিল হে মহারাজ শুনুন।

অবিদ্বানপি ভূপালো, বিদ্যাবৃদ্ধোপসেবয়া।
পরাং ছায়া মবাপ্নোতি, জলাসন্ন তরুর্যথা ॥ ৫৫৫ ॥

জল সমীপস্থ বৃক্ষের ন্যায় অজ্ঞ রাজাও গুণবানকে নিকটে রাখিয়া পর হইতে ছায়া প্রাপ্ত হয় ॥ ৫৫৫ ॥

অন্যচ্চ। পানং স্ত্রী মৃগয়া দ্যূত, মর্থদূষণমেবচ। বাগ্‌দণ্ডজঞ্চ পারুষ্যং, ব্যসনানি মহীভুজাং ॥ ৫৫৬ ॥

অপর মাদক দ্রব্যের পান, স্ত্রী, মৃগয়া, দ্যূতক্রীড়া, পরদ্রব্যের অপহরণ, অবশ্য দেয়ের অদান, নিষ্ঠুর বাক্য, নিরপরাধকে দণ্ড করা, এই সকল রাজাদিগের ব্যসন ॥ ৫৫৬ ॥

কিঞ্চ। ন সাহসৈকান্তরসানুবর্ত্তিনা, ন চাপ্যপায়োপহতান্তরাত্মনা। বিভূতয়ঃ শক্যমবাপ্তু

মূর্চ্ছিতা, নয়েচ শৌর্য্যে চ বসন্তি সম্পদঃ ॥ ৫৫৭ ।

আর কেবল সাহস মাত্রাবলম্বী লোক এবং অপায় চিন্তায় উপহত চিত্ত লোক ঐশ্বর্য্য পাইতে পারে না কিন্তু ন্যায়েতে ও শৌর্য্যেতে সম্পত্তি পায় । ৫৫৭ ॥

ত্বয়া স্ববলোৎসাহমবলোক্য সাহসৈকবাদিনা ময়োপন্যস্তেষ্বপি মন্ত্রেষ্বনবধানং বাক্‌পারুষ্যঞ্চ কৃতং অতোদুর্নীতেঃ ফলমিদমনুভূয়তে।

তুমি নিজ সেনার উৎসাহ দেখিয়া সাহসিক হইয়া আমা কর্ত্তৃক উপদিষ্ট মন্ত্রণাতে অনবধান করিয়াছ আর নিষ্ঠুর বাক্য কহিয়াছ অতএব সেই দুর্নীতির ফল এই অনুভূত হইতেছে।

তথাচোক্তং। দুর্ম্মন্ত্রিণং কমুপযান্তি ন নীতি-দোষাঃ, সন্তাপয়ন্তি কমপথ্যভুজং ন রোগাঃ। কং শ্রীর্ন দর্পয়তি কংন নিহন্তি মৃত্যুঃ, কংস্ত্রীকৃতা ন বিষয়াঃ পরিতাপয়ন্তি ॥ ৫৫৮ ॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন নীতি দোষ কোন্ দুষ্ট মন্ত্রকারিকে না পায় ও রোগ কোন্ কুপথ্যাশিকে তাপ না দেয়, সম্পত্তি কোন্ লোককে গর্ব্বিত না করে, যম কাহাকে নষ্ট না করে, স্ত্রীকৃত বিষয় কাহাকে তাপিত না করে ॥৫৫৮ ॥

অপরঞ্চ! মুদং বিষাদঃ শরদং হিমাগম স্তমো

বিবস্বান্ সুকৃতঙ্কৃতঘ্নতা। প্রিয়োপপত্তিঃ শুচমাপদং নয়ঃ শ্রিয়ং সমৃদ্ধা মপি হন্তি দুর্নয়ঃ॥ ৫৫৯॥

বিষণ্নতা হর্ষকে, শীতকাল শরৎকে, সূর্য্য অন্ধকারকে, কৃতঘ্নতা পুণ্যকে, মিত্রদর্শন শোককে, ন্যায় বিপত্তিকে, দুর্নীতি অতিরিক্ত ঐশ্বর্য্যকে নষ্ট করে॥ ৫৫৯॥

ইত্যুক্ত্বা তেন মন্ত্রিণালোচিতং প্রজ্ঞাহীনোঽয়ং রাজা, নোচেৎ কথং নীতিশাস্ত্রকথাকৌমুদীং বাগুল্কাভি স্তিমিরয়তি।

ইহা কহিয়া সেই মন্ত্রী আলোচনা করিল এই রাজা নির্ব্বুদ্ধি, নতুবা কেন নীতি শাস্ত্রের কথা রূপ জ্যোৎস্নাকে বাক্যরূপ উলকা দ্বারা অন্ধকার করিতেছে।

যতঃ। যস্য নাস্তি স্বয়ং প্রজ্ঞা, শাস্ত্রং তস্য করোতি কিং। লোচনাভ্যাং বিহীনস্য, দর্পণঃ কিং করিষ্যতি॥ ৫৬০॥

যেহেতু যাহার বুদ্ধি নাই শাস্ত্র তাহার কি করিবে, দুই চক্ষুতে রহিত ব্যক্তির দর্পণ কি করিতে পারে॥ ৫৬০॥

ইত্যালোচ্য তূষ্ণীং স্থিতঃ।

ইহা আলোচনা করিয়া চুপ করিয়া থাকিল।

অথ রাজা বদ্ধাঞ্জলিরাহ।

অনন্তর রাজা কৃতাঞ্জলি হইয়া কহিলেন।

তাত, অস্ত্যয়ং মমাপরাধঃ, ইদানীং যথাবশিষ্ট বল সহিতঃ প্রত্যাবৃত্য বিন্ধ্যাচলং গচ্ছামি তথোপদিশ।

হে পিতঃ! আমার অপরাধ হইয়াছে, সম্প্রতি অবশিষ্ট সৈন্যের সহিত ফিরিয়া বিন্ধ্যপর্ব্বতে যেরূপে যাই তদ্রূপ উপদেশ কর।

গৃধ্রঃ স্বগতং চিন্তয়তি ক্রিয়তামত্র প্রতীকারঃ।

গৃধ্র অন্তঃকরণ মধ্যে চিন্তা করিতে লাগিল ইহাতে প্রতীকার করি।

যতঃ দেবতাসু গুরৌ গোষু, রাজসু ব্রাহ্মণেষু চ।
নিয়ন্তব্যঃ সদা কোপো, বালবৃদ্ধাতুরেষু চ ॥ ৫৬১ ॥

যেহেতু দেবতাতে, গুরুতে, গরুতে, রাজাতে, ব্রাহ্মণেতে, বালকেতে, বৃদ্ধেতে, এবং আতুরেতে কদাচ ক্রোধ কর্ত্তব্য নয় ॥ ৫৬১ ॥

মন্ত্রী প্রহস্য ব্রূতে।

মন্ত্রী হাসিয়া কহিল।

দেব মা ভৈষীঃ সমাশ্বসিহি শৃণু দেব।

হে মহারাজ, ভয় করিও না, আশ্বস্ত হইয়া শুন।

মন্ত্রিণাং ভিন্ন সন্ধানে, ভিষজাং সন্নিপাতনে।

কর্ম্মণি প্রেক্ষ্যতে প্রজ্ঞা, সুস্থে কোবা ন পণ্ডিতঃ।
৫৬২।

মন্ত্রি দিগের ভিন্ন সন্ধানেতে ও বৈদ্যদিগের সন্নিপা-তেতে বুদ্ধি জানা যায়, সুস্থেতে কে পণ্ডিত নয়॥ ৫৬২॥

আরভন্তেঽল্পমেবাজ্ঞাঃ কামং ব্যগ্রা ভবন্তি চ।
মহারম্ভাঃ কৃতধিয়, স্তিষ্ঠন্তি চ নিরাকুলাঃ॥ ৫৬৩॥

অপর নির্ব্বুদ্ধি লোকেরা অল্প কর্ম্ম করে অধিক ব্যস্ত হয়, সুবুদ্ধি লোকেরা মহৎ কর্ম্ম করে অথচ ব্যাকুল হয় না॥ ৫৬৩॥

তদত্র ভবৎ প্রতাপাদেব দুর্গং ভঙ্ক্ত্বা কীর্ত্তি প্রতাপ সহিতং ত্বা মচিরেণ কালেন বিন্ধ্যাচলং নেষ্যামি।

সেই হেতু আপনকার অনুগ্রহে দুর্গ ভাঙ্গিয়া কীর্ত্তি ও প্রতাপের সহিত আপনাকে অল্প কালেই বিন্ধ্য-পর্ব্বতে লইয়া যাইব।

রাজাহ কথমধুনা স্বল্পবলেন তৎ সম্পাদ্যতে।

রাজা কহিলেন কি প্রকারে সম্প্রতি অত্যল্প সেনাতে তাহা সম্পন্ন হইবে।

গৃধ্রো বদতি।

গৃধ বলিল।

দেব সর্ব্বং ভবিষ্যতি যতো বিজিগীষো দীর্ঘসূত্রতা বিজয়সিদ্ধের বশ্যংভাবি লক্ষণং, তৎ সহসৈব দুর্গাবরোধঃ ক্রিয়তাং।

হে মহারাজ, সমস্ত হইবে যেহেতু জয়েচ্ছু রাজার দীর্ঘ সূত্রতা জয় সিদ্ধির চিহ্ন, অতএব সহসা দুর্গ রোধ করা যাউক।

প্রহিত প্রণিধিনা বকেনাগত্য হিরণ্যগর্ব্ভস্য তৎ কথিতং।

হিরণ্যগর্ভের প্রেরিত চর বক আসিয়া তাহা কহিল।

দেব স্বল্পবল এবায়ং রাজা চিত্রবর্ণো গৃধ্রস্য মন্ত্রোপষ্টম্ভেন দুর্গাবরোধং করিষ্যতি।

হে মহারাজ, অবশিষ্ট অত্যল্প সেনার সহিত ঐ রাজা চিত্র বর্ণ গৃধ্রের পরামর্শে দুর্গ রোধ করিবে।

রাজাহ সর্ব্বজ্ঞ কিমধুনা বিধেয়ং।

রাজা কহিলেন হে সর্ব্বজ্ঞ এখন কি কর্ত্তব্য।

চক্রবাকো ব্রূতে।

চক্রবাক বলিল।

স্ববলে সারাসার বিচারঃ ক্রিয়তাং তজ্জ্ঞাত্বা স্বর্ণ বস্ত্রাদিকং যথার্হং প্রসাদ প্রদানং ক্রিয়তাং।

নিজ সেনার মধ্যে সারাসার বিবেচনা করুন, তাহা

জানিয়া উপযুক্ত মতে পারিতোষিক সুবর্ণ বস্ত্রাদি দেউন।

যতঃ। যঃ কাকিনীমপ্যপথপ্রপন্নাং, সমুদ্ধরেন্নিষ্ক সহস্র তুল্যাং। কালেষু কোটিষ্বপি মুক্ত হস্ত, স্তং রাজ সিংহং ন জহাতি লক্ষ্মীঃ॥ ৫৬৪॥

যেহেতু যিনি অস্থান স্থিত কাকিনীকেও সহস্র নিষ্ক তুল্য জ্ঞান করিয়া সংগ্রহ করেন আর সময় বিশেষে কোটি ধনেও মুক্তহস্ত হন সেই রাজসিংহকে লক্ষ্মী ত্যাগ করেন না॥ ৫৬৪॥

অন্যচ্চ। ক্রতৌ বিবাহে ব্যসনে রিপুক্ষয়ে, যশস্করে কর্ম্মণি মিত্রসংগ্রহে। প্রিয়াসু নারীষু নরেষু বান্ধবেষ্বতিব্যয়ো নাস্তি নরাধিপাষ্টসু॥ ৫৬৫॥

অপর যজ্ঞে, বিবাহে, বিপৎকালে, শত্রুক্ষয়ে, কীর্ত্তিকর কর্ম্মে, মিত্র করণে প্রিয়া স্ত্রীতে, বন্ধু লোকেতে, এই আটে অতি ব্যয় শঙ্ক নাই॥ ৫৬৫॥

যতঃ। মূর্খঃ স্বল্পব্যয়ত্রাসাৎ, সর্ব্বনাশং করোতি হি। কঃ সুধীঃ সন্ত্যজেদ্ভাণ্ডং, শুল্কস্যৈবাতিসাধ্বসাৎ॥ ৫৬৬॥

যেহেতু নির্ব্বুদ্ধি লোকই অত্যল্প ব্যয়ের ভয়ে সর্ব্ব-

নাশ করে, নচেৎ কোন্ সুবুদ্ধি লোক শুল্কদানের ভয়ে মোট ত্যাগ করে ॥ ৫৬৩॥

রাজাহ কথমিহ সময়ে অতিব্যয়ো যুজ্যতে।

রাজা কহিলেন কিপ্রকারে এসময়ে অতিরিক্ত ব্যয় যুক্ত হয়।

উক্তঞ্চ। আপদর্থে ধনং রক্ষেৎ।

পণ্ডিতেরা কহিয়াছেন বিপত্তির নিমিত্ত ধন রক্ষা করিবেক।

মন্ত্রী ব্রূতে। শ্রীমতঃ কথমাপদঃ।

মন্ত্রী বলিল ধনবানের কি আপদ।

রাজাহ॥ কদাচিচ্চলতে লক্ষ্মীঃ।

রাজা কহিলেন লক্ষ্মীও কখন যান।

মন্ত্রী ব্রূতে। সঞ্চিতার্থো বিনশ্যতি।

মন্ত্রী বলিল সঞ্চিত ধনও নষ্ট হয়।

তদ্দেব কার্পণ্যং বিমুচ্য দানমানাভ্যাং স্বভটাঃ পুরস্ক্রিয়ন্তাং।

অতএব হে মহারাজ, কৃপণতা ত্যাগ করিয়া দান ও সম্মান দ্বারা স্বকীয় যোদ্ধাদিগের পুরস্কার করুন।

তথাচোক্তং। পরস্পরজ্ঞাঃ সংহৃষ্টাঃ ত্যক্তুং

প্রাণান্ সুনিশ্চিতাঃ। কুলীনাঃ পূজিতাঃ সম্যগ্‌বিজয়ন্তে দ্বিষদ্বলং ॥ ৫৬৭॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন পরস্পর পরিচিত ও হর্ষিত ও প্রাণ ত্যাগ করিতে উদ্যত ও কুলীন ও সম্মানিত, ইহারা বিপক্ষের সেনাকে জয় করে ॥ ৫৬৭ ॥

অপরঞ্চ। সুভটাঃ শীলসম্পন্নাঃ, সংহতাঃ কৃতনিশ্চয়াঃ। অপি পঞ্চশতং শূরা, নিঘ্নন্তি রিপুবাহিনীং ॥ ৫৬৮ ॥

অপর শীল সম্পন্ন, মিলিত, প্রাণ ত্যাগ করিতে উদ্যুক্ত ও শূর, এতদ্রূপ স্বকীয় পাঁচ শত যোদ্ধাও শত্রুপক্ষীয় অনেক সেনাকে নষ্ট করে ॥ ৫৬৮ ॥

কিঞ্চ। শিষ্টৈ রপ্যবিশেষজ্ঞ, উগ্রশ্চ কৃতনাশকঃ। ত্যজ্যতে কিং পুনর্নান্যৈ, র্যশ্চাপ্যাত্মম্ভরির্নরঃ ॥ ৫৬৯।

অপর শিষ্ট লোকেরাও বিশেষ জ্ঞান রহিত ক্রোধী কৃতঘ্ন আত্মম্ভরি লোককে ত্যাগ করেন, অন্যেরা যে ত্যাগ করিবে তাহার আর কথা কি ॥ ৫৬৯।

সত্যং শৌর্য্যং দয়া ত্যাগো, নৃপস্যৈতে মহাগুণাঃ। এভি র্মুক্তো মহীপালঃ, প্রাপ্নোতি খলু বাচ্যতাম্ ॥ ৫৭০ ॥

যেহেতু সত্য ও শৌর্য্য ও দয়া ও দান এই সকল

রাজার মহৎ গুণ, এই সকল গুণে রহিত রাজা নিতান্ত নিন্দ্যত পায়। ৫৭০।

ঈদৃশি প্রস্তাবে অমাত্যাস্তাবদেব পুরস্কর্ত্তব্যাঃ।
এতাদৃশ বিষয়ে মন্ত্রিদিগের পুরস্কার করা কর্ত্তব্য।

তথাচোক্তং। যো যেন প্রতিবুদ্ধঃ স্যাৎ, সহ তেনোদয়ী ব্যয়ী। সুবিশ্বস্তো নিযোক্তব্যঃ, প্রাণেষু চ ধনেষু চ ॥ ৫৭১ ॥

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন যে রাজা যে মন্ত্রি হইতে বাড়েন সে রাজা সে মন্ত্রিকে বাড়াইবেন আর ধন দিবেন এবং জীবন বিষয়েতে ও ধন বিষয়ে অত্যন্ত বিশ্বস্ত পাত্রকে নিয়োগ করিবেন ॥ ৫৭১ ॥

যতঃ। ধূর্ত্তঃ স্ত্রী বা শিশুর্যস্য, মন্ত্রিণঃ স্যুর্মহীপতেঃ। অনীতি পবন ক্ষিপ্তঃ, কার্য্যাব্ধৌ স নিমজ্জতি ॥ ৫৭২ ॥

যেহেতু ধূর্ত্ত ও স্ত্রী ও বালক ইহারা যে রাজার মন্ত্রী সে রাজা অন্যায় রূপ বায়ুতে বিক্ষিপ্ত হইয়া কার্য্যরূপ সমুদ্রে মগ্ন হয়। ৫৭২ ॥

শৃণু দেব। হর্ষ ক্রোধৌ সমৌ যস্য, শাস্ত্রার্থে প্রত্যয়স্তথা। নিত্যং ভৃত্যানপেক্ষা চ, যস্য স্যাদ্ধনদা ধরা ॥ ৫৭৩ ॥

শুন হে মহারাজ, যাহার হর্ষ ও ক্রোধ সমান আর

শাস্ত্র প্রতিপাদ্যেতে দৃঢ় প্রত্যয় আর সর্ব্বদা ভৃত্যের অনপেক্ষা, পৃথিবী তাহার ধনদা হয়॥ ৫৭৩॥

যেষাং রাজ্ঞা সহ স্যাতা, মুপচয়াপচয়ৌ ধ্রুবং। অমাত্যা ইতি তান্রাজা, নাবমন্যেৎ কদাচন॥ ৫৭৪।

রাজার সহিত যাহারদিগের বৃদ্ধি ও হ্রাস হয় তাহারদিগকে অমাত্য বলিয়া রাজা কদাচ অবজ্ঞা করিবেন না॥ ৫৭৪॥

যতঃ। মহীভুজো মদান্ধস্য, সঙ্কীর্ণস্যেব দ-ন্তিনঃ। স্খলতো হি করালম্বঃ, সসুহৃচ্চিরচে-ষ্টিতং॥ ৫৭৫॥

যেহেতু হস্তি সমূহ মধ্যস্থ স্খলন বিশিষ্ট মদান্ধ হস্তির করাবলম্বন যেমন বহুকাল চেষ্টাতে হয় এমনি কার্য্যেতে স্খলন বিশিষ্ট মদান্ধ রাজার করাদায় মন্ত্রিরদিগের বহুকাল চেষ্টাতে হয়॥ ৫৭৫॥

অথাগত্য প্রণম্য মেঘবর্ণো ব্রূতে।

অনন্তর মেঘবর্ণ আসিয়া প্রণাম করিয়া বলিল।

দেব, দৃষ্টি প্রসাদং কুরু ইদানীং বিপক্ষো দুর্গ দ্বারি বর্ত্ততে।

হে মহারাজ, অনুগ্রহ পূর্ব্বক অবলোকন করুন সম্প্রতি দুর্গ দ্বারে বিপক্ষ আসিয়াছে।

তদ্দেবপাদাদেশাদ্বহির্নিঃসৃত্য স্ববিক্রমং দর্শয়ামি।

সেই হেতু মহারাজ চরণের আজ্ঞা হইলে বাহিরে গিয়া নিজ পরাক্রম দেখাই।

তেন দেবপাদানামানৃণ্যমুপগচ্ছামি।

তাহা করিয়া মহারাজের পায়ের অঋণী হই।

চক্রবাকো ব্রূতে।

চক্রবাক বলিল।

মৈবং যদি বহির্নিঃসৃত্য যোদ্ধব্যং তদা দুর্গাশ্রয়ণমেব নিষ্প্রয়োজনং।

এমত করিবেন না, যদ্যপি বাহির হইয়া যুদ্ধ করা যায় তবে দুর্গাশ্রয় নিষ্প্রয়োজন।

অপরঞ্চ। বিষমো হি যথা নক্রঃ, সলিলান্নির্গতোঽবশঃ। বনাদ্বিনির্গতঃ শূরঃ, সিংহোঽপি স্যাচ্ছৃগালবৎ॥ ৫৭৬॥

অপর ভয়ানক কুম্ভীর জল হইতে নির্গত হইলে অবশ হয় এবং বলবান্ সিংহও বন হইতে নির্গত হইলে শৃগালের ন্যায় হয়॥ ৫৭৭॥

দেব স্বয়ং গত্বা দৃশ্যতাং যুদ্ধং।

হে মহারাজ, আপনি গিয়া যুদ্ধ দেখুন।

যতঃ। পুরস্কৃত্য বলং রাজা, যোধয়েদবলোকয়-

নু। স্বামিনাধিষ্ঠিতঃ শ্বাপি, কিং ন সিংহায়তে ধ্রুবং ॥ ৫৭৭ ॥

যেহেতু রাজা স্বয়ং দর্শন করত সৈন্যকে অগ্রে করিয়া যুদ্ধ করাইবেন; কেননা স্বাম্যধিষ্ঠিত কুক্কুরও সিংহের ন্যায় আচরণ করে ॥ ৫৭৭ ॥

অথ তে সর্ব্বে দুর্গ দ্বারং গত্বা মহাহবং কৃতবন্তঃ।

অনন্তর তাহারা সকলে দুর্গ দ্বারে যাইয়া অতিবড় যুদ্ধ করিল।

অপরেদ্যুশ্চিত্রবর্ণোরাজা গৃধ্রমুবাচ।

পর দিবস চিত্রবর্ণ রাজা গৃধ্রকে বলিল।

তাত স্বপ্রতিজ্ঞাতমধুনা নির্ব্বাহয়।

হে তাত, এখন আপন প্রতিজ্ঞা প্রতিপালন কর।

গৃধ্রো ব্রূতে।

গৃধ্র বলিল।

দেব শৃণু।

হে মহারাজ শুনুন।

অকাল সহমত্যল্পং, মূর্খব্যসনি নায়কং। অগুপ্তং ভীরু যোধশ্চ, দুর্গব্যসনমুচ্যতে ॥ ৫৭৮ ॥

উপযুক্তকালের অসহিষ্ণু ও অত্যল্প সৈন্য এবং

ব্যসনি ও মূর্খ নায়কের অধীন সেনা। আর অগুপ্ত ও ভীরু যোধ, এই সকল দুর্গ ব্যসন ॥ ৫৭৮ ॥

তদ্ভাবদত্র নাস্তি।

এখানে সে সকল নাহি।

উপজাপশ্চিরাবোধো,হবস্কন্দস্তীব্রপৌরুষঃ। দুর্গস্য লঙ্ঘনোপায়াশ্চত্বারঃ, কথিতাইমে ॥ ৫৭৯ ॥

কিন্তু ভেদ আর বহু কাল না বুঝা আর আক্রমণ আর উগ্রপুরুষ এই চারি দুর্গ লংঘনের উপায় ॥ ৫৭৯॥

অত্র যথাশক্তি ক্রিয়তে যত্নঃ। কর্ণে কথয়তি এবমেবং।

কর্ণে কহিল শক্ত্যনুসারে এই এই যত্ন কর।

ততোঽনুদিত এব ভাস্করে চতুর্ষ্বপি দুর্গদ্বারেষু বৃত্তে যুদ্ধে দুর্গাভ্যন্তর গৃহেষ্বেকদা কাকৈরগ্নির্নিক্ষিপ্ত স্ততো গৃহীতং গৃহীতং দুর্গমিতি কোলাহলং শ্রুত্বা সর্ব্বতঃ প্রদীপ্তাগ্নিমবলোক্য রাজহংস সৈনিকা দুর্গবাসিনশ্চ সত্বরং হ্রদং প্রবিষ্টাঃ।

তদনন্তর সূর্য্যোদয়ের পূর্ব্বেতেই দুর্গের চারি দ্বারে যুদ্ধ হইলে পর এক দিবস দুর্গ মধ্যবর্ত্তি গৃহে কাকেরা অগ্নি ক্ষেপণ করিল তাহার পর দুর্গ লইয়াছি২ এই কোলাহল শুনিয়া সর্ব্বত্র জ্বলিতাগ্নি

দেখিয়া রাজ হংসের সেনারা আর দুর্গবাসি লোকেরা ত্বরায় হ্রদে প্রবেশ করিল।

যতঃ। সুমন্ত্রিতং সুবিক্রান্তং সুযুদ্ধং সুপলায়িতং। কার্য্যকালে যথাশক্তি, কুর্য্যান্ন তু বিচারয়েৎ॥ ৫৮০॥

যেহেতু কার্য্য উপস্থিত হইলে যাহা মন্ত্রণা করিয়া থাকে শক্ত্যনুসারে তাহা করিবেক কিম্বা যুদ্ধ করিবেক কিম্বা পলায়ন করিবেক, বিচার করিবে না। ৫৮০॥

রাজহংসঃ স্বভাবান্মন্দগতিঃ সারসদ্বিতীয়শ্চ চিত্রবর্ণস্য সেনাপতিনা কুক্কুটেনাগত্য বেষ্টিতঃ।

স্বাভাবতঃ মন্দগতি রাজহংস আর দ্বিতীয় সারস এই দুই জনকে চিত্রবর্ণের সেনাপতি কুক্কুট আসিয়া বেড়িল।

হিরণ্যগর্ভঃ সারসমাহ।

হিরণ্যগর্ভ সারসকে বলিল।

সারস সেনাপতে মমানুরোধাদাত্মানং কথং ব্যাপাদয়িষ্যসি ত্বমধুনা গন্তুং শক্তঃ তৎকৃত্বা জলং প্রবিশাত্মানং পরিরক্ষ অস্মৎ পুত্ত্রং চূড়ামণি নামানং সর্ব্বজ্ঞ সম্মত্যা রাজানং করিষ্যসি।

হে সেনাপতে আমার অনুরোধে আপনাকে কেন

নষ্ট কর, তুমি এখন যাইতে পার, তাহা করিয়া জলে প্রবেশ কর আপনাকে রক্ষা কর চূড়ামণি নামক আমার পুত্রকে সর্ব্বজ্ঞের সম্মতিতে রাজা করিও।

সারসো ব্রূতে।

সারস বলিল।

দেব ন বক্তব্যমেবং দুঃসহং বচঃ, যাবচ্চন্দ্রার্কৌ দিবি তিষ্ঠতঃ তাবদ্বিজয়তাং দেবঃ।

হে মহারাজ এতাদৃশ দুঃসহ বাক্য বক্তব্য নয় যাবৎ চন্দ্র সূর্য্য গগনে আছেন তাবৎ পর্য্যন্ত মহারাজ আপনি জয়ী হউন।

অহং দেব দুর্গাধিকারী মন্মাংসাসৃগ্বিলিপ্তেন দ্বার বর্ত্মনা প্রবিশতু শত্রুঃ।

আমি দুর্গাধিকারী, আমার মাংস রক্ত লিপ্ত দ্বার পথে শত্রু প্রবেশ করুক।

অপরঞ্চ। দাতা ক্ষমী গুণগ্রাহী, স্বামী দুঃখেন লভ্যতে।

অপর দাতা ক্ষমাবান্ গুণগ্রাহক প্রভু বহুকষ্টে মিলে।

রাজাহ সত্যমেবৈতৎ।

রাজা কহিতেছে ইহা যথার্থই বটে।

কিন্তু। শুচির্দ্দক্ষোঽনুরক্তশ্চ জানে ভৃত্যোঽপি দুর্ল্লভঃ।

কিন্তু পবিত্র কর্ম্মনিপুণ অনুরক্ত এতদ্রূপ ভৃত্য ও দুর্ল্লভ।

সারসো ব্রূতে
সারস বলিল।

দেব যদি সমরমপাস্য নাস্তি মৃত্যো র্ভয়মিতি যুক্তমিতোঽন্যতঃ প্রযাতুং। অথ মরণমবশ্যমেব জন্তোঃ কিমিতি মুধা মলিনং যশঃ ক্রিয়তে।

হে মহারাজ, যদ্যপি সংগ্রাম ত্যাগ করিলে যমের ভয় না থাকে তবে অনত্র যাওয়া উপযুক্ত। যদি প্রাণির মরণ অবশ্যই হইবে তবে কেন বৃথা অপযশ করি।

অন্যচ্চ। ভবেঽস্মিন্ পবনোদ্ভ্রান্ত, বীচি বিভ্রম-ভঙ্গুরে। জায়তে পুণ্যযোগেন; পরার্থে জীবিতব্যয়ঃ ॥ ৫৮১ ॥

অপর বায়ুর গমনে যে ঢেউ হয় তাহার গমনের ন্যায় অল্প কাল স্থায়ী যে এই সংসার, ইহাতে পরের নিমিত্ত প্রাণ ত্যাগ পুণ্য প্রসক্ত হয় ॥৫৮১॥

স্বাম্যমাত্যশ্চ রাষ্ট্রঞ্চ, দুর্গং কোষোবলং সুহৃৎ। রাজ্যাঙ্গানি প্রকৃতয়ঃ, পৌরাণাং শ্রেণয়োঽপিচ ॥ ৫৮২ ॥

আর স্বামী অমাত্য রাষ্ট্র দুর্গ কোষ সৈন্য সুহৃৎ

নগরস্থ লোক এই আট পরস্পর উপকারকত্ব হেতুক রাজ্যাঙ্গ হয় ॥ ৫৮২ ॥

দেব ত্বঞ্চ স্বামী সর্ব্বথা রক্ষণীয়ঃ।

হে মহারাজ, তুমি স্বামী সর্ব্ব প্রকারে রক্ষণীয়।

প্রকৃতিঃ স্বামিনং ত্যক্ত্বা, সমৃদ্ধাপি ন জীবতি।
অপি ধন্বন্তরি র্বৈদ্যঃ, কিং করোতি গতায়ুষি ॥ ৫৮৩ ॥

যেহেতু অমাত্য লোক সমৃদ্ধ হইলেও স্বামিকে পরিত্যাগ করিয়া বাঁচে না, গতায়ু জনে ধন্বন্তরি বৈদ্য কি করিতে পারে ॥ ৫৮৩ ॥

নরেশে জীবলোকোঽয়ং, নিমীলতি নিমীলতি।
উদেত্যুদীয়মানে চ, রবাবিব সরোরুহং ॥ ৫৮৪ ॥

অপর সূর্য্য অপ্রকাশ হইলে যেমন পদ্ম অপ্রকাশ হয় এই রূপ রাজা অপ্রকাশ হইলে এই প্রাণি সকল অপ্রকাশ হয় এবং রবি প্রকাশ হইলে যে রূপ কমল প্রকাশ হয় সেই রূপ রাজা প্রকাশ হইলে প্রাণি সকল প্রকাশ হয় ॥ ৫৮৪ ॥

অথ কুক্কুটেনাগত্য রাজহংসস্য শরীরে খরতর নখাঘাতঃ কৃতঃ।

অনন্তর কুক্কুট আসিয়া রাজহংসের শরীরে তীক্ষ্ণ নখাঘাতক রিল।

সত্বরমুপসৃত্য সারসেন স্বদেহান্তরিতো রাজা জলে ক্ষিপ্তঃ।

সারস শীঘ্র সমীপে আসিয়া রাজাকে আপন শরীরের মধ্যে করিয়া জলে পড়িল।

অথ কুক্কুটনখপ্রহার জর্জ্জরী কৃতেন সারসেন কুক্কুট সেনা বহুশো হতাঃ।

তদনন্তর কুক্কুটদের নখ প্রহারে ক্ষত বিক্ষত হইয়া সারস অনেক কুক্কুট সেনাকে নষ্ট করিল।

পশ্চাৎ সারসোপি চঞ্চুপ্রহারেণ বিভিদ্য ব্যাপাদিতঃ।

পশ্চাৎ সারসও চঞ্চু প্রহারে ক্ষত বিক্ষত হইয়া প্রাণ ত্যাগ করিল।

অথ চিত্রবর্ণো দুর্গং প্রবিশ্য দুর্গাবস্থিতং দ্রব্যং গ্রাহয়িত্বা বন্দিভির্জ্জয়শব্দৈরানন্দিতঃ স্বস্কন্ধা-বারং জগাম।

তাহার পর চিত্রবর্ণ দুর্গে প্রবেশ করিয়া দুর্গস্থ দ্রব্য সকল লুঠাইয়া বন্দি কর্তৃক জয় শব্দে আহ্লাদিত হইয়া স্বস্থানে গেল।

অথ রাজপুত্রৈরুক্তং তস্মিন্রাজবলে স পুণ্যবান্ সারস এব যেন স্বদেহ ত্যাগেন স্বামী রক্ষিতঃ।

অনন্তর রাজ পুত্রেরা কহিলেন সেই রাজ সৈন্যে-

সারসই অতিশয় পুণ্যবান্ যে নিজ দেহ ত্যাগ করিয়া স্বামিকে রক্ষা করিল।

উক্তঞ্চৈতৎ। জনয়ন্তে সুতান্ গাবঃ, সর্ব্বা এব গবাকৃতীন্। বিষাণোল্লিখিতস্কন্ধং, কাচিদেব গবাম্পতিং॥ ৫৮৫॥

পণ্ডিত কর্তৃক কথিত আছে গরু সকল গবাকৃতি সমস্ত পুত্রই জন্মায় কিন্তু শৃঙ্গেতে শোভিত অনেক গোর স্বামী এতাদৃশ পুত্র কদাচিৎ কেহ জন্মায়॥ ৫৮৫॥

বিষ্ণুশর্ম্মোবাচ স তাবদ্বিদ্যাধরীপরিজনঃ স্বর্গসুখ মনু ভবতু মহাসত্ত্বঃ।

বিষ্ণু শর্ম্মা কহিলেন সেই মহাসত্ত্ব বিদ্যাধরী পরিবৃত হইয়া স্বর্গসুখ অনুভব করুক।

তথাচোক্তং। আহবেষু চ যে শূরাঃ, স্বাম্যর্থে ত্যক্তজীবিতাঃ। ভর্ত্তৃ ভক্তাঃ কৃতজ্ঞাশ্চ তে নরাঃ স্বর্গগামিনঃ॥ ৫৮৬॥

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন প্রভু ভক্ত কৃতজ্ঞ যে সকল বীরবর সংগ্রামে প্রভুর নিমিত্ত প্রাণ ত্যাগ করে সে সকল লোক স্বর্গে গমন করে॥ ৫৮৬॥

যত্র তত্র হতঃ শূরঃ, শত্রুভিঃ পরিবেষ্টিতঃ।

অক্ষয়ান্ লভতে লোকান্, যদি ক্লৈব্যং ন গচ্ছতি॥ ৫৮৭॥

শত্রু কর্ত্তৃক বেষ্টিত হইয়া শূর লোক যেখানে সেখানে মরিয়াও অক্ষয় স্বর্গ পায় যদ্যপি কাতর ন হয়॥ ৫৮৭॥

অপরমপ্যেবমস্তু।

আরও এই প্রকার হউক।

বিগ্রহঃ করিতুরঙ্গপত্তিভি, র্নো কদাপি ভবতাং মহীভুজাং। নীতিমন্ত্রপবনৈঃ সমাহতাঃ, সংশ্রয়ন্তু গিরি গহ্বরং দ্বিষঃ॥ ৫৮৮॥

আপনাকারদের হস্তি ঘোড়া পদাতির দ্বারা সংগ্রাম কদাচিৎও না হউক, নীতি মন্ত্রণা রূপ বায়ুর দ্বারা আহত হইয়া শত্রু সকল গিরি গহ্বর আশ্রয় করুক॥ ৫৮৮॥

ইতি হিতোপদেশে নীতি শাস্ত্রে বিগ্রহো নাম তৃতীয়ঃ পরিচ্ছেদঃ।

সন্ধি ঃ

পুনঃ কথারম্ভকালে রাজপুত্রৈরুক্তং আর্য্য বিগ্রহঃশ্রুতোস্মাভিঃ সন্ধি রধুনাভিধীয়তাং।

পুনশ্চ কথারম্ভ সময়ে রাজকুমারেরা কহিলেন হে গুরো আমরা বিগ্রহ শুনিলাম, সম্প্রতি সন্ধি বল।

বিষ্ণু শর্ম্মাপ্রোক্তং।

বিষ্ণু শর্ম্মা কহিলেন।

শ্রূয়তাং সন্ধিমপি কথয়ামি যস্যায়মাদ্যঃ শ্লোকঃ।

শুন সন্ধিও কহি, যাহার প্রথম শ্লোকার্থ এই।

বৃত্তে মহতি সংগ্রামে, রাজ্ঞো র্নিহত সেনয়োঃ।
মন্ত্রিভ্যাং গৃধ্র চক্রাভ্যাং, বাচা সন্ধিঃ কৃতঃ ক্ষণাৎ॥ ৫৮৯॥

অতিশয় যুদ্ধ হইলে পর দুই রাজার অনেক সৈন্য নষ্ট হইতে থাকিল অতএব গৃধ্র ও চক্রবাক দুই মন্ত্রী অল্প কাল মধ্যে বাক্য দ্বারা সন্ধি করিল। ৫৮৯॥

রাজপুত্রা ঊচুঃ কথমেতৎ।

রাজ নন্দনেরা কহিলেন ইহা কি প্রকার।

বিষ্ণুশর্ম্মা কথয়তি।

বিষ্ণু শর্ম্মা কহিলেন।

ততস্তেন রাজহংসেনোক্তং কেনাস্মদ্দুর্গে নিক্ষিপ্তোঽগ্নিঃ কিং পারক্যেণ কিম্বাস্মদ্দুর্গবাসিনা কেনাপি বিপক্ষ প্রযুক্তেন।

তাহার পর সেই রাজহংস কহিল আমার দুর্গে কে বহ্নি প্রদান করিল? কি পরকীয় লোক কিম্বা বৈরি প্রেরিত আমার দুর্গবাসী কেহ।

চক্রবাকোক্তে।

চক্রবাক বলিল।

দেব ভবতো নিষ্কারণ বন্ধুরসৌ মেঘবর্ণঃ সপরিবারো ন দৃশ্যতে তন্মন্যে তস্যৈব বিচেষ্টিত মিদং।

হে ভূপাল আপনকার নিষ্প্রয়োজন মিত্র সেই মেঘবর্ণ সপরিবার দৃষ্ট হয় না বুঝি তাহারি অনুষ্ঠিত এই।

রাজাক্ষণং বিচিন্ত্যাহ।

রাজা কিঞ্চিৎকাল ভাবনা করিয়া কহিলেন।

অস্তি তাবদেব মম দুর্দ্দৈবমেতৎ।

তাহাই বটে আমার দুর্দ্দৈব এ।

তথাচোক্তং। অপরাধঃ স দেবস্য, ন পুনর্মন্ত্রিণামরং। কার্য্যং সুচরিতং কাপি দৈবযোগাদ্বিনশ্যতি॥ ৫৯০॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন সে দোষ রাজার, মন্ত্রির নয়, কেননা সুঘটিত কার্য্যও কোথাও দৈব যোগে নষ্ট হয় ॥ ৫৯০ ॥

মন্ত্রী ব্রূতে উক্তমেবৈতৎ। .

মন্ত্রি বলিল ইহা কহাই আছে।

বিষমাং৺ি দশাং প্রাপ্য দৈবং গর্হয়তে নরঃ। আত্মনঃ কর্ম্মদোষাংশ্চ, নৈব জানাত্যপণ্ডিতঃ ॥ ৫৯১ ॥

দুরবস্থা পাইয়া লোকে দৈবের নিন্দা করে মূর্খ লোক আপনার কর্ম্ম দোষ জানে না ॥ ৫৯১ ॥

অপরঞ্চ। সুহৃদাং হিতকামানাং যো বাক্যং নাভিনন্দতি। স কূর্ম্ম ইব দুর্ব্বুদ্ধিঃ, কাষ্ঠ ভ্রষ্টো বিনশ্যতি ॥ ৫৯২ ॥

অপর যে লোক হিতাভিলাষি বন্ধুদিগের বচন শুনে না সে কাষ্ঠচ্যুত নির্ব্বুদ্ধি কচ্ছপের ন্যায় নষ্ট হয় ॥ ৫৯২ ॥

অপরচ্চ। রক্ষিতব্যং সদা বাক্যং, বাক্যাদ্ভবতি নাশনং। হংসাভ্যাং নীয়মানাভ্যাং, কর্ম্মস্য পতনং যথা ॥ ৫৯৩ ॥

অপর সর্ব্বদা বচনকেই রক্ষা করিবেক কেননা বাক্য

দোষে বিনাশ হয় ইহার প্রমাণ হংসদ্বয় কর্তৃক নীয়মান কূর্ম্ম পতিত হইয়াছিল ॥ ৫৯৩॥

রাজাহ কথমেতৎ।

রাজা জিজ্ঞাসিলেন এ কি প্রকার?

মন্ত্রী কথয়তি।

মন্ত্রী কহিল।

অস্তি মগধদেশে ফুল্লোৎপলাভিধানং সরস্তত্র চিরং সঙ্কট বিকট নামানৌ হংসৌ নিবসতঃ। তয়োঃ সখা চ কম্বুগ্রীবন্নামা কমঠো নিবসতি ॥

মগধ দেশে ফুল্লোৎপল নামে সরোবর আছে, তাহাতে অনেক কাল সঙ্কট বিকট নামে দুই হংস বসতি করে। তাহারদিগের সখা কম্বুগ্রীব নামে কচ্ছপ ও বাস করিত।

অথৈকদা ধীবরৈরাগত্য তত্রোক্তং যদত্র অস্মাভি রদ্যোষিত্বা প্রাতর্মৎস্যকূর্ম্মাদয়ো ব্যাপাদয়িতব্যাঃ ॥

অনন্তর এক দিবস কৈবর্ত্তেরা আসিয়া সে স্থানে কহিল যে এস্থানে আমরা আজি বাস করিয়া কল্য প্রাতঃকালে মৎস্য কচ্ছপাদি নষ্ট করিব।

তদাকর্ণ্য কূর্ম্মো হংসাবাহ।

তাহা শুনিয়া কমঠ দুই হংসকে কহিল।

সুহৃদৌ শ্রুতোভয়ং ধীবরালাপঃ।
হে মিত্রেরা, কৈবর্ত্তদিগের কথোপকথন শুনলে।

অধুনা কিং ময়া কর্ত্তব্যং।
ইদানীং আমার কর্ত্তব্য কি।

হংসাবাহতু জ্ঞায়তাং পুনস্তাবৎ প্রাতর্যদুচিতং তৎ কর্ত্তব্যং।

হংসেরা বলিল পুনর্ব্বার তাহা জান, প্রাতঃকালে যাহা উপযুক্ত হয় তাহা করা যাইবেক।

কূর্ম্মো ব্রূতে নৈবং যতো দৃষ্টব্যতিকারোহমত্র।

কচ্ছপ বলিল এমন নহে যেহেতু এই স্থানে আমি ব্যতিক্রম দেখিয়াছি।

অনাগতবিধাতা চ, প্রত্যুৎপন্নমতিস্তথা। দ্বাবেতৌ সুখমেধাতে, যদ্ভবিষ্যো বিনশ্যতি। ৫৯৪।

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন অনাগত বিধাতা আর প্রত্যুৎপন্ন মতি এই দুই জন সুখী হয় আর যদ্ভবিষ্য নষ্ট হয়॥ ৫৯৪

তাবাহতুঃ কথমেতৎ।
হংসেরা কহিল এ কি প্রকার?

কূর্ম্মঃ কথয়তি।
কূর্ম্ম কহিতেছে।

পুরাস্মিন্নেব সরসি এবম্বিধেষু ধীবরেষূপস্থিতেষু মৎস্যত্রয়েণালোচিতং।

পূর্ব্বে এই সরোবরে জালিয়ারা এইরূপে উপস্থিত হইলে পর তিনটী মৎস্য পরামর্শ করিতে লাগিল।

তত্রানাগতবিধাতা নামৈকো মৎস্যঃ স্তেনালোচিতং

তাহাদের মধ্যে অনাগত বিধাতা নামে এক মৎস্য কহিল।

অহন্তাবজ্জলাশয়ান্তরং গচ্ছামীত্যুক্ত্বা হ্রদান্তরং গতঃ॥

আমি অন্য পুষ্করিণীতে যাই ইহা বলিয়া জলাশয়ান্তরে গেল।

অপরেণ প্রত্যুৎপন্নমতি নাম্না মৎস্যেনাভিহিতং ভবিষ্যদর্থে প্রমাণাভাবঃ, কুত্র ময়া গন্তব্যং তদুৎপন্নে যথা কার্য্যন্তদনুষ্ঠেয়ং।

প্রত্যুৎপন্নমতি নামে মৎস্য কহিল, ভাবি বিষয়ে নিশ্চয় নাই, আমি কোথা যাইব, তাহা উপস্থিত হইলে যাহা হয় তাহা করিব।

তথাচোক্তং। উৎপন্নামাপদং যস্তু, সমাধত্তে স বুদ্ধিমান্ বণিক স্বভার্য্যায়া জারং, প্রত্যক্ষে গোপনং কৃতঃ॥ ৫৯॥

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন যে লোক উপস্থিত বিপদের সমাধা করে সেই বুদ্ধিমান। ইহাতে নিদর্শন, বণিকের পত্নী প্রত্যক্ষে দুইটা উপপতি গোপন করিয়াছিল ॥ ৫৯৫ ॥

যদুবিষ্যঃ পৃচ্ছতি কথমেতৎ।

যদুবিষ্য প্রশ্ন করিল এ কি প্রকার।

প্রত্যুৎপন্নমতিঃ কথয়তি।

প্রত্যুৎপন্নমতি কহিলেন

পুরা বিক্রমপুরে সমুদ্রদত্তো নাম বণিগাসীৎ, তস্য রত্নপ্রভা নাম গৃহিণী স্বসেবকেন সহ সদা রমতে।

পূর্ব্বে বিক্রমপুরে সমুদ্র দত্ত নামে এক জন বণিক ছিল। রত্নপ্রভা নাম্নী তাহার গৃহিণী নিজ ভৃত্যের সহিত ক্রীড়া করিত।

যতঃ। ন স্ত্রীণামপ্রিয়ঃ কশ্চিৎ প্রিয়ো বাপি ন বিদ্যতে। গাবস্তৃণমিবারণ্যে, প্রার্থয়ন্তি নবং নবং ॥ ৫৯৬ ॥

যেহেতু স্ত্রীলোকদের কেহ প্রিয় নাই, অপ্রিয়ও কেহ নাই, গো সকল যেমন কাননে সর্ব্বদা নূতন২ ঘাস আকাঙ্ক্ষা করে সেইরূপ স্ত্রীলোকেরা অনুক্ষণ নবীন২ পুরুষ অভিলাষ করে ॥ ৫৯৭ ॥

অথৈকদা রত্নপ্রভা তস্য সেবকস্য মুখচুম্বনং দদতী সমুদ্রদত্তেনাবলোকিতা।

অনন্তর একদিবস সেই রত্নপ্রভা ঐ দাসকে মুখ চুম্বন দিতেছিল সমুদ্র দত্ত দেখিতে পাইল।

ততঃ সা বন্ধকী সত্বরং ভর্ত্তুঃ সমীপং গত্বাহ।

তাহার পর সেই কুলটা ঝটিতি স্বামির সন্নিধানে গিয়া কহিল।

নাথ, এতস্য সেবকস্য মহতী কুমতির্যতোহয়ং চৌর্য্যং কৃত্বা কর্পূরং খাদতীতি ময়াস্য মুখমাঘ্রায় জ্ঞাতং।

হে নাথ, এই সেবকের অতিশয় দুর্বুদ্ধি, যেহেতুক চৌর্য্য ক্রিয়া করিয়া কর্পূর খায় আমি ইহার মুখ আঘ্রাণ করিয়া জানিলাম।

তথাচোক্তং।

আহারো দ্বিগুণঃ স্ত্রীণামিত্যাদি।

তাহা কথিত আছে স্ত্রীলোকদের আহার দ্বিগুণ, তাহারদের বুদ্ধি চতুর্গুণ ইত্যাদি।

তচ্ছ্রুত্বা সেবকেন প্রকুপ্যোক্তং।

তাহা শুনিয়া ভৃত্য ক্রোধ করিয়া কহিল।

নাথ, যস্য স্বামিনো গৃহে এতাদৃশী ভার্য্যা, তত্র

সেবকেন কথং স্থাতব্যং, যত্র প্রতিক্ষণং গৃহিণী সেবকস্য মুখং জিঘ্রতি।

হে প্রভো, যে স্বামির গৃহে এতাদৃশী গৃহিণী সে স্থানে ভৃত্য কি প্রকারে থাকিবেক, এ কি, নিরন্তর দাসের মুখের ঘ্রাণ লয়।

ততোঽসাবুত্থায় চলিতঃ।

তদনন্তর সে উঠিয়া চলিল।

সাধুনা যত্নাৎ প্রবোধ্য ধৃতঃ।

মহাজন তাহাকে প্রবোধ দিয়া ধরিয়া রাখিল।

অতোঽহং ব্রবীমি উৎপন্নামাপদমিত্যাদি।

এই নিমিত্তে আমি বলি যে লোক উপস্থিত বিপদের সমাধা করে ইত্যাদি।

ততো যদ্ভবিষ্যেণোক্তং।

তাহার পর যদ্ভবিষ্য কহিল।

যদভাবি, ন তদ্ভাবি, ভাবি চেন্ন তদন্যথা। ইতি চিন্তা বিষঘ্নোঽয়ম, অগদঃ কিং ন পীয়তে॥ ৫৯৭॥

যে বিষয় হইবার উপযুক্ত নহে সে হইবে না, যে বিষয় হইবার উপযুক্ত, তাহার অন্যথা হইবে না॥ চিন্তারূপ বিষ নাশক এই ঔষধ লোকে কেন না পান করে? ৫৯৭॥

ততঃ প্রাতর্জ্জালে বদ্ধঃ প্রত্যুৎপন্নমতি র্মৃতব দাত্মানং সন্দর্শ্য স্থিতঃ।

তদনন্তর প্রত্যুৎপন্নমতি প্রাতঃকালে জালে বদ্ধ হইয়া আপনাকে মৃততুল্য দেখাইয়া থাকিল।

ততো জালাদপসারিতো যথাশক্ত্যুৎপ্লুত্য গম্ভীরং নীরং প্রবিষ্টঃ।

তাহার পর জাল হইতে নিঃসারিত হইয়া সামর্থ্যা নুসারে লম্ফ দিয়া অগাধ জলে প্রবিষ্ট হইল।

যদ্ভবিষ্যশ্চ ধীবরৈঃ প্রাপ্তো ব্যাপাদিতঃ।

যদ্ভবিষ্য কৈবর্ত্ত কর্ত্তৃক ধৃত হইয়া ব্যাপাদিত হইল।

অতোহহং ব্রবীমি অনাগতবিধাতেত্যাদি।

এই নিমিত্তে আমি বলি অনাগতবিধাতা ইত্যাদি।

তদযথাহমন্যহ্রদং প্রাপ্নোমি তথা ক্রিয়তাং।

সেই হেতু যে প্রকারে আমি অন্য জলাশয়ে যাই তাহা কর।

হংসাবাহতু র্জলাশয়ান্তরে প্রাপ্তে তব কুশলং স্থলে গচ্ছত স্তে কো বিধিঃ।

হংসেরা বলিল হ্রদান্তরে গেলে পর তোমার কল্যাণ হইবেক সত্য কিন্তু স্থলে গমন করিবার কি উপায়।

কূর্ম্ম আহ যথাহং ভবদ্ভ্যাং সহ আকাশবর্ত্মনা যামি তথা বিধীয়তাং।

কমঠ কহিল যে রূপ আমি তোমাদের সহিত আকাশ পথে যাই তাহা কর।

হংসৌ ব্রূতঃ কথমুপায়ঃ সম্ভবতি।

হংসেরা বলিল কি প্রকারে উপায় সম্ভব হয়।

কচ্ছপো বদতি।

কূর্ম্ম বলিল।

যুবাভ্যাং চঞ্চুধৃতং কাষ্ঠখণ্ডমেকং ময়া মুখেনাবলম্ব্য যুবয়োঃ পক্ষবলে। ময়াপি সুখেন গন্তব্যং।

তোমাদের দুই জন কর্তৃক চঞ্চুধৃত এক খণ্ড কাষ্ঠ আমি মুখে অবলম্বন করিয়া তোমাদের দুই জনের পক্ষবলে সুখে যাইব।

হংসৌ ব্রূতঃ।

হংস দ্বয় বলিল।

সম্ভবত্যেষ উপায়ঃ।

এতাদৃশ উপায় সম্ভব বটে।

কিন্তু। উপায়ং চিন্তয়ন্ প্রাজ্ঞো, হ্যপায়মপি চিন্তয়েৎ। পশ্যতো বকমূর্খস্য, নকুলৈর্ভক্ষিতাঃ প্রজাঃ॥ ১৭৮॥

কিন্তু সুবোধ লোক উপায় চিন্তা করিয়া অপায়ও

চিন্তা করিবেক কেননা মূর্খ বকের সমক্ষেই তাহার সন্তানগণ নকুল কর্ত্তৃক ভক্ষিত হইয়াছিল ॥ ৫৯৮॥

কূর্ম্মঃ পৃচ্ছতি কথমেতৎ।

কচ্ছপ প্রশ্ন করিল এ কি প্রকার?

তৌ কথয়তঃ।

তাহারা কহিল।

অস্ত্যুত্তর পথে গৃধ্রকূট নাম্নি পর্ব্বতে মহান্ পিপ্পলবৃক্ষ স্তত্রানেকে বকা নিবসন্তি, তস্য বৃক্ষস্যাধস্তা দ্বিবরে সর্পো বালাপত্যানি খাদতি।

উত্তর পথে গৃধ্রকূট নামক পর্ব্বতে একটা বৃহৎ অশ্বত্থবৃক্ষ আছে, তাহাতে অনেক বক বাস করে, তাহাদের শিশু সন্তানদিগকে বৃক্ষতলস্থ গর্ত্তবাসী সর্প খাইত।

অথ শোকার্ত্তানাং বকানাং বিলাপং শ্রুত্বা কেনচিদ্বকেনাভিহিতং এবং ন কুরুত।

অনন্তর শোকাতুর বকদিগের রোদন শব্দ শুনিয়া কোন বক কহিল বিলাপ করিও না।

যূয়ং মৎস্যানুপাদায় নকুলবিবরাদারভ্য সর্পবিবরং যাবৎ পংক্তিক্রমেণ বিকিরত।

তোমরা মৎস্য আনিয়া নকুলের গর্ত্ত অবধি বৃক্ষতলস্থ সর্পের বিবর পর্য্যন্ত পংক্তিক্রমে স্থাপন কর।

ততস্তদাহারলুব্ধৈর্নকুলৈরাগত্য সর্পো দ্রষ্টব্যঃ স্বভাবদ্বেষাদ্ব্যাপাদয়িতব্যশ্চ। তথানুষ্ঠিতে তদ্বৃত্তং

তাহার পর সেই খাদ্য দ্রব্যলোভে নকুলেরা আসিয়া সর্পকে দেখিবেক ও স্বাভাবিক শত্রুতা হেতু তাহাকে নষ্ট করিবেক, তাহা করিলে পর তাহাই হইল।

ততস্তত্র বৃক্ষে নকুলৈর্বক শাবকরাবঃ শ্রুতঃ পশ্চাত্তৈর্বৃক্ষ মারুহ্য বকশাবকাঃ খাদিতাঃ।

তদনন্তর সেই তরুতে নকুলেরা বক শাবকের ধ্বনি শুনিল। পশ্চাৎ তাহারা বৃক্ষে আরোহণ করিয়া বক শিশুদিগকে খাইতে লাগিল।

অতঃ আবাং ব্রুবঃ উপায়ং চিন্তয়ন্নিত্যাদি।

এই জন্যে বলি সুবোধ লোক উপায় চিন্তা করিয়া ইত্যাদি।

আবাভ্যাং নীয়মানং ত্বা মবলোক্য লোকৈঃ কিঞ্চিদ্বক্তব্যমেব।

আমরা তোমাকে লইয়া গেলে নিরীক্ষণ করিয়া লোকে অবশ্যই কিছু বলিবে।

তদাকর্ণ্য যদি ত্বমুত্তরং দাস্যসি তদা ত্বন্মরণং তৎ সর্ব্বথাত্রৈব স্থীয়তাং।

তাহা শুনিয়া যদ্যপি তুমি উত্তর দাও তবে তোমার মৃত্যু অতএব বলি এই খানে থাক।

কচ্ছপঃ কথয়তি।

কচ্ছপঃ বলিল।

কিমহমপ্রাজ্ঞঃ, ন্যাহমুত্তরং দাস্যামি, কিমপি ন বক্তব্যং।

আমি কি অজ্ঞান, আমি প্রত্যুত্তর দিব না, কিছুই বলিব না।

তথা হুস্মিতে তথাবিধং কূর্ম্ম মবলোক্য সর্ব্বে গোরক্ষকাঃ পশ্চাদ্ধাবন্তি বদন্তি চ।

তদ্রূপ কমঠকে অবলোকন করিয়া সকল গোরক্ষকেরা পশ্চাদ্ধাবমান হইল আর পরস্পর বলিল।

কশ্চিদ্বদতি যদ্যয়ং কূর্ম্মঃ পততি তদাত্রৈব-পক্ত্বা খাদিতব্যঃ, কশ্চিদ্বদতি অত্রৈব দগ্ধা খাদিতব্য হয়ং, কশ্চিদ্বদতি গৃহং নীত্বা ভক্ষণীয় ইতি।

কেহ বলিল যদি এই কূর্ম্ম পড়ে তবে এই স্থানেতেই পাক করিয়া খাই, কেহ কহিল এই স্থানেই দগ্ধ করিয়া খাই, কেহ বলিল গৃহে লইয়া গিয়া ভক্ষণ করি।

তদ্বচনং শ্রুত্বা স কূর্ম্মঃ কোপাবিষ্টো বিস্মৃত পূর্ব্বসংস্কারঃ প্রাহ।

ঐ সকল কথা শুনিয়া কচ্ছপ ক্রোধাবিষ্ট হইয়া পূর্ব্ব বাক্য বিস্মৃত হইয়া কহিল।

যুষ্মাভির্ভস্ম ভক্ষিতব্যমিতি বদন্নেব পতিতস্তৈর্ব্যাপাদিতশ্চ।

তোরা ছাই খাবি, ইহা বলিবা মাত্র পড়িয়া গেল এবং তৎক্ষণাৎ গোরক্ষকদিগের কর্তৃক ব্যাপাদিত হইল।

অতোহহং ব্রবীমি সুহৃদাং হিতকামানামিত্যাদি।

এই নিমিত্তে আমি বলি হিতাভিলাষি বন্ধুদিগের ইত্যাদি।

অথ প্রণিধির্বকস্তত্রাগত্য উবাচ।

তদনন্তর দূত বক সেই স্থানে আসিয়া বলিল।

দেব, প্রাগেব ময়া নিগদিতং।

হে মহারাজ! পূর্ব্বেতে আমি কহিয়াছি।

দুর্গশোধনং হি প্রতিক্ষণং কর্ত্তব্যমিতি তচ্চ যুষ্মাভির্ন কৃতং।

নিরন্তর দুর্গশোধন করিতে হইবেক আপনারা তাহা করেন নাই।

তদনবধানস্য ফলমনুভূতমিতি।

সেই অনবধানতার এই ফল অনুভূত হইল।

দুর্গদাহো মেঘবর্ণেন বায়সেন গৃধ্রপ্রযুক্তেন কৃতঃ।

গৃধ্র প্রেরিত মেঘবর্ণ কাক দুর্গদাহ করিয়াছে।

রাজা নিশ্বস্যাহ।

রাজা নিশ্বাস ত্যাগ করিয়া কহিলেন।

প্রণয়াদুপকারাদ্বা যো বিশ্বসিতি শত্রুষু। স সুপ্ত ইব বৃক্ষাগ্রাৎ পতিতঃ প্রতিবুধ্যতে॥ ৫৯৯॥

বৃক্ষাগ্রেতে সুপ্ত লোক তথা হইতে পতিত হইয়া যেমন জাগ্রৎ হয় এইরূপ প্রীতি প্রযুক্ত কিম্বা উপকার প্রযুক্ত যে জন বিপক্ষের প্রতি প্রত্যয় করে সে বিপদ্‌গ্রস্ত হইয়া প্রবোধ পায়॥ ৫৯৯॥

প্রণধিরুবাচ।

প্রণিধি বলিল।

ইতো দুর্গদাহম্বিধায় যদা গতো মেঘবর্ণস্তদা চিত্রবর্ণেন প্রসাদিতেনোক্তং।

এখান হইতে দুর্গদাহ করিয়া যখন মেঘবর্ণ গেল তখন চিত্রবর্ণ প্রসন্ন হইয়া কহিল।

অয়ং মেঘবর্ণোঽত্র কর্পূরদ্বীপরাজ্যেঽভিষিচ্যতাং।

এই মেঘবর্ণকে কর্পূর দ্বীপের রাজত্বে অভিষিক্ত কর।

তথাচোক্তং। কৃতকৃত্যস্য ভৃত্যস্য, কৃতং নৈব

প্রণাশয়েৎ। ফলেন মনসা বাচা, দৃষ্ট্বা চৈনং প্রহর্ষয়েৎ॥ ৬০০॥

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন কৃতকৃত্য দাসের কৃত কর্ম্ম ফলের দ্বারা ও মনের দ্বারা ও বাক্যের দ্বারা নষ্ট করিবে না, ঐ ভৃত্যকে দেখিয়া হৃষ্ট হইবেক॥ ৬০০॥

চক্রবাকো ব্রূতে।

চক্রবাক বলিল।

ততস্ততঃ।

তার পর২।

প্রণিধিরুবাচ।

দূত কহিল।

ততঃ প্রধানমন্ত্রিণা গৃধ্রেণাভিহিতং।

তাহার পর মুখ্য মন্ত্রী গৃধ্র কহিল।

দেব নেদমুচিতং প্রসাদান্তরং কিমপি ক্রিয়তাং।

হে মহারাজ, ইহা উপযুক্ত হয় না, প্রসাদান্তর কিছু করুন।

যতঃ। অবিচারয়তো যুক্তি কথনং তুষখণ্ডনং। নীচেষু প্রকৃতং রাজন্- বালুকাস্বিব মূত্রিতং॥ ৬০১॥

যেহেতু বিচার না করিয়া পরামর্শ কহা তুষ-খণ্ডের ন্যায়, হে মহারাজ। নীচের প্রতি উপকার করা বালুকায় প্রস্রাব করার তুল্য॥ ৬০১॥

মহতস্পদে নীচঃ কদাপি ন কর্ত্তব্যঃ।

মহতের পদে নীচকে কদাচ স্থাপন করিবেক না।

তথাচোক্তং। নীচঃ শ্লাঘ্যপদং প্রাপ্য, স্বামিনং হন্তুমিচ্ছতি। মূষিকো ব্যাঘ্রতাং প্রাপ্য, মুনিং হন্তুং গতো যথা॥ ৬০২॥

পণ্ডিতেরা তাহা কহিয়াছেন নীচ লোক প্রশংসিত পদ পাইয়া প্রভুকে নষ্ট করিতে আকাঙ্ক্ষা করে ইহার প্রমাণ উন্দুর ব্যাঘ্রত্ব পাইয়া মুনিকে নষ্ট করিতে গিয়াছিল। ৬০২।

চিত্রবর্ণঃ পৃচ্ছতি কথমেতৎ।

চিত্রবর্ণ জিজ্ঞাসিলেন এ কি প্রকার।

মন্ত্রী কথয়তি।

মন্ত্রী কহিতেছে।

অস্তি গৌতমস্য মহর্ষেস্তপোবনে মহাতপা নাম মুনিস্তত্র তেন মুনিনা কাকেন নীয়মানো মূষিকশাবকো দৃষ্টঃ।

গৌতম মহর্ষির তপোবনে মহাতপা নামে মুনি

থাকেন সেখানে কাক কর্তৃক নীয়মান এক মূষিক-শিশুকে সেই মুনি প্রাপ্ত হইয়াছিলেন।

ততঃ স্বভাব দয়াত্মনা তেন মুনিনা নীবারকণৈঃ স সংবর্দ্ধিতঃ।

তদনন্তর স্বভাবতঃ দয়ালু সেই মুনি উড়ি ধান্য কণা দিয়া ঐ ইন্দুরকে পালন করিতে লাগিলেন।

ততো বিড়াল স্তং মূষিকং খাদিতু সন্ধাবতি।

তাহার পর সেই মূষককে খাইবার নিমিত্ত এক বিড়াল পশ্চাদ্ধাবমান হইল।

তমবলোক্য মূষিকস্তস্য মুনেঃ ক্রোড়ে প্রবিবেশ।

তাহা নিরীক্ষণ করিয়া উন্দুর সেই মুনির কোলে প্রবেশ করিল।

ততো মুনিনোক্তং।

তাহার পর মুনি কহিলেন।

মূষিক ত্বমপি মার্জ্জারো ভব।

হে মূষিক, তুমিও মার্জ্জার হও।

ততঃ স বিড়ালঃ কুক্কুরং দৃষ্ট্বা পলায়তে।

তৎপরে সেই বিড়াল কুকুরকে দেখিয়া ভয়ে পলায়।

ততো মুনিনোক্তং

তৎপরে মুনি কহিলেন।

কুক্কুরাদ্বিভেষি ত্বমপি কুক্কুরো ভব।

কুক্কুর হইতে ভয় পাইতেছ, তুমিও কুক্কুর হও।

স চ কুক্কুরো ব্যাঘ্রাদ্বিভেতি।

পরে সেই কুক্কুর ব্যাঘ্র হইতে ভয় পাইতে লাগিল।

ততস্তেন মুনিনা কুক্কুরো ব্যাঘ্রঃ কৃতঃ।

অতএব সেই মুনি ঐ কুক্কুরকে ব্যাঘ্র করিলেন।

অথ তং ব্যাঘ্রং মুনি মূষিকোঽয়মিতি পশ্যতি।

তদনন্তর মুনি সেই ব্যাঘ্রকে এ মূষিক এই প্রকারই দেখেন।

অথ তং মুনিং ব্যাঘ্রঞ্চ দৃষ্ট্বা সর্ব্বে বদন্তি অনেন মুনিনা মূষিকো ব্যাঘ্রতাং নীতঃ।

তাহার পর সকল লোকে সেই মুনিকে ও ব্যাঘ্রকে দেখিয়া বলে এই মুনি মূষিককে ব্যাঘ্র করিয়াছেন।

তচ্ছ্রুত্বা স ব্যাঘ্রো ঽচিন্তয়ৎ।

তাহা শুনিয়া ঐ ব্যাঘ্র চিন্তা করিল।

যাবদনেন মুনিনা স্থাতব্যং তাবদিদং মে স্বরূপাখ্যান মকীর্ত্তিকরং ন পলায়িষ্যতে।

যাবৎ এই মুনি থাকিবে তাবৎ আমার অযশস্কর স্বরূপাখ্যান যাইবে না।

ইত্যালোচ্য তং মুনিং হন্তুং গতঃ।

এইরূপ আলোচনা করিয়া সেই মুনিকে নষ্ট করিতে গেল।

ততো মুনিনা তজ্জ্ঞাত্বা পুনর্মূষিকো ভব ইত্যুক্ত্বা মূষিক এব কৃতঃ।

তাহার পর সেই মুনি জানিতে পারিয়া পুনর্ব্বার মূষিকই হও, ইহা কহিয়া পুনশ্চ মূষক করিলেন।

অতোঽহং ব্রবীমি নীচঃ শ্লাঘ্যপদমিত্যাদি।

অতএব আমি বলি নীচ লোক প্রশংসিত পদ পাইয়া ইত্যাদি।

অপরঞ্চ সুকরমিদমিতি ন মন্তব্যং।

অপর ইহা অনায়াস সাধ্য এমতও জানিও না।

শৃণু ভক্ষয়িত্বা বহূন্মৎস্যান্, উত্তমাধমমধ্যমান্।
অতি লোভাদ্বকঃ পশ্চাৎ, মৃতঃ কর্কটকগ্রহাৎ॥ ৬০৩॥

শুন, উত্তম মধ্যম অধম অনেক মৎস্য ভক্ষণ করিয়া পরে লোভ প্রযুক্ত কর্কট গ্রহণ করিয়া বক মরিয়াছে॥ ৬০৩॥

চিত্রবর্ণঃ পৃচ্ছতি কথমেতৎ।

চিত্রবর্ণ প্রশ্ন করিল এ কি প্রকার।

মন্ত্রী কথয়তি।

মন্ত্রী কহিল॥

অস্তি মালবদেশে পদ্মগর্ভনামধেয়ং সরঃ। তত্রৈকো বৃদ্ধো বকঃ সামর্থ্যহীন উদ্বিগ্নমিবাত্মানং দর্শয়িত্বা স্থিতঃ।

মালব দেশে পদ্মগর্ভ নামে সরোবর আছে তথায় শক্তি রহিত একটী বৃদ্ধ বক আপনাকে উদ্বিগ্নের ন্যায় দেখাইয়া থাকিত।

সচ কেনচিৎ কুলীরেণ দৃষ্টঃ পৃষ্টশ্চ।

কোন কর্কট, তাহাকে দেখিয়া জিজ্ঞাসিল।

কিমিতি ভবানত্রাহারত্যাগেন তিষ্ঠতি।

তুমি কেন এখানে আহার ত্যাগ করিয়া রহিয়াছ?

বকঃ কথয়তি।

বক কহিল।

মৎস্যা মম জীবনহেতবঃ, তে কৈবর্ত্তৈরাগত্য ব্যাপাদয়িতব্যাঃ।

মৎস্যই আমার প্রাণ ধারণের উপায়, তাহাদিগকে কৈবর্ত্তেরা আসিয়া নষ্ট করিবেক।

ইতি বার্ত্তা নগরোপান্তে ময়া শ্রুতা।

এই সমাচার নগর সমীপে শুনিয়াছি

অতো বর্ত্তনাভাবাদেব মন্মরণমুপস্থিতমিতি জ্ঞাত্বা আহারেনাপ্যনাদরঃ কৃতঃ।

অতএব জীবিকার অভাব প্রযুক্তই আমার মরণ উপস্থিত, ইহা জানিয়া আহারে ও অনাদর করিয়াছি।

ততঃ কুলীরকেণ মৎস্যানাং সমীপে গত্বা তদ্বার্ত্তায়াং কথিতায়াং মৎস্যৈরালোচিতং।

তদনন্তর কর্কট মৎস্যদের নিকট গিয়া ঐ কথা বলিলে মৎস্যেরা আলোচনা করিল।

ইহ সময়ে তাবদুপকারক এবায়ং লক্ষ্যতে তদয়মেব যথা কর্ত্তব্যং পৃচ্ছ্যতাং।

এ সময়ে এই ব্যক্তিকেই উপকারক দেখিতেছি, সেই হেতু যাহা কর্ত্তব্য ইহাকেই জিজ্ঞাসা করা উচিত।

তথাচোক্তং। উপকর্ত্রারিণা সন্ধি, র্ন মিত্রেণাপকারিণা। উপকারাপকারৌ হি, লক্ষ্যং লক্ষণমেতয়োঃ॥ ৬০৪॥

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন উপকারকারি শত্রুর সহিত সন্ধি কর্ত্তব্য, অপকার কারি মিত্রের সহিত ও কর্ত্তব্য নহে, যেহেতু উপকার আর অপকার শত্রু মিত্রের লক্ষণ॥ ৬০৪॥

মৎস্যা আগত্য ঊচুঃ।

মৎস্যেরা আসিয়া কহিল

ভো বক, কোহত্র রক্ষণোপায়ঃ।

ওহে বক, এস্থলে রক্ষার কি উপায়।

বকোব্রূতে।

বক বলিল।

অস্তি রক্ষণোপায়ঃ জলাশয়ান্তরাশ্রয়ণং, তত্রাহমেকৈকশো যুষ্মান্নয়ামি।

এস্থলে উপায় আছে অন্যহ্রদে আশ্রয় কর অতএব আমি তোমাদিগের এক এক জন করিয়া সেখানে লইয়া যাইব।

মৎস্যা আহুরেবমস্তু।

মৎস্যেরা কহিল এই প্রকার হউক।

ততোহসৌ বক স্তান্মৎস্যানেকৈকশো নীত্বা খাদতি।

তদনন্তর ঐ বক সেই মৎস্যদিগকে একেং লইয়া খায়।

অনন্তরং কুলীরস্তমুবাচ।

তদনন্তর কর্কট তাহাকে কহিল।

ভো বক, মামপি তত্র নয়।

ওহে বক, আমাকেও সেখানে লও।

ততো বকোহপ্যপূর্ব্বকুলীরমাংসার্থী সাদরং তং নীত্বা স্থলে ধৃতবান্।

তৎপরে উত্তম কুম্ভীর মাংসার্থী হইয়া বকও আদর করিয়া তাহাকে লইয়া স্থলে রাখিল।

কুম্ভীরো মৎস্যকণ্টকাকীর্ণং তৎ স্থলমবলোক্যা চিন্তয়ৎ।

কুম্ভীর সেই স্থান মৎস্য কণ্টক ব্যাপ্ত দেখিয়া ভাবনা করিল।

হা হতোস্মি মন্দভাগ্যঃ।

হায় মন্দভাগ্য আমি নষ্ট হইলাম।

ভবতু ইদানীং সময়োচিতং ব্যবহরিষ্যামি।

যাহা হউক, সম্প্রতি কালোপযুক্ত ব্যবহার করি।

যতঃ। তাবদ্ভয়াদ্ধি ভেতব্যং, যাবদ্ভয় মনাগতং।
আগতন্তু ভয়ং বীক্ষ্য, প্রহর্ত্তব্যমভীতবৎ॥ ৬০৫॥

যেহেতু ভয় হইতে সেই পর্য্যন্ত ভয় পাইবেক যে পর্যন্ত ভয় উপস্থিত না হয় ভয় উপস্থিত দেখিয়া নির্ভয়ের ন্যায় প্রহার করিবেক॥৬০৫॥

অপরঞ্চ। অভিযুক্তো যদা পশ্যেৎ ন কিঞ্চিদ্ধিত মাত্মনঃ। যুধ্যমানস্তদা প্রাজ্ঞো, ম্রিয়তে রিপুণা সহ॥ ৬০৬॥

অপর অভিযুক্ত ব্যক্তি যদ্যপি আপনার হিত না দেখে তবে বিপক্ষের সহিত যুদ্ধ করিয়া মরিবে॥ ৬০৬॥

অন্যচ্চ। যত্রাযুদ্ধে ধ্রুবো মৃত্যু, র্যুদ্ধে জীবিত-

সংশয়ঃ। তংকাল মেকং যুদ্ধস্য, প্রবদন্তি মনী-
ষিণঃ ॥ ৬০৭ ॥

এবং যে সময় যুদ্ধ ব্যতিরেকেও অবশ্য মৃত্যু সম্ভা-
বনা আর যুদ্ধ করিলে প্রাণ সংশয় বুঝা যায় পণ্ডিতেরা
সেই কালকেই যুদ্ধের এক কাল করিয়া বলেন ॥ ৬০৭ ॥

ইত্যালোচ্য কুলীরকস্তস্য গ্রীবাং চিচ্ছেদ।

ইহা বিবেচনা করিয়া কর্কট তাহার গ্রীবা
ছেদন করিল।

স বকঃ পঞ্চত্বং গতঃ।

সেই বক পঞ্চত্ব পাইল।

অতোহং ব্রবীমি ভক্ষয়িত্বা বহূন্মৎ স্যানিত্যাদি।

এই জন্য আমি বলি উত্তম অধম মধ্যম অনেক মীন
ভক্ষণ করিয়া ইত্যাদি।

শৃণু, ততশ্চিত্রবর্ণোহবদৎ।

শুন, তাহার পর চিত্রবর্ণ বলিল।

মন্ত্রিন্, তাবৎ ময়ৈতদালোচিতমস্তি।

অহে মন্ত্রি, আমি ইহা আলোচনা করিয়াছি।

অত্রাবস্থিতেন মেঘবর্ণেন রাজ্ঞা যাবন্তি বস্তূনি
কর্পূরদ্বীপস্যোত্তমানি তাবন্ত্যস্মাকমুপনেত
ব্যানি তেনাস্মাভি র্মহাসুখেন বিন্ধ্যাচলে
স্থাতব্যং।

কর্পূর দ্বীপের যত উত্তম২ দ্রব্য আছে অত্রস্থ মেঘবর্ণ রাজা সে সকল আমারদিগের সমীপে উপনীত করিবেক, সেই বস্তুতে আমরা বিন্ধ্য গিরিতে পরম সুখে বাস করিব।

দূরদর্শী বিহস্যাহ দেব।

দূরদর্শী হাসিয়া বলিল হে ভূপাল।

অনাগতবতীং চিন্তাং কৃত্বা যস্তু প্রহৃষ্যতি। স তিরস্কার মাপ্নোতি, ভগ্নভাণ্ডো দ্বিজো যথা॥ ৬০৮॥

অনুপস্থিত চিন্তা করিয়া যে লোক হর্ষিত হয় সে ভগ্নভাণ্ড ব্রাহ্মণের ন্যায় অসম্মান পায়॥ ৬০৮॥

রাজাহ কথমেতৎ।

ভূপতি কহিলেন এ কিপ্রকার।

মন্ত্রী কথয়তি।

মন্ত্রী কহিল।

অস্তি দেবীকোটরনাম্নি নগরে দেবশর্ম্ম নামা ব্রাহ্মণ স্তেন মহাবিষুব সংক্রান্ত্যাং শক্তু পূর্ণ শরাবঃ প্রাপ্ত স্তমাদায়াসৌ কুম্ভকারস্য ভাণ্ডপূর্ণ মণ্ডপৈকদেশে রৌদ্রেণাকুলিতঃ সুপ্তঃ।

দেবীকোটর নামক নগরে দেবশর্ম্ম নামা এক বিপ্র থাকেন। তিনি মহাবিষুব সংক্রান্তিতে শক্তু পূরিত

শরাব পাইলেন। তাহা লইয়া যাইতেং রৌদ্রে ব্যাকুল হইয়া কুম্ভকারের ভাণ্ড পূর্ণ গৃহের এক দেশে শয়ন করিলেন।

ততঃ শক্তুরক্ষার্থং হস্তে দণ্ডমেকমাদায়াচিন্তয়ৎ।

তাহার পর শক্তু রক্ষা নিমিত্ত হস্তে একটা দণ্ড লইয়া চিন্তা করিলেন।

যদ্যহং শক্তুশরাবং বিক্রীয় দশ কপর্দ্দকান্ প্রাপ্স্যামি তদাত্রৈব তৈঃ কপর্দ্দকৈ র্ঘটশরাবাদিক মুপক্রীয় অনেকধা বৃদ্ধৈস্তদ্ধনৈঃ পুনঃ পুনঃ পূগ বস্ত্রাদিক মুপক্রীয় বিক্রীয় লক্ষসঙ্খ্যানি ধনানি কৃত্বা বিবাহ চতুষ্টয়ং করিষ্যামি।

যদি আমি এই শক্তু শরাব বিক্রয় করিয়া দশ কড়া কড়ি পাই তবে এই স্থানেতেই সেই কড়িতে ঘট শরাব প্রভৃতি কিনিয়া অনেক বারেতে বৃদ্ধি প্রাপ্ত সেই ধন দ্বারা বারম্বার গুবাক বস্ত্রাদি ক্রয় করিয়া লক্ষ সংখ্যক দ্রবিণ করিয়া চারিটা বিবাহ করিব।

অনন্তরং তাসু পত্নীষু রূপ যৌবনবতী যা, তস্যা মধিকানুরাগং করিষ্যামি।

তদনন্তর সেই পত্নীদিগের মধ্যে যে রূপ যৌবন বিশিষ্টা হইবে তাহাতে অধিকানুরাগ প্রকাশ করিব।

সপত্ন্যো যদা দ্বন্দ্বং করিষ্যন্তি তদা কোপাকুলো-ঽহং তা লগুড়েন তাড়য়িষ্যামীত্যভিধায় লগুড়ঃ ক্ষিপ্তঃ।

সপত্নীরা যখন বিবাদ করিবেক তখন ক্রোধাবিষ্ট হইয়া তাহাদিগকে লগুড় দিয়া তাড়ন করিব, ইহা কহিয়া দণ্ড ক্ষেপণ করিলেন।

তেন শক্তুশরাবশ্চূর্ণিতো ভাণ্ডানি চ বহূনি ভগ্নানি।

তাহাতে শক্তু শরাব চূর্ণ হইল অনেক ঘটও ভাঙ্গিয়া গেল।

ততস্তেন শব্দেনাগতেন কুম্ভকারেণ তথাবিধানি ভাণ্ডানি বলোক্য ব্রাহ্মণ স্তিরস্কৃতো মণ্ডপা দ্বহিষ্কৃতশ্চ।

তৎপরে সেই শব্দ শুনিয়া কুম্ভকার আসিয়া ভাঁড় সকল সেইরূপ দেখিয়া ব্রাহ্মণকে তিরস্কার করিল ও বাহির করিয়া দিল।

অতোঽহং ব্রবীমি অনাগতবতীং চিন্তামিত্যাদি।

অতএব আমি বলি অনুপস্থিত চিন্তা করিয়া ইত্যাদি।

ততো রাজা রহসি গৃধ্রমুবাচ।

তদনন্তর রাজা নির্জনে গৃধ্রকে কহিলেন।

তাত, যথা কর্ত্তব্যং তথোপদিশ।

হে তাত ! যাহা কর্ত্তব্য তাহা উপদেশ কর।

গৃধ্রোব্রূতে।

গৃধ্র বলিল।

মহোদ্ধতস্য নৃপতেঃ, সঙ্কীর্ণস্যেব দন্তিনঃ।
গচ্ছন্ত্যুন্মার্গযাতস্য. নেতারঃ খলু বাচ্যতাং॥ ৬০৯ ॥

বিপথগামি মত্ত সঙ্কীর্ণ হস্তির নেতা যেমন নিন্দাস্পদতা পায় তেমনি উন্মার্গগামি মদান্ধ রাজার নেতারা গর্হণীয়তা পায়॥ ৬০৯ ॥

শৃণু দেব।

শুন হে মহারাজ।

কি মস্মাভি স্বীয়দর্পাদ্দুর্গং ভগ্নং, ন, কিন্তু তব প্রতাপাধিষ্ঠিতেন উপায়েন।

আমাদিগের যুদ্ধে কি দুর্গ ভগ্ন হইয়াছে, তাহা নয়, কিন্তু তোমার প্রতাপ ও উপায়ে ভগ্ন হইয়াছে।

রাজাহ ভবতামুপায়েন।

রাজা কহিলেন তোমাদিগের উপায়ে তাহা নিষ্পন্ন হইয়াছে।

গৃধ্রোব্রূতে।

গৃধ্র বলিল।

যদ্যস্মদ্বচনং ক্রিয়তে তদা স্বদেশে গম্যতাং।
যদি আমার পরামর্শ গ্রহণ করেন তবে নিজদেশে গমন করুন।

অন্যথা বর্ষাকালে প্রাপ্তে পুনর্বিগ্রহে সত্যস্মাকং পরভূমিষ্ঠানাং স্বদেশগমনমপি দুর্লভং ভবিষ্যতি।

নতুবা বর্ষাকাল উপস্থিতে পুনশ্চ সংগ্রাম হইলে বিদেশ বাসি আমারদিগের নিজদেশে গমনও দুর্লভ হইবে।

অতএব সুখ শোভার্থং সন্ধায় গম্যতাং।
অতএব সুখ ও শোভার নিমিত্ত সন্ধি করিয়া গমন করুন

দুর্গং ভগ্নং কীর্ত্তিশ্চ লব্ধৈব, মম সম্মতং তাবদেতৎ।
দুর্গ ভগ্ন হইয়াছে, যশঃ প্রাপ্ত হইল, আমার এই মত।

যতঃ। যোহি ধর্ম্মং পুরস্কৃত্য হিত্বা ভর্ত্তুঃ প্রিয়াপ্রিয়ে। অপ্রিয়াণ্যাহ তথ্যানি, তেন রাজা সহায়বান্॥ ৬১০॥

যেহেতু যে ব্যক্তি ধর্ম্মকে পুরস্কার করিয়া প্রভুর প্রিয় ও অপ্রিয় ত্যাগ পূর্ব্বক অপ্রিয়, অথচ পথ্য বলে তাহার সহিত রাজা সহায়ী হন॥ ৬১০॥

অর্চ্চন্তো সুহৃদ্বলং তথা রাজ্যং মাস্মানঞ্চ কীর্ত্তি-

মেব চ। যুধি সন্দেহ দোলাস্থং, কোহি কুর্য্যাদ-
বালিশঃ ॥ ৬১১ ॥

অপর সুহৃৎ ও সৈন্য ও রাজ্য ও আত্মা ও কীর্ত্তি
এই সকলকে কোন্ মূর্খ সংগ্রামে সংশয়রূপ দোলা
স্থিত করে। ৬১১ ॥

অপরঞ্চ। সন্ধিমিচ্ছেৎ সমেনাপি, সন্দিগ্ধো
বিজয়ো যুধি। সুন্দোপসুন্দাবন্যোন্যং, নষ্টৌ
তুল্যবলৌ ন কিং।

অপর তুল্য লোকেরও সহিত সন্ধি করিবেক যেহে-
তু সংগ্রামে জয় সন্দেহ স্থল, তুল্যপরাক্রম সুন্দ ও উপ
সুন্দ কি পরস্পর নষ্ট হয় নাই ॥ ৬১১ ॥

রাজোবাচ কথমেতৎ।

নৃপতি কহিলেন এক প্রকার।

মন্ত্রী কথয়তি।

মন্ত্রী কহিল।

পুরা দৈত্যৌ মহোদারৌ সুন্দোপসুন্দ নামানৌ
মহতা ক্লেশেন ত্রৈলোক্যকামনয়া চিরাচ্চন্দ্র-
শেখর মারাধিতবন্তৌ।

পূর্ব্বে সুন্দ উপসুন্দ নামে অতি বড় দুই জন দৈত্য
ত্রিভুবনাভিলাষে অত্যন্ত ক্লেশে বহুতর কাল মহাদে-
বের আরাধনা করিয়াছিল।

ততস্তয়োর্ভগবান্ পরিতুষ্টো বরং ব্রিয়েথামিত্যুবাচ।

অনন্তর ভগবান প্রসন্ন হইয়া কহিলেন তোমরা বর প্রার্থনা কর।

অনন্তরং তয়োঃ সমধিষ্ঠিতয়া সরস্বত্যা তাবন্যৎ কামাবনাদভিহিতৌ।

অনন্তর সেই দুই জনের অন্তঃকরণের অধিষ্ঠাত্রী সরস্বতী অন্য প্রকার বরেচ্ছু সেই দুই জনকে অন্য কথা বলাইলেন।

যদ্যাবয়োর্ভবান্ পরিতুষ্টস্তদা স্বপ্রিয়াং পার্ব্বতীং দদাতু।

যদ্যপি আমারদিগের উপরে আপনি সন্তুষ্ট হইয়াছেন তবে নিজ পত্নী গৌরীকে দেউন।

অথ ভগবতা ক্রুদ্ধেন বরদানস্যাবশ্যকতয়া বিচারমূঢ়য়োস্তয়োঃ পার্ব্বতীব নির্ম্মায়ান্যা স্ত্রী প্রাদায়ি।

অনন্তর ভগবান ক্রুদ্ধ হইয়া বরদানের আবশ্যকত্ব হেতু বিচারমূর্খ সেই দুই দৈত্যকে উমার ন্যায় একটী স্ত্রী নির্ম্মাণ করিয়া দিলেন।

ততস্তয়া রূপলাবণ্যাভ্যাং জগদ্বিভিন্নাং মনোলোভংকরাভ্যাং পাপবুদ্ধিমিরাভ্যাং

মমেত্যন্যোন্য কলহাভ্যাং প্রমাণ পুরুষঃ কশ্চিৎ পৃচ্ছ্যতা মিতি মতৌ কৃতায়াং।

তাহার পর সংসার নাশক ও অজ্ঞানান্ধ সুন্দোপসুন্দ অন্তঃকরণের উৎসাহে পার্ব্বতী তুল্য সৌন্দর্য্যেতে লুব্ধ হইয়া আমার এ, আমার এ, এই রূপ পরস্পর বিবাদ করিয়া কোন মধ্যস্থ ব্যক্তিকে জিজ্ঞাসা করি এই বুদ্ধি করিলে পর।

সএব ভট্টারকো বৃদ্ধদ্বিজরূপঃ সমাগত্য তত্রোপস্থিতঃ।

সেই ভগবান বৃদ্ধ ব্রাহ্মণ রূপ হইয়া আসিয়া সেই স্থানে উপস্থিত হইলেন।

অনন্তরমাবাভ্যামিয়ং স্ববললব্ধা কস্যেয়মাবয়োর্ভবতীতি ব্রাহ্মণমপৃচ্ছতাং।

অনন্তর ব্রাহ্মণকে জিজ্ঞাসিল আমরা ইহাকে আপন বলে পাইয়াছি, আমারদের দুই জনের মধ্যে কাহার এ হইবে।

ব্রাহ্মণোব্রূতে।

ব্রাহ্মণ বলিলেন।

বর্ণশ্রেষ্ঠো দ্বিজঃ পূজ্যঃ, ক্ষত্রিয়ো বলবানপি।
ধনধান্যাধিকো বৈশ্যঃ, শূদ্রস্তু দ্বিজসেবয়া॥ ৬১৩।

জ্ঞান শ্রেষ্ঠ ব্রাহ্মণ পূজনীয়, বলবান ক্ষত্রিয় পূজ্য,

ধনধান্যাদিক বৈশ্য পূজ্য, ব্রাহ্মণ সেবায় শূদ্র মান্য॥ ৬১৩॥

তদয়ুবাং ক্ষত্রধর্ম্মানুগৌ যুদ্ধমেব যুবয়োর্নিয়মঃ।

অতএব তোমরা ক্ষত্রিয় ধর্ম্মশালী, তোমারদের যুদ্ধই নিয়ম।

ইত্যভিহিতে সতি সাধূক্তমনেনেতি কৃত্বা অন্যো-ন্য তুল্যবীর্য্যো সমকাল মন্যোন্যঘাতেন বিনাশ-মুপাগতৌ।

ইহা কথিত হইলে পর ইনি বিলক্ষণ কহিয়াছেন ইহা বলিয়া দুই জনেই এককালে পরস্পর আঘাত দ্বারা বিনাশ প্রাপ্ত হইল।

অতোঽহং ব্রবীমি সন্ধিমিচ্ছেৎ সমেনাপীত্যাদি।

অতএব আমি বলি তুল্য লোকের সহিতও সন্ধি করিবে ইত্যাদি।

রাজাহ প্রাগেব কিং নোক্তং ভবদ্ভিঃ।

রাজা কহিলেন পূর্ব্বেই কেন তোমরা বলিলে না।

মন্ত্রী ব্রূতে।

মন্ত্রী বলিল।

মদ্বচনং কিমবসানপর্য্যন্তং শ্রুতং ভবদ্ভিঃ,

/তথাপি মম সম্মত্যা নায়ং বিগ্রহারম্ভঃ সাধু গুণ যুক্তোহয়ং হিরণ্যগর্ব্ভো ন বিগ্রাহ্যঃ।

আপনি কি আমার বাক্যের শেষ পর্য্যন্ত শুনিয়াছেন, তথাপি আমার সম্মতিতে এই যুদ্ধারম্ভ হয় নাই, উত্তম গুণশালী ঐ হিরণ্য গর্ব্ভ, ইহার সহিত সংগ্রাম করা উপযুক্ত নয়।

তথাচোক্তং।

তথাচ কথিত আছে।

সত্যার্য্যো ধার্ম্মিকোঽনার্য্যো, ভ্রাতৃসঙ্ঘাতবান্ বলী। অনেক যুদ্ধ বিজয়ী, সন্ধেয়াঃ সপ্ত কীর্ত্তিতাঃ॥ ৬:৪॥

সত্যবাদী ও পূজ্য ও ধর্ম্মিষ্ঠ ও ক্ষুদ্র লোক ও ভ্রাতৃ সমূহ বিশিষ্ট ও বলবান্ ও অনেক যুদ্ধজেতা এই সাত ব্যক্তি সন্ধেয়॥ ৬:৪॥

সত্যোঽনুপালয়েৎ সত্যং, সন্ধিতো নৈতি বিক্রিয়াং। প্রাণবাধেপি সুব্যক্ত, মার্য্যো নায়াত্যনার্য্যতাং॥ ৬:৫॥

সত্যবাদী সত্য পালন করেন অতএব তিনি সন্ধি করিলে বিকার পান না আর পূজ্য লোক প্রাণান্তেও অপূজ্যতা প্রাপ্ত হন না॥ ৬:৫॥

ধার্ম্মিকস্যাভিযুক্তস্য, সর্ব্ব এব হি পূজ্যতে।

প্রজানুরাগাদ্ধর্ম্মাচ্চ, দুঃখচ্ছেদ্যো হি ধার্ম্মিকঃ ॥
৬১৬ ॥

ধর্ম্মিষ্ঠ লোকের সকলই মান্য হয়, প্রজানুরাগ হেতু আর ধর্ম্ম হেতু ধার্ম্মিক লোক দুঃখচ্ছেদ্য হয়েন ॥ ৬১৬ ।

সন্ধিঃ কার্য্যোপ্যনার্য্যেণ, বিনাশে সমুপস্থিতে।
বিনা তস্যাশ্রয়েণান্যৈঃ, কুর্য্যান্ন কাল যাপনং ॥
৬১৭॥

মরণ উপস্থিত হইলে নীচের সহিতও সন্ধি করিবেক, তাহার আনুগত্য ব্যতিরেকে অন্য প্রকারে কাল ক্ষেপণ করিবেক না। ॥ ৬১৭ ॥

অহত্বা তদ্যথা বেণু, র্নিবিড়ঃ কণ্টকৈর্বৃতঃ।
ন শক্যতে তমুচ্ছেত্তুং, ভ্রাতৃসঙ্ঘাতবাংস্তথা ॥
৬১৮ ॥

কণ্টকে আবৃত যে নিবিড় বাঁশ, তাহার কাঁট দূর না করিয়া সেই বংশকে যেমন ছেদন করিতে পারা যায় না সেই রূপ যে ব্যক্তি ভ্রাতৃ সমূহ বিশিষ্ট তাহার ভ্রাতা সকলকে নষ্ট না করিয়া তাহাকে বিনাশ করা যায় না ॥ ৬১৮ ॥

বলিনা সহ যোদ্ধব্য, মিতি নাস্তি নিদর্শনং।

প্রতিবাতং নহি ঘনঃ, কদাচিদুপসর্পতি ॥ ৬১৯ ॥

বলবানের সহিত যুদ্ধ করিবেক ইহার নিদর্শন নাই যেহেতু মেঘ কদাচ বিলোম বায়ুতে যায় না॥ ৬১৯ ॥

জমদগ্নেঃ সুতস্যেব, সর্ব্বঃ সর্ব্বত্র সর্ব্বদা। অনেক যুদ্ধ জয়িনঃ, প্রতাপাদেব ভুজ্যতে। ৬২০।

জমদগ্নি মুনির বহু সংগ্রাম জয়ী পুত্র যে পরশুরাম, তাঁহার ন্যায় প্রতাপ হেতু অনেক যুদ্ধ জেতা জন সর্ব্বত্র নিরন্তর সমস্তই ভোগ করেন॥ ৬২০ ॥

অনেক যুদ্ধ বিজয়ী, সন্ধানং যস্য গচ্ছতি। তৎ প্রতাপেন তস্যাশু, বশমায়ান্তি শত্রবঃ॥ ৬২১ ॥

অনেক যুদ্ধ জেতা যাহার সঙ্গে সন্ধি করেন তাঁহার প্রতাপেই বিপক্ষেরা ত্বরাতে বশতাপন্ন হয়॥ ৬২১॥

তত্র তাবদ্বহুভি গুণৈরুপেতঃ সন্ধেয়োঽয়ং রাজা।

অতএব বহু গুণে যুক্ত এই রাজা সন্ধেয়।

চক্রবাকোঽবদৎ।

চক্রবাক বলিল।

প্রণিধে সর্ব্বত্রৈব ব্রজ, গত্বা পুনরাগমিষ্যসি।

...হে, সর্ব্বত্র যাও, গিয়া পুনর্ব্বার আসিও

রাজা চক্রবাকং পৃষ্টবান্।

রাজা চক্রবাককে জিজ্ঞাসা করিলেন।

মন্ত্রিন্ অসন্ধেয়াঃ কতি, তান্ শ্রোতুমিচ্ছামি।

ওহে মন্ত্রী অসন্ধেয় কে কে তাঁহাদিগকে শুনিতে ইচ্ছা করি।

মন্ত্রী ব্রূতে।

মন্ত্রী বলিল।

দেব কথয়ামি, শৃণু।

হে মহারাজ, বলি শুনুন।

বালো বৃদ্ধো দীর্ঘরোগী তথা জ্ঞাতিবহিষ্কৃতঃ।
ভীরুকো ভীরুজনকো, লুব্ধো লুব্ধজনস্তথা॥ ৬২২॥

বালক ও বৃদ্ধ ও চিররোগী ও জ্ঞাতি বহিষ্কৃত ও ভীরু ও ভীরু সৈন্য বিশিষ্ট ও লুব্ধ ও লোভি সমভি-ব্যাহৃত পুরুষ॥ ৬২২॥

বিরক্তপ্রকৃতিশ্চৈব, বিষয়েষ্বতিসক্তিমান্। অনব-স্থিত চিত্তস্তু, দেব ব্রাহ্মণ নিন্দকঃ॥ ৬২৩।

বিরক্তস্বভাব ও বিষয়ে অত্যন্তাসক্ত ও অনবস্থিত চিত্ত ও দেব দ্বিজ নিন্দক॥ ৬২৩॥

দৈবোপহতকশ্চৈব, তথা দৈব পরায়ণঃ। দুর্ভি-ক্ষ ব্যসনোপেতো, বহু ব্যসন সঙ্কুলঃ॥ ৬২৪॥

দেবোপহত ও দৈব পরায়ণ ও দুর্ভিক্ষরূপ বিপত্তি-তে ব্যাকুল ও ব্যসনি সৈন্য যুক্ত॥ ৬২৪॥

অদেশস্থো বহুরিপু, যুক্তঃ কালেন যশ্চ ন। সত্য ধর্ম্ম ব্যপেতশ্চ, বিংশতিঃ পুরুষা অমী॥ ৬২৫॥

বিদেশস্থ ও বহুশত্রু ও অসময়োদ্যোগী ও সত্য ধর্ম্ম চ্যুত, এই বিংশতি লোক অসন্ধেয়॥ ৬২৫॥

এতৈঃ সন্ধিং ন কুর্ব্বীত, বিগৃহ্নীয়াত্তু কেবলং। এতে বিগৃহ্যমাণা হি, ক্ষিপ্রং যান্তি রিপো-র্ব্বশং। ৬২৬।

ইহারদের সহিত সন্ধি করিবেক না, কেবল সংগ্রাম করিবেক, ইহারা যুদ্ধ্যমান হইলে শীঘ্র শত্রুর বশতা-পন্ন হয়॥ ৬২৬॥

বালস্যাল্পপ্রভাবত্বা ন্ন লোকে যোদ্ধুমিচ্ছতি। যুদ্ধা-যুদ্ধ ফলং যস্মাৎ, জ্ঞাতুং শক্তো ন বালিশঃ। ৬২৭।

বালকের অল্প বলত্ব হেতু লোক সংগ্রাম করিতে ইচ্ছা করে না যেহেতু সে যুদ্ধাযুদ্ধের ফল জানিতে সমর্থ হয় না।

উৎসাহশক্তিহীনত্বা দ্বৃদ্ধো দীর্ঘাময়স্তথা। স্বৈরেব পরিভূয়েতে, দ্বাবপ্যেতাবসংশয়ং॥ ৬২৮॥

উৎসাহ রহিতত্ব হেতু বৃদ্ধ এবং চিররোগী এই দুই জন নিশ্চয় আপনিই পরিভূত হয়। ৬২৮॥

সুখচ্ছেদ্যো হি ভবতি, সর্ব্বজ্ঞাতি বহিষ্কৃতঃ। তে\
জ্ঞাতয়ো বিনিঘ্নন্তি, জ্ঞাতয়স্ত্বাত্মসাৎ কৃতাঃ। ৬২৯

সকল জ্ঞাতি বহিষ্কৃত লোক সুখচ্ছেদ্য হয় কেননা জ্ঞাতিরা সহায় হইয়া তাহাকে নষ্ট করে॥ ৬২৯।

ভীরু র্যুদ্ধপরিত্যাগাৎ, স্বয়মেব প্রণশ্যতি।
ভীরুকোভীরু পুরুষৈঃ, সংগ্রামে তৈ র্বিমু-
চ্যতে॥ ৬৩০॥

ভীরুব্যক্তি রণেতে ক্ষান্ত হইয়া আপনি নষ্ট হয়, ভীরু পুরুষ যাহার সমভিব্যাহারে থাকে সে ব্যক্তি ভীরু পুরুষ কর্ত্তৃক পরিত্যক্ত হয়।

লুব্ধস্যাসম্বিভাগিত্বা ন্নযুদ্ধ্যন্তেহনুযায়িনঃ। লুব্ধানু
জীবকৈরেষ, দানভিন্নৈ র্নিহন্যতে। ৬৩১।

যাহা নিকটে উপস্থিত হয় লুব্ধ ব্যক্তি আপনিই তাহা লয় এই নিমিত্তে তাহার অনুচরেরা যুদ্ধ করে না, যে স্বামির সমভিব্যাহারে লোভী লোক থাকে তাহারা শত্রুর নিকট স্বর্ণাদি পাইলে স্বামিকে নষ্ট করে॥ ৭৩১॥

সন্তাজ্যতে প্রকৃতিভি, র্বিরক্তপ্রকৃতি র্যুধি।
সুখাভিযোজ্যো ভবতি, বিষয়েষ্বতিসক্তিমান্।
৬৩২॥

যুদ্ধ স্থানেতে স্বভাবস্থ লোকেরা বিরক্ত স্বভাব

লোককে পরিত্যাগ করে। বিষয়েতে অত্যন্ত আসক্ত ব্যক্তি অনায়াসে নিগ্রাহ্য হয়॥ ৬৩২॥

অনবস্থিতচিত্তস্য, ভেদো ভবতি মন্ত্রিণা।
অনবস্থিতচিত্তত্বাৎ, কার্য্যতঃ স উপেক্ষ্যতে॥ ৬৩৩॥

অনবস্থিত চিত্ত ব্যক্তি সচিব কর্তৃক ভেদ্য হয় কেন না অনবস্থিতত্ব হেতু মন্ত্রিরা তাহাকে কার্য্য হইতে ত্যাগ করে॥ ৬৩৩॥

সম্পত্তেশ্চ বিপত্তেশ্চ কারণং, দৈবমেব হি।
ইতি দৈবপরো ধ্যায়ন্, আত্মান মপি চেষ্টতে॥ ৬৩৪॥

সম্পত্তির এবং বিপত্তির দৈবই কারণ ইহা চিন্তা করিয়া দৈব পরায়ণ লোক আপনার নিমিত্তও চেষ্টা করে না॥ ৬৩৪॥

দুর্ভিক্ষ ব্যসনী চৈব, স্বয়মেব বিষীদতি। বল ব্যসন যুক্তস্য, যন্ত্র শক্তি র্ন জায়তে॥ ৬৩৫॥

দুর্ভিক্ষরূপ বিপত্তিতে ব্যাকুল লোক আপনিই অবসন্ন হয়, ব্যসনি সৈন্য সমভিব্যাহারি লোকের ব্যূহ রচনার সম্পন্ন হইতে পারে না। ৬৩৫॥

সদা ধর্ম্মবলীযস্তু, দেব ব্রাহ্মণ নিন্দকঃ। বিশী র্য্যতোরিং জ্ঞেয, দৈবোপহতক স্তথা॥ ৬৩৬॥

দেব দ্বিজ নিন্দক ও দৈবোপহত ব্যক্তিরা অধর্ম্ম প্রযুক্ত আপনিই ব্যাকুল হয়। ৬৩৬ ॥

অদেশস্থো হি রিপুণা, স্বল্পকেনাপি হন্যতে। গ্রাহোঽল্পীয়ানপি জলে, গজেন্দ্র মপি কর্ষতি ॥ ৬৩৭ ।

অরি কর্ত্তৃক অত্যল্প সৈন্য দ্বারাও বিদেশস্থ ব্যক্তি নষ্ট হয় কারণ জল মধ্যস্থ বৃহদ্ধস্তিকেও ক্ষুদ্র কুম্ভীরে ধারণ করে। ৬৩৭ ॥

বহুশত্রুস্তু সন্ত্রস্তঃ, শোনমধ্যে কপোতবৎ। যেনৈব গচ্ছতি পথা, তেনৈবাশু বিপদ্যতে ॥ ৬৩৮ ॥

বহু শত্রু বিশিষ্ট ব্যক্তি শ্যেন পক্ষির মধ্যস্থিত কপোতের ন্যায় ভীত হইয়া যে পথে যায় সেই পথেই নষ্ট হয়। ৬৩৮ ॥

অকাল সৈন্যযুক্তস্তু, হন্যতে কাল যোধিনা। কৌশিকেন হুত জ্যোতি, র্নিশীথ ইব বায়সঃ ॥ ৬৩৯ ॥

অকাল যোদ্ধা ব্যক্তি কাল যোদ্ধা কর্ত্তৃক বিনাশিত হয় যেমন নষ্ট দৃষ্টি কাক অর্দ্ধরাত্রে পেচক কর্ত্তৃক নষ্ট হয়। ৬৩৯ ॥

সত্য ধর্ম্ম ব্যপেতেন, সন্দধ্যান্ন কদাচন। স-

সন্ধিতোপ্যসাধুস্বা, দচিরাদযাতি• বিক্রিয়াং ॥ ৬৪০ ॥

সত্য ধর্ম্মচ্যুত লোকের সহিত কদাচ সন্ধি করিবেক না, কেননা সে অসচ্চরিত্রতা হেতু অল্প কালেতেই বিকার পায়। ১৪০।

অপরমপি কথয়ামি।

আরও কহি।

সন্ধি বিগ্রহ যানাসন সংশ্রয় দ্বৈধীভাবাঃ ষাড়্গুণ্যং কর্ম্মণামারম্ভোপায়ঃ।

সন্ধি অর্থাৎ মিলন, বিগ্রহ অর্থাৎ পরদেশ দাহ লুণ্ঠনাদি, যান অর্থাৎ বিপক্ষের প্রতি যাত্রা, আসন অর্থাৎ বিগ্রহাদির নিবৃত্তি, সংশ্রয় অর্থাৎ দুই বলবানের মধ্যস্থিত ব্যক্তির মধ্যে এক ব্যক্তির প্রতি বাক্য দ্বারা ধন দারাদি সমর্পণ, দ্বৈধীভাব অর্থাৎ একের সহিত মিলন ও অপরের সহিত কলহ, এই ছয় গুণ কর্ম্মারম্ভের উপায় হয়।

পুরুষার্থো, দ্রব্যসম্পদ্দেশকালবিভাগো হবিনিপাত প্রতীকারঃ কার্য্যসিদ্ধিশ্চ পঞ্চাঙ্গো মন্ত্রঃ।

পুরুষার্থ সম্পত্তি, দেশকাল বিবেচনা, বৈরি মারণের প্রতিকার, আর কর্ম্মসিদ্ধ এই পাঁচ প্রকার মন্ত্রণা।

সাম দান ভেদ দণ্ডা শ্চত্বার উপায়াঃ।

সাম ও দান ও ভেদ ও দণ্ড এই চারি উপায়।

উৎসাহশক্তি র্মন্ত্রশক্তিঃ প্রভুশক্তিশ্চ ইতি শক্তি-ত্রয়ং।

উৎসাহ শক্তি, মন্ত্রণা শক্তি ও প্রভাব শক্তি ই তিন শক্তি।

এতৎ সর্ব্ব মালোচ্য নিত্যা বিজিগীষবো ভবন্তি মহাত্মঃ। ৪।

এই সকল আলোচনা করিয়া বড় লোকেরা সর্ব্বদা জয় ইচ্ছা করেন না।

যা হি প্রাণপরিত্যাগমূল্যোনাপি ন লভ্যতে।

সা শ্রী নীতিবিদাং পশ্যা, চঞ্চলাপি প্রধাবতি। ৬৪১।

জীবন দানরূপ মূল্যেতেও যে সম্পত্তি লভ্য হয় না অথ সেই সম্পত্তি নীতিজ্ঞ ব্যক্তির নিকটে নিশ্চলা হইয়া আপনি ধাবমানা হয়েন। ৬৪১।

তথাচোক্তং। বিত্তং যদা যস্ত সমং বিভক্তং, গূঢশ্চরঃ সং নিভৃতশ্চ মন্ত্রঃ। ন চাপ্রিয়ং প্রাণিষু যো ব্রবীতি, স সাগরান্তাং পৃথিবীং প্রশাস্তি॥ ৬৪২॥

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন যাহার অন্তঃকর সর্ব্বদা এক প্রকার আর গূঢ় দূত ও গুপ্ত মন্ত্র আর যে লোক মনুষ্যদিগকে নিষ্ঠুর বাক্য ক না, সে সমুদ্র পর্য্যন্ত পৃথিবী শাসন করে। ৬৪২॥

কিন্তু যদ্যপি মহামন্ত্রিণা গৃধ্রেণ সন্ধানমুপন্যস্ত তথাপি ভূতজয় দর্পা ন্নাবমন্তব্যং।

কিন্তু যদ্যপি তাহার মহামন্ত্রী গৃধ্র সন্ধি করিবা প্রসঙ্গ করিয়াছে তথাপি জয় হইয়াছে এই অ হঙ্কার করিয়া অবজ্ঞা করিবে না।

দেব তদেবং ক্রিয়তাং।

হে ভূপতে! সেই হেতু এই প্রকার করুন।

সিংহলদ্বীপস্য মহাবলো নাম সারসো রাজা-স্মন্মিত্রং জম্বুদ্বীপে পশ্চাৎ কোপং জনয়তু।

সিংহল দ্বীপের মহাবল নামে সারস রাজ অ দের সখা, জম্বুদ্বীপে গিয়া চিত্রবর্ণের পশ্চাদ্ভা ক্রোধ জন্মাউন।

যতঃ। সুগুপ্ত মাধায় সুসংহতেন, বলেন বীরো বিচরন্নরাতিং। সন্তাপয়েদ্যেন সমং সুতপ্ত, স্তপ্তেন সন্ধানমুপৈতি তপ্তঃ॥ ৬৪৩॥

যেহেতু শূর লোক সুসঙ্গত সৈন্যের দ্বারা সাব ধান হইয়া সুর ক্ষত শত্রুকে হ্য মোহ দিবেক কেনন

ন্দল ব্যক্তি অত্যন্ত ব্যাকুল হইয়া ব্যাকুলের হিত সন্ধি করে। ৬৪৩॥

রাজা এবমস্তু ইতি নিগদ্যাতেন বিচিত্রনামা বকঃ সুগুপ্তলেখ্যং দত্ত্বা সিংহলদ্বীপং প্রহিতঃ।

রাজা বলিলেন এই রূপ হউক ইহা কহিয়া চিত্র নামে বককে অত্যন্ত গুপ্ত লিপি দিয়া সিংহল দ্বীপে পাঠাইয়া দিলেন।

অথ প্রণিধিরাগত্য উবাচ।

অনন্তর চর আসিয়া বলিল।

দেব শ্রূয়তাং তত্রত্য প্রস্তাবঃ।

হে ভূপাল সে স্থানের প্রস্তাব শুনুন।

এবং তত্র গৃধ্রেণোক্তং।

সেখানে গৃধ্র এই প্রকার বলিয়াছে।

যদ্দেব মেঘবর্ণস্তত্র চিরমুষিতঃ, স বেত্তি কিং সন্ধেয় গুণযুক্তো হিরণ্যগর্ভো ন বেতি।

যে হে নৃপতে মেঘবর্ণ সে স্থানে বহুকাল বসতি করিয়াছে সে জানে হিরণ্যগর্ভ সন্ধেয় গুণশালী কি না।

ততোহসৌ রাজ্ঞা সমাহূয় পৃষ্টঃ।

তদনন্তর তাহাকে রাজা আহ্বান করিয়া জিজ্ঞাসা করিলেন।

বায়স কীদৃশোসৌ হিরণ্যগর্ভশ্চক্রবাকো মন্ত্রী বা কীদৃশঃ।

ওহে কাক ঐ হিরণ্যগর্ভ রাজা কিরূপ আর চক্রবাক মন্ত্রীই বা কীদৃশ।

বায়স উবাচ।

কাক বলিল।

দেব হিরণ্যগর্ভো রাজা যুধিষ্ঠিরসমো মহাশয়ঃ চক্রবাক সমশ্চ মন্ত্রী ন কাপ্যবলোক্যতে।

হে মহারাজ রাজা হিরণ্যগর্ভ যুধিষ্ঠির তুল্য মহাশয় ও চক্রবাকের ন্যায় অমাত্য কুত্রাপি দৃষ্ট হয় না।

রাজাহ।

রাজা কহিলেন।

যদ্যেবং তদা কথমসৌ ত্বয়া বঞ্চিতঃ।

যদ্যপি এতাদৃশ, তবে কি প্রকারে ইনি তোমা কর্ত্তৃক বঞ্চিত হইলেন।

বিহস্য মেঘবর্ণঃ প্রাহ।

মেঘবর্ণ হাস্য করিয়া কহিল।

দেব।

হে নৃপতে।

বিশ্বাস প্রতিপন্নানাং, বঞ্চনে কা বিদগ্ধতা। অঙ্কমারুহ্য সুপ্তং হি, হত্বা কিন্নাম পৌরুষং ॥ ৬৪৪ ॥

বিশ্বাস প্রাপ্ত লোককে বঞ্চনা করাতে পুরুষার্থ কি ? ক্রোড় আরোহণ করিয়া যেজন নিদ্রা যায় তাহা-কে নষ্ট করিয়া কি পুরুষার্থ ॥ ৬৪৪ ॥

শৃণু দেব।

হে মহারাজ শুনুন।

তেন মন্ত্রিণাহং প্রথম দর্শন এব জ্ঞাতঃ কিন্তু মহাশয়োসৌ রাজা তেন ময়া বিপ্রলব্ধঃ।

সেই সচিব প্রথম দর্শনেই জানিয়াছিল কিন্তু ঐ রাজা মহাশয়, সেই হেতু আমি বঞ্চনা করিয়াছি।

তথাচোক্তং। আত্মৌপম্যেন যো বেত্তি, দুর্জ্জনং সত্যবাদিনং। স তথা বঞ্চ্যতে ধূর্ত্তৈ, ব্রাহ্মণ-শ্ছাগলে যথা।

প্রাজ্ঞেরা তাহা করিয়াছেন আত্ম তুল্যেতে, যে লোক খলকে সত্যবাদী করিয়া জানে সেই দৃষ্টান্তে সেই প্রকারে বঞ্চিত হয় যেমন ছাগলের নিমিত্ত তিন জন ধূর্ত্ত কর্ত্তৃক এক ব্রাহ্মণ বঞ্চিত হইয়াছিল।

রাজোবাচ কথমেতৎ।

রাজা কহিলেন এ কিপ্রকার।

মেঘবর্ণঃ কথয়তি।

মেঘবর্ণ কহিতেছে।

অস্তি গৌতমস্যারণ্যে প্রস্তুতযজ্ঞঃ কশ্চিৎ-

ব্রাহ্মণঃ। সচ যজ্ঞার্থং গ্রামান্তরাচ্ছাগমুপক্রীয় স্কন্ধে নীত্বা গচ্ছন্ ধূর্ত্ত ত্রয়েণাবলোকিতঃ।

গৌতম মুনির কাননে আরব্ধ যজ্ঞ এক ব্রাহ্মণ থাকেন, তিনি যজ্ঞের নিমিত্ত গ্রামান্তর হইতে ছাগল ক্রয় করিয়া স্কন্ধে লইয়া যাইতে ছিলেন ইহা তিন জন ধূর্ত্তেতে দেখিল।

ততস্তে ধূর্ত্তাঃ যদ্যেষ চ্ছাগঃ কেনাপ্যুপায়েন লভ্যতে তদা মতিপ্রকর্ষো ভবতি।

তাহার পর সেই শঠেরা কহিল যদি এই ছাগল কোন উপায়ের দ্বারা লইতে পারি তবে বুদ্ধির উৎকর্ষ হয়।

ইত্যালোচ্য বৃক্ষত্রয় তলে ক্রোশান্তরেণ তস্য বিপ্রস্য গমনং প্রতীক্ষ্য পথি স্থিতাঃ।

ইহা পরামর্শ করিয়া তিন বৃক্ষের তলে এক ক্রোশ অন্তরে সেই দ্বিজের আগমন প্রতীক্ষা করিয়া পথের মধ্যে থাকিল।

তত্রৈকেন ধূর্ত্তেন গচ্ছন্ স ব্রাহ্মণোভিহিতঃ।

সেখানে যাইতে ছিল যে ব্রাহ্মণ তাহাকে এক বঞ্চক কহিল।

ভো ব্রাহ্মণ কিমিতি কুক্কুরঃ স্কন্ধেন উহ্যতে।

অহে ব্রাহ্মণ! কেন কুক্কুরকে স্কন্ধে করিয়া বহিতেছ।

বিপ্রেণোক্তং।
ভূদেব কহিলেন॥
নায়ং শ্বা কিন্তু যজ্ঞচ্ছাগঃ।
এ কুক্কুর নয় কিন্তু যজ্ঞীয় ছাগঃ।
অথানন্তর স্থিতেনান্যেন ধূর্ত্তেন তথৈবোক্তং।
অনন্তর তাহার পরে ছিল যে অপর শঠ সেও ঐ প্রকার কহিল।
তদাকর্ণ্য ব্রাহ্মণশ্ছাগং ভূমৌ নিধায় মুহুর্ন্নিরীক্ষ্য পুনঃ স্কন্ধে কৃত্বা দোলায়মানমতিশ্চলিতঃ।
তাহা শুনিয়া ঐ দ্বিজ ছাগলকে ভূমিতে নামাইয়া এবং ভূয়োং অবলোকন করিয়া পুনর্ব্বার স্কন্ধে করিয়া চঞ্চল চিত্ত হইয়া চলিল।
যতঃ। মতি র্দ্দোলায়তে সত্যং, সতামপি খলোক্তিভিঃ ত্রিভি র্ব্বিশ্বাসিতশ্চাসৌ, ম্রিয়তে চিত্রকর্ণবৎ॥ ৬৪৫॥
যেহেতু শঠ বাক্যে সুবোধ লোকেরও বুদ্ধি চঞ্চল হয় যেমন চিত্রকর্ণ তিনজন কর্ত্তৃক প্রাপ্ত বিশ্বাস হইয়া মরিল॥ ৬৪৫॥
রাজাহ কথমেতৎ।
রাজা কহিলেন ইহা কিরূপ।

স কথয়তি।

সে কহিল।

অস্তি কস্মিংশ্চিদ্বনোদ্দেশে মদোৎকটো নাম সিংহ স্তস্য সেবকা স্ত্রয়ঃ কাকো ব্যাঘ্রো জম্বুকশ্চ।

এক অরণ্যে মদোৎকট নামে এক সিংহ থাকে তাহার দাস তিন জন, কাক ও ব্যাঘ্র ও শৃগাল।

অথ তৈ র্ভ্রমদ্ভিঃ কশ্চিদুষ্ট্রো দৃষ্টঃ পৃষ্টশ্চ।

অনন্তর তাহারা ভ্রমণ করিতে২ এক উষ্ট্রকে দেখিল এবং জিজ্ঞাসিল।

কুতো ভবানাগতঃ সার্থাদ্ভ্রষ্টঃ।

তুমি কেন স্বজাতি ত্যাগ করিয়া আইলে।

স চাত্মবৃত্তান্তমকথয়ৎ।

সে নিজ বৃত্তান্ত কহিল।

ততস্তৈ র্নীত্বা সিংহেহসৌ সমর্পিতঃ।

তদনন্তর উহাকে লইয়া সিংহ সমীপে সমর্পণ করিল।

তেনাভয় বাচং দত্ত্বা চিত্রকর্ণ ইতি নাম কৃত্বা স্থাপিতঃ।

সে অভয় বাক্য দিয়া চিত্রকর্ণ এই নাম করিয়া তাহাকে রাখিল।

অথ কদাচিৎ সিংহস্য শরীরবৈকুল্যাৎ ভূরি বৃষ্টি কারণাচ্চাহারমলভমানা স্তে ব্যগ্রা বভূবুঃ।

তাহার পর কোন দিন শরীরাপাটব আর অত্যন্ত বৃষ্টি প্রযুক্ত তাঁহারা সিংহের আহার না পাইয়া ব্যাকুল হইল।

ততৈস্তে রালোচিতং চিত্রকর্ণমেব যথা স্বামী ব্যাপাদয়তি তথানুষ্ঠীয়তাং।

তাহার পর তাহারা আলোচনা করিল যে প্রকারে চিত্রকর্ণকেই রাজা মারেন তাহা কর।

কিমনেন কন্টকভুজা।

এ কন্টক ভোক্তাতে কি প্রয়োজন?

ব্যাঘ্র উবাচ।

ব্যাঘ্র কহিল।

স্বামিনাভয়বাচং দত্বা অনুগৃহীতঃ।

রাজা অভয় বচন দিয়া অনুগ্রহ করিয়াছেন।

তৎকথমেতৎ সম্ভবতি।

অতএব কি প্রকারে এমন সম্ভব হয়।

কাকো ব্রূতে।

কাক বলিল।

ইহ সময়ে পরিক্ষীণঃ স্বামী পাপমপি করিষ্যতি।

এ সময়ে অনাহারে ক্লিষ্টপ্রভু পাপও করিবেন।

যতঃ। ত্যজেৎ ক্ষুধার্ত্তো মহিলাং স্বপুত্রং, খাদেৎ ক্ষুধার্ত্তা ভুজগা স্বমণ্ডং। বুভুক্ষিতঃ কিং ন করোতি পাপং, ক্ষীণা নরা নিষ্করুণা ভবন্তি ॥ ৬৪৭ ॥

যেহেতু ক্ষুধাতুর লোক আপন স্ত্রী ও পুত্রকেও ত্যাগ করে, বুভুক্ষিত সর্পী নিজ অণ্ডকে ভক্ষণ করে, ক্ষুধার্ত্তব্যক্তি কোন্ পাপ না করে আহারাভাবে ক্লিষ্ট মনুষ্য নির্দ্দয় হয় ॥ ৬৪৭ ॥

অন্যচ্চ। মত্তঃপ্রমত্তশ্চোন্মত্তঃ, শ্রান্তঃ ক্রুদ্ধো বুভুক্ষিতঃ। লুব্ধো ভীরুস্ত্বরাযুক্তঃ, কামুকশ্চ ন ধর্ম্মবিৎ ॥ ৬৪৮ ॥

অপর মদিরা পানাদি দ্বারা মত্ত ও অকৃতাবধান্ ও বাতুল ও শ্রমযুক্ত ও রুষ্ট ও ক্ষুধাতুর ও লোভী ও ভীরু ও সত্বর ও কামাতুর ইহারা ধর্ম্মজ্ঞ নয় ॥ ৬৪৮ ॥

ইতি সংচিন্ত্য সর্ব্বে সিংহান্তিকং জগ্মুঃ।
ইহা চিন্তা করিয়া সকলে সিংহ সমীপে গেল।

সিংহেনোক্তং।
সিংহ কহিল।

আহারার্থং কিঞ্চিৎ প্রাপ্তং।

ভক্ষণের নিমিত্তে কিছু পাইয়াছ?

তৈরুক্তং।

তাহারা বলিল

যত্নাদপি ন প্রাপ্তং কিঞ্চিৎ।

প্রয়াসেতেও কিছু পাই নাই।

সিংহেনোক্তং।

সিংহ কহিল।

কোঽধুনা জীবনোপায়ঃ।

সংপ্রতি আমাদের প্রাণধারণের উপায় কি।

কাকো বদতি।

কাক বলিল।

দেব স্বাধীনাহার পরিত্যাগাৎ সর্ব্বনাশোঽয়মুপস্থিতঃ।

মহারাজ নিজায়ত্ত ভোজন পরিত্যাগ করাতেই এই সর্ব্বনাশ উপস্থিত।

সিংহেনোক্তং।

সিংহ কহিল?

অত্রাহারঃ কঃ স্বাধীনঃ।

এখানে কোন আহার আপনার অধীন।

কাকঃ কর্ণে কথয়তি চিত্রকর্ণ ইতি।

বায়স কর্ণে কহিল চিত্রকর্ণ।

সিংহো ভূমিংস্পৃষ্ট্বা কর্ণৌ স্পৃশতি অভয়বাচং দত্ত্বা ধৃতোঽয়মস্মাভিঃ।

সিংহ হস্ত দ্বয়ের দ্বারা ভূমি স্পর্শ করিয়া দুই কর্ণ স্পর্শ করিল এবং কহিল আমরা ইহাকে অভয় বাক্য দিয়া রাখিয়াছি।

তৎ কথমেবং সম্ভবতি।

তবে কিরূপে ইহা সম্ভব হয়।

ন ভূপ্রদানং ন সুবর্ণ দানং. ন গো প্রদানং ন তথান্ন দানং। যথা বদন্তীহ মহা প্রদানং, সর্ব্বেষু দানেষ্বভয়প্রদানং॥ ৩৪৯॥

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন সংসারেতে সকল দানের মধ্যে অভয় দানকে যেমন মহাদান করিয়া বলেন তেমন ভূমি দান বা সুবর্ণ দান অথবা গোদান বা অন্ন দান নহে॥ ৩৪৯॥

অন্যচ্চ। সর্ব্বকাম সমৃদ্ধস্য, অশ্বমেধস্য যৎ ফলং। তৎ ফলং লভতে সম্যক্ রক্ষিতে শরণাগতে। ৩৫০।

অপর সর্ব্বাভিলাষ দায়ক অশ্বমেধ যজ্ঞের যে

ফল সে সমস্ত ফল শরণাপন্ন ব্যক্তিকে রক্ষা করিলে পায় ॥ ৬৫০ ॥

কাকোব্রূতে।

কাক বলিল।

নাসৌ স্বামিনা ব্যাপাদয়িতব্যঃ কিন্ত্বস্মাভি রেব তথা কর্ত্তব্যঃ যথাসৌ স্বদেহদানমঙ্গী করোতি।

প্রভু আপনি ইহাকে নষ্ট করিবেন না কিন্তু আমরা এই প্রকার করিব যে প্রকারে আপনিই ও নিজ শরীর দান স্বীকার করে।

সিংহস্তং শ্রুত্বা তূষ্ণীং স্থিতঃ।

সিংহ তাহা শুনিয়া চুপ করিয়া থাকিল।

ততো বায়সো লব্ধাবকাশঃ কুটং কৃত্বা সর্ব্বানাদায় সিংহান্তিকং গতঃ।

অনন্তর অবকাশ ক্রমে কাক কপট করিয়া সকলকে লইয়া সিংহের সন্নিধিতে গেল।

অথ কাকেনোক্তং।

তাহার পর কাক কহিল।

দেব যত্নাদপ্যাহারো ন প্রাপ্তঃ অনেকোপবাস ক্ষুণ্ণঃ স্বামী।

হে মহারাজ যত্নেও খাদ্য দ্রব্য পাইলাম না, এ
জন্য উপবাসে প্রভু কৃশ হইয়াছেন।

তদিদানীং মদীয়মাংসমুপভুজ্যতাং।

অতএব সম্প্রতি আমার মাংস ভোজন করুন।

যতঃ। প্রকৃতিঃ স্বামিনা ত্যক্তা, সমৃদ্ধাপি ন
জীবতি। অপিধন্বন্তরি র্বৈদ্যঃ কিং করোতি
গতায়ুষঃ ॥ ৬৫১ ॥

যেহেতু স্বামী কর্তৃক অমাত্য লোক পরিত্যক্ত হইয়া
ঐশ্বর্য্যশালী হইলেও বাঁচে না যেমন, ধন্বন্তরি বৈদ্য
হইলেও গতায়ুর কি করিতে পারে ॥ ৬৫১ ॥

কিঞ্চ। স্বামিমূলা ভবন্ত্যেব, সর্ব্বাঃ প্রকৃতয়ঃ
খলু। সমূলেষ্বপি বৃক্ষেষু, প্রযত্নঃ সফলো নৃণাং
॥ ৬৫২ ॥

অমাত্য প্রকৃতি সমস্ত প্রকৃতিবর্গের মূল স্বামীই হয়
সমূল বৃক্ষেতেই লোকের প্রযত্ন সফল হয়।

সিংহেনোক্তং।

সিংহ কহিল।

বরং প্রাণ পরিত্যাগো, ন পুনরীদৃশি কর্ম্মণি
প্রবৃত্তিঃ।

জীবন পরিত্যাগও ভাল তথাপি এতদ্রূপ কর্ম্মেতে
প্রবৃত্তি ভাল নয়।

জম্বুকেনাপিতথোক্তং।
শৃগালও তাহা কহিল।
ততঃ সিংহেনোক্তং নৈবং।
তদনন্তর সিংহ কহিল এমন নয়।
অথ ব্যাঘ্রেণোক্তং।
তাহার পর ব্যাঘ্র কহিল।
মদ্দেহেন জীবতু স্বামী।
আমার শরীরেতে প্রভু বাঁচুন।
সিংহেনোক্তং ন কদাচিদেব যুচিতং।
সিংহ বলিল কদাচ ইহা উপযুক্ত নয়।
অথ চিত্রকর্ণোপি জাতবিশ্বাসস্তদৈবাত্মানমাহ।
পরে চিত্রকর্ণ জাত প্রত্যয় হইয়া সে প্রকার আপনাকে কহিল।
তত্তস্তদ্বচনাত্তেন ব্যাঘ্রেণাসৌ কুক্ষিং বিদার্য্য ব্যাপাদিতঃ সর্ব্বৈ র্ভক্ষিতঃ।
তাহার কথাতে সেই ব্যাঘ্র কুক্ষি বিদারণ করিয়া উহাকে নষ্ট করিয়া সকলে খাইল।
অতোহহং ব্রবীমি মতির্দ্দোলায়তে সত্যমিত্যাদি।
এই নিমিত্ত আমি বলি খলবাক্যেতে উত্তমেরও বুদ্ধি চঞ্চলা হয়।

ততস্তু তীয়ধূর্ত্তবচনং শ্রুত্বা স্বমতিভ্রমং নিশ্চিত্য ছাগং ত্যক্ত্বা ব্রাহ্মণঃ স্নাত্বা গৃহং যযৌ।

তদনন্তর তৃতীয় ধূর্ত্তের বাক্য শুনিয়া আপন বুদ্ধি ভ্রম নিশ্চয় করিয়া ব্রাহ্মণ স্নান করত ঘরে গেলেন।

স ছাগস্তৈর্ধূর্ত্তৈনীত্বা ভক্ষিতঃ।

ধূর্ত্তেরা ঐ ছাগলকে লইয়া ভক্ষণ করিল।

অতোহহং ব্রবীমি আত্মৌপম্যেন যোবেত্তী ত্যাদি।

অতএব আমি বলি আত্ম তুল্যোক্তে যে লোক ইত্যাদি।

রাজাহ।

রাজা বলিলেন।

মেঘবর্ণ কথং শত্রুমধ্যে ত্বয়া চিরমুষিতং কথং বা তেষা মনুনয়ঃ কৃতঃ।

মেঘবর্ণ তুমি কি প্রকারে বিপক্ষের মধ্যে চির-কাল বাস করিয়া ছিলে কি প্রকারে বা তাহারদিগের বিনয় করিয়াছিলে।

মেঘবর্ণ উবাচ।

মেঘবর্ণ বলিল।

দেব স্বামি কার্য্যার্থিনা স্বপ্রয়োজন বশাদ্বা কিং ন ক্রিয়তে।

মহারাজ স্বামির কর্য্যের নিমিত্তে আর আপনার কার্য্যের নিমিত্তে লোক কি না করে।

পশ্য। লোকো বহতি কিং রাজন, শিরসা দগ্ধমিন্ধনং। ক্ষালয়ন্ন্যপি বৃক্ষাঙ্ঘ্রিং, নদীবেলা নিকৃন্ততি॥ ৬৫৩॥

দেখ পোড়াইবার নিমিত্তে লোক মাথায় করিয়া কাষ্ঠ বহন করে, নদীকুল বৃক্ষমূল ক্ষালন করত উৎপাটন করে॥ ৬৫৩॥

তথাচোক্তং। স্কন্ধেনাপিবহেৎ শত্রূন্, কার্য্যমাসাদ্য বুদ্ধিমান্। যথা বৃদ্ধেন সর্পেণ, মণ্ডূকা বিনিপাতিতাঃ। ৬৫৪।

তাহা পণ্ডিতেরা কহিয়াছেন সুবোধ লোক নিজ কার্য্যের নিমিত্তে শত্রুকেও স্কন্ধদেশেতে বহন করে যেরূপ বৃদ্ধ সর্প মণ্ডূকদিগকে নষ্ট করিল॥ ৬৫৪॥

রাজাহ কথমেতৎ।

রাজা কহিলেন এ কি প্রকার।

মেঘবর্ণঃ কথয়তি।

মেঘবর্ণ কহিল।

অস্তি জীর্ণোদ্যানে মন্দবিষপ নামা সর্পঃ সোতিজীর্ণতয়া আহারমপ্যন্বেষ্টুং অক্ষমঃ সরস্তীরে পতিত্ব স্থিতঃ।

জীর্ণোদ্যানেতে মন্দবিষপ নামে এক সর্প থাকে সে অত্যন্ত বার্দ্ধক্যাবস্থা প্রযুক্ত আহার অন্বেষণ করিতেও অসমর্থ পুষ্করিণীর তীরে পড়িয়া থাকে।

ততো দূরাদেব কেনচিন্ম ণ্ডূকেন দৃষ্টঃ পৃষ্টশ্চ

তাহার পর দূর হইতে কোন মণ্ডূক দেখিল এবং জিজ্ঞাসিল।

কিমিতি ত্বমাহারং নান্বেষ্যসি।

কেন তুমি ভোজনের তত্ত্ব কর না।

সর্পোঽবদৎ।

ভুজঙ্গ কহিল।

গচ্ছ ভদ্র মম মন্দভাগ্যস্য প্রশ্নেন কিং।

যাও হে মিত্র মন্দভাগ্য আমি আমাকে জিজ্ঞাসাতে কি প্রয়োজন।

ততঃ সংজাতকৌতুকঃ সচ ভেকঃ সর্ব্বথা কথ্যতামিত্যাহ।

তদনন্তর সেই ভেক কুতূহলী হইয়া ইহা কহিল যে তুমি অবশ্য কহ।

সর্পোঽপ্যাহ।

ভুজঙ্গ বলিল।

ভদ্র ব্রহ্মপুর নিবাসিনঃ শ্রোত্রিয়স্য কৌণ্ডিন্যস্য পুত্রোবিংশতি বর্ষীয়ঃ সর্ব্বগুণ সম্পা

দুষ্টেন বান্ময়া নৃশংস সম্বভাবাদ্দষ্টস্তং পুত্রং সুশী-
লনামানং মৃতমালোক্য মূর্চ্ছিতঃ কৌণ্ডিন্যঃ
পৃথিব্যাং লুলোঠ।

হে ভদ্র ব্রহ্মপুর নিবাসি শ্রোত্রিয় কৌণ্ডিন্য ব্রাহ্মণের
২শবর্ষ বয়স্ক অশেষ গুণালঙ্কৃত পুত্রকে দুষ্টে ব
এযুক্ত খলস্বভাব হেতু আমি দংশন করিয়াছিলাম
সই সুশীল নামে পুত্রকে মৃত দেখিয়া কৌণ্ডিন্য
মূর্চ্ছিত হইয়া মৃত্তিকাতে গড়াগড়ি দিতেছেন।

অনন্তরং ব্রহ্মপুর বাসিনঃ সর্ব্বে বান্ধবাস্তত্রা-
গত্য উপবিষ্টাঃ।

তাহার পর ব্রহ্মপুরবাসি সমস্ত বন্ধুলোকেরা সে
স্থানে আসিয়া বসিল।

তথাচোক্তং। উৎসবে ব্যসনে যুদ্ধে, দুর্ভিক্ষে
রাষ্ট্র বিপ্লবে। রাজদ্বারে শ্মশানেচ, যস্তিষ্ঠতি
স বান্ধবঃ॥ ৬৫৫।

বিজ্ঞেরা তাহা কহিয়াছেন উৎসবেতে ও বিপৎ-
কালেতে ও সংগ্রামেতে ও দুর্ভিক্ষেতে ও দেশোপদ্রবে
তে ও রাজস্থানেতে ও শ্মশানেতে যে থাকে সেই মিত্র
৬৫৫॥

তত্র কপিলো নাম স্নাতকোঽবদৎ।

তাহাতে কপিল নামে স্নাতক কহিলেন

অরে কৌণ্ডিন্য মূঢ়োসি তেনৈবং বিলপসি।

অরে কৌণ্ডিন্য তুই মূর্খ এই নিমিত্তে রোদন করিতেছিস্।

শৃণু। ক্রোড়ী করোতি প্রথমং যথা জাতমনিত্যতা। ধাত্রীব জননী পশ্চাৎ তথা শোকস্য কঃক্রমঃ। ৬৫৬।

শুন মাতৃকর্ত্তৃক ক্রোড় করণের পূর্ব্বে যেমন ধাত্রী কোলে করে এমনি জন্মিবা মাত্র সকলের প্রথমত অনিত্যতা অঙ্কে করে পশ্চাৎ জননী প্রভৃতিরা ক্রোড়ে করে ইহাতে শোকের বিষয় কি। ৬৫৬।

তথা। কৃগতাঃ পৃথিবীপালাঃ, সসৈন্য বলবাহনাঃ। বিয়োগ সাক্ষিণী যেষাং ভূমিরদ্যাপি তিষ্ঠতি॥ ৬৫৭॥

এবং সৈন্য সামন্ত বাহন সহিত পৃথিবী পতিরা কোথায় গিয়াছেন যাহাদিগের বিচ্ছেদ সাক্ষিণী পৃথিবী অদ্যাপি আছেন॥ ৬৫৭॥

অপরঞ্চ। কায়ঃ সন্নিহিতাপায়ঃ, সম্পদঃ পদমাপদাং। সমাগমাঃ সাপগমাঃ সর্ব্বমুৎপাদি ভঙ্গুরং। ৬৫৮॥

অপর শরীর গ্রহণ করিলে অবশ্য নষ্ট হয় আর সম্পত্তিই বিপত্তির স্থান আর ধনাদির উপার্জ্জনই

ব্যয় এই শরীর প্রত্যক্ষণ ক্ষীণ হইতেছে। ৬৫৮ ॥

প্রতিক্ষণময়ং কায়ঃ, ক্ষীয়মাণো ন লক্ষ্যতে।
আমকুম্ভ ইবাম্ভস্থো। বিষীর্ণঃ সন্ বিভাব্যতে।
৬৫৯ ॥

যেমন আম মৃৎ কুম্ভ জলমধ্যে নিমগ্ন হইলে ক্রমশঃ তাহার ক্ষয় হওয়া সম্ভব হয় তদ্রূপ এই দেহ প্রতি-ক্ষণ ক্ষয় পাইতেছে কিন্তু তাহা লক্ষিত হয় না। ৬৫৯ ॥

আসন্নতরতামেতি, মৃত্যুর্জন্তো র্দিনে দিনে।
আঘাতং নীয়মানস্য, বধ্যস্যেব পদে পদে ৬৬০।

নীয়মান হন্তব্য পশুর পদে২ ছেদন যেমন নিকট হয় এই রূপ যম দিন২ প্রাণীর নৈকট্য পাইতেছেন ॥ ৬৬০ ॥

অনিত্যং যৌবনং রূপং, জীবিতং দ্রব্য সঞ্চয়ঃ।
ঐশ্বর্য্যং প্রিয়সম্বাসো, মুহ্যেত্তত্র ন পণ্ডিতঃ।
৬৬১।

যৌবন রূপ জীবন ধনসঞ্চয় ঐশ্বর্য্য মিত্রের সহিত আলাপ এ সকলই অস্থির এই হেতু জ্ঞানবান লোক ইহাতে মুগ্ধ হয় না॥ ৬৬১ ॥

যথা কাষ্ঠঞ্চ কাষ্ঠঞ্চ, সমেয়াতাং মহোদধৌ।
সমেত্যচ ব্যপেয়াতাং, তদ্বদ্ভূতে সমাগমঃ। ৬৬২ ॥

সমুদ্রেতে ভিন্ন ভিন্ন দেশ হইতে ভাসিয়া ভাসিয়া দুই কাষ্ঠেতে যেমন মিলন হয় মিলিয়া পুনর্ব্বার বিচ্ছিন্ন হইয়া ভিন্ন ভিন্ন দেশে যায় সেই প্রকার প্রাণিরদের সমাগম॥ ৬৬২॥

যথা হি পথিকঃ কশ্চিৎ ছায়ামাশ্রিত্য তিষ্ঠতি।
বিশ্রম্যচ পুনর্গচ্ছেৎ তদ্বদ্ভূত সমাগমঃ। ৬৬৩॥

যেমন পথশ্রান্ত ব্যক্তি কোন বৃক্ষের ছায়াতে তিষ্ঠিয়া শীতল হইয়া পুনস্তৎক্ষণাৎ গমন করে সেই প্রকার প্রাণিরদের সমাগম॥ ৬৬৩॥

অন্যচ্চ। পঞ্চভি র্নির্ম্মিতে দেহে, পঞ্চত্বঞ্চ পুন র্গতে। স্বাং স্বাং যোনিমনু প্রাপ্তে, তত্র কা পরি বেদনা। ৬৬৪॥

অপর পঞ্চভূত করণক নির্ম্মিত যে কলেবর সে পুনর্ব্বার পঞ্চত্ব পাইলে পরে আপনং কারণেতে লীন হয় তাহাতে শোক কি। ৬৬৪॥

যা বত্তঃকুরুতে জন্তুঃ, সম্বন্ধান্মনসঃ প্রিয়ান্ তাবন্তোপি খনন্ত্যন্তে হৃদয়ে শোকশঙ্কবঃ॥ ৬৬৫॥

লোক পুত্রাদি যত সম্বন্ধিকে মনে প্রিয় করে সেই সকল সম্বন্ধি পুত্রাদির নাশ হইলে শোক রূপশঙ্কু করিয়া পুতিয়া রাখে॥ ৬৬৫॥

নায়মত্যন্ত সম্বাসো, লভ্যতে যেন কেনচিৎ।
অপিস্বেন শরীরেণ, কিমুতান্যেন কেনচিৎ। ৬৬৬।

এতাদৃশ অত্যন্ত প্রণয় যে কোন লোকের সহিত কর্ত্তব্য নয় নিজ দেহের সহিতও কর্ত্তব্য নয় অন্যের সঙ্গে কি। ৬৬৬॥

অপিচ সংযোগো হি বিয়োগস্য, সংসূচয়তি সম্ভবং। অনতিক্রমণীয়স্য, জন্ম মৃত্যোরিবা-গমং। ৬৬৭।

এবং অপরিহার্য্য জন্ম মৃত্যুর সমাগম যেমন অবশ্য হয় এই রূপ পুত্র মিত্রাদির মিলন তাহাদিগের বিচ্ছেদ অবশ্য করে॥ ৬৬৭॥

আপাতরমণীয়ানাং, সংযোগানাং প্রিয়ৈঃ সহ। অপথ্যানামিবান্নানাং, পরিণামোতিদা-রুণঃ। ৬৬৮।

প্রিয়ের সহিত আপাততঃ সুখাবহ যে মিলন তা-হার শেষ কঠিন হয় যেমন কুপথ্য অন্নের পরিণাম দারুণ॥ ৬৬৮॥

অপরঞ্চ। ব্রজন্তি ন নিবর্ত্তন্তে, স্রোতাংসি সরিতাংযথা। আয়ুরাদায় মর্ত্ত্যানাং, তথা রাত্র্য হনী সদা। ৬৬৯।

অপর নদী সকলের স্রোত যে প্রকার বহিয়া যায় পুনশ্চ ফিরিয়া আইসে না সেই প্রকার রাত্রি ও দিন মনুষ্যের দিগের পরমায়ু লইয়া যায় পুনর্ব্বার আইসে না॥ ৬৬৯॥

সুখাস্বাদপরোযস্তু সংসারে সত্সমাগমঃ। স বিয়োগাবসানত্বাৎ, দুঃখানাং ধুরি যুজ্যতে। ৬৭০।

পৃথিবীতে সুখদায়ক যে উত্তম লোকের সহিত মিলন সে পশ্চাৎ বিচ্ছেদ হেতু দুঃখ সমূহ দায়ক হয়॥ ৬৭০॥

অতএব হি নেচ্ছন্তি, সাধবঃ সৎ সমাগমং। যদ্বিয়োগাসিলূনস্য, মনসো নাস্তি ভেষজং। ৬৭১।

এই নিমিত্তে উত্তম লোকেরা সাধুলোকের সমাগম বাঞ্ছা করে না যেহেতু যাহার বিচ্ছেদ রূপ খড়্গেতে ছিন্ন যে চিত্ত তাহার ঔষধ নাই॥ ৬৭১॥

সুকৃতান্যপি কর্ম্মাণি, রাজভিঃ সগরাদিভিঃ। অথতান্যেব কর্ম্মাণি, তে চাপি প্রলয়ং গতাঃ। ৬৭২।

সগর প্রভৃতি রাজারা সুকৃত কর্ম্ম করিয়াছিলেন অন-

ত্তর সেই সকল ক্রিয়া এবং সেই সকল রাজারাও বিনাশ পাইয়াছে ॥ ৬৭২ ॥

সঞ্চিন্ত্য সঞ্চিন্ত্য তমুগ্রদণ্ডং মৃত্যুং মনুষ্যস্য বিচক্ষণস্য। বর্ষাম্বুসিক্তা ইব চর্ম্মবন্ধাঃ সর্ব্বে প্রযত্নাঃ শিথিলী ভবন্তি ॥ ৬৭৩ ॥

বৃষ্টির জলেতে আর্দ্র হইয়া চর্ম্ম বন্ধন যদ্রূপ শিথিল হয় তদ্রূপ সেই উগ্রদণ্ড যমকে স্মরণ করিয়া২ সাধু লোকেরদের প্রয়াস সকল শিথিল হয় ॥ ৬৭৩ ॥

যামেব রাত্রিং প্রথমা মুপৈতি, গর্ব্বে নিবাসী নর বীর লোকঃ। ততঃ প্রভৃত্যস্খলিত প্রয়াসঃ, স প্রত্যহং মৃত্যু সমীপমেতি ॥ ৬৭৪ ॥

উত্তম লোক গর্ব্বেতে বাস করিয়া প্রথম রাত্রিতে যে দুঃখ পায় সেই অবধি ঐ লোক আয়াসশালী হইয়া প্রতিদিন মৃত্যু তুল্য দুঃখ সহ্য করে ॥ ৬৭৪ ॥

অতঃ সংসারং বিচারয় শোকোঽয়মজ্ঞানস্য প্রপঞ্চঃ।

অতএব সংসার বিবেচনা কর এই শোক অজ্ঞানের কার্য্য।

পশ্য অজ্ঞানং কারণং ন স্যাৎ, প্রিয়োগো যদি কারণং শোকো দিনেষু গচ্ছৎসু বর্দ্ধতামপ যাতি কিং ॥ ৬৭৫ ॥

দেখ, অজ্ঞান যদি শোকের হেতু না হয় বিচ্ছেদই কারণ হয় তবে অধিক দিন গেলে পরে শোক বাড়ুক যায় কেন ॥ ৬৭৫॥

তদত্রাত্মান মনুসন্ধেহি শোকচর্চ্চাং পরিহর।
সেই হেতু এখন আত্মানুসন্ধান কর শোকচর্চ্চা পরিত্যাগ কর।

যতঃ। অকাণ্ডপাতজাতানাং মস্ত্রাণাং মর্ম্মভেদিনাং। গাঢ়শোকপ্রহারাণাং মচিন্তৈব মহৌষধং ॥ ৬৭৬॥

যেহেতু কাণ্ডপতন ব্যতিরেকে জাত অথচ মর্ম্মচ্ছেদ এতাদৃশ যে নিবিড় শোকরূপ অস্ত্র প্রহার তাহার ভাবনা না করাই উত্তম ঔষধ। ৬৭৬॥

ততস্তদ্বচনং নিশম্য প্রবুদ্ধইব কৌণ্ডিন্য উত্থায় ব্রবীৎ।
তদনন্তর তাহার বাক্য শুনিয়া সুপ্তোত্থিতের ন্যায় কৌণ্ডিন্য উঠিয়া বলিলেন।

তদলমিদানীং গৃহনরকবাসেন বনমেব গচ্ছামি।
এই নিমিত্তে এখন সংসার রূপ নরকে বাস করা বৃথা অরণ্যেতে গমন করিব॥

কপিলঃ পুনরাহ।
কপিল পুনর্ব্বার কহিলেন।

বনেপি দোষাঃ প্রভবন্তি রাগিণাং, গৃহেপি পঞ্চেন্দ্রিয় নিগ্রহস্তপঃ। অকুৎসিতে কর্ম্মণি যঃ প্রবর্ত্ততে, নিবৃত্ত রাগস্য গৃহং তপোবনং॥ ৬৭৭॥

রাগি লোকদিগের কাননেতেও দোষ প্রভব হয় গৃহেতেও পঞ্চ ইন্দ্রিয়ের যে মদন করা সেই তপস্যা যে ব্যক্তি অনিন্দিত কার্য্যেতে প্রবৃত্ত হয় সেই বিরাগি লোকের গৃহই তপোবন॥ ৬৭৭॥

যতঃ দুঃখিতোপি চরেদ্ধর্ম্মং, যত্র কুত্রাশ্রমে রতঃ। শমঃ সর্ব্বেষু ভূতেষু ন লিঙ্গং ধর্ম্মকারণং॥৬৭৮।

যেহেতু সকল প্রাণিতে তুল্যদ্রষ্টা লোক যে কোন আশ্রমেতে থাকিয়া দুঃখিত হইয়াও ধর্ম্মাচরণ করে কেননা রক্ত বস্ত্র ধারণাদি রূপ চিহ্ন পুণ্যের জনক নহে॥ ১৮॥

উক্তঞ্চ। বৃত্ত্যর্থং ভোজনং যেষাং, সন্তানার্থঞ্চ মৈথুনং। বাক্‌সত্যবচনার্থায়, দুর্গাণ্যপি তরন্তিতে॥ ৬৭৯॥

বিজ্ঞ কর্ত্তৃক তাহা কথিত আছে প্রাণ ধারণের জন্য যাহার দিগের ভোজন ও অপত্যের নিমিত্ত

স্ত্রীসংসর্গ, এবং যাথার্থ্যের নিমিত্ত বাক্য তাহারা বিপৎ হরে ॥ ৬৭৯ ॥

তথাহি। আত্মা নদী সংযম পুণ্যতীর্থা, সত্যোদকা শীল তটা দয়োর্ম্মিঃ। তত্রাভিষেকং কুরু পাণ্ডু পুত্র ন বারিণা শুদ্ধ্যতি চান্তরাত্মা ॥ ৬৮০।

তাহার প্রমাণ কহিতেছেন আত্মা নদী স্বরূপ ইন্দ্রিয় নিগ্রহ পুণ্যতীর্থ স্বরূপ শীল তট স্বরূপ দয়া তরঙ্গ স্বরূপ হে যুধিষ্ঠির এতদ্রূপ নদীতে অভিষেক কর অন্তঃকরণ কেবল জলেতে স্বচ্ছ হয় না ॥৬৮০ ॥

বিশেষতশ্চ। জন্ম মৃত্যুজরাব্যাধি, বেদনাভিরুপদ্রুতং সংসার মিদমুৎপন্ন, মসারং ত্যজতঃ সুখং ॥ ৬৮১ ॥

বিশেষত জন্ম মৃত্যুজরা রোগ বাধা ভয় এই সকলেতে উপদ্রুত এই অসার সংসার ইহাকে ত্যাগ যে করে তাহারি সুখ ॥ ৬৮১ ॥

যতঃ। দুঃখমেবাস্তি ন সুখং, যস্মাত্তদুপলক্ষতে। দুঃখার্ত্তস্য প্রতীকারে সুখসংজ্ঞাভিধীয়তে ॥ ৬৮২ ॥

যেহেতু দুঃখই আছে সুখ নাই যে নিমিত্ত দুঃখইঅনুভুক্ত হইতেছে দুঃখের অনুভব যে না করা তাহাকেই সুখ করিয়া বলে ॥ ৬৮২ ॥

কৌণ্ডিন্যো ব্রূতে এবমেব।
কৌণ্ডিন্য বলিল এই বটে।

ততোঽহং তেন শোকাকুলেন ব্রাহ্মণেন শপ্তো যদদ্যারভ্য মণ্ডূকানাং বাহনং ভবিষ্যসীতি।

তদনন্তর সেই শোকার্ত্ত ব্রাহ্মণ আমাকে অভিশাপ করিলেন যে আজি অবধি তুমি ভেকেরদের বাহন হইবে।

কপিলোব্রূতে।
কপিল বলিল।

সম্প্রত্যুপদেশাসহিষ্ণুর্ভবান্ শোকাবিষ্টং তে হৃদয়ং তথাপি কার্য্যং শৃণু।

ইদানীং তোমার অন্তঃকরণ শোকাবিষ্ট হইয়াছে অতএব আমার উপদেশ গ্রহণ করিতে পার নাই তথাপি যাহা কর্ত্তব্য তাহা শুন।

সঙ্গঃ সর্ব্বাত্মনা ত্যাজ্যঃ সচ ত্যক্তুং ন শক্যতে।
সসদ্ভিঃসহ কর্ত্তব্যঃ, সতাং সঙ্গোহি ভেষজং॥ ৬৮৩॥

সর্ব্ব প্রকারে আসক্তি ত্যাগ করিবেক কিন্তু তাহাকে ত্যাগ করিতে শক্ত হয় না অতএব সাধু লোকের সঙ্গ করা উচিত যেহেতু সতের সঙ্গই ঔষধ॥ ৬৮৩॥

অন্যচ্চ। কামঃ সর্ব্বাত্মনা হেয়ঃ সচোজ্ঝাতুং ন শক্যতে। স্বভার্য্যাং প্রতি কর্ত্তব্যঃ সৈব তস্য হি ভেষজং॥ ৬৮৩॥

অপর অভিলাষ সর্ব্বথা ত্যাগ করণোপযুক্ত যদি তাহাকে ত্যাগ করিতে সমর্থনা হয় তবে নিজ প-ত্নীর প্রতি করিবেক যেহেতু সেই তাহার ঔষধ ॥ ৬৮৩ ॥

এতচ্ছ্রুত্বা স কৌণ্ডিন্যঃ কপিলোপদেশামৃত প্রশান্ত শোকানলো যথাবিধি দণ্ডগ্রহণং কৃত-বান্।

ইহা শুনিয়া সেই কৌণ্ডিন্য কপিলের উপদেশ রূপ অমৃতেতে নষ্ট শোকাগ্নি হইয়া শাস্ত্রানুসারে সন্ন্যাস গ্রহণ করিলেন।

অতো ব্রাহ্মণ শাপান্মণ্ডূকান্ বোঢুমত্র তিষ্ঠামি।

অতএব ভূদেবের অভিশাপ প্রযুক্ত মণ্ডূকের দিগকে বহিবার নিমিত্তে এস্থানে আছি।

অনন্তরং তেন মণ্ডূকেন গত্বা মণ্ডূকনাথস্য জন-পদ নাম্নোঽগ্রে তৎ কথিতং।

তাহার পর সেই ভেক গিয়া জনপদ নামে মণ্ডূক রাজের অগ্রেতে তাহা কহিল।

ততোসাবাগত্য মণ্ডূকনাথস্তস্য সর্পস্য পৃষ্ঠ মারু
ঢবান্।

তদনন্তর ঐ মণ্ডূকনাথ আসিয়া সেই সর্পের পৃ
ষ্ঠেতে আরোহণ করিল।

সচ সর্পস্তং পৃষ্ঠে কৃত্বা চিত্র পদ ক্রমং বভ্রাম।

ঐ সর্প তাহাকে পৃষ্ঠেতে করিয়া বিচিত্র গতিতে
ভ্রমণ করিতে লাগিল।

পরেদ্যুশ্চলিতুমসমর্থস্তং মণ্ডূকনাথোঽবদৎ।

পর দিবস তাহাকে চলিতে অশক্ত দেখিয়া মণ্ডূক-
স্বামী বলিল।

কথমদ্য ভবান্ মন্দগতিঃ।

অদ্য কেন তুমি গমনেঽসমর্থ।

সর্পোব্রূতে।

সর্প বলিল।

দেব আহার বিরহাদসমর্থোস্মি।

হে মহারাজ অনাহার প্রযুক্ত অসমর্থ হইয়াছি।

মণ্ডূকনাথোঽবদৎ।

ভেক রাজ কহিল।

অস্মদাজ্ঞয়া মণ্ডূক ভোজনং কুরু।

আমার আজ্ঞাতে মণ্ডূক সকলকে ভোজন কর।

ততো গৃহীতে হয়ং মহাপ্রসাদ ইত্যুক্ত্বা ক্রমশো মণ্ডূকান্ খাদিতবান্।

তদনন্তর আমি বড় অনুগ্রহ পাইলাম ইহা কহিয়া অল্পেং ভেকগুঁদিগকে খাইল।

অথ নির্ম্মণ্ডূকং সরোবিলোক্য মণ্ডূকনাথোপি তেন খাদিতঃ।

তাহার পর সে নির্ম্মণ্ডূক জলাশয় দেখিয়া মণ্ডূকরাজকেও খাইল।

অতোহং ব্রবীমি স্কন্ধেনাপিবহেচ্ছত্রুমিত্যাদি।

অতএব আমি বলি সুবোধ লোক নিজ কার্য্যের নিমিত্তে শত্রুকেও স্কন্ধে তে করিয়া ইত্যাদি।

দেব যাত্বিদানীং পুরাবৃত্তাখ্যানকথনং সর্ব্বথা সন্ধেয়োহয়ং হিরণ্যগর্ভো রাজা সন্ধীয়তামিতি মে মতিঃ।

হে মহারাজ এখন ইতিহাস কথন যাউক ঐ হিরণ্যগর্ভ রাজা সর্ব্ব প্রকারে সন্ধেয় অতএব সন্ধি কর্ত্তব্য এই আমার জ্ঞান।

রাজোবাচ।

রাজা বলিলেন।

কোহয়ং ভবতো বিচারঃ।

তোমার এপরামর্শ কি।

যতো জিতস্তাবদয়মস্মাভিস্তুতো যদ্যস্মং সেবয়া বসতি তদাস্তাং নোচেদ্বিগৃহ্যতাং ॥

যেহেতু আমরা উহাকে জয় করিয়াছি সেইহেতু যদ্যপি আমাদের অনুগত হইয়া বসতি করে তবে থাকুক নতুবা যুদ্ধ করুক ॥

অত্রান্তরে জম্বুদ্বীপাদাগত্য শুকেনোক্তং।

ইতিমধ্যে জম্বু দ্বীপ হইতে আসিয়া শুক কহিল।

দেব সিংহলদ্বীপস্য সারসো রাজা সম্প্রতি জম্বুদ্বীপ মাক্রম্যাবতিষ্ঠতে।

হে রাজাধিরাজ সিংহল দ্বীপের সারস রাজা সম্প্রতি জম্বু দ্বীপ আক্রমণ করিয়াছে।

রাজা সসম্ভ্রমং ব্রূতে কিং কিং।

রাজা ব্যস্ত হইয়া বলিল কিকি।

রাজা সকোপমাহ।

নৃপতি সরোষ হইয়া কহিলেন।

আস্তাং তাবদয়ং গত্বা তমেব সমূল মুন্মূলয়ামি।

এই হিরণ্যগর্ভ থাকুক সংপ্রতি যাইয়া তাহাকেই মূলের সহিত উন্মূলন করি।

শুকঃ পুনর্ব্বোক্তং কথয়তি।

শুক পুনর্ব্বার তাহা কহিতেছে।

গৃধ্রঃ স্বগতমুবাচ।
গৃধ্র মনে মনে কহিতেছে।

সাধু রে চক্রবাক মন্ত্রিন্ সর্ব্বজ্ঞ সাধু সাধু।
সাধু রে চক্রবাক অমাত্য সর্ব্বজ্ঞ সাধু সাধু।

দূরদর্শী বিহস্যাহ।
দূরদর্শী হাস্য করিয়া কহিলেন।

ন শরন্মেঘবৎ কার্য্যং বৃথৈব ঘনগর্জ্জিতং। পরস্যার্থ মনর্থম্বা, প্রকাশয়ন্তি নো মহান্॥ ৬৮৫॥

শরৎকালীন মেঘের ন্যায় নিরর্থক বহু গর্জন করা উচিত নহে উত্তমলোক পরের কার্য্যকে বা অকার্য্যে প্রকাশ করে না। ৬৮৫।

অপরঞ্চ। একদা ন বিগৃহ্ণীয়াৎ, বহূন্‌রাজাভিঘাতিনঃ। সদর্পোপ্যুরগঃ কীটৈ, র্ব্বহুভি র্নশ্যাতি ধ্রুবং। ৬৮৬।

অতএব রাজা এক কালে অনেক বিপক্ষের সহি সংগ্রাম করিবেন না কেননা বলবান সপও বহুত কীট কর্ত্তৃক অবশ্য নষ্ট হয়॥ ৬৮৬॥

দেব কিমিতি বিনা সন্ধানং গমনমস্তি।
হে ভূপাল সন্ধি ব্যতিরেকে কি গমন আছে!

যতস্তদস্মৎ পশ্চাৎ প্রকোপোহনেন কর্ত্তব্যঃ।

যে হেতু আমাদের পশ্চাৎ ঐ হিরণ্যগর্ভ ক্রোধ করিবেক।

অপরঞ্চ। যোঽর্থ তত্ত্বমবিজ্ঞায় ক্রোধস্যৈব বশং গতঃ। স তথা তপ্যতে মূঢ়ো, ব্রাহ্মণো নকুলাদ্যথা। ৬৮৭।

অপর যে ব্যক্তি যথার্থ নিরূপণ না করিয়া কোপেরি বশীভূত হয় সে লোক এইরূপ উত্তপ্ত হয় যেমন মূর্খ ব্রাহ্মণ নকুল হইতে ব্যাকুল হইয়াছিল॥ ৬৮৭।

রাজাহ কথমেতৎ।

রাজা কহিলেন ও কি প্রকার।

দূরদর্শী কথয়তি।

দূরদর্শী কহিল।

অস্ত্যুজ্জয়িন্যাং মাধবো নাম বিপ্রস্তস্য ব্রাহ্মণী প্রসূতা বালাপত্যস্য রক্ষার্থং ব্রাহ্মণ মবস্থাপ্য স্নাতুং গতা।

উজ্জয়িনীতে মাধবনামে এক ব্রাহ্মণ থাকেন তাঁহার ব্রাহ্মণী শিশুসন্তানের রক্ষার কারণ দ্বিজকে রাখিয়া স্নান করিতে গিয়াছিলেন।

অথ ব্রাহ্মণায় রাজ্ঞঃ পার্ব্বণ শ্রাদ্ধং দাতুমাহ্বানমাগতং

অনন্তর ব্রাহ্মণকে রাজার পার্ব্বণশ্রাদ্ধে ভোজন করিবার নিমিত্তে আহ্বান আইল।

তচ্ছ্রুত্বা ব্রাহ্মণঃ সহজ দারিদ্র্যাদচিন্তয়ৎ।

তাহা শুনিয়া ব্রাহ্মণ দারিদ্র্যস্বভাব প্রযুক্ত ভাবনা করিলেন।

যদি সত্বরং ন গচ্ছামি তদন্যঃ কশ্চিচ্ছ্রুত্বা শ্রাদ্ধং গ্রহীষ্যতি।

যদি শীঘ্র না যাই তবে অন্য কেহ শুনিয়া শ্রাদ্ধীয় দ্রব্য গ্রহণ করিবেক।

যতঃ আদানস্য প্রদানস্য, কর্ত্তব্যস্য চ কর্ম্মণঃ।
ক্ষিপ্রমক্রিয়মাণস্য, কালঃ পিবতি তদ্রসং॥
৬৮৮॥

যে হেতু ধনাদির গ্রহণ ও ধনাদির দান ও অন্যং কারণোপযুক্ত কর্ম্ম এই সকলকে যদি শীঘ্র না করে তবে কাল তাহার দিগের রস পান করে॥ ৬৮৮॥

কিন্তু বালকস্যাত্র রক্ষকো নাস্তি তৎ কিং করোমি যাতু চিরকালপালিতমিমং নকুলং পুত্র নির্ব্বিশেষং বালক রক্ষায়াং ব্যবস্থাপ্য গচ্ছামি।

কিন্তু এই স্থানে বালকের রক্ষক নাই এনিমিত্তে কি করি যাউক নকুলকে পুত্রতুল্য করিয়া বহুকাল

পালন করিয়াছি অতএব শিশু রক্ষণেতে স্থাপন করিয়া যাই।

তথা কৃত্বা গতঃ॥

তাঁহা করিয়া গেলেন।

ততস্তেন নকুলেন বালক সমীপমাগচ্ছন্ কৃষ্ণ সর্পো দৃষ্ট্বা ব্যাপাদ্য কোপাৎ খণ্ডং খণ্ডং কৃত্বা খাদিতঃ।

তদনন্তর সেই নকুল বালকের নিকটে আইল যে কাল সর্প তাহাকে দেখিয়া নষ্ট করিল ও কোপেতে খণ্ড২ করিয়া খাইল।

ততোঽসৌ নকুলো ব্রাহ্মণমায়ান্তমবলোক্য রক্ত-বিলিপ্ত মুখ পাদঃ সত্বরমুপাগম্য তচ্চরণয়ো র্লুলোঠ।

তাহার পর রক্তাক্ত মুখ চরণ ঐ নকুল ব্রাহ্মণকে আসিতে দেখিয়া ত্বরাতে সমীপে গিয়া তাহার পদ-দ্বয়েতে লুণ্ঠন করিতে লাগিল।

ততঃ স বিপ্রস্তথাবিধং তং দৃষ্ট্বা বালকোঽনেন খাদিত ইত্যবধার্য্য নকুলং ব্যাপাদিতবান্।

পরে তাহাকে সে প্রকার দেখিয়া এই বেজি বাল-ককে খাইয়াছে ইহা নিশ্চয় করিয়া নষ্ট করিল।

অনন্তরং যাবদুপসৃত্যাপত্যং পশ্যতি ব্রাহ্মণ স্তাবদ্বালকঃ সুস্থঃ সর্পশ্চ ব্যাপাদিতস্তিষ্ঠতি।

তাহার পর যখন নিকটে গিয়া পুত্রকে দেখিতে ছেন তখন ব্রাহ্মণ শিশুকে সুস্থ দেখিলেন ও সর্পকে মৃত দেখিলেন।

ততস্তমুপকারকং নকুলং নিরীক্ষ্য ভাবিতচেতাঃ সন্তপ্তঃ স পরং বিষাদমগমৎ।

তদনন্তর উপকারক নকুলকে অবলোকন করিয়া ভাবনাযুক্ত অন্তঃকরণে দুঃখিত হইয়া অতিশয় বিষাদ পাইলেন।

অতোহহং ব্রবীমি যোহর্থ তত্ত্বমবিজ্ঞায় ইত্যা- দি।

এই নিমিত্তে আমি বলি যে ব্যক্তি যথার্থ নিরূপণ না করিয়া কোপেরি বশীভূত হয় ইত্যাদি।

অপরঞ্চ। কামঃ ক্রোধস্তথা মোহো, লোভো মানো মদস্তথা ষড়্বর্গমুৎসৃজেদেন, মস্মিং স্ত্যক্তে সুখী নৃপঃ॥ ৬৮৯॥

অপর কাম ও ক্রোধ ও মোহ ও লোভ ও মান ও মদ এই ছয় বর্গকে ত্যাগ করিবেক, ইহাদিগকে ত্যাগ করিলে রাজা সুখী হয়।

বাক্য ২।

রাজা বলিলেন।

মন্ত্রিন্ এষ তে নিশ্চয়ঃ।

হে মন্ত্রি তোমার এই নিশ্চয়।

মন্ত্রী ব্রূতে এবমেব।

মন্ত্রী বলিল এই প্রকার।

যতঃ। স্মৃতিশ্চ পরমার্থেষু, বিতর্কো জ্ঞান নিশ্চয়ঃ। দৃঢ়তা মন্ত্রগুপ্তিশ্চ, মন্ত্রিণঃ পরমো গুণঃ॥ ৬৯০॥

যেহেতু উত্তম কার্য্য বিষয়েতে স্মরণ ও বিতর্ক ও অবধারণ ও দৃঢ়তা অর্থাৎ কর্ত্তব্য নিশ্চয় ও মন্ত্রণা গোপন এই সকল সচিবের গুণ॥ ৬৯১॥

তথাচ। সহসা বিদধীত ন ক্রিয়া, মবিবেকঃ পরমাপদাংপদং। বৃণুতে হি বিমৃশ্য কারিণং, গুণলুব্ধাঃ স্বয়মেব সম্পদঃ॥ ৬৯১॥

তাহা ক . , অকস্মা ক র্য্য করিবে না কেননা বিবেচনা রাহিত্য অত্যন্ত বি [illegible] পূর্ব্বক কর্ম্মকর্ত্তাকে গুণলোভি সম্প [illegible] বরণ করে॥ ৬৯১॥

তদ্দেব যদীদানীমস্মদ্বচনং ক্রিয়তে তদা সন্ধায় গম্যতাং।

এই হেতু হে ভূপাল যদ্যপি এখন আমার কথ শুন তবে সন্ধি করিয়া চল।

যতঃ। যদ্যপ্যুপায়াশ্চত্বারো, নির্দ্দিষ্টাঃ সাধ্য-সাধনে। সংখ্যামাত্রং ফলন্তেষাং; সিদ্ধিঃ সাম্নি-ব্যবস্থিতা॥ ৬৯২॥

যেহেতু কার্য্য সাধনেতে যদ্যপি চারি উপা নির্দ্দিষ্ট আছে তথাপি তাহাদের ফল গণনা মাত্র কিন্ সন্ধিতেই সিদ্ধি ব্যবস্থিতা হইয়াছে॥ ৬৯২॥

রাজাহ কথমেবং সম্ভবতি।

রাজা কহিলেন কিপ্রকারে এরূপ সম্ভব হয়।

মন্ত্রী ব্রূতে।

সচিব বলিল।

দেব সত্বরং ভবিষ্যতি।

হে নৃপতে ঝটিতি হইবে।

যতঃ। মৃদ্ঘটবৎ সুখভেদ্যো, দুঃসন্ধানশ্চ দুর্জ্জনো ভবতি। সুজনস্তু কণকঘটবৎ, দুর্ভেদ্যশ্চাশু সন্ধেয়ঃ॥ ৬৯৩॥

যে হেতু দুষ্ট ব্যক্তি মৃদ্ভাণ্ডের ন্যায় অনায়াসেতে ভেদ্য হয় আর দুঃখেতে সন্ধেয় হয়, সাধুলোক স্ব পাত্রের ন্যায় অনায়াসেতে ভেদ্য হয়ত্বরাতে সন্ধে হয়॥ ৬৯৩॥

অপরঞ্চ। অজ্ঞঃ সুখমারাধ্যঃ সুখতরমারাধ্যতে বিশেষজ্ঞঃ। জ্ঞানলবদুর্ব্বিদগ্ধং, ব্রহ্মাপিতং নরং ন রঞ্জয়তি॥ ৬৯৪॥

অপর অজ্ঞানী লোক সুখেতে আরাধ্য হয় বিশেষজ্ঞ লোক অতিশয় সুখেতে আরাধ্য হয় লেশ মাত্র জ্ঞানে যাহার দুর্ব্বুদ্ধি হইয়াছে সে মনুষ্যকে ব্রহ্মাও অনুরক্ত করিতে পারেন না॥ ৬৯৪॥

বিশেষতশ্চায়ং ধর্ম্মজ্ঞো রাজা সর্ব্বজ্ঞো মন্ত্রীচ।

বিশেষত এই রাজা ধর্ম্মিষ্ঠ আর মন্ত্রী সর্ব্বজ্ঞ।

জ্ঞাতমেতন্ময়া পূর্ব্বং মেঘবর্ণ বচনাত্তৎকৃতকার্য্য সন্দর্শনাচ্চ।

রাজা বলিলেন মেঘবর্ণ বাক্য দ্বারা আর মেঘবর্ণ কর্ত্তৃক কৃত কার্য্য দর্শন দ্বারা আমি ইহা পূর্ব্বে জানিয়াছি।

যতঃ কর্ম্মানুমেয়াঃ সর্ব্বত্র, পরোক্ষে গুণবৃত্তয়ঃ। তস্মাৎ পরোক্ষ বৃত্তানাং, ফলৈঃ কর্ম্মানুভাব্যতে॥ ৬৯৬॥

যে হেতু সর্ব্বত্র পরোক্ষেতে কর্ম্মের দ্বারা গুণ অনুমেয় হয় সেই হেতু ফলের দ্বারা কর্ম্মের অনুভব কর্ত্তব্য॥ ৬৯৬॥

রাজাহ।

রাজা কহিলেন।

অলমুত্তরোত্তরেণ যথাভিপ্রেতমনুষ্ঠীয়তাং।

উত্তর প্রত্যুত্তর ব্যর্থ যাহা অভিলষিত তাহা কর।

তন্মন্ত্রয়িত্বা গৃধ্রো মহামন্ত্রী তত্র তথা কর্ত্তব্য নিত্যু-ক্ত্বা দুর্গাভ্যান্তরং চলিতঃ।

এই মন্ত্রণা করিয়া মহামন্ত্রী গৃধ্র সেখানে যাহা করণোপযুক্ত হয় তাহা করিব ইহা কহিয়া দুর্গ মধ্যে গেলেন।

ততঃ প্রণিধি বকেনাগত্য রাজ্ঞো হিরণ্যগর্ভস্য নিবেদিতং।

তাহার পর প্রণিধি বক আসিয়া হিরণ্যগর্ভ রাজা-কে নিবেদন করিল।

দেব সন্ধিং কর্ত্তুং মহামন্ত্রী গৃধ্রোহস্মৎ সমী পমাগচ্ছৎ।

হে ভূপাল সন্ধি করিবার কারণ মহামন্ত্রী গৃধ্র আ-মার দের সন্নিধানে আসিয়াছে।

রাজহংসোব্রূতে।

রাজহংস বলিল।

মন্ত্রিন পুনঃসন্ধিনা কেনচিদত্রাগন্তব্যং।

পুনর্ব্বার সন্ধান করিতে কে আসিয়াছে।

সর্ব্বজ্ঞো বিহস্যাহ।

সর্ব্বজ্ঞ হাস্য করিয়া কহিলেন।

দেব ন শঙ্কাস্পদমেতৎ।

হে মহারাজ এ শঙ্কাস্পদ নহে।

যতোসৌ মহাশয়ো দূরদর্শী অথবা স্থিতিরিয়ং মন্দমতীনাং কদাচিৎ শঙ্কৈব ন ক্রিয়তে।

যে হেতু ইনি দূরদর্শী মহাশয় কিম্বা নির্ব্বুদ্ধিদের এইরূপে অবস্থান কদাপি শঙ্কিত করে না।

তথাহি। সরসি বহুশস্তারাচ্ছায়েক্ষণাৎ পরিবঞ্চিতঃ, কুমুদবিটপান্বেষী হংসোনিশাসু বিচক্ষণঃ। নদশতি পুনস্তারা শঙ্কী দিবাপি সিতোৎপলং, কুহক চকিতোলোকঃ সত্যেপ্যপায়মপেক্ষতে॥ ৬৯৭॥

তাহা জান বুদ্ধিমান হংস কুমুদ মৃণালের অন্বেষণ করিতে২ রাত্রি কালে সরোবরে অনেক নক্ষত্রের প্রতিবিম্ব দর্শন প্রযুক্ত বঞ্চিত হইয়া দিবাভাগেও তারা শঙ্কা বিশিষ্ট হইয়া শুক্ল পদ্মকেও দংশন করে না কেননা কাপট্য শঙ্কিত লোক যথার্থেও বিপদ জ্ঞান করে॥ ৬৯৭॥

দুর্জ্জন দূষিতমনসঃ, সুজনেষ্বপি নাস্তিবিশ্বাসঃ।

বাল. পায়স দগ্ধো, দধ্যপি ফুৎকৃতং ভুঙ্ক্তে ॥ ৬৭৮ ॥

দুষ্টলোক কর্ত্তৃক দূষিতান্তঃকরণ লোকের সুজনেতেও প্রত্যয় হয়না। পরমান্নেতে দগ্ধ যে বালক সে দধিকেও ফুঁদিয়া ভোজন করে ॥ ৬৭৮ ॥

তদ্দেব যথা শক্তি তৎপূজার্থং রত্নোপহারাদি সামগ্রী সুসজ্জী ক্রিয়তাং।

সেই হেতু হে মহারাজ সামর্থ্যানুসারে, তাঁহার সম্মানের নিমিত্তে রত্ন উপহার প্রভৃতি সামগ্রী প্রস্তুত করুন।

তথানুষ্ঠিতে সতি স গৃধ্রো মন্ত্রী দুর্গদ্বারাচ্চ ক্রবাকেণ উপগম্য সৎকৃত্যানীয় রাজদর্শনং কারিতো দত্তাসনে চোপবিষ্টঃ।

তাহা করিলে পর চক্রবাক গৃধ্র সন্নিধানে গিয়া সম্মান পুর্ব্বক গড়ের দ্বার হইতে আনিয়া রাজার সাক্ষাৎ করাইলে পরে দত্তাসনে গৃধ্র বসিলেন ॥

চক্রবাক উবাচ।

চক্রবাক বলিল।

যুষ্মদায়ত্তং সর্ব্বং স্বেচ্ছয়োপভুজ্যতামিদং রাজ্যং।

এ সমস্তই তোমারদের আয়ত্ত আপন ইচ্ছাতে এই রাজ্য উপভোগ কর।

রাজহংস উবাচ এবমেব।

রাজহংস বলিল এই প্রকারই বটে।

দূরদর্শী কথয়তি।

দূরদর্শী কহিল।

এবমেবৈতৎ কিন্ত্বিদানীং বহু প্রপঞ্চবচনং নিষ্প্রয়োজনং।

ইহা এই বটে কিন্তু সম্প্রতি অনেক প্রপঞ্চ বাক্যে প্রয়োজন নাই।

যতঃ। লুব্ধমর্থেন গৃহ্নীয়াৎ, স্তব্ধ মঞ্জলি কর্ম্মণা। মূর্খং ছন্দো নুবৃত্তেন, যাথাতথ্যেন পণ্ডিতং॥ ৬৯৯

যেহেতু লোভি লোককে ধন দ্বারা দাম্ভিকজনকে অঞ্জলি করণের দ্বারা মূর্খকে জল দ্বারা পণ্ডিতকে যথার্থের দ্বারা বশ করিবেক।

অন্যচ্চ। সদ্ভাবেন হরেন্মিত্রং, সম্ভ্রমেণ তু-বান্ধবান্। স্ত্রীভৃত্যৌদানমানাভ্যাং, দাক্ষিণ্যে-নেতরাঞ্জনান্॥ ৭০০॥

অপর মিত্রকে প্রীতিতে বান্ধবকে সম্মানেতে স্ত্রী-ভৃত্যকে দান ও সম্মানেতে ইতর লোককে সারল্যেতে বশ করিবেক॥ ৭০০॥

তদিদানীং সন্ধায় গম্যতাং।

সেই নিমিত্তে সন্ধি করিয়া যাও।

মহাপ্রতাপশ্চিত্রবর্ণঃ।

চিত্রবর্ণ মহাপ্রতাপ ও পরাক্রমী।

চক্রবাকো ব্রূতে।

চক্রবাক বলিল।

যথা সন্ধায় কার্য্যং তদপ্যুচ্যতাং।

যে রূপ সন্ধি কর্ত্তব্য তাহা কহ।

রাজহংসো ব্রূতে।

রাজহংস বলিল।

কতি প্রকারাঃ সন্ধীনাং সম্ভবন্তি।

সন্ধি কত প্রকার হয়।

গৃধ্রো ব্রূতে।

গৃধ্র কহিল।

কথয়ামি শ্রূয়তাং।

কহি শুনুন।

বলীয়সাভিযুক্তস্তু নৃপোনান্যঃ প্রতিক্রিয়ঃ। আপন্নঃ সন্ধিমন্বিচ্ছেৎ, কুর্ব্বাণঃ কাল যাপনং॥ ৭০১॥

বলবান্ কর্ত্তৃক অভিযুক্ত রাজা প্রতীকারান্তরে

অসমর্থ হইলে বিপদ্‌গ্রস্ত হইয়া কালক্ষেপণ করত সন্ধি করিতে চেষ্টা করে ॥ ৭ ॥

কপাল উপহারশ্চ, সন্তানঃ সঙ্গত স্তথা। উপ-ন্যাসঃ প্রতীকার, সংযোগঃ পুরুষান্তরঃ ॥ ৭০২ ॥
অদৃষ্ট নর আদিষ্ট, আত্মাদিষ্ট উপগ্রহঃ। পরি-ক্রম স্তথোচ্ছন্ন, স্তথা চ পরভূষণঃ ॥ ৭০৩ ॥
স্কন্ধোপনেয়ঃ সন্ধিশ্চ, ষোড়শৈতে প্রকীর্ত্তিতাঃ। ইতি ষোড়শকং প্রাহুঃ, সন্ধিং সন্ধিবিচক্ষণাঃ ॥ ৭০৪ ॥

কপাল ও উপহার সন্তান ও সঙ্গত ও উপন্যাস ও প্রতিকার ও সংযোগ ও পুরুষান্তর ও অদৃষ্ট নর ও আদিষ্ট ও আত্মাদিষ্ট ও উপগ্রহ ও পরিক্রম ও উচ্ছন্ন ও পরভূষণ ও স্কন্ধোপনেয় এই ষোল প্রকার সন্ধি হয় সন্ধি অভিজ্ঞ পণ্ডিতেরা এই ষোড়শ প্রকার সন্ধি কহেন ॥ ৭০২ ॥ ৭০৩ ॥ ৭০৪ ॥

কপাল সন্ধিঃ বিজ্ঞেয়ঃ কেবলং সমন্বিতঃ। সম্প্রদানাদ্ভবতি য, উপহারঃ স উচ্যতে ॥ ৭০৫ ॥

কেবল সমতাতে যে সন্ধি হয় তাহাকে কপাল সন্ধি করিয়া জানিবে ধনাদির দ্বারা যে সন্ধি হয় তাহাকে উপহার করিয়া বলে ॥ ৭০৫ ॥

সন্তান সন্ধি র্ব্বিজ্ঞেয়ো, দারিকা দান পূর্ব্বকঃ।
সদ্ভিস্তু সঙ্গতঃ সন্ধি র্মৈত্রীপূর্ব্ব উদাহৃতঃ ॥ ৭০৬ ॥

দাসী বেশ্যা দান দ্বারা যে সন্ধি সে সন্তান সন্ধি মিত্রতা পূর্ব্বক যে সন্ধি তাহাকে পণ্ডিতেরা সঙ্গত সন্ধি করিয়া বলেন ॥ ৭০৬ ॥

যাবদায়ুঃ প্রমাণস্ত, সমানার্থ প্রয়োজনং। সম্পত্তৌবা বিপত্তৌ বা, কারণৈর্যো ন ভিদ্যতে ॥ ৭০৭ ॥

সঙ্গতঃ সন্ধিরেবায়ং, প্রকৃষ্টত্বাৎ সুবর্ণবৎ।
তথান্যৈঃ সন্ধিকুশলৈঃ, কাঞ্চনঃ স উদাহৃতঃ ॥ ৭০৮ ॥

যাবজ্জীবন পর্য্যন্ত উভয়েরি এক বিষয় এক প্রয়োজন সম্পত্তিতেই বা বিপত্তিতেই বা কোন কারণ প্রযুক্ত ভিন্ন হয় না। ৭০৭।

এই সঙ্গত সন্ধি উত্তমতা হেতুক সুবর্ণের ন্যায় অত এব সন্ধিজ্ঞ লোকেরা তাহাকে কাঞ্চন সন্ধি করিয়া বলেন ॥ ৭০৮ ॥

দ্রব্যাত্ম কার্য্য সিদ্ধিস্ত, সমুদ্দিশ্য ক্রিয়েত যঃ।
স উপন্যাস কুশলৈ, রুপন্যাস উদাহৃতঃ ॥ ৭০৯ ॥

ধন ও নিজকার্য্য নিষ্পত্তি উদ্দেশ করিয়া যে সন্ধি করে তাহাকে উপন্যাস করিয়া বলেন। ৭০৯।

ময়াস্যোপকৃতং পূর্ব্বং, মমাপ্যেষ করিষ্যতি।
ইতি যঃ ক্রিয়তে সন্ধিঃ প্রতীকারঃ স উচ্যতে ॥
৭১০ ॥

আমি পূর্ব্বে ইহার উপকার করিয়াছি আমারো এ
চাহা করিবেক এই রূপ সন্ধিকে প্রতীকার করিয়া
বলে ॥ ৭১০ ॥

অন্যচ্চ। উপকারং করোম্যস্য, মমাপ্যেষ
করিষ্যতি। অয়ঞ্চাপি প্রতীকারো, রামসুগ্রীব-
য়োরিব ॥ ৭১১ ॥

আর আমি ইহার উপকার করিতেছি ও এ
আমার করিবেক এই যে প্রতীকার ইহা শ্রীরাম সুগ্রী-
বের ন্যায় । ৭১১ ॥

একার্থাং সম্যগুদ্দিশ্য, ক্রিয়াং যত্র হি গচ্ছতি।
সমংহি তৎ প্রমাণেন, স চ সংযোগ উচ্যতে ॥
৭১২ ॥

যে খানে এক কার্য্যকে উদ্দেশ করিয়া তাহার
প্রমাণের সহিত গমন করে তাহাকে সংযোগ করিয়া
বলে ॥ ৭১২ ॥

আবয়োর্যোধ মুখ্যোস্তু, মদর্থঃ সাধ্যতামিতি।
যস্মিন্ পণস্তু ক্রিয়তে, স সন্ধিঃ পুরুষান্তরং ॥
৭১৩ ॥

তোমার ও আমার সহিত সেনা...তি দ্বারা আমার কার্য্য নিষ্পন্ন কর ইহা কহিয়া যাহাতে পণ করে সেই সন্ধি পুরুষান্তর সন্ধিনামক হয় ' ৭:৩।

ত্বয়ৈকেন মদীয়োঽর্থঃ, সম্প্রসাধ্যস্ত্বসাবিতি।
যত্র শত্রুঃপণং কুর্য্যাৎ, সোঽদৃষ্ট পুরুষঃ স্মৃত॥
৭:৪॥

কেবল তোমার কর্ত্তৃক আমার এই অর্থ সুসাধ্য হইবে এরূপ যে স্থানে শত্রু পণ করে তাহাকে অদৃষ্ট পুরুষ করিয়া বলে। ৭১৪।

যত্র ভূম্যেকদেশেন পণেন রিপুবর্জ্জিতঃ।
সন্ধীয়তে সন্ধিবিদ্ভিঃ, সচাদিষ্ট উপাহৃতঃ॥ ৭১৫॥

যেথানে শত্রু কর্ত্তৃক ত্যক্ত হইয়া ভূম্যেকদেশ পণেতে যে সন্ধি হয় তাহাকে আদিষ্ট সন্ধি বলে। ৭১৫॥

স্বসৈন্যেন তু সন্ধান, মাত্মাদিষ্ট উদাহৃতঃ।
ক্রিয়তে প্রাণ রক্ষার্থং, সর্ব্বদানাদুপগ্রহঃ॥ ৭১৬॥

আপন সৈন্যের সহিত বিপক্ষের সার্থে যে সন্ধি করে তাহাকে আত্মাদিষ্ট করিয়া বলে, জীবন রক্ষার কারণ সর্ব্বস্ব দানেতে যে সন্ধি করে তাহাকে উপগ্রহ করিয়া বলে॥ ৭১৬॥

কোষাংশেনার্দ্ধকে যেন, সর্ব্বকোয়েণ বা পুনঃ।
নষ্টস্য প্রতিরক্ষার্থং, পরিক্রয় উদাহৃতঃ ॥ ৭১৭ ॥

অবশিষ্ট প্রকৃতি রক্ষার নিমিত্তে কোষস্থ কিয়ৎ পরিমিত স্বর্ণ রৌপ্যের দান দ্বারা কিম্বা অর্দ্ধ দান দ্বারা অথবা সমস্ত দান দ্বারা যে সন্ধি করে তাহাকে পরিক্রয় বলে ॥ ৭১৭ ।

ভুবাং সারবতীনান্তু, দানাদুচ্ছিন্ন উচ্যতে। ভূম্যুৎথফলদানেন, সর্ব্বেণ পরভূষণঃ ॥৭১৮ ॥

উত্তম ভূমিদান প্রযুক্ত যে সন্ধি হয় তাহাকে উচ্ছিন্ন করিয়া বলে। ভূম্যুৎপন্ন ভূরি শস্য দান দ্বারা যে সন্ধি হয় তাহার নাম পর ভূষণ ॥ ৭১৮ ॥

প্রতিচ্ছিন্নন্ ফলং যত্র, প্রতিস্কন্ধেন দীয়তে। স্কন্ধোপনেয়ং তং প্রাহুঃ, সন্ধিং সন্ধি বিচক্ষণাঃ ॥ ৭১৯ ॥

যে স্থলে ভূম্যুৎপন্ন শস্যকে প্রত্যেকেতে বহন করিয়া দেয় সন্ধি পণ্ডিতেরা তাহাকে স্কন্ধোপনেয় করিয়া বলেন। ৭১৯

পরস্পরোপকারস্তু, মৈত্রী সম্বন্ধক স্তথা। উপহারশ্চ বিজ্ঞেয়াশ্চত্বারিশ্চৈব সন্ধয়ঃ ॥ ৭২০ ॥

আর পরস্পরোপকার ও মিত্রতা ও সম্বন্ধক ও উপহার এই চারি প্রকার ও সন্ধি হয়। ৭২০

একএবোপহারস্তু, সন্ধিরেব মতো মম। উপ-
হার বিভেদাস্তু, সর্ব্বে মৈত্র বিবর্জ্জিতাঃ ॥ ৭২১ ॥

আমার মতে উপহারই এক সন্ধি কেন না উপহার
ব্যতিরিক্ত সকল সন্ধিই মিত্রতা রহিত। ৭২১।

অভিযোক্তা বলীয়স্ত্বা, দলব্ধ্বান নিবর্ত্ততে। উপ-
হারাদৃতে তস্মাৎ, সন্ধিরন্যো ন বিদ্যতে॥ ৭২২ ॥

আর অভিযোক্তা অর্থাৎ বাদী বল প্রযুক্ত রাজ্য
গ্রহণ না করিয়া নিবৃত্ত হয় না অতএব উপহার ব্যতি-
রেকে অন্য প্রকার সন্ধি নাই। ৭২২।

চক্রবাক উবাচ।

চক্রবাক বলিল।

অয়ং নিজঃ পরোবেতি, গণনা লঘুচেতসাং।
উদার চরিতানাস্তু, বসুধৈব কুটুম্বকং ॥ ৭২৩ ॥

এই লোক আত্মীয় এই জন আত্মীয় নহে এ প্রকার
গণনা ক্ষুদ্রান্তঃকরণ লোকের, মহচ্চরিত্র জনের পৃথি-
বীস্থ তাবল্লো কই অন্তরঙ্গ ॥ ৭২৩ ॥

অপরঞ্চ। মাতৃবৎ পরদারেষু, পরদ্রব্যেষু
লোষ্টবৎ। আত্মবৎ সর্ব্বভূতেষু, যঃ পশ্যতি স
পণ্ডিতঃ ॥ ৭২৪ ॥

অপরঞ্চ পর পত্নীতে মাতৃ তুল্য অন্য ধনেতে ডেলার

ন্যায় সকল প্রাণিতে আত্ম সদৃশ যে দেখে সেই পণ্ডি
ত ॥ ৭২৪ ॥

রাজাহ ভবন্তো মহান্তঃপণ্ডিতাশ্চ তদত্রাস্মাকং যথাকার্য্য মুপদিশ্যতাং।

রাজা কহলেন তোমরা বড়লোক আর জ্ঞানী এই হেতু এখন আমার দিগের যাহা কর্ত্তব্য তাহ কহ।

মন্ত্রী ব্রূতে

অমাত্য বলিল

আঃ কিমেবমুচ্যতে।

আঃ এ কি কহতেছ।

আধি ব্যাধি পরীতাপা, দদ্য শ্বোবা বিনাশনে। কোহি নাম শরীবায়, ধর্ম্মাপেতং সমাচরেৎ ॥

মানসপীড়া ও রোগ ও সন্তাপ প্রযুক্ত অদ্য কিম্বা কল্য বিনাশ শালী যে কলেবর তাহার কারণ কোন লোক অধর্ম্মাচরণ করে ॥ ৭২৫ ॥

জলান্তশ্চন্দ্র চপলং, জীবিতং খলু দেহিনাং। তথা বিধমিতি জ্ঞাত্বা, শশ্বৎ কল্যাণমাচরেৎ ॥ ৭২৬ ॥

শরীরিদের প্রাণ জল মধ্যস্থ চন্দ্রের ন্যায় চঞ্চল ইহা নিশ্চয় এই হেতু তদ্রূপ জানিয়া পুনঃ২ পুনঃ পুণ্যানুষ্ঠান করিবেক ॥ ৬২৬ ॥

মৃগতৃষ্ণা সমং বীক্ষ্য, সংসারং ক্ষণভঙ্গুরং।
সজ্জনৈঃ সঙ্গতং কুর্য্যাৎ, ধর্ম্মায় চ সুখায় চ॥ ৭২৭॥

মৃগতৃ [illegible] ক ক্ষণ বিধ্বংসি জ্ঞ
ধর্ম্মের কারণ ও সুখের নিমিত্তে সাধু লোকেরদের
সহিত সঙ্গ করিবেক॥ ৭২৭॥

তন্মম সম্মতেন তদেব ক্রিয়তাং।
সেই নিমিত্তে আমার অ [illegible] ই কর।

যতঃ। অশ্বমেধ সহস্রঞ্চ, সত্যঞ্চ তুলয়া ধৃতং।
অশ্বমেধ সহস্রাদ্ধি, সত্যমেবাতিরিচ্যতে॥ ৭২৮॥

যেহেতু সহস্র অশ্বমেধ [illegible] র সত্য বাক্য এই
দুই তুলাতে ধৃত হইয়াছিল তাহাতে সহস্র অশ্বমেধ হই
তে সত্যই অতিরিক্ত [illegible] ৭২৮॥

অতঃ সত্যাভিধান দিব্য পুরঃসরয়োরপ্যনয়ো
র্ভূপালয়োঃ কাঞ্চনাভিধান সন্ধির্বিধীয়তাং।
এই হেতু সত্য করণাভি [illegible] পূর্ব্বক এই দুই
রাজার সুবর্ণ সংজ্ঞক সন্ধি হউক।

সর্ব্বজ্ঞো ব্রূতে এবমস্তু।
সর্ব্বজ্ঞ বলিলেন এই হউক।

ততো রাজহংসেন রাজ্ঞা বস্ত্রালঙ্কারোপহারৈঃ স
মন্ত্রী দূরদর্শী পূজিতঃ প্রহৃষ্টমনাশ্চক্রবাকং
গৃহীত্বা রাজ্ঞো ময়ূরস্য সন্নিধানং গতঃ।

তদনন্তর রাজহংস কর্ত্তৃক বসনাভরণোপচার দ্বারা ঐ দূরদর্শী অমাত্য সম্মানিত ও প্রফুল্লান্তঃকরণ হইয়া চক্রবাককে লইয়া ময়ূর রাজের সমীপে গেলেন।

তত্র চিত্রবর্ণেন রাজ্ঞা সর্ব্বজ্ঞো গৃধ্রবচনাদ্বহুমান-দানপুরঃসরং সম্ভাষিতঃ তথাবিধং সন্ধিং স্বীকৃত্য রাজহংসসমীপং প্রস্থাপিতঃ।

সে স্থানে রাজাধিরাজ শ্রীচিত্রবর্ণ গৃধ্র বাক্য প্রযুক্ত অনেক দান সম্মান পূর্ব্বক সর্ব্বজ্ঞকে সম্ভাষণ করিয়া সেই প্রকার সন্ধি স্বীকার করিয়া রাজহংস সন্নিধানে প্রেরণ করিলেন।

দূরদর্শী ব্রূতে।

দূরদর্শী বলিল।

দেব সিদ্ধং নঃ সমীহিতমিদানীং স্বস্থানমেব বিন্ধ্যাচলং ব্যাবৃত্য প্রতিগম্যতাং।

মহারাজ এখন আমারদের অভিলষিত সম্পূর্ণ হইল নিজ স্থানে বিন্ধ্য পর্ব্বতে ফিরিয়া চল।

অথ সর্ব্বে স্বস্থানং প্রাপ্য মনোভিলষিতং ফলং প্রাপ্তবন্তইতি।

অনন্তর সকলে আপন আপন স্থানে গিয়া মনোবাঞ্ছিত ফল পাইলেন।

বিষ্ণু শর্ম্মণোক্তং।

বিষ্ণু শর্ম্মা কহিলেন।

অপরং কিং কথয়ামি কথ্যতাং।

আর কি কহিব তাহা কহ।

রাজপুত্রা ঊচুঃ।

রাজনন্দনেরা কহিলেম।

তব প্রসাদাদ্রাজ্যব্যবহারাঙ্গং জ্ঞাতং ততঃ সুখিনো ভূত্বা বয়ং।

তোমার অনুগ্রহেতে রাজ্য ব্যবহার অবগত হইয়া সুখী হইলাম।

বিষ্ণুশর্ম্মোবাচ।

বিষ্ণু শর্ম্মা বলিলেন।

যদ্যপ্যেবং তথাপ্যপরমপীদমস্তু।

যদাপি এই রূপ তথাপি আরও এইরূপ হউক।

সন্ধিঃ সর্ব্বমহীভুজাং বিনয়িনামস্তু প্রমোদঃ সদা, সন্তঃ সন্তু নিরাপদঃ সুকৃতিনাং কীর্ত্তিশ্চিরং বর্দ্ধতাং। নীতির্ব্বারবিলাসিনীব সততং বক্ষঃ স্থলে সংস্থিতা, বক্তুং চুম্বতু * মন্ত্রিণামহরহো ভূয়ান্মহানুৎ ববঃ॥ ৭২৯॥

রাজা সকলের সর্ব্বদা পরস্পর ঐক্য হউক আর বিনয় শালি লোকেরদের অনুক্ষণ আমোদ হউক আর সুকৃতিরদের যশ উত্তরোত্তর বাড়ুক বারাঙ্গনার ন্যায় নীতি নিরন্তর বক্ষঃস্থলেতে থাকিয়া সচিবেরদের মুখচুম্বন করুক এই প্রকারে প্রতিদিন মহোৎসব হউক ॥ ৩০ ॥

ইতি হিতোপদেশে সন্ধির্নাম চতুর্থ কথা সংগ্রহঃ সমাপ্তঃ।